قُلْ إِن كَانَ ءَابَآؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَٰنُكُمْ وَأَزْوَٰجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَٰلٌ ٱقْتَرَفْتُمُوهَا وَتِجَٰرَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَٰكِنُ تَرْضَوْنَهَآ أَحَبَّ إِلَيْكُم مِّنَ ٱللَّهِ وَرَسُولِهِۦ وَجِهَادٍ فِي سَبِيلِهِۦ فَتَرَبَّصُواْ حَتَّىٰ يَأْتِيَ ٱللَّهُ بِأَمْرِهِۦۗ وَٱللَّهُ لَا يَهْدِي ٱلْقَوْمَ ٱلْفَٰسِقِينَ ﴿٢٤﴾

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লার বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তা'আলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।" (০৯ সূরা তাওবাহ: ২৪)

আল্লাহ্ তা'আলা আরো ইরশাদ করেন,

ٱلنَّبِيُّ أَوْلَىٰ بِٱلْمُؤْمِنِينَ مِنْ أَنفُسِهِمْۖ وَأَزْوَٰجُهُۥٓ أُمَّهَٰتُهُمْۗ ﴿٦﴾

"নবী মুমিনদের কাছে তাদের নিজেদের প্রাণের চেয়েও ঘনিষ্টতর এবং তাঁর স্ত্রীগণ তাদের মাতা।" (সূরা আহযাব ৩৩:৬)

নবীজী ﷺ ইরশাদ করেন,

لا يُؤْمِنُ أحدُكم حتى أَكُونَ أَحَبَّ إليه مِن وَلَدِه، ووالِدِه، والناس أجمعين

"তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ না আমি তার কাছে তার পুত্র, তার পিতা এবং অপরাপর সকল মানুষের চেয়ে বেশি প্রিয় হব।" (বুখারী ও মুসলিম)

এখন প্রশ্ন হলো, আমার হৃদয়ে আল্লাহ তা'আলা ও তাঁর রাসূলের মহব্বত সকল কিছুর চেয়ে বেশি, এমনকি আমার নিজের জীবনের চেয়েও বেশি আছে কিনা, বুঝব কিভাবে? এটি পরীক্ষা করার জন্য কোনো 'কষ্টিপাথর' আছে কি?

আমি অনেক আমল করতে পারি, সারারাত তাহাজ্জুদ, সারা বছর রোযা রাখতে পারি, আমি অনেক বড় আবেদ বা নাম-যশওয়ালা আলেম, আমার অনেক মুরীদান, এটাই কি মহব্বত বেশি হওয়ার আলামত? এটাই কি আল্লাহ্র ভয় থাকা, প্রকৃত মুত্তাকী হওয়ার দলীল?

না বন্ধু, কক্ষনো তা নয়।

"নিজের জীবনের চেয়ে বেশি ভালোবাসার" অর্থই হচ্ছে "আল্লাহ ও তাঁর রাসূল ﷺ যখনই আমার জীবন চাইবেন, তখনই আমি আমার জীবন দিতে প্রস্তুত আছি।"

সুতরাং এই ভালোবাসা প্রমাণের একমাত্র মাপকাঠি হচ্ছে, "আমি আল্লাহ ﷻ ও তাঁর রাসূলের ﷺ জন্য এখনি এই মুহূর্তে জীবন দিতে তৈয়ার আছি কিনা! আল্লাহ ﷻ ও তাঁর হাবীবের ﷺ ভালোবাসায় আমার জীবনকে কুরবানি করতে সর্বদা প্রস্তুত আছি কিনা! আমার দেহের লোমকূপ সংখ্যক যদি জীবন থাকত, তার সবগুলোকেই আল্লাহ ﷻ, তাঁর রাসূল ﷺ ও তাঁর দ্বীন কায়েমের জন্য আল্লাহর রাস্তায় দিয়ে দিতে পরিপূর্ণ প্রস্তুত কিনা! আমার মাঝে আল্লাহর রাস্তায় মৃত্যু তথা শাহাদাতের সত্য তামান্না আছে কিনা! আল্লাহ ﷻ ও তাঁর রাসূলের জন্য এই মুহূর্তে আমার আপনজন, দুনিয়া ও দুনিয়ার সব কিছু ছাড়তে রাজী আছি কিনা! ঘরে আল্লাহ ﷻ ও তাঁর রাসূল -ﷺ কে রেখে আমার সবকিছু আল্লাহ্র রাস্তায় ব্যয় করতে প্রস্তুত আছি কিনা! জিহাদের জন্য আমি সত্যিকার অর্থে প্রস্তুতি নিচ্ছি কিনা! 'কাবার রবের কসম! যতক্ষণ পযর্ন্ত না আমার দেহের রক্ত আল্লাহর জন্য প্রবাহিত হচ্ছে, ততক্ষণ পযর্ন্ত আমি সফল হবনা!' 'দ্বীন মিটে যাবে আর আমি জীবিত থাকব, তা হবে না!'- এ ধরনের মানসিকতা আমার মাঝে আছে কিনা"???!!!

যদি আমার মাঝে এ মানসিকতা ও এসব প্রস্তুতি না থাকে, তাহলে আমি প্রকৃতপক্ষে আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে সবচেয়ে বেশি মহব্বতকারী নই।

আচ্ছা বন্ধু ধর, আমি তোমাকে বললাম, "আমি তোমাকে আমার জীবনের চেয়েও ভালোবাসি কিন্তু তোমার জন্য আমার জীবন দিতে পারবো না।" একটু চিন্তা করে দেখতো, একথাটি কতটুকু যুক্তিসঙ্গত? কথাটি কতটুকু হাস্যকর?? হা হা হা!
বন্ধু, তুমি কি আমাকে তাহলে মিথ্যুক বলবে না??? জীবনই যদি না দিতে পারি তাহলে জীবনের চেয়ে বেশি ভালোবাসা হলো কী করে? এই ভালোবাসার অর্থ কী?
তাই- আল্লাহর রাস্তায় জিহাদ ব্যতীত খোদাপ্রেম কিংবা নবীপ্রেম প্রকাশের আর কোনো চূড়ান্ত জায়গা নেই। প্রেমের এই চূড়ান্ত পরীক্ষা পাশ না করা পর্যন্ত প্রকৃত আশেকের সার্টিফিকেট কক্ষনো মিলবে না, কস্মিনকালেও না।

বুঝলে তো বন্ধু, মুজাহিদীনে ইসলামের উপরে 'আশেকে রাসূল' কিংবা 'মাশুকে ইলাহী' আর কেউ হতে পারবে না। আল্লাহ ও তাঁর রাসূলের ভালোবাসার ক্ষেত্রে মুজাহিদ ভাইয়েরাই সর্বাধিক সত্যবাদী, তারাই সবচেয়ে এগিয়ে। আর এটা আমার বানানো কোনো কথা নয়। আল্লাহ তা'আলার ইরশাদ-

إِنَّمَا ٱلْمُؤْمِنُونَ ٱلَّذِينَ ءَامَنُوا۟ بِٱللَّهِ وَرَسُولِهِۦ ثُمَّ لَمْ يَرْتَابُوا۟ وَجَٰهَدُوا۟ بِأَمْوَٰلِهِمْ وَأَنفُسِهِمْ فِى سَبِيلِ ٱللَّهِ ۚ أُو۟لَٰٓئِكَ هُمُ ٱلصَّٰدِقُونَ ﴿١٥﴾

"তারাই মুমিন, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করে না এবং আল্লাহর পথে প্রাণ ও ধন-সম্পদ দ্বারা জিহাদ করে। তারাই সত্যবাদী।" (৪৯ সূরা হুজুরাত: ১৫)

❖ *প্রিয় বন্ধু আমার! আমি তোমার কাছে যাব না, বরং তুমিই আমার নিকট চলে আস!*

বন্ধু, তোমাকে একটা কাহিনী শুনাই!

তাবুক যুদ্ধে বিশেষ কোনো কারণ ছাড়াই পিছনে পড়ে গিয়েছিলেন (যুদ্ধে অংশগ্রহণ করেননি) কা'আব ইবনে মালেক, মুরারা ইবনে রবি এবং হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহুম আযমাঈন; তিনজনই ছিলেন বিশ্বস্ত ও শ্রদ্ধাভাজন আনসার সাহাবী। তাই তাঁদেরকে আল্লাহ তা'আলার ফয়সালা অনুযায়ী সামাজিক ভাবে 'অনির্দিষ্টকালের' জন্য বয়কট করা হয়, তাদের সাথে কথা বার্তা, সালাম বিনিময় নিষিদ্ধ করা হয়, চেনা মানুষগুলো অচেনা হয়ে গেল, তাদেরকে তাদের স্ত্রীদের থেকে পৃথক করে দেয়া হল, যমীন তাদের জন্য ভয়ানক হয়ে উঠল। অথচ তারা বায়'আতে আকাবা এবং রাসূলুল্লাহ ﷺ- এর সাথে অন্যান্য যুদ্ধে শরীক হয়েছিলেন। তাঁদের মধ্যে মুরারা ইবনে রবি এবং হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহুমা বদরী সাহাবী ছিলেন। হেলাল ইবনে উমাইয়া রাদিয়াল্লাহু আনহু ছিলেন একজন বয়োবৃদ্ধ, দুর্বল সাহাবী।

সুবহানাল্লাহ! বন্ধু, একটু চিন্তা করতো, তবুও এই প্রখ্যাত সাহাবীগণের উপর কেন 'সামাজিক বয়কট' আরোপ করা হল? তাদের জন্য পৃথিবী সংকীর্ণ হয়ে গিয়েছিল, অনিশ্চিত পরিণতির চিন্তায় তাদের ক্রন্দন করা ছাড়া আর কিছুই তো করার ছিল না।

বলতো, তাঁদের এহেন পরিস্থিতির কারণ কি ছিল? জিহাদে অংশগ্রহণ না করা, জিহাদ হতে পিছিয়ে পড়া; অথচ ত্ববুক যুদ্ধে আল্লাহর রাসূল ﷺ তো কেবল যুদ্ধ করার নিয়তে বের হয়েছিলেন কিন্তু কোন যুদ্ধ সংগঠিত হয়নি।

পঞ্চাশ দিন পর আল্লাহ তা'আলা তাঁদেরকে ক্ষমা করার ঘোষণা দেন। আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

وَعَلَى ٱلثَّلَٰثَةِ ٱلَّذِينَ خُلِّفُوا۟ حَتَّىٰٓ إِذَا ضَاقَتْ عَلَيْهِمُ ٱلْأَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقَتْ عَلَيْهِمْ أَنفُسُهُمْ وَظَنُّوٓا۟ أَن لَّا مَلْجَأَ مِنَ ٱللَّهِ إِلَّآ إِلَيْهِ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوبُوٓا۟ ۚ إِنَّ ٱللَّهَ هُوَ ٱلتَّوَّابُ ٱلرَّحِيمُ ﴿١١٨﴾

"এবং অপর তিনজনকে যাদেরকে পেছনে রাখা হয়েছিল, যখন পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেও তাদের জন্য সঙ্কুচিত হয়ে গেল এবং তাদের জীবন দুর্বিষহ হয়ে উঠলো; আর তারা বুঝতে পারল যে, আল্লাহ ব্যতীত আর কোনো আশ্রয়স্থল নেই-অতঃপর তিনি সদয় হলেন তাদের প্রতি, যাতে তারা ফিরে আসে। নিঃসন্দেহে আল্লাহ দয়াময়, করুণাশীল।" (০৯ সূরা তাওবাহ: ১১৮)

বলতো বন্ধু! ক্ষমা করার পর আল্লাহ তা'আলা ঐ তিন সাহাবীকে কী কী উপদেশ দিলেন, কী কী নসীহাহ্ করলেন? পরের আয়াত শুন-

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱتَّقُوا۟ ٱللَّهَ وَكُونُوا۟ مَعَ ٱلصَّٰدِقِينَ ﴿١١٩﴾

"হে ঈমানদারগণ, আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাক।"

(০৯ সূরা তাওবাহ: ১১৯)

এই সত্যবাদী কারা? এ সম্পর্কে তো তোমাকে আগেই বলেছি।

বন্ধু! এরপরে আল্লাহ পাক আর কী কী নসীহত করলেন জান কি?

مَا كَانَ لِأَهْلِ ٱلْمَدِينَةِ وَمَنْ حَوْلَهُم مِّنَ ٱلْأَعْرَابِ أَن يَتَخَلَّفُواْ عَن رَّسُولِ ٱللَّهِ وَلَا يَرْغَبُواْ بِأَنفُسِهِمْ عَن نَّفْسِهِۦۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ لَا يُصِيبُهُمْ ظَمَأٌ وَلَا نَصَبٌ وَلَا مَخْمَصَةٌ فِي سَبِيلِ ٱللَّهِ وَلَا يَطَـُٔونَ مَوْطِئًا يَغِيظُ ٱلْكُفَّارَ وَلَا يَنَالُونَ مِنْ عَدُوٍّ نَّيْلًا إِلَّا كُتِبَ لَهُم بِهِۦ عَمَلٌ صَٰلِحٌۚ إِنَّ ٱللَّهَ لَا يُضِيعُ أَجْرَ ٱلْمُحْسِنِينَ ﴿١٢٠﴾

“মদীনাবাসী এবং পাশ্ববর্তী এলাকাবাসীদের উচিত নয় রাসূলুল্লাহ্‌র সঙ্গ ত্যাগ করা, (জিহাদ ত্যাগ করে) পিছনে থেকে যাওয়া এবং নিজেদের জীবনকে রাসূলের প্রাণ অপেক্ষা অধিক প্রিয় মনে করা। এটি এজন্য যে, আল্লাহ্‌র পথে যে তৃষ্ণা, ক্লান্তি ও ক্ষুধা তাদের স্পর্শ করবে এবং তাদের এমন পদক্ষেপ যা কাফেরদের মনে ক্রোধের কারণ হয় এবং শত্রুদের পক্ষ থেকে তারা যা কিছু প্রাপ্ত হয়- তার প্রত্যেকটির পরিবর্তে তাদের জন্য লিখিত হয় নেক আমল। নিঃসন্দেহে আল্লাহ সৎকর্মশীল লোকদের হক বিনষ্ট করেন না।” (০৯ সূরা তাওবাহ: ১২০)

এই আয়াতগুলো থেকে একথা স্পষ্ট যে-

১. আল্লাহ পাকের নির্দেশ, 'তোমরা সত্যবাদীদের সাথে থাক' আয়াতে সত্যবাদী বলতে 'মুজাহিদীনে ইসলাম' উদ্দেশ্য।
২. কেননা, মুজাহিদগণই আল্লাহ ও তাঁর রাসূলকে নিজের জীবনের চেয়ে বেশি ভালোবাসে, আর এটি তারা প্রমাণ করে নিজের জীবন দিয়ে।
৩. যারা জিহাদ থেকে পিছনে পড়ে থাকে, তারা নিজেদের ঈমানের দাবীতে প্রকৃতপক্ষে সত্যবাদী নয়। তাদের মধ্যে নিফাকের ব্যাধি গুপ্ত আছে। তাই এদের সাথে থেক না। তাহলে তোমার মধ্যেও এই ব্যাধি সংক্রমিত হবে!
৪. আফসোস! এই আয়াতটিকে ('তোমরা সত্যবাদীদের সাথে থাক') এখন মুসলমানদের মধ্যে জিহাদ পরিত্যাগকারী বিভিন্ন দল নিজের জন্য, নিজেকে সত্যবাদী হিসেবে প্রকাশের জন্য দলীল হিসেবে, নিজেদের দল ভারী করার জন্য ব্যবহার করে থাকে। এতে উম্মাহ্ বিভ্রান্তিতে পতিত হচ্ছে। আল্লাহ হেফাযত করুন। আমীন।

উপরের আয়াতের বর্ণনার পূর্বাপর, বিভিন্ন মুফাস্‌সিরে কেরামের ব্যাখ্যায় বুঝে আসে 'সাদেকীন' দ্বারা উদ্দেশ্য জিহাদে শরীক লোকেরাই। যদিও অর্থের ব্যাপকতায় দ্বীন ঈমানের ব্যাপারে সত্যবাদীদেরকেও বিভিন্ন তাফসিরে এই আয়াতে শামিল করা হয়েছে। তাই জিহাদ ফরযে কিফায়া অবস্থায় জিহাদ পরিত্যাগকারীগণ 'সাদেকীন' হওয়ার সম্ভাবনা থাকলেও, জিহাদ ফরযে আইন অবস্থায় জিহাদ পরিত্যাগকারীগণ 'সাদেকীন' না হওয়াটাই স্বাভাবিক। কেননা, যিনি প্রকৃত বিশ্বাসী এবং যিনি সত্যিকার অর্থে আল্লাহ্‌র হুকুমের সামনে নিজের গর্দান সপে দিয়েছেন, তিনি কিভাবে একটি ফরয হুকুম পরিত্যাগ করে বসে থাকতে পারেন? একটি ফরযে আইন হুকুম বাদ দিয়েও কিভাবে তিনি সত্যিকারের আত্মসমর্পণকারী হতে পারেন? কিভাবে তিনি সাদেকীনদের কাতারে শামিল হতে পারেন? কিভাবে তিনি 'সত্যবাদী' হওয়ার দাবীদার হতে পারেন??

সুতরাং বন্ধু! আমি তোমার কাছে মসজিদুল হারামে বসে নির্জনে ইবাদত করবো না, বরং, তোমার প্রতি আল্লাহ পাকের নির্দেশ হচ্ছে, তুমি আমাদের (সত্যবাদী মুজাহিদীনে ইসলামের) সাথে জুড়ে যাও।

আরেকটি ঘটনা শুনাই তোমাকে।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ مَرَّ رَجُلٌ مِنْ أَصْحَابِ رَسُوْلِ اللهِ ﷺ بِشِعْبٍ فِيْهِ عُيَيْنَةٌ مِنْ مَاءٍ عَذْبَةٍ فَقَالَ لَواعْتَزَلْتُ النَّاسَ فَأَقِمْتُ فِيْ هذَا الشِّعْبِ؟ وَلَنْ أَفْعَلَ حَتَّى أَسْتَأْذِنَ رَسُوْلَ اللهِ ﷺ فَذَكَرَ ذٰلِكَ لِرَسُوْلِ اللهِ ﷺ، فَقَالَ لَا تَفْعَل فَإِنَّ مَقَامَ أَحَدِكُمْ فِيْ سَبِيْلِ اللهِ أَفْضَلُ مِنْ صَلَاتِهِ فِي بَيْتِهٖ سَبْعِيْنَ عَامًّا اَلَا تُحِبُّوْنَ اَنَّ يَغْفِرَ اللهُ لَكُمْ وَيُدْخِلُكُمُ الْجَنَّة؟ أُغْزُوْ فِيْ سَبِيْلِ اللهِ مَنْ قَاتَلَ فِيْ سَبِيْلِ اللهِ فَوَاقَ نَاقَةٍ وَجَبَتْ لَهُ الْجَنَّةُ

একদা রাসূল ﷺ এর একজন সাহাবী কোন এক গিরিপথ অতিক্রমকালে একটি মিষ্ট পানির ঝর্ণা দেখতে পেলেন। উক্ত ঝর্ণাটি তাকে খুবই মুগ্ধ করে ফেলল। এবং তিনি আনন্দে আপ্লুত হয়ে বলে ফেললেন, কতই না চমৎকার হতো যদি আমি লোকালয় পরিত্যাগ করে এ গিরিপথের পার্শ্বে অবস্থান করতে পারতাম! অতঃপর এক সময় তার এ আকাঙ্ক্ষার কথাটি রাসূল ﷺ এর কাছে আলোচনা করা হল। তখন তিনি ﷺ বললেন, "সাবধান! এরূপ (কামনা) করো না। কেননা, তোমাদের কারোও আল্লাহর পথে অবস্থিতি নিজ গৃহে সত্তর বৎসর নফল নামায পড়ার চেয়ে উত্তম। তোমরা কি এ কথাটি পছন্দ কর না যে, আল্লাহ তোমাদেরকে সম্পূর্ণরূপে মাফ করে দেন এবং পরিশেষে তোমাদেরকে জান্নাতে প্রবেশ করান। কাজেই (একাকী নিভৃতের/খালওয়াতের ইবাদত বাদ দিয়ে) আল্লাহর রাস্তায় জিহাদ কর। কেননা, **যে ব্যক্তি সামান্য সময়ও (فواق ناقة) আল্লাহর রাস্তায় লড়াই করে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যায়।**" [তিরমিযী-১৬৫০, মেশকাত, তা'লীকুর রাগীব (২/১৭৪)]

আলোচ্য হাদীসে -فواق ناقة শব্দ উল্লেখ করা হয়েছে যার অর্থ হলো উটের দুধ দোহন করার মাঝে সামান্য বিরতি। কিছু সময় দুধ দোহনের পর বাচ্চাকে ছেড়ে দেয়া হয় সে স্তনের দুধ এনে দেয়ার পর পুনরায় তা দোহন করা হয়। মধ্যবর্তী এ সামান্য সময়কে فواق ناقة বলা হয়। কিছু সংখ্যক ওলামায়ে কিরাম فواق ناقة এর ব্যাখ্যায় বলেন দুধ দোহনের সময় (দুই টানের মধ্যবর্তী যে সময় অর্থাৎ) একহাত পুনরায় ঐ স্থানে ধরার মধ্যবর্তী যে স্বল্প সময় তাকেই فواق ناقة বলা হয়।

এ সামান্যতম সময় যে ব্যক্তি দুশমনের মুকাবেলায় লড়াই করবে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যায়। এ থেকে সুস্পষ্ট যে, সমস্ত আমল অপেক্ষা জিহাদ অতি উত্তম ইবাদত। সুবহানাল্লাহ!!!

সুতরাং বন্ধু, তুমি যদি সত্যিকার অর্থে আল্লাহ তা'আলাকে ভয় কর, আল্লাহ ও তাঁর রাসূলকে প্রকৃতঅর্থে ভালোবেসে থাক, মাগফিরাত কামনা কর, কম কষ্টে অধিক সওয়াব চাও, নিজের জন্য জাহান্নামকে হারাম করতে চাও, নিজের জন্য জান্নাতকে ওয়াজিব করে নিতে চাও, তবে হেরেম শরীফে এ.সি.-র হাওয়া উপভোগ করা আর নিভৃতে একাকী ইবাদত করা বাদ দিয়ে আমাদের কাছে তপ্ত ময়দানে চলে এস।

- *বন্ধু, আর কি বলব তোমায় বল! সবশেষে বলছি, তুমি ফরয বাদ দিয়ে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ ইবাদতে মগ্ন হয়ে আছো নাতো? এতো ইবাদতের পরও তুমি 'ফরয তরককারী' হয়ে যাচ্ছ নাতো? নিজের মনকে একটি বুঝ দিয়ে নেক সুরতে শয়তানের ধোঁকা খাচ্ছ নাতো?*

শয়তান বিভিন্ন সুরতে মানুষকে ধোঁকা দিয়ে থাকে। সে আলেমকে ইলমের জালে, আবেদকে ইবাদতের জালে, জাহেলকে জাহেলিয়াতের জালে, গুনাহগারদের গুনাহের জালে, মেহনতের সাথীদেরকে মেহনতের ধোকায় এবং নেককারদেরকে নেক সুরতে ধোকায় ফেলে।

শয়তান জাহেলদের অন্তরে অজ্ঞতার মহব্বত পয়দা করে দেয়। ফলে দ্বীনের ইলম হাসিল করা তাদের নিকট অসম্ভব বিতৃষ্ণার বিষয় হয়ে দাঁড়ায়। যার কারণে প্রয়োজনীয় পরিমাণ ইলম হাছিল করার জন্যও তার সময় হয়ে উঠে না। দুনিয়ার নানা ব্যস্ততা দেখিয়ে সে 'অন্ধ' থাকতেই পছন্দ করে। নাউযুবিল্লাহি মিন যালিক।

শয়তান গুনাহগারদেরকে যে ধোঁকা দেয়া হয় তা তো স্পষ্ট, শয়তান মানুষের অন্তরে "অমুক গুনাহ কর্!" "তমুক গুনাহ কর্", "ঐ গুনাহটা মনে হয় আরো আনন্দদায়ক, উপভোগ্য", এই ধরণের ওস্ওয়াসা দিতেই থাকে। ফলে সে একটা গুনাহ করে কখনো পরিতৃপ্ত হতে পারে না, বরং একটি গুনাহ করার পর আরো বড় গুনাহ করার প্রতি তার আগ্রহ ও লোভ পয়দা হয়। একটি গুনাহের কারণে অন্তরে একটি কালো দাগ পড়ে। এভাবে গুনাহ করতে করতে তার দিল্ (অন্তর) অন্ধকার রাত্রির ন্যায় কালো হয়ে যায়। ফলে ইবাদত বন্দেগী তার কাছে 'হলাহল বিষ'তুল্য বোধ হয়। তাই তার কপালে তাওবা নসীব হয়না। নাউযুবিল্লাহি মিন যালিক।

কিন্তু যাদের ব্যাপারে শয়তান জানে যে, এই লোকগুলোকে দিয়ে কোনোভাবেই গুনাহের কাজ করানো সম্ভব নয়, যারা **পরহেযগার 'আবেদ'** শ্রেণি, তাদেরকে কী শয়তান হতাশ হয়ে ছেড়ে দেয়? কোনো অস্ওয়াসা দেয় না???.............

শয়তান জানে যে, এদেরকে যদি বলা হয়, জিনা (ব্যভিচার) কর্, এরা জীবন চলে যাবে কিন্তু জিনা করবে না, যদি বলা হয়, 'সুদ খা, ঘুষ খা', এরা না খেয়ে মরবে কিন্তু সুদ-ঘোষের ধারে কাছেও যাবে না। তাহলে এদের কী করা?

এদের ক্ষেত্রে শয়তানের পলিসি (কর্মপন্থা) হলো, "ইবাদত-ই যখন করবে, কম সওয়াবের ইবাদতে লিপ্ত থাক, অধিক দামী ইবাদত না করে কম সওয়াবের ইবাদতে লিপ্ত থেকে যিন্দেগী পার করে দাও।" কম সওয়াবের আমলের ফায়দা ও ফাযায়েল সম্বলিত হাদীসগুলোকে শয়তান তার সামনে 'দামী ও অধিক গুরুত্বপূর্ণ'রূপে তুলে ধরে। ফলে অধিক ফাযায়েলের আমলগুলো থেকে সে গাফেল থাকে।

প্রিয় ভাই! এটি এমন একটি মারাত্মক রোগ, যার দ্বারা বর্তমান যামানার সকল দ্বীনদাররাই কম-বেশি আক্রান্ত। আমলের গুরুত্ব না বুঝে, যখন যেটা মনে চায়, যখন যেটা করতে ভালো লাগে, সেই আমলেই ঝাঁপ দেয়। এক্ষেত্রে আল্লাহ তা'আলার চাহিদা অপেক্ষা নিজের দীলের চাহিদা ও ভালো লাগাটাই অধিক প্রাধান্য পায়। অথচ "এই মুহূর্তে আল্লাহ তা'আলার কী হুকুম, কী চাহিদা, সেটা পালন করাই" হচ্ছে প্রকৃত দ্বীন। ইবাদতের ক্ষেত্রে নিজের খাহেশ পুরা করাটাই দ্বীন নয়।

অধিকাংশ ক্ষেত্রে দ্বীনদার (আওয়াম কিংবা খাওয়াস)-দের অবস্থা হলো, আমরা নিজেরা দ্বীনের কোনো একটা শাখায় নিজেকে ব্যস্ত রাখি আর আত্মতুষ্টিতে ভুগি ও নিজের মনকে একটা বুঝ দেই, আলহামদুলিল্লাহ! আমি তো দ্বীনের মেহনতের সাথে লেগেই আছি। অনেক সওয়াব হাছিল করছি। কিন্তু এক্ষেত্রে আমরা শরীয়তের চাহিদা তথা "এই মুহূর্তে আমার উপর আল্লাহ পাকের হুকুম কী" তার কোনই তোয়াক্কা করি না।

আহ্! এই বিষয়টা আমরা কেন যে বুঝি না!

আপনাদেরকে ২০১৯ সালের সংবাদপত্রের একটি খবরের কথা বলব; খবরটি হল, এক ব্যক্তি তার জীবনে তিন হাজার বারের উপর উমরা পালন করেছেন।

একজন সাধারণ মানুষ তো শুনা মাত্রই বলতে শুরু করবে, সুব্হানাল্লাহ! লোকটার কী সৌভাগ্য! জীবনে এতবার উমরাহ করার সৌভাগ্য তার হয়েছে! কতবার আল্লাহর ঘরকে দেখার সৌভাগ্য তার হয়েছে! জীবনে কত হাজার বার

আল্লাহর ঘর তাওয়াফের সৌভাগ্য তার কপালে জুটেছে! আল্লাহ্র রাসূলের রওযা মুবারকে কতবার সে সালাম দিয়েছে!..........

আহ্! এই ব্যক্তির মতো সৌভাগ্যবান আরো কেউ কি দুনিয়াতে আছে!

একটু থামি ভাই!...........

নিঃসন্দেহে এই ব্যক্তি সৌভাগ্যবান। যে কোনো ছোট্ট থেকে ছোট্ট একটি (মোস্তাহাব) আমলের তাওফীক পাওয়াটাও অনেক বড় সৌভাগ্যের বিষয়, এতে কোনোই সন্দেহ নেই। কিন্তু ব্যাপারটা এখানে নয়। এই লোকটি তিন হাজার বার উমরাহ করেছে, কিন্তু কেন? কিসের আশায়? আমরা লোকটি সম্পর্কে নেক ধারণা পোষণ করছি, ধরে নিচ্ছি, তার মাঝে লোক দেখানোর কোনো প্রবণতা ছিল না, অর্থাৎ তিনি সওয়াবের নিয়তে, আল্লাহ তা'আলাকে সন্তুষ্ট করার মানসেই তিনি এতগুলো উমরাহ করেছেন!

এবার চিন্তা করুন, ঐ আবেদ লোকটি কী করেছেন? লোকটির যিন্দেগীতে একবার উমরাহ করা সুন্নতে মুয়াক্কাদাহ ছিল, যা তিনি যখন জীবনের প্রথম বার উমরাহ করেছিলেন, তখনই আদায় হয়ে গিয়েছে। তাহলে বাকীগুলো হলো নফল উমরাহ।

আমরা নিশ্চয়ই জানি, এক ব্যক্তি সারা জীবনে যত সুন্নত ইবাদত করে, তার সবগুলিকে একত্রিত করলেও (গুরুত্ব ও সওয়াবের দিক থেকে) তার যিন্দেগীর ছোট্ট একটি ফরযের সমান হবে না!

এবার আপনি তিন হাজার উমরাহকে এক পাল্লায় রাখুন, আর ছোট্ট কোন একটি ফরযকে আরেক পাল্লায় রাখুন, কোনটা ভারী হবে? নিঃসন্দেহে ছোট্ট ফরযটি। বুঝতে পেরেছেন ভাই? এই লোকটি যদি বুদ্ধিমান হতেন, এত টাকা আর সময় ব্যয় না করে তিনি অবশ্যই এমন কোনো আমল খুঁজতেন যাতে অল্প সময়ে, অল্প খরচে অধিক সওয়াব লাভ হয়।

তাই যদি সওয়াবই উদ্দেশ্য হতো এবং তিনি আমলের গুরুত্ব বুঝতেন, তাহলে ঐ লোকটি তিন হাজার বার উমরাহ না করে এক সকাল বা এক বিকাল জিহাদের ময়দানে কাটিয়ে আসতেন।

তাছাড়া জিহাদ বর্তমানে ফরযে কিফায়া নয়, ফরযে আইন হয়ে গিয়েছে। নারী-পুরুষ, যুবক-বৃদ্ধ, আলেম, জাহেল, দীনদার, দুনিয়াদার, নেককার, ফাসেক-ফুজ্জার, সকল তবকার মুসলমানের উপর ফরয হয়ে গিয়েছে। কেউই এই ফরয হুকুমের আওতার বহির্ভূত নয়। তাই এই একটি ফরয হুকুমের সামনে, কেয়ামত পর্যন্ত এক ব্যক্তি যদি প্রতিদিন একশ করে উমরাহ করে, কিংবা কেয়ামত পর্যন্ত নিরবচ্ছিন্ন কাবাঘরে ই'তিকাফ করে, কিংবা যিন্দেগীর সকল নামায হারামাইন শরীফাইনে আদায় করে (পৃথিবীর যে কোনো মসজিদে জামাতে নামায আদায় করা সুন্নতে মুয়াক্কাদাহ্ হুকুম), কিংবা কিয়ামত পর্যন্ত প্রতিবছর একটি করে হজ্জ করে (জীবনে একবার হজ্জ করা ফরয, আর বাকীগুলো হবে নফল), যদি কোনো ব্যক্তি এমন থাকে যে একাই কিয়ামত পর্যন্ত সকল নফল, সুন্নত, ওয়াজিব আমল করতে সক্ষম, তার এত সওয়াব এক পাল্লায় রাখা হলো আর আল্লাহর রাহে একটি মুহুর্ত জিহাদের ময়দানে কাটানোর সওয়াব এক পাল্লায় রাখা হলো, বলুন এবার, কোন্ পাল্লা ভারী হবে?

তাছাড়া ঐ ব্যক্তির সকল আমলের সাথে কি সেই ছয়টি পুরস্কারের ওয়াদা রয়েছে, যা একজন শহীদ প্রাপ্ত হবে, একজন শহীদ কবরে রিযিক প্রাপ্ত হবে, সে ব্যক্তি কি তা প্রাপ্ত হবে, একজন শহীদের দেহ কবরের মাটির জন্য হারাম করা হয়েছে, সেই ব্যক্তি কি সেই মরতবা লাভ করবে, শহীদকে এমন প্রতিদান দেয়া হবে যে, সে দুনিয়াতে বারবার ফিরে

আসতে চাইবে এবং বারবার শহীদ হতে চাইবে, কিন্তু সেই ব্যক্তি যদি জান্নাত লাভ করেনও তিনি কি আবার পৃথিবীতে ফিরে আসতে চাইবেন?

প্রিয় ভাই! আমরা যদি আমলসমূহের তুলনামূলক গুরুত্ব বুঝে গিয়ে থাকি, তাহলে নিচের হাদীসগুলোকে আবারো স্মরণ করি ইনশাআল্লাহ।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ مَوْقِفُ سَاعَةٍ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنْ قِيَامٍ لَيْلَةِ الْقَدْرِ عِنْدَ الحَجَرِ الْأَسْوَدِ

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "আল্লাহ্‌র পথে (সীমান্ত পাহারার/জিহাদের কাজে/যুদ্ধের ময়দানে) একটি মুহূর্ত অবস্থান করা কদরের রাতে হাজরে আসওয়াদকে সামনে নিয়ে ইবাদত করার চাইতে উত্তম।" (ইবনে হিব্বান ১৫৮৩, ইবনে আসাকির, বায়হাকী)

عَنْ اٰدَمَ بْنِ عَلِيِّ قَالَ سَمِعْتُ إِبْنِ عُمَرَ رَضِىَ اللهُ عَنْهُمَا يَقُوْلُ: لَسَفَرَةٌ فِيْ سَبِيْلِ اللهِ أَفْضَلٌ مِنْ خَمْسِيْنَ حَجَّةٍ

হযরত আদাম বিন আলী (রহ.) বর্ণনা করেন, আমি হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রা.) থেকে শুনেছি, তিনি বলেন,"আল্লাহ্‌র পথে জিহাদ করা পঞ্চাশবার হজ্ব করার চেয়ে উত্তম।" (সুনানে সাঈদ ইবনে মানসূর-৩/২/১৬৭-১৬৮, কিতাবুল জিহাদ, আব্দুলাহ ইবনে মুবারক)

عَنْ سَعِيْدِ بْنِ عَبْدِ الْعَزِيْزِ قَالَ نَوْمَةٌ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنْ سَبْعِيْنَ حَجَّةً تَتْلُوْهَا سَبْعُوْنِ عُمْرَةً - (كشف الاستار كتاب الجهاد باب فضل الجهاد، مشارع اشواق)

হযরত সাঈদ বিন আব্দুল আজীজ (রা.) বর্ণনা করেন, আল্লাহ্‌র রাহে মুজাহিদের ঘুম ওমরাসহ সত্তর বার হজ্ব করার চেয়েও উত্তম।

عَنْ أَنَسَ بِنْ مَالِكٍ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: غَزْوَةٌ فِيْ سَبِيْلِ اللهِ بَعْدَ حَجَّةِ الْإِسْلَامِ أَفْضَلُ مِنْ أَلْفِ حَجَّةٍ. (كشف الاستار كتاب الجهاد باب فضل الجهاد، مشارع الاشواق الى مصارع العشاق: ٢٠٦/٢١٥)

হযরত আনাস ইবনে মালেক রাদি. বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ ﷺ ইরশাদ করেন, "ফরয হজ্ব আদায় করার পর আল্লাহ্ তা'আলার রাহে কোনো একটি যুদ্ধে অংশগ্রহণ করা এক হাজার বার হজ্ব করার চেয়ে উত্তম।" (ইবনে আসাকীর)

সুবহানাল্লাহ!

আশাকরি, এতক্ষণের আলোচনার দ্বারা হাদীসগুলোর মর্ম আমাদের সামনে পরিষ্কার হয়ে গিয়েছে।

সুতরাং প্রিয় ভাই, আমরা কি বুঝতে পেরেছি, হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক রাহিমাহুল্লাহ কেন তার প্রিয় বন্ধুকে বলেছিলেন, "ওহে হারামাইনের আবেদ ব্যক্তি! তুমি যদি আমাদেরকে জিহাদের ময়দানে দেখতে আর আমলের গুরুত্ব বুঝতে, তাহলে তুমি বুঝতে পারতে যে, তুমি আমলের নামে আল্লাহ তা'আলার হুকুমের সাথে তামাশা করছ! পিচ্চি বাচ্চারা যেভাবে অনর্থক খেলা করে, তুমিও আমলের নামে ক্রীড়া-কৌতুক করছ! নিজেকে সওয়াবের আশা দেখিয়ে নিজেকে নিজেই ধোঁকা দিচ্ছ! আল্লাহকে পাওয়া আর আল্লাহ তা'আলার হুকুম বাস্তবায়ন করাটাই যদি তোমার যিন্দেগীর মাক্সাদ হত, তাহলে তো তুমি ঘরে বসে থাকতে না, কিংবা হারামাইন শরীফে অবস্থান করতে না, আমাদের সাথে জিহাদের তপ্ত ময়দানে নিজের বুকের তাজা রক্ত ঢেলে দিতে, শহীদের মর্যাদা লাভ করতে, যেমনটি আমরা লাভ করছি! আমরা তো আল্লাহর ওয়াদাকে বাস্তবায়িত হতে দেখছি, তাঁর গাইবী মদদ নুসরত দেখে আমাদের

ঈমান আরো বৃদ্ধি পাচ্ছে, যা তোমরা দেখতে পাচ্ছ না, তোমাদের ঈমানও আমাদের ঈমানের মতো হতে পারবে না; না, বন্ধু! কক্ষনো হবে না, কস্মিনকালেও না!

তাই বন্ধু, আর ঘরে বসে না থেকে চলে আস জিহাদের তপ্ত ময়দানে।......"?

প্রিয় ভাই!

আমরা অনেকেই আছি, যারা প্রায় প্রতি বছরই হজ্জ বা উমরা করি, কিংবা জিহাদ ব্যতীত অন্যান্য নেক আমল/মেহনত অনেক গুরুত্বের সাথে করে থাকি। আলহামদুলিল্লাহ! ঐগুলো তো ভাই অনেক সওয়াবের কাজ এবং অনেক সৌভাগ্যের বিষয়। কিন্তু ভাই, আমাদের তো উচিত আরো অধিক ফযীলতের আমল তালাশ করা, তাইনা? যাতে করে আমরা আরো বেশি ফযীলত লাভ করতে পারি, যাতে আমাদের নেকীর পাল্লা আরো অনেক বেশি ভারী হয়ে যায়, যাতে আমরা আরো সহজে জান্নাতে যেতে পারি, যাতে আমাদের মহা-মহীয়ান প্রভু আমাদের প্রতি আরো বেশি সন্তুষ্ট হন, যাতে আমরা তাঁর সামনে আরো বেশি নেককার, মুত্তাকী ও সত্যবাদী হিসেবে দাঁড়াতে পারি! এটা কি আমরা চাইনা?

যেই আমলের প্রতি স্বয়ং আল্লাহ তা'আলা অধিক গুরুত্বারোপ করেছেন, যেই আমলের প্রতি তিনি নিজের ভালোবাসার ঘোষণা দিয়েছেন, ক্ষমার ঘোষণা দিয়েছেন, যে আমলের মাঝে কল্যাণের ফয়সালা করেছেন, যেই আমলের বিনিময়ে নিশ্চিত জান্নাতের ওয়াদা করেছেন, আমরা কি সেই আমলের প্রতি বেশি গুরুত্ব দিবনা, বেশি মনোযোগী হবো না??

নবীজী ﷺ-এর যিন্দেগীর দিকে তাকিয়ে দেখি, কোন আমল/মেহনতকে তিনি সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন, কোন আমল/মেহনতকে তিনি সর্বাপেক্ষা সওয়াব ও ফযীলতের বর্ণনা করেছেন? কোনটিকে তিনি ইসলামের চূড়া ঘোষণা দিয়েছেন? তিনি নিজে কোন্ আমল/মেহনত সবচেয়ে বেশি করেছেন? তিনি কি ২৭ টি গাযওয়া আর ৪৬ টি সারিয়্যার নেতৃত্ব দেননি? তিনি কি তরবারির নবী ছিলেন না? তিনি কি যুদ্ধের নবী ছিলেন না? তিনি কি আল্লাহ্‌র দ্বীন কায়েমের জন্য রক্তাক্ত হননি? দন্ত মোবারক শহীদ করেননি?

সাহাবায়ে কেরামের যিন্দেগীর দিকে তাকিয়ে দেখি! তাঁরা কোন্ আমল/মেহনতকে সর্বাধিক গুরুত্বের সাথে করেছেন? তাঁরা কোন আমলের সাথে আজীবন লেগে থাকার শপথ করেছিলেন? তাঁরা কি এই শপথ করেননি-

نَحْنُ الَّذِيْنَ بَايَعُوْا مُحَمَّدًا

عَلَى الْجِهَادِ مَا بَقِيْنَا اَبَدًا

মুহাম্মদের সা. হাতে করেছি শপথ জিহাদের,

পিছু হটবনা কভূ পূর্বে মউতের।

সুতরাং ভাই, আমাদের কি উচিত নয়, আমরাও সাহাবায়ে কেরামের মত জিহাদকে সবচেয়ে বেশি ভালোবাসব, সবচেয়ে বেশি আপন করে নিব, নিজের যিন্দেগীর আসল কাজ বানাব, এই মেহনতের সাথে আজীবন লেগে থাকার শপথ করব, জিহাদ করতে গিয়ে যত কষ্ট ও পরীক্ষা আসবে তা হাসিমুখে মেনে নিব, অবশেষে শাহাদাতের পেয়ালায় চুমুক দিয়ে প্রেমময় প্রভুর সাথে মিলিত হবো??

❖ আল্লাহ তা'আলা হুকুম করেছেন কী, আর আমরা করছি কী!!!

প্রকৃতপক্ষে, জিহাদ ফরযে আইন হওয়ার পরও অন্য কোনো আমল/মেহনতে লিপ্ত থাকা, জিহাদের জন্য সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ না করা- আমলের নামে "আল্লাহর হুকুমের সাথে এক রকমের হঠকারিতা (!) করার নামান্তর। শুনতে খারাপ শুনা গেলেও এটাই কিন্তু ভাই বাস্তবতা!!

ধরুন! আপনি মরুভূমি দিয়ে যাচ্ছেন, আপনি অত্যন্ত পিপাসার্ত। পিপাসায় আপনার জীবন যাওয়ার উপক্রম। আপনি আমার কাছে একটু পানি চাইছেন। আমি আপনাকে পানি না দিয়ে এক বোতল গরম তেল এগিয়ে দিয়ে বললাম, নেন ভাই পান করুন। তাহলে আপনি আমাকে কী বলবেন, দূর হন আপনি! আমি মরছি; আর আপনি আমার সাথে মশকরা করছেন! আমি চাইলাম কী, আর আপনি দিলেন কী? ঠান্ডা পানি না দিয়ে গরম তেল দিচ্ছেন আমাকে পান করতে!

প্রিয় ভাই, বলুন তো, আমার এহেন আচরণের কারণে আপনি কী আমাকে ভালোবেসে কাছে টেনে নিবেন, নাকি দূরে সরিয়ে দিবেন?

তাহলে, ঠিক একইভাবে, আল্লাহ তা'আলা জিহাদকে ফরযে আইন করেছেন, এর অর্থ হল, আল্লাহ পাক এই মুহূর্তে আমাদেরকে হুকুম করছেন বা আমাদের কাছে চাচ্ছেন, আমরা যেন এখন জিহাদের মেহনত করি। আর বিপরীতে আমরা আল্লাহর সামনে বারবার অন্য কোনো আমল বা মেহনত পেশ করছি। জিহাদ বাদ দিয়ে অন্য কোনো আমল বা মেহনতে লিপ্ত থাকার অর্থই হচ্ছে, হে আল্লাহ! তুমি যতই বল, আমি কিন্তু জিহাদ করছি না। অমুক আমল করাটা কিংবা অমুক মেহনত করাটা আমার খুব ভালো লাগে, তাই এটিই বারবার করবো।

এর চেয়েও খারাপ কথা হলো, জিহাদ ফরযে আইন অবস্থায় জিহাদ না করার কারণে আমরা আল্লাহ তা'আলার কাছে "ফরয তরককারী" সাব্যস্ত হচ্ছি, যদিও আমরা হারামাইনে বসে মক্কা-মদীনা আবাদ করে থাকি। অথচ আমরা মনে করছি, আমরা তো অনেক ইবাদত করছি, আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জন করছি।

প্রিয় ভাই! কষ্ট নিবেন না!

যদি আমাদের এতই নেকীর দরকার হয়, তাহলে আমরা ময়দানে আসি! মা-বোনের উপর ধর্ষণ আর নির্যাতনের ষ্টীম-রোলার স্ব-চক্ষে দেখে যাই, বাপ-ভাই আর সন্তানের মর্মান্তিক খুন এসে নিজের চোখে দেখে যাই। তাদের জন্য যদি নিজের গায়ের রক্তের ফোঁটা ঝরাতে না পারি, কমপক্ষে এক ফোঁটা অশ্রু বিসর্জন করে যাই। হারামাইন শরীফাইনের ফাইভ-স্টার হোটেলগুলোতে খাবারের নামে অপচয় না করে অনাহারী, দুর্ভিক্ষপীড়িত, মযলুম মুসলমানদের মুখে এক লোকমা খাবার তুলে দিয়ে যাই। এত অর্থ সম্পদ অপচয় করে মক্কা-মদীনার এ.সির বাতাস না খেয়ে, ময়দানের উত্তপ্ত লূ হাওয়া খেয়ে যাই। তাহলে আরশের অধিপতি আমাদের প্রতি বেশি খুশি হবেন, বেশি সওয়াব দিবেন, বেশি নৈকট্য দান করবেন।

হ্যাঁ ভাই, আমরা যদি জিহাদের পাশাপাশি অন্য কোন আমল বা মেহনত করতে পারি, তাহলে আল্লাহ তা'আলার পক্ষ থেকে আমাদের প্রতি কোনো অভিযোগ থাকবে না।

প্রিয় ভাই! আমরা প্রত্যেকেই যার যার অবস্থান থেকে চিন্তা করি, আমরা আসলে নিজেদেরকে শরীয়তের অনুগামী করে নিয়েছি, নাকি শরীয়তকে আমাদের চাহিদা ও নফসের অনুগামী করে রেখেছি। বুদ্ধিমানদের জন্য এতক্ষণ যা আলোচনা করা হলো তা-ই অনেক বেশি!! আল্লাহ তা'আলা আমাদের সকলকে জিহাদের গুরুত্ব বুঝার তাওফীক দান করুন। আমীন।

স্ত্রীর প্রতি বীর মুজাহিদ আনোয়ার পাশার চিঠি

❖ *জিহাদ প্রেমের এক অনুপম নিদর্শন:*

হযরত আনোয়ার পাশা রাহিমাহুল্লাহ ঐসব বীর মুজাহিদদের অন্তর্ভূক্ত, যারা গোটা যিন্দেগী ইসলামের দুশমনদের বিরুদ্ধে জিহাদের ময়দানে ব্যয় করেছেন এবং যাদের বুকের তাজা রক্তে রচিত হয়েছে যুগে যুগে ইসলামের রক্তিম ইতিহাস। অবশেষে রুশ বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করতে করতে শাহাদাতের চির অমীয় সুধা পান করেন। তিনি জিহাদের উত্তপ্ত ময়দান হতে তাঁর প্রাণপ্রিয়া স্ত্রী শাহ্জাদী নাজিয়া সুলতানার নামে একটি পত্র প্রেরণ করেছিলেন, যা পরবর্তীতে তুর্কী পত্রিকাগুলোতে প্রকাশ করা হয়েছে। আর সেখান থেকে অনুবাদ হয়ে ২২ এপ্রিল, ১৯২৩ ঈসায়ী তারিখে হিন্দুস্তানী পত্রিকাগুলোতে প্রকাশিত হয়। এই চিঠিটি বিপুল আলোড়ন সৃষ্টিকারী, কালজয়ী, আবেগময় ও শিক্ষণীয়, আর আল্লাহ তা'আলা, তাঁর রাসূল ﷺ ও তাঁর পথে জিহাদ করাকে সবচেয়ে বেশি ভালোবাসার এক উজ্জ্বল দৃষ্টান্ত। তাই চিঠিটি হতে আমাদের প্রত্যেককেই শিক্ষা গ্রহণ করা উচিত।

প্রিয় নাজিয়া!
জীবনসঙ্গিনী আমার!
জীবন পথের একমাত্র পাথেয়, আনন্দ দানকারিনী প্রিয়া আমার!

সু-উচ্চ ও সু-মহান সত্ত্বা তোমার সংরক্ষক। তোমার শেষ পত্র আমার হাতে এসে পৌঁছেছে। বিশ্বাস কর, তোমার এই পত্র সর্বদা বুকে জড়িয়ে রাখব। তোমার মায়ামাখা, প্রেমভরা স্নিগ্ধ অবয়ব আমি তো আর দেখতে পারব না, কিন্তু পত্রের ছত্রে ছত্রে, পরতে পরতে, অক্ষরসমূহে তোমার আঙ্গুলসমূহের নড়াচড়ার দৃশ্য যেন আমি দেখতে পাচ্ছি, যে আঙ্গুলিগুলো আমার চুল নিয়ে মাঝে মাঝে খেলা করত। তাবুর রশিগুলোতে মাঝে মাঝে তোমার চেহারার আলোকচ্ছটা ও প্রতিচ্ছবি ভেসে উঠে। তোমার অবয়বের ঝিলিক সর্বদা দৃষ্টিতে অনুভব করি।

আহ্! তুমি লিখেছ, আমি তোমাকে ভুলে গিয়েছি, আর তোমার অকৃত্রিম ভালোবাসা ও প্রেমের প্রতি কোনো ভ্রূক্ষেপ আমার নেই। তুমি লিখেছ, তোমার সোহাগ ও মহব্বতপূর্ণ হৃদয়কে ভেঙে চুরমার করে দিয়ে এই দূর-দূরান্তে বিধ্বস্ত রণাঙ্গনে আগুন ও রক্ত নিয়ে আমি খেলা করছি। আর আমার এদিকে খেয়াল নেই যে, একজন নারী আমার বিচ্ছেদে সারারাত তন্দ্রাহীন নয়নে জেগে জেগে ছটফট করে আর তারকারাজি গণনা করতে থাকে।

তুমি লিখেছ যে, আমার জিহাদের সাথে মহব্বত আর তরবারির সাথে প্রেম। কিন্তু কথাগুলো লেখার সময় ঘুর্ণাক্ষরেও তোমার এ কথা চিন্তায় আসেনি, তোমার এই শব্দ সম্ভার, যা তুমি অকৃত্রিম ভালোবাসা ও খাঁটি মহব্বতের গীতিতে লিখেছ, তা আমার হৃদয়ের রক্ত কিভাবে ঝরাবে, কিভাবে আমাকে হত্যা করবে?

ওগো প্রিয়া! আমি কিভাবে তোমাকে বিশ্বাস করাব, এই সুন্দর বসুন্ধরায় তোমার চেয়ে সুন্দর আর প্রিয় আমার কাছে আর কিছুই নেই। তুমিই আমার সকল ভালোবাসার শেষ পরিধি! আমার মন আমি কাউকে কোনো দিন দেই নি, কাউকে কোনো দিন ভালোবাসিনি, কিন্তু কেবল তুমিই এমন, যে আমার হৃদয়কে আমার কাছ থেকে ছিনিয়ে নিয়েছ। ভাগ্যলিপি থেকে আমাকে তুমিই অপহরণ করে আমাকে তোমার দাস বানিয়েছ। বল, এরপর কিভাবে তোমার থেকে পৃথক হব, হে আমার প্রাণের প্রশান্তি? তোমার এমন প্রশ্ন যথাযোগ্য।

শোন! আমি তোমার থেকে এই জন্য পৃথক হই নি যে, আমি ধন-সম্পদের অন্বেষী, লোভী ব্যক্তি। এ জন্যও পৃথক হই নি যে, আমার জন্য শাহী সিংহাসন কায়েম করছি, যেমনটি আমার শত্রু পক্ষ প্রচার করছে। আমি তোমার থেকে কেবল এই জন্য পৃথক হয়েছি যে, আল্লাহ তা'আলার ফরয বিধান আমাকে এখানে নিয়ে এসেছে। 'জিহাদ ফী সাবীলিল্লাহ'-র চেয়ে বড় কোনো গুরু দায়িত্ব আর নেই। এটাই এমন ফরয কাজ, যার নিয়্যত করার দ্বারাই জান্নাতুল ফিরদাউস অবধারিত হয়ে যায়।

আলহামদুলিল্লাহ! আমি কেবল এই ফরযের নিয়্যত-ই করিনি; বরং তা বাস্তবে আঞ্জাম দিয়ে যাচ্ছি। তোমার বিচ্ছেদ আমার অন্তরে সর্বদা এমন এক করাত চালনা করে, যা অবর্ণনীয় ব্যথা সৃষ্টিকারী, তবে এই বিরহে আমি অত্যন্ত খুশি। কেননা, তোমার অকৃত্রিম প্রেম ও ভালোবাসা এমন এক অমূল্য জিনিস, যা আমার দৃঢ় ইচ্ছা ও সিদ্ধান্তের জন্য সবচেয়ে বড় পরীক্ষা ও চ্যালেঞ্জ ছিল!

আল্লাহ তা'আলার হাজার শুকরিয়া যে, আমি এই পরীক্ষায় পূর্ণভাবে উত্তীর্ণ হয়েছি। আর আল্লাহর মহব্বত এবং তার হুকুমকে নিজের মহব্বত ও মনের চাহিদার উপর প্রাধান্য দিতে সক্ষম হয়েছি। তোমারও সন্তুষ্ট ও রাজি থাকা এবং আল্লাহর কৃতজ্ঞতা ও প্রশংসা করা উচিত যে, তোমার স্বামী এত মজবুত ঈমান রাখেন যে, সে নিজে তোমার মহব্বতকে আল্লাহর মহব্বতের উপর কুরবানী করেছে।

তোমার উপর তরবারীর দ্বারা জিহাদ করা ফরয নয়, কিন্তু তুমিও জিহাদের হুকুম থেকে বাহিরে বা মুক্ত নও। তোমার জিহাদ হলো, তুমিও নিজের মন ও ভালোবাসার উপর আল্লাহর চাহিদা ও ভালোবাসাকে প্রাধান্য দিবে। স্বীয় স্বামীর সাথে প্রকৃত মহব্বতের আত্মীয়তাকে আরো মজবুত রাখবে।

লক্ষ্য কর, কখনো এই দুআ করবে না, তোমার স্বামী জিহাদের ময়দান থেকে যে কোনো ভাবেই হোক সুস্থ ও নিরাপদে তোমার প্রেমের কোলে ফিরে আসুক। এটা হবে নিজ স্বার্থ পূরণের দুআ। আর এটা আল্লাহর কাছে পছন্দনীয়ও নয়। অবশ্য তুমি এমন দুআ করতে থাকো, আল্লাহ যেন তোমার স্বামীর জিহাদকে কবুল করেন, তাকে কামিয়াবীর সাথে ফিরিয়ে আনেন, অন্যথায় শাহাদাতের অমীয় সুধা তাকে পান করান। তুমি জান, আমার মুখ কখনো শরাব দ্বারা নাপাক হয়নি; বরং সর্বদা কুরআন তিলাওয়াত ও যিকির দ্বারা তরতাজা ছিল।

ওগো প্রাণের প্রিয়া!

আহ্! সেই মুহূর্ত কতই না মুবারক হবে, যখন আল্লাহর রাহে এই মস্তক, যাকে তুমি খুব সুন্দর বলতে, শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে ছিন্ন-ভিন্ন হয়ে যাবে! সেই শরীর তোমার মহব্বতের দৃষ্টিতে সিপাহীদের শরীর নয়; বরং মাশুকদের নয়নসমূহের ন্যায় কোমল। আনোয়ারের সবচেয়ে বড় আশা ও আকাঙ্ক্ষা হলো, সে শহীদ হয়ে যাবে। আর বীর শ্রেষ্ঠ হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহুর সাথে যেন তার হাশর নাশর হয়। দুনিয়া ক্ষণস্থায়ী। মৃত্যু তো সুনিশ্চিত। তাহলে মৃত্যুকে ভয় পাওয়ার কি অর্থ হতে পারে?

যখন মৃত্যু আসবেই, তাহলে মানুষ কেন বিছানায় পড়ে শুয়ে শুয়ে মৃত্যুবরণ করবে? আল্লাহর রাহে শাহাদাতের মরণ তো মরণ নয়; বরং ওটাই প্রকৃত জীবন, অবিনশ্বর জীবন।

প্রিয় নাজিয়া! আমার অসীয়ত শুনে নাও।

যদি আমি শহীদ হয়ে যাই, তাহলে আমার ছোট ভাই স্বীয় দেবর নূরী পাশার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে নিবে। তোমার পরে আমার কাছে তারই স্থান। আমি চাই যে, আমার আখিরাতমুখী সফরের পরে সে সারা জীবন বিশ্বস্ততার সাথে আস্থা ভরে তোমার খেদমত করে যাবে।

আমার দ্বিতীয় অসীয়ত এই যে, তোমার যতজন সন্তান-ই হোক না কেন, সকলকে আমার জীবনীর কথা শুনাবে। আর সকলকে জিহাদের ময়দানে ইসলাম ও দেশের খেদমতে প্রেরণ করবে। যদি তুমি এমন না কর, তাহলে স্মরণ রেখ, আমি জান্নাতে তোমার প্রতি অসন্তুষ্ট থাকব।

আচ্ছা! প্রিয়া নাজিয়া! বিদায়! জানি না, আমার অন্তর বলছে, এই পত্রের পর হয়তো তোমাকে আর কোনো পত্র লিখতে পারবো না। আজব কী, হতে পারে কালকেই শহীদ হয়ে যাবো। দেখ, তুমি ধৈর্য্য ধারণ করবে। তুমি আমার শাহাদাতে দুশ্চিন্তার পরিবর্তে আনন্দিত হবে যে, আল্লাহর রাহে আমি ব্যবহৃত হওয়া তোমার জন্য গৌরবের বিষয়।

সোনা আমার! এখন বিদায় নিচ্ছি। আমার কল্পনার জগতে তোমাকে শেষবারের মতো আরেকবার আলিঙ্গন করলাম।

ইনশাআল্লাহ, জান্নাতে দেখা হবে। এর পরে আর কোনো দিন তোমার-আমার বিচ্ছেদ হবে না। ইনশাআল্লাহ।
- তোমার আনোয়ার।

তুরকানে আহবার' থেকে সংকলিত
লেখক: আব্দুল মজীদ আতীক্বি, পৃ: ১২৭-১৩০

উল্লেখ্য, হযরত আনোয়ার পাশা রাহিমাহুল্লাহ চিঠিটি লিখার ঠিক পরের দিনই শাহাদাত বরণ করেন। আল্লাহ তা'আলা তার শাহাদাতকে কবুল করেন, জান্নাতুল ফিরদাউসে উচ্চ মর্তবা দান করেন। আমাদেরকেও তাঁর সাথী হিসেবে শহীদী কাফেলার অন্তর্ভূক্ত করে নেন। আমীন।

স্ত্রী-সন্তানের প্রতি আব্দুল্লাহ্ আয্যাম রাহি. এর অন্তিম চিঠি

আল কায়েদার প্রতিষ্ঠাতা হিজরী পঞ্চদশ শতাব্দীর মুজ্তাহিদ ইমাম এবং বিংশ শতাব্দীর জিহাদের পুনর্জাগরণের রূপকার শাইখ ড. আব্দুল্লাহ্ ইউসুফ আয্যাম রাহি.।
স্ত্রী-সন্তানের প্রতি শাইখের অন্তিম চিঠি:

সুপ্রিয়া! হে মোর সহধর্মিনী!!
১৯৬৯ এর সে কষ্টকর সময়ের কথা আমার আজও মনে পড়ে। আমাদের ঘরে ছিল দু'কিশোর ও এক শিশুসন্তান, কাঁচা ইটের তৈরী ছিল আমাদের আবাসঘর। ছিল না কোনো আলাদা রান্নাঘর। তোমার উপরই ন্যস্ত করেছিলাম পুরো সংসার।
একদিন সন্তানরা বড় হল, আমাদের পরিচিতিও বৃদ্ধি পেল, অতিথিতে সরগরম হয়ে উঠল আমাদের ঘর। আর তুমি ছিলে তখন সন্তান-সম্ভবা। তোমার কষ্ট ও পরিশ্রমের অন্ত ছিল না।
কিন্তু সবকিছুই তুমি হাসিমুখে বরণ করে নিয়েছিলে। তোমার উদ্দেশ্য ছিল আল্লাহর সন্তুষ্টি, লক্ষ্য ছিল আমার সহায়তা করা। আল্লাহ তোমাকে সর্বোত্তম প্রতিদানে ভূষিত করুন। সত্যিই আল্লাহর দয়া ও তোমার ধৈর্য না হলে আমার একার পক্ষে এ বিরাট বোঝা উঠানো সম্ভব ছিল না।

হে প্রিয়া আমার!
এ জীবনে তোমাকে দেখেছি দুনিয়াবিমুখ, পার্থিব বস্তুর প্রতি ছিল না তোমার কোনো অনুরাগ, দারিদ্র্যতার প্রতি ছিল না তোমার কোনো অভিযোগ।
আর স্বচ্ছল সময়েও দেখিনি তোমাকে বিলাসিতায় ডুবে থাকতে। দুনিয়াকে সব সময় তুমি রেখেছিলে হাতের মুঠোয়, হৃদয়ে ছিল না দুনিয়ার কোনো স্থান।
মনে রাখবে, জিহাদী জীবনই আনন্দ ও সুখের জীবন। জীবনকে বিলাসিতার গড্ডালিকা- প্রবাহে ভাসিয়ে দেয়ায় কোনো সুখ নেই। কষ্ট-ক্লেশে ধৈর্য ধারণ করা মহত্ত্বের পরিচয়।

তাই দুনিয়ার মোহ বর্জন কর, আল্লাহর ভালবাসা পাবে। মানুষের সম্পদ দেখে লোভ করো না, তারা তোমায় ভালবাসবে।

আল-কুরআন মানব জীবনের সেরা সাথী ও সর্বশ্রেষ্ঠ পাথেয়। রাত্রির নামায, নফল রোযা ও গভীর রজনীর ইস্তিগফার অন্তরলোকে আনে স্বচ্ছতা, সৃষ্টি করে ইবাদাতের অনুরাগ এবং পুণ্যবানদের সৎসঙ্গ, স্বল্প সম্পদ, দুনিয়াদারদের থেকে দূরে থাকা এবং ভনিতা থেকে বিরত থাকলে হৃদয়ে প্রশান্তি অনুভূত হয়।

হে প্রিয়া!

আল্লাহর কাছে একান্ত কামনা, জান্নাতুল ফিরদাউসে পুনঃ আমাদের মিলন হোক, যেমনিভাবে দুনিয়াতে মিলিত হয়েছিলাম আমরা দু'টি প্রাণ!

হে আমার কলিজার টুকরা সন্তান-সন্ততি!

মন ভরে কোনো দিন তোমাদের সঙ্গ দিতে পারিনি। আমার শিক্ষা ও তারবিয়াত তোমাদের ভাগ্যে কমই জুটেছে। অধিকাংশ সময় আমি তোমাদের থেকে বহু দূরে থেকেছি, কিন্তু আমি ছিলাম নিরুপায়। তোমরা জান, মুসলমানদের উপর বিপদের কালো মেঘ ছেয়ে আছে, যার গর্জনে দুগ্ধদানকারী মায়ের কোল থেকে তার দুগ্ধপোষ্য শিশু ভয়ে ছিটকে পড়ে যাচ্ছে।

উম্মতের সংকটের ব্যাপকতা চিন্তা করলে কিশোর ললাটেও ভেসে উঠে বার্ধক্যের বলিরেখা। মুরগীর ন্যায় তোমাদের নিয়ে আমি খাঁচায় বাস করিনি। মুসলমানদের অন্তর বেদনায় জ্বলবে আর আমি আরামে বিশ্রাম নিব, সংসারসুখ উপভোগ করব? দুর্দশায় মুসলমানদের হৃদয় বিদীর্ণ হবে, নির্যাতনে জ্ঞান বিলুপ্ত হবে আর আমি ঘরে বসে থাকব? তা আমার পছন্দ নয়। কোনোদিন আমি কামনা করিনি বিলাসী জীবন, সুস্বাদু ভুনা গোস্ত এবং স্ত্রী সন্তান-সন্ততিদের নিয়ে সংসার-সুখ উপভোগ ।

তোমাদের প্রতি আমার অসিয়াতঃ

(ক) আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা আঁকড়ে থাকবে।

(খ) নিয়মিত কুরআন তিলাওয়াত করবে ও কুরআন হিফ্জ করার চেষ্টা করবে।

(গ) জিহ্বার হিফাযত করবে, সংযত কথা বলবে।

(ঘ) নিয়মিত সালাত ও সিয়াম পালনসহ সৎসঙ্গ গ্রহণ করবে।

(ঙ) জিহাদী আন্দোলনের সাথে সংশ্লিষ্ট থাকবে। মনে রাখবে, কোনো নেতার অধিকার নেই তোমাকে জিহাদ থেকে বিরত রাখার। অথবা "দাওয়াত ও ইরশাদের" সাথে জড়িত রেখে তোমাকে ভীরু কাপুরুষ ও জিহাদবিমুখ করার। জিহাদ ফী সাবীলিল্লাহর ব্যাপারে কারও অনুমতির অপেক্ষা করবে না। হাতে অস্ত্র তুলে নাও। ঘোড়সওয়ার হও। তবে ঘোড়-সওয়ারীর চেয়ে তীরন্দাযী আমার অধিক প্রিয়।

(চ) শরীয়াতের উপকারী ইলম অর্জন করবে।

(ছ) তোমরা সদা তোমাদের বড় ভাই মুহাম্মদকে মান্য করবে, তাকে সম্মান করবে, পরস্পর পোষণ করবে গভীর প্রীতি, শ্রদ্ধা ও ঐকান্তিক ভালবাসা।

(জ) তোমরা তোমাদের দাদা-দাদীর সাথে উত্তম আচরণ করবে, তোমাদের দু'ফুফু উম্মে ফইজ ও উম্মে মুহাম্মদকে শ্রদ্ধা করবে। আল্লাহর পরে তাদের অনুগ্রহ আমার উপর অনেক।

(ঝ) আমার রক্ত সম্পর্ক বজায় রাখবে। আমার পরিবারের সাথে নেক আচরণ করবে এবং আমার বন্ধু-বান্ধবদের হক আদায় করবে।

আবার দেখা হবে বেহেশতের পুষ্পকাননে।

-আব্দুল্লাহ আযযাম।

[وصية الشهيد عبد الله عزام- رحمه الله

লিংক: https://archive.org/details/20221009_202210]

১৯৮৯ সালের ২৪ নভেম্বর, শুক্রবার জুমার সালাতে যোগ দিতে যাওয়ার পথে লুকানো বোমার বিস্ফোরনে স্বীয় দুই পুত্রসহ আব্দুল্লাহ্ আয্যাম রাহি. শহীদ হন। আল্লাহ তা'আলা তার শাহাদাতকে কবুল করুন, জান্নাতুল ফিরদাউসে উঁচু মাকাম দান করুন। আমাদেরকেও তাঁর সাথী হিসেবে শহীদী কাফেলার অন্তর্ভূক্ত করে নিন। আমীন।

مِّنَ ٱلْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا۟ مَا عَٰهَدُوا۟ ٱللَّهَ عَلَيْهِ ۖ فَمِنْهُم مَّن قَضَىٰ نَحْبَهُۥ وَمِنْهُم مَّن يَنتَظِرُ ۖ وَمَا بَدَّلُوا۟ تَبْدِيلًا ﴿٢٣﴾
لِّيَجْزِىَ ٱللَّهُ ٱلصَّٰدِقِينَ بِصِدْقِهِمْ وَيُعَذِّبَ ٱلْمُنَٰفِقِينَ إِن شَآءَ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ ۚ إِنَّ ٱللَّهَ كَانَ غَفُورًا رَّحِيمًا ﴿٢٤﴾

"মুমিনদের মধ্যে কিছু লোক রয়েছে যারা আল্লাহর সাথে কৃত ওয়াদা সত্যে পরিণত করেছে। তাদের কেউ কেউ শাহাদাত বরণ করেছে এবং কেউ কেউ (শাহাদাত লাভের) প্রতীক্ষায় আছে। আর তারা (তাদের সংকল্প) মোটেই পরিবর্তন করেনি। এটা এজন্য যেন আল্লাহ, সত্যবাদীদেরকে তাদের সত্যবাদিতার কারণে প্রতিদান দেন এবং মুনাফেকদেরকে চাইলে শাস্তি দিবেন কিংবা ক্ষমা করবেন। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।" (৩৩ সূরা আহযাব: ২৩,২৪)

****

"কিতাবুত্ তাহ্রীদ 'আলাল ক্বিতাল"

তৃতীয় পর্ব: ভালোবাসি তোমায়, হে জিহাদ!

****

****জাযাকুমুল্লাহু খাইরান****

কিতাবুত তাহরীদ: দ্বিতীয় পর্ব প্রকাশিত হওয়ার পর **"দাওয়াহ্ ইলাল্লাহ্ ফোরাম"** এর মুহতারাম মুজাহিদ ভাইদের রিভিউ: নির্বাচিত কিছু স্ক্রীনশট্ (পোস্ট লিংক: https://bit.ly/tahrid3)

11-26-2022, 10:25 PM #13

আল্লাহ সকল মুসলিমের মনের ইচ্ছা পূরণ করুন । খুব সুন্দর একটি পোস্ট।

12-05-2022, 11:23 AM #14

জাযাকাল্লাহু খাইরান। অনেক সুন্দর হয়েছে। আল্লাহ তাআলা লেখকের কলমে ভরপুর বারাকা দান করুন। আমাদের সবাইকে ইখলাসের সাথে বাস্তবতা বুঝে জিহাদের রাস্তায় অটল রাখুন। আমাদেরকে দ্বীনের জন্য কবুল করুন। আমীন।

12-29-2022, 03:27 PM #16

মা শা আল্লাহ্! অনেক ভালো লাগলো ভাই কিতাবটি পড়ে। আল্লাহপাক মুহতারাম মুস'আব ইলদিরিম ভাইকে কবুল করুন। আমাদের সকলকে জিহাদ ফী সাবীলিল্লাহর জন্য কবুল করুন। আল্লাহ সুব. , তাঁর রাসূল সা. এবং তাঁর রাহে জিহাদ করাকে সকল কিছুর চেয়ে বেশি ভালো বাসার তাওফীক দান করুন। আমীন।

কিতাবুত্ তাহ্রীদ্ ‘আলাল ক্বিতাল

তৃতীয় পর্ব

মুস‘আব ইলদিরিম

কিতাবুত্ তাহ্‌রীদ্ ‘আলাল ক্বিতাল

পর্ব ৪:

লেখকের কথা

আস্সালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ!

মুহতারাম ভাইয়েরা!

আলহামদুলিল্লাহ! ছুম্মা আলহামদুলিল্লাহ!!

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার অশেষ মেহেরবানীতে আজ আমরা আপনাদের সামনে **"কিতাবুত তাহরীদ 'আলাল ক্বিতাল"**কিতাবটির **"চতুর্থ পর্ব: তোমাকেই শুধু চাই, হে শাহাদাত!"**নিয়ে হাজির হয়েছি। ছুম্মা আলহামদুলিল্লাহ!!!

কিতাবুত তাহরীদ, চতুর্থ পর্ব নিয়ে কিছু কথা:

ইসলামী ইতিহাসে মুহাররাম, দ্বাদশ হিজরি-তে সংঘটিত যুদ্ধটি **'শিকলের যুদ্ধ' হিসেবে খ্যাত।** এ যুদ্ধে হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. উবুল্লার গভর্নর ও শত্রুবাহিনীর প্রধান হরমুযকে ঐতিহাসিক এই চিঠিটি প্রেরণ করেছিলেন- "হামদ ও সালাতের পর, ইসলামগ্রহণ কর, তাহলে নিরাপদ থাকবে। অথবা নিজের ও আপন কওমের জন্য নিরাপত্তা-চুক্তি করে নাও এবং জিজিয়া প্রদান কর। দুটির একটিও গ্রহণ না করলে পরিণতির জন্য নিজেকে ছাড়া অন্য কাউকে দায়ী করতে পারবে না। কারণ, আমি এমন একদল সৈন্য নিয়ে তোমাদের উদ্দেশ্যে এসেছি, যারা মৃত্যুকে ততটাই ভালোবাসে, যতটা তোমরা ভালোবাসো জীবনকে।"

সুবহানাল্লাহ!

প্রিয় ভাই! এটি শুধু কথার কথা নয়! এটি কেবলই সামরিক কোনো থ্রেট বা ধমকি নয়! এটি একটি চরম বাস্তবতা!! প্রিয় রাসূলের ﷺ হাতে গড়া সাহাবায়ে কেরাম এবং আমাদের পূর্ববর্তী সালাফগণ মৃত্যুকে ততটাই ভালোবাসতেন যতটা কুফ্ফারদের কাছে প্রিয় ছিল- নারী এবং মদ! মৃত্যু ও শাহাদাতকে তাঁরা খোঁজে বেড়িয়েছেন জিহাদের প্রতিটি পরতে পরতে! তাঁরা শাহাদাতের জন্য এতটাই পাগলপারা ছিলেন যে, অন্য কোনো জাতির ভাগ্যে এমন মৃত্যুন্বেষী বীর ও যুদ্ধপ্রেমী মহামনীষীদের আবির্ভাব ঘটে নি। সুবহানাল্লাহ!

হায়! অপরদিকে, আমরা?? আমরা কেন মৃত্যুকে ভয় পাই? কেন আমরা মৃত্যু থেকে প্রতিনিয়ত পলায়ন করি?? আমাদের কাছে কেন মৃত্যু এক অন্ধকারময় বিভীষিকা??? মৃত্যুর কথা শুনলেই আমাদের কেমন যেন পীলে চমকে যায়??.........

প্রিয় ভাই! আমরাও কি আমাদের সালাফদের অনুসারী হতে চাই? তাদের মত মৃত্যুর জন্য পাগলপারা হতে চাই? আমরাও কি সাহাবায়ে কেরামের মত জীবনের চেয়ে মৃত্যুকে বেশি ভালোবাসতে চাই? আমরা কি চাই, মৃত্যুর আকাঙ্ক্ষা আমাদেরকেও নারী ও মদের নেশার চেয়েও বেশি আচ্ছন্ন করে রাখুক??? আমাদের অন্তরচক্ষুর সম্মুখ হতে মৃত্যুর ভীতিকর অমানিশা দূর হয়ে 'মৃত্যুর ভয়' কেটে যাক?? আমরা কি এও চাই যে, 'শাহাদাত প্রেমিক' হয়ে আল্লাহর রাস্তায় এই মুহূর্তেই নিজের জান কুরবানী করতে প্রস্তুত হয়ে যাই???

তাহলে, ভাই...................

আমাদের জন্যই আজকের এই কিতাব **"তোমাকেই শুধু চাই, হে শাহাদাত!"**

আসুন না ভাই, কিতাবের আদ্যোপান্ত পড়ে নেই, আর দেখে নেই, মৃত্যু প্রেমের কী কী অতুলনীয় হাকীকত অপেক্ষা করছে আমাদের জন্যে?? জাযাকুমুল্লাহু খাইরান।

-মুস'আব ইল্দিরিম

সূচিপত্র

জান্নাতের স্বপ্নিল ভুবন

চলো বন্ধু! মুমিনের প্রতিশ্রুত ঠিকানা জান্নাতের গল্প শুনা যাক।..........

জান্নাত অবশ্যই মানব কল্পনার উর্ধ্বে। তার সৌন্দর্য বর্ণনাতীত। সেই সৌন্দর্যের কল্পনা মানব চিন্তা শক্তির বহু উপরে। জান্নাতের একটি খড়কুটো রাখার পরিমাণ স্থান লাভ করাও দুনিয়া ও তন্মধ্যকার সকল বস্তু অপেক্ষা উত্তম।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّآ أُخْفِيَ لَهُم مِّن قُرَّةِ أَعْيُنٍ جَزَآءًۢ بِمَا كَانُوا۟ يَعْمَلُونَ ۝١٧

"কেউই জানে না তাদের জন্য নয়নপ্রীতিকর কী লুকায়িত রাখা হয়েছে তাদের কৃতকর্মের পুরস্কারস্বরূপ।" (সূরা সাজদাহ ৩২:১৭)

বন্ধুরা! হাদীসে কুদসীতে এসেছে, আল্লাহ্ পাক বলেছেন,

أعدت لعبادى الصالحين ما لاعين رأت ولا أذن سمعت ولا خطرعلى قلب بشر

"আমি আমার নেককার বান্দাদের জন্য জান্নাতে এমন সব বস্তু প্রস্তুত রেখেছি, যা কোনো চোখ কখনো দেখেনি, কোনো কান কোনোদিন শুনেনি, যার কল্পনা কোনো মানব হৃদয়ে কোনোদিন উদিত হয়নি।" (বুখারী খন্ড ১, পৃ.৪৬০, মুসলিম খ. ২, পৃ. ৩৭৮)

সুবহানাল্লাহ!!!

জান্নাত লাভের প্রস্তুতি গ্রহণকারী কেউ কি নেই?..................

জান্নাত তো এমন স্থান, যাতে কোনো বিপদের আশংকা নেই।

কাবার প্রভুর শপথ! জান্নাতে রয়েছে প্রদীপ্ত জ্যোতি, প্রবহমান নদী, সুরভি বিচ্ছুরণকারী ফুল, পাকা ফল ও অপরূপা, সুদর্শনা, সুন্দরী রমণী, আছে বস্ত্র-সম্ভার, সবুজ শ্যামল নকশী চাদর, চিরস্থায়ী নিবাস, শান্তিময় ও নিরাপদ আবাস, সুরম্য মযবুত অট্টালিকা, আরো কতো নিয়ামতরাজি! জান্নাতের জন্য মর্যাদার বিষয় হলো, তা পেতে হলে 'জান্নাতের একমাত্র মালিক' আল্লাহর কাছেই হাত পাততে হয়। কত মর্যাদাবান ও মহিমান্বিত সে স্থান, যেখানে আল্লাহ তা'আলা তাঁর হাত মুবারক দ্বারা গাছ রোপণ করেছেন এবং যা তাঁর বন্ধুদের অবস্থানস্থল হিসেবে নির্ধারণ করেছেন। তাঁর রহমত, দয়া, করুণা ও সন্তুষ্টি দ্বারা পূর্ণ করে দিয়েছেন।

প্রিয় বন্ধু! জান্নাত লাভ করা অত্যন্ত কল্যাণ ও সৌভাগ্যের বিষয়। সুতরাং যদি তোমার জীবনে কোন কিছু চাওয়া-পাওয়ার থাকে, যদি তুমি কোন কিছুর জন্য সাধনা করতে চাও, যদি তুমি কোন কিছুর জন্য প্রতিযোগিতায় অবতীর্ণ হও, যদি কোন কিছু তোমার চিন্তা-চেতনাকে আচ্ছন্ন করে, যদি কোন কিছু তোমার নিদ্রাকে বিদূরিত করে দেয়, যদি কোন কিছু তোমার কল্পনা ও স্বপ্নের জগতকে সদা-সর্বদা আন্দোলিত করে, তা যেন হয় অনন্ত-অশেষ নেয়ামতরাজির জান্নাত।

সেখানে যে একবার প্রবেশ করবে অনন্তকালের জন্য, চিরদিনের জন্য প্রবেশ করবে। তার রাজত্ব হলো বিশাল রাজত্ব। সকল প্রকার কল্যাণ ও মঙ্গল তাতে গচ্ছিত রাখা হয়েছে এবং সকল প্রকার দোষ-ক্রুটি ও বিপদ-আপদ হতে তাকে পবিত্র রাখা হয়েছে।

বন্ধু! যদি তুমি তার মাটি সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার মাটি হবে কস্তুরির ও যাফরানের।

যদি তার ছাদ সম্পর্কে জানতে চাও, তবে জেনে রাখ, তার ছাদ হবে আল্লাহর আরশ।

যদি তুমি তার বিছানা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার বিছানা হল সুবাস ছড়ানো কস্তুরি।

যদি তার পাথর কণা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হলো মুক্তা।

যদি তার অট্টালিকা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার একটি ইট হবে স্বর্ণের, আরেকটি ইট হবে রৌপ্যের।

যদি তার তাঁবু ও গম্বুজ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার তাঁবু হবে ষাট মাইল দীর্ঘ ফাঁপা, মুক্তা দ্বারা নির্মিত।

যদি তার গাছ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার প্রত্যেকটি গাছের কাণ্ড হবে স্বর্ণ ও রৌপ্যের, কাঠের নয়।

যদি তার ফল সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার ফল হবে মটকার ন্যায় বৃহদাকারের ও পনীর অপেক্ষা অধিক কোমল এবং অমৃত অপেক্ষা অধিক মিষ্ট।

যদি তার পাতা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার পাতা হবে সূক্ষ্ম কাপড়ের জোড়া হতেও অত্যাধিক সুন্দর।

যদি প্রবাহিত মৃদু সমীরণের ফলে বৃক্ষের পল্লব হতে সৃষ্ট সুর সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে সুমিষ্ট সুরেলা আওয়ায, যা শ্রোতাদের বিমুগ্ধ ও আবিষ্ট করবে।

যদি তার গাছের ছায়া সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে এমন সব গাছ রয়েছে, যার ছায়ায় দ্রুতগামী আরোহী একশত বছরে ভ্রমন করেও তা অতিক্রম করতে সক্ষম হবে না।

যদি তার নদীসমূহ সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাতে এমন দুধের নহর রয়েছে, যার স্বাদ কখনো বিকৃত হবেনা। এছাড়াও আছে মধুর নহর। এমন খাঁটি শরাবের নহর রয়েছে, যা পানে পানকারী পরিতৃপ্ত হয়, কখনো মাতাল হয়না। ও তাতে স্বচ্ছ অমৃতের নহর রয়েছে। তুমি যখন যেদিকে ইচ্ছা তাদেরকে প্রবহমান করতে পারবে।

যদি তার খাদ্য সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে জান্নাতীদের নিজস্ব পছন্দমত ফল ও তাদের রুচিসম্মত পাখির গোশত। সেখানে তোমাকে রান্না করতে হবে না। উড়ন্ত পাখি দেখে তোমার আহারের চাহিদা হলেই তা ভুনা হয়ে তোমার সামনে উপস্থিত হবে। সেখানে তোমার মলমূত্রের ঝামেলা নেই। একটি ঢেকুর তুললেই সব হজম হয়ে যাবে।

যদি তার পানীয় সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার পানীয় হবে অমৃত সুধা, আদ্রক ও কর্পূরের।

যদি তার বাসন পত্র সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে আরশির ন্যায় স্বচ্ছ স্বর্ণ-রৌপ্যের।

যদি তার দরজার প্রশস্ততা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার দরজার দু'কপাটের মধ্যে চল্লিশ বছরের দূরত্বসম ব্যবধান থাকবে। তবে এমন একদিন আসবে, যেদিন প্রচণ্ড ভীড়ের দরুন তাকে রুদ্ধ দ্বারের ন্যায় মনে হবে।

যদি তার প্রশস্ততা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার সর্বনিম্ন স্তরের ব্যক্তির লাভকৃত স্থানের পরিধিও দশ দুনিয়ার সমান হবে এবং তা এ পরিমাণ বিশাল হবে যে, তার রাজত্ব, সিংহাসন, প্রাসাদ ও উদ্যানে দ্রুতগামী আরোহী দু'হাজার বছর ভ্রমন করেও তা অতিক্রম করতে সক্ষম হবে না।

যদি তার উচ্চতা সম্পর্কে জানতে চাও, তাহলে আকাশের প্রান্তে উদিত বা অস্তমিত নক্ষত্রের প্রতি দৃষ্টি দাও, যা দৃষ্টিসীমার বহু উর্ধ্বে।

যদি তার অধিবাসীদের পোশাক সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তা হবে রেশম ও স্বর্ণ দ্বারা তৈরী।

যদি তার বিছানা সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার বিছানার চাদর হবে পুরু রেশমের, যা উঁচু স্থানে বিছানো থাকবে।

যদি তার খাট সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তার খাট হবে রাজকীয় খাট, তার উপর স্বর্ণের বোতাম বিশিষ্ট মশারি থাকবে। যাতে কোনো ছিদ্র থাকবে না।

সেখানে তোমার চেহারা কেমন হবে যদি সে সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তোমার মুখমণ্ডল হবে পূর্ণিমার রাতের চাঁদের মতো। তাছাড়া সেখানে একটি বাজার আছে, সেখানে অনেক সুন্দর, সুদর্শন চেহারার ছবি থাকবে, তুমি যেমনটি চাবে তোমার চেহারা তেমনি করে দেয়া হবে।

যদি তুমি সেখানে তোমার বয়স কেমন হবে সে সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে তুমি হবে ৩৩ বছরের তরুণ এবং তোমার অবয়ব হবে আদি পিতা হযরত আদম আলাইহিস্ সালামের অবয়বের ন্যায়।

যদি তার সঙ্গীত সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, সেখানে হূরে ঈ'ন সংগীত গাবে। ফিরিশতা ও আম্বিয়ায়ে কিরামের সুর আরো সুমিষ্ট হবে আর আল্লাহ তা'আলা জান্নাতীদেরকে যে সম্বোধন করবেন, তা পূর্বের সবকিছু অপেক্ষা অধিক সুমিষ্ট হবে।

যদি তুমি জান্নাতীদের বাহন সম্পর্কে জানতে চাও, যার উপর আরোহণ করে তারা পরস্পরে সাক্ষাৎ করবে, তবে জেনে নাও, তা হবে অত্যন্ত উন্নত জাতের অশ্ব। যেখানে তারা চাইবে সেগুলো তাদেরকে চোখের পলকে সেখানে নিয়ে যাবে।

যদি তাদের অলংকার সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাদের অলংকার হবে মুক্তাখচিত স্বর্ণের কংকণ আর তাদের মাথায় মুকুট থাকবে।

যদি তাদের সেবার জন্য নিয়োজিত সেবকদের সম্পর্কে জানতে চাও, তবে জেনে নাও, তাদের সেবক হবে বিক্ষিপ্ত মুক্তা সদৃশ চির কিশোর।

তুমি কি জান, জান্নাতে যে বাজার থাকবে সেখানে সকল জান্নাতীরা একে অন্যের সাথে সাক্ষাত করবে, কুশল বিনিময় করবে।

কেমন হবে সেদিন, যেদিন জান্নাতে প্রিয় হাবীব ﷺ-এর সাথে দেখা হবে, সাহাবায়ে কেরামের সাথে দেখা হবে, দেখা হবে অন্যান্য নবী-রাসূলগণের সাথে?

সেদিন কেমন লাগবে, যেদিন প্রিয় হাবীব ﷺ 'ইয়া উম্মাতী!' (হে আমার উম্মত!) সম্বোধন করে বুকে টেনে নিবেন?..............

সুবহানাল্লাহ!!!

(আল্লাহ তা'আলা আমাদের সকলকে রাসূলুল্লাহ ﷺ- এর শাফায়াত নসীব করুন। আমীন।)

[সূত্র: ইমাম কায়্যিম জাওযিয়্যাহ রহ. রচিত حادي الأرواح الى بلاد الأفراح কিতাব (বঙ্গানুবাদ: 'জান্নাতের স্বপ্নিল ভুবন') হতে সংকলিত https://bit.ly/zannatee]

হুরে ঈ'নের প্রেমিকরা কোথায়?

বন্ধুরা! আপনাদেরকে এখন নিয়ে যাবো জান্নাতের পরম রোমান্টিক এক জগতে। প্রত্যেক যুবকেরই যার আশা করা উচিত এবং এর জন্য জীবন দিয়ে হলেও প্রতিযোগিতায় নেমে পড়া উচিত।

তার আগে....................

প্রথমতঃ যে সত্তা আমাদেরকে এর সুসংবাদ দিয়েছেন তাঁর বড়ত্ব, মহত্ত্ব, সত্যবাদিতার ব্যাপারে চিন্তা করে দেখুন।.........

তিনি তো এমন এক সত্তা, যার স্তুতগীতি লিখতে গিয়ে সমুদ্রের কালি শেষ হয়ে গিয়েছে, তবুও তার স্তুতি-গান লিখা শেষ হয়নি। তাঁর প্রশংসা করতে গিয়ে আকল ও বুদ্ধি হয়রান হয়ে গিয়েছে, কোনো কূল-কিনারা পায়নি। তাঁর মাহাত্ম্য ভাবতে গিয়ে জ্ঞানীরা হতবুদ্ধি হয়ে পড়েছে, কোনো সীমাপরিসীমা পায়নি। অনন্তকাল যাবৎ যদি তাঁর প্রশংসা করা হয়, তবুও তা হবে তাঁর শানে নিতান্তই অপ্রতুল, নেহায়েত কম। সেই মহান রব্বে কারীম, জান্নাতের মালিক আল্লাহ তা'আলার চেয়ে অধিক সত্যবাদী আর কেউ আছে কি? তাঁর চেয়ে অধিক ওয়াদা রক্ষাকারী আর কেউ আছে কি? তাঁর সত্যবাদিতার সাক্ষ্য তিনি নিজেই দিচ্ছেন-

وَعْدَ اللَّهِ حَقاً وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلاً

"আল্লাহর প্রতিশ্রুতি সত্য। আর কে আছে আল্লাহর চেয়ে অধিক সত্যবাদী?" (সূরা নিসা ৪:১২২)

وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ حَدِيثًا

"আর কথায় আল্লাহর চেয়ে অধিক সত্যবাদী আর কে?" (সূরা নিসা ৪:৮৭)

وَمَنْ أَوْفَى بِعَهْدِهِ مِنَ اللهِ

"আর নিজ ওয়াদা পূরণে আল্লাহর চেয়ে অধিক সত্যবাদী আর কে হতে পারে?" (সূরা তাওবাহ ৯:১১১)

সুবহানাল্লাহ!!!

প্রিয় ভাই!

এমনিভাবে **দ্বিতীয়তঃ** সে সত্যবাদী সত্তার কথাও চিন্তা করুন, যাকে আমাদের নিকট এ সুসংবাদ দিয়ে প্রেরণ করেছেন।........

সবর্শ্রেষ্ঠ সৃষ্টি তিনি! সর্বোত্তম আখলাকের অধিকারী তিনি! আল্লাহর কাছে সবচেয়ে সম্মানিত ব্যক্তি তিনি! তিনিই জগদ্বাসীর জন্য সর্বশেষ আসমানী পয়গামকে স্বাগত জানিয়েছেন। তাঁর সীরাত লিখতে লিখতে কলম ক্লান্ত হয়ে

গেছে। কলম যা লিখেছে তা অত্যন্ত মুগ্ধকর। কিন্তু বাস্তবতার সমুদ্রে তা এক ফোঁটার বেশি নয়। নবীজী ﷺ-এর প্রশংসা করে ইতিহাস তাঁকে ধন্য করেনি, বরং তাঁর আলোচনায় ইতিহাস ধন্য হয়েছে।

মানুষের মাঝে সবচেয়ে উত্তম তিনি। বিভিন্ন উম্মতের মাঝে যে রাসূল প্রেরিত হয়েছেন তাঁদের মধ্যে সর্বোত্তম; যারা ইনসাফ করেছেন; তাঁদের মধ্যেও তিনি উত্তম। কঙ্কর তাঁর পবিত্র হাতে তাসবীহ পাঠ করেছে। পাথর তাঁকে সালাম জানিয়েছে। উট তাঁর কাছে অভিযোগ করেছে। বকরি তাঁর বিচ্ছেদে কেঁদেছে। তাঁর আঙুল থেকে পানি প্রবাহিত হয়েছে। বাঘ তাঁর রিসালাতের সাক্ষ্য দিয়েছে। তাঁর বরকতে খাবার বৃদ্ধি পেয়েছে। বিষমাখা বকরির গোশত তাঁকে বিষের ব্যাপারে সতর্ক করেছে। মেঘ তাঁকে ছায়া দিয়েছে। পাখিরা তাঁর সঙ্গে কথা বলেছে। দোলনায় চাঁদ তাঁর সাথে খেলেছে। তাঁর আঙুলের ইশারায় চাঁদ দ্বিখণ্ডিত হয়েছে। তিনিই পৃথিবীর একমাত্র মানব যিনি এক রাতে সাত আসমান পরিভ্রমণ করেছেন, জান্নাত-জাহান্নাম প্রত্যক্ষ করেছেন, পরম বন্ধু আল্লাহ তা'আলার মেহমান হয়ে আরশে আযীমে গমন করেছেন। তিনি তো সেরাদের সেরা, অভাবী ও দরিদ্রদের বন্ধু, আল্লাহ তাঁর বক্ষ উন্মুক্ত করেছেন। তাঁর আলোচনা সমুন্নত করেছেন। তাঁর মর্যাদা বৃদ্ধি করেছেন। তিনিতো নবীদের ইমাম। শ্রেষ্ঠতম দানশীল। সর্বশ্রেষ্ঠ সত্যবাদী।

واكرم منك لم ترقط عينى ۔ واجمل منك لم تلد النساء
خلقت مبراً من كل عيب ۔ كأنك قد خلقت كما تشاء

"আমার চোখ কখনো আপনার মতো সম্ভ্রান্ত কাউকে দেখেনি
কোনো মা আপনার চাইতে সুন্দর কোনো সন্তান জন্ম দেয়নি
আপনাকে সৃষ্টি করা হয়েছে সব ধরণের দোষ থেকে মুক্ত করে
যেন আপনি সৃষ্টি হয়েছেন আপনারই ইচ্ছানুসারে।"

স্বয়ং আল্লাহ তা'আলা তাঁর মন-মস্তিষ্কের প্রশংসা করেছেন-

مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوٰى

"তোমাদের সাথী পথভ্রষ্ট হননি এবং বিপথগামীও হননি।" (৫৩ সূরা নাজম:২)

তার যবানের সত্যবাদিতার প্রশংসা করেছেন-

وَمَا يَنْطِقُ عَنِ الْهَوٰى

"তিনি প্রবৃত্তির তাড়নায় কথা বলেন না।" (৫৩ সূরা নজম:৩)

তাঁর অন্তরের সত্যবাদিতার প্রশংসা করেছেন-

مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَأٰى

"রাসূল যা দেখেছেন সে ব্যাপারে তাঁর অন্তর মিথ্যা বলেনি।" (৫৩ সূরা নজম: ১১)

তাঁর দৃষ্টির সত্যবাদিতার প্রশংসা করেছেন-

مَا زَاغَ ٱلْبَصَرُ وَمَا طَغٰى

"তার দৃষ্টি বিভ্রম হয়নি এবং সীমালঙ্ঘনও করেনি।" (৫৩ সূরা নজম: ১৭)

তাঁর বক্ষের প্রশংসা করেছেন-

أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ

"আমি কি আপনার সিনাকে প্রশস্ত করে দেই নি?" (৯৪ সূরা ইনশিরাহ:১)

তাঁর সবকিছুরই প্রশংসা করেছেন,

وَإِنَّكَ لَعَلَى خُلُقٍ عَظِيْمٍ

"নিশ্চয় আপনি মহান চরিত্রের অধিকারী।" (৬৮ সূরা কলম: ৪)

রাসূল ﷺ-এর মাঝে সমাবেশ ঘটেছিল সব নবী-রাসূলের গুণাবলি।

তাঁর সবকিছু ছিল সর্বোত্তম এবং তাঁর সাথে সম্পর্কিত সবকিছুই সর্বোত্তম।

তিনিই হচ্ছেন দু'জাহানের সরদার। সাইয়্যেদুল কাউনাইন। হযরত মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ ইবনে আব্দুল মুত্তালিব আল-হাশেমী ﷺ। আমাদের প্রাণপ্রিয় নবীজী ﷺ। তাঁর শানে লাখো কোটি দরূদ ও সালাম।

তাঁর জন্য আমাদের জীবন, আমাদের পিতা-মাতা, আমাদের স্ত্রী ও সন্তান সন্ততি- দুনিয়ার সকল কিছু কুরবান হোক!!!

তৃতীয়তঃ আল্লাহ্ রাব্বুল 'আলামীন আমাদেরকে যে বস্তুর সংবাদ দিয়েছেন তার পরিমাণের ব্যাপারেও চিন্তা করে দেখুন, আল্লাহ তা'আলা সামান্য বস্তুর বিনিময়েই আমাদের জন্য এ মহান নিয়ামত লাভের ব্যবস্থা করেছেন। কে আছে তাঁর নেয়ামতসমূহ গণনা করবে? কে আছে তাঁর দয়া ও উদারতা পরিমাপ করবে?

চতুর্থতঃ আরো একটু চিন্তা করুন! জান্নাত ও তার নেয়ামতরাজির এই সুসংবাদ কোথায় দেয়া হয়েছে? কুরআন কারীমে। আর কুরআন কারীমের সত্যতার উপর কারো কোনো সন্দেহ থাকতে পারে কি?

আল-কুরআন: মানবজাতির জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ

যেই চ্যালেঞ্জ মানবজাতিকে ছুড়ে দেয়া হয়েছিল ১৪০০ বছর পূর্বে-

قُل لَّئِنِ ٱجْتَمَعَتِ ٱلْإِنسُ وَٱلْجِنُّ عَلَىٰٓ أَن يَأْتُوا۟ بِمِثْلِ هَٰذَا ٱلْقُرْءَانِ لَا يَأْتُونَ بِمِثْلِهِۦ وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيرًا ﴿٨٨﴾

"(হে মুহাম্মাদ) বল, যদি এই কুরআনের অনুরূপ গ্রন্থ রচনার উদ্দেশ্যে মানবকুল ও জ্বীন জাতি সমবেত হয় পরস্পর পরস্পরের সহযোগিতায়, তবুও তারা তা সম্ভব করতে পারবে না।" (১৭ সূরা বনী ইসরাঈল :৮৮)

قُل لَّوْ كَانَ ٱلْبَحْرُ مِدَادًا لِّكَلِمَٰتِ رَبِّى لَنَفِدَ ٱلْبَحْرُ قَبْلَ أَن تَنفَدَ كَلِمَٰتُ رَبِّى وَلَوْ جِئْنَا بِمِثْلِهِۦ مَدَدًا ﴿١٠٩﴾

"বল, আমার প্রভুর বাণীসমূহ লিখার জন্য সমুদ্র যদি কালি হয়, তবুও আমার প্রভুর বাণীসমূহ শেষ হওয়ার পূর্বে সমুদ্র শেষ হয়ে যাবে, যদিও অনুরূপ আরো অন্যান্য সমুদ্রকে সাহায্যের জন্য আনয়ন করা হয়।" (১৮ সূরা কাহাফ: ১০৯)

وَلَوْ أَنَّمَا فِى ٱلْأَرْضِ مِن شَجَرَةٍ أَقْلَٰمٌ وَٱلْبَحْرُ يَمُدُّهُۥ مِنۢ بَعْدِهِۦ سَبْعَةُ أَبْحُرٍ مَّا نَفِدَتْ كَلِمَٰتُ ٱللَّهِ ۗ إِنَّ ٱللَّهَ عَزِيزٌ حَكِيمٌ

"পৃথিবীতে যত বৃক্ষ আছে, সবই যদি কলম হয় এবং সমুদ্রের সাথেও সাত সমদ্র যুক্ত হয়ে যদি কালি হয়, তবুও তাঁর বাক্যাবলী লিখে শেষ করা যাবে না। নিশ্চয় আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।" (৩১ সূরা লোকমান: ২৭)

যদি কুরআনের অনুরূপ একটি কিতাব আনয়ন করতে না পার, তবে চ্যালেঞ্জকে তোমাদের জন্য সহজ করে দেয়া হল-

أَمْ يَقُولُونَ ٱفْتَرَىٰهُ ۖ قُلْ فَأْتُوا۟ بِعَشْرِ سُوَرٍ مِّثْلِهِۦ مُفْتَرَيَٰتٍ وَٱدْعُوا۟ مَنِ ٱسْتَطَعْتُم مِّن دُونِ ٱللَّهِ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿١٣﴾

"(হে মুহাম্মাদ!) তারা কী বলে? এ কুরআন তুমি রচনা করেছ? তুমি বল, তবে তোমরাও অনুরূপ দশটি সূরা তৈরী করে নিয়ে আস এবং আল্লাহ্ ছাড়া যাকে পার ডেকে নাও, যদি তোমাদের কথা সত্য হয়ে থাকে।" (১১ সূরা হূদ:১৩)

তাও যদি না পার, তবে আরো সহজ করে দেয়া হল-

وَإِن كُنتُمْ فِى رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلَىٰ عَبْدِنَا فَأْتُوا۟ بِسُورَةٍ مِّن مِّثْلِهِۦ وَٱدْعُوا۟ شُهَدَآءَكُم مِّن دُونِ ٱللَّهِ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿٢٣﴾ فَإِن لَّمْ تَفْعَلُوا۟ وَلَن تَفْعَلُوا۟ فَٱتَّقُوا۟ ٱلنَّارَ ٱلَّتِى وَقُودُهَا ٱلنَّاسُ وَٱلْحِجَارَةُ ۖ أُعِدَّتْ لِلْكَٰفِرِينَ ﴿٢٤﴾

"২৩. এতদসম্পর্কে যদি তোমাদের কোন সন্দেহ থাকে যা আমি আমার বান্দার (মুহাম্মাদ ﷺ) প্রতি অবতীর্ণ করেছি, তাহলে এর মত একটি সূরা রচনা করে নিয়ে এস। তোমাদের সেসব সাহায্যকারীদেরকেও সঙ্গে নাও- এক আল্লাহকে ছাড়া, যদি তোমরা সত্যবাদী হয়ে থাকে। ২৪. আর যদি তা না পার- অবশ্য তা তোমরা কখনোও পারবে না, তাহলে সে দোযখের আগুন থেকে রক্ষা পাওয়ার চেষ্টা কর, যার জ্বালানী হবে মানুষ ও পাথর। যা প্রস্তুত করা হয়েছে কাফেরদের জন্য।" (০২ সূরা বাকারা :২৩-২৪)

এ তো এক উন্মুক্ত চ্যালেঞ্জ! এতে না আছে কোন অস্পষ্টতা আর না আছে কোন বক্রতা! কে আছে এ চ্যালেঞ্জের মোকাবিলা করবে? কে আছে কোরআনের এ বাণীকে মিথ্যা প্রতিপন্ন করবে? জ্বীন-ইনসানের কেউ কি পেরেছে এ চ্যালেঞ্জ গ্রহণ করতে? কেয়ামত পর্যন্ত কেউ কি পারবে? পারবে কি কুরআনের সবচেয়ে ছোট্ট সূরার সমপরিমান তিনটি আয়াত রচনা করতে?

কুরআন কারীমের উন্মুক্ত চ্যালেঞ্জ: আসমান যমীনের এমন কে আছে, যে এই ছোট্ট তিনটি আয়াতের অনুরূপ তিনটি বাক্য রচনা করে নিয়ে আসতে পারে?

কোথায় বে-দ্বীনরা? কোথায় হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান-আর ইহুদীরা? কোথায় তাদের তেত্রিশ কোটি দেবতা, কোথায় বাতিল রবেরা? কোথায় রাম-রাজত্বের স্বপ্নদ্রষ্টারা? কোথায় নাস্তিক-মুরতাদ আর ইসলাম বিদ্বেষীরা? কোথায় আল্লাহ্ ও তাঁর রাসূলের দুশমনরা? কেন তারা এ চ্যালেঞ্জ গ্রহণ করে না???

কোরআন তো অহর্নিশি তাদেরকে আহ্বান করেই যাচ্ছে? কেন তাদের নীরবতা? কেন তারা কোরআনকে মিথ্যা প্রমাণ করে না? কেন তারা নিজেদেরকে সত্যবাদী প্রমাণ করে না? কোথায় সারা দুনিয়ার বিজ্ঞানীরা? কোথায় তাদের সুপার কম্পিউটারগুলো? কোথায় সারা বিশ্বের কবি-সাহিত্যিকরা? কোথায় বুদ্ধিজীবীরা? কোথায় চেতনার ফেরিওয়ালারা? তাদের বুদ্ধি কি আজ অকেজো প্রমাণিত হয়নি? তাদের জ্ঞান কি আজ ভোঁতা হয়ে যায়নি? পেরেছে কি তারা কুরআন কারীমের চ্যালেঞ্জের সামনে টিকতে?

তাহলে, কেন তারা এ কুরআন নিয়ে চিন্তা-ভাবনা করে না? কেন তারা ঈমান আনছে না? জাহান্নাম থেকে বাঁচার চেষ্টা করছে না? তারা কি দেখে না, নাকি তাদের অন্তরসমূহ তালাবদ্ধ হয়ে গেছে?.........

প্রকৃতপক্ষে, একমাত্র সেই এই কুরআনকে অস্বীকার করতে পারে যে একগুঁয়ে, গোয়ার ও হঠকারী; যে জেনে-শুনে সত্যকে অস্বীকার করে, অহংকারী ও যে আত্মম্ভরিতায় লিপ্ত; উপরন্তু যে মানসিক বৈকল্য ও কলুষতার অধিকারী।

হুরে ঈ'ন এর বর্ণনা

বন্ধুরা! পূর্বের আলোচনায় ফিরে যাওয়া যাক!

আসমানী এই কিতাবে, আমাদের সত্য প্রভুর সত্য কিতাবে মুমিনদের জন্য রব্বে কারীমের সুসংবাদ শুন-

وَبَشِّرِ ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّٰلِحَٰتِ أَنَّ لَهُمْ جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ ۖ كُلَّمَا رُزِقُوا۟ مِنْهَا مِن ثَمَرَةٍ رِّزْقًا قَالُوا۟ هَٰذَا ٱلَّذِى رُزِقْنَا مِن قَبْلُ ۖ وَأُتُوا۟ بِهِۦ مُتَشَٰبِهًا ۖ وَلَهُمْ فِيهَآ أَزْوَٰجٌ مُّطَهَّرَةٌ ۖ وَهُمْ فِيهَا خَٰلِدُونَ ﴿٢٥﴾

"যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদেরকে সুসংবাদ দাও, তাদের জন্য রয়েছে জান্নাত, যার তলদেশে নদী প্রবাহিত। যখনই তাদেরকে ফলমূল খেতে দেয়া হবে, তখনই তারা বলবে, আমাদেরকে পূর্বে জীবিকা রূপে যা দেওয়া হতো এ তো তাই; তাদেরকে অনুরূপ ফলই দেয়া হবে। সেখানে তাদের জন্য পবিত্র সঙ্গিনী থাকবে। তারা সেখানে স্থায়ী হবে।" (সূরা বাকারা ২:২৫)

إِنَّ ٱلْمُتَّقِينَ فِى مَقَامٍ أَمِينٍ ﴿٥١﴾ فِى جَنَّٰتٍ وَعُيُونٍ ﴿٥٢﴾ يَلْبَسُونَ مِن سُندُسٍ وَإِسْتَبْرَقٍ مُّتَقَٰبِلِينَ ﴿٥٣﴾ كَذَٰلِكَ وَزَوَّجْنَٰهُم بِحُورٍ عِينٍ ﴿٥٤﴾

"মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে, উদ্যান ও ঝর্ণার মাঝে। তারা পরিধান করবে মিহি ও পুরু রেশমী বস্ত্র এবং মুখোমুখি হয়ে বসবে। এরূপই ঘটবে; আমি তাদেরকে সঙ্গিনী দান করব আয়তলোচনা হূর।" (সূরা দুখান ৪৪:৫১-৫৪)

فِيهِنَّ قَٰصِرَٰتُ ٱلطَّرْفِ لَمْ يَطْمِثْهُنَّ إِنسٌ قَبْلَهُمْ وَلَا جَآنٌّ ﴿٥٦﴾ فَبِأَىِّ ءَالَآءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ﴿٥٧﴾ كَأَنَّهُنَّ ٱلْيَاقُوتُ وَٱلْمَرْجَانُ ﴿٥٨﴾

"(জান্নাতের নেয়ামতরাজির মধ্যে) রয়েছে বহু আনত নয়না হুর, যাদেরকে পূর্বে কোনো মানুষ বা জিন স্পর্শ করেনি। সুতরাং তোমরা উভয়ে তোমাদের প্রতিপালকের কোন্ কোন্ অনুগ্রহকে অস্বীকার করবে। প্রবাল ও পদ্মরাগ সদৃশ রমণীগণ।" (সূরা আর রহমান ৫৫: ৫৬-৫৮)

وَحُورٌ عِينٌ ۝ كَأَمْثَـٰلِ ٱللُّؤْلُوِ ٱلْمَكْنُونِ ۝

"তথায় (জান্নাতে) থাকবে আনতনয়না হুরগণ, আবরণে রক্ষিত মোতির ন্যায়।" (সূরা ওয়াকিয়াহ ৫৬: ২২-২৩)

وَعِندَهُمْ قَـٰصِرَٰتُ ٱلطَّرْفِ عِينٌ ۝ كَأَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُونٌ ۝

"তাদের কাছে থাকবে নত, আয়তলোচনা তরুণীগণ। যেন তারা সুরক্ষিত ডিম।" (সূরা আস্সাফ্ফাত ৩৭:৪৮-৪৯)

فِيهِنَّ خَيْرَٰتٌ حِسَانٌ ۝........ حُورٌ مَّقْصُورَٰتٌ فِى ٱلْخِيَامِ ۝

"সেখানে থাকবে সচ্চরিত্রা সুন্দরী রমণীগণ।...তাবুতে অবস্থানকারিণী হুরগণ।" (সূরা আর রহমান ৫৫: ৭০,৭২)

إِنَّآ أَنشَأْنَـٰهُنَّ إِنشَآءً ۝ فَجَعَلْنَـٰهُنَّ أَبْكَارًا ۝ عُرُبًا أَتْرَابًا ۝

"আমি জান্নাতী রমণীগণকে বিশেষরূপে সৃষ্টি করেছি। অতঃপর তাদেরকে করেছি চিরকুমারী। কামিনী, সমবয়স্কা।" (সূরা ওয়াকিয়াহ ৫৬: ৩৫-৩৭)

إِنَّ لِلْمُتَّقِينَ مَفَازًا ۝ حَدَآئِقَ وَأَعْنَـٰبًا ۝ وَكَوَاعِبَ أَتْرَابًا ۝

"পরহেযগারদের জন্য রয়েছে সাফল্য, উদ্যান, আঙ্গুর; স্ফীত বক্ষ বিশিষ্ট, পূর্ণযৌবনা তরুণী।" (সূরা নাবা ৭৮: ৩১-৩২)

يُسْقَوْنَ مِن رَّحِيقٍ مَّخْتُومٍ ۝ خِتَـٰمُهُۥ مِسْكٌ ۚ وَفِى إِنَّ ٱلْأَبْرَارَ لَفِى نَعِيمٍ ۝ عَلَى ٱلْأَرَآئِكِ يَنظُرُونَ ۝ تَعْرِفُ فِى وُجُوهِهِمْ نَضْرَةَ ٱلنَّعِيمِ ۝ ذَٰلِكَ فَلْيَتَنَافَسِ ٱلْمُتَنَـٰفِسُونَ ۝

"নিশ্চয় নেককাররাই থাকবে সুখ-স্বাচ্ছন্দ্যের মধ্যে। সুসজ্জিত আসনে বসে তারা দেখতে থাকবে। তুমি তাদের চেহারাসমূহে সুখ-স্বাচ্ছন্দ্যের লাবণ্যতা দেখতে পাবে। তাদেরকে সীলমোহর করা বিশুদ্ধ পানীয় থেকে পান করানো হবে। তার মোহর হবে মিসক। আর প্রতিযোগিতাকারীদের উচিৎ এ বিষয়ে প্রতিযোগিতা করা।" (সূরাতুল মুত্বাফ্ফিফীন ৮৩: ২২-২৬)

তাহলে, চল বন্ধু! কুরআন কারীমের বিভিন্ন আয়াত, অসংখ্য হাদীস এর উদ্ধৃতি হতে হূরের যে সকল বর্ণনা পাওয়া যায়, সেগুলো নিয়ে এখন আলোচনা করা যাক-

বন্ধু! তুমি কি হূরে ঈ'ন সম্পর্কে জানতে চাও?

- "হুরে ঈ'ন" বলা হয় সেই সকল সমবয়স্কা জান্নাতী স্ত্রীদের, যারা হবে সুন্দরী, রূপবতী, শুভ্র মুখাবয়ব বিশিষ্টা, কাজল কালো ডাগর ডাগর চক্ষুওয়ালা, যাদেরকে আল্লাহ তাআলা মুমিন পুরুষদের জন্য যাফরান দ্বারা বিশেষভাবে জান্নাতের অভ্যন্তরেই সৃষ্টি করেছেন।
- জান্নাতে তাদের সাথে তোমাকে বিবাহ দেয়া হবে, যাদেরকে দেখলে দৃষ্টি স্তম্ভিত হয়ে পড়ে, যার মুখমণ্ডলের আলোক, ঔজ্জ্বল্য ও বিভার দরুন তাদের চেহারার প্রতি (পার্থিব চক্ষু দ্বারা) দৃষ্টি দেওয়া যাবে না। যাদের চোখের সাদা অংশ পূর্ণরূপে সাদা এবং কালো অংশ পূর্ণরূপে কালো থাকবে। তাদের স্বচ্ছতা হবে শঙ্খের খোলসে অবস্থিত মুক্তার মত, যাকে কেউ স্পর্শ করেনি। তাদের শরীরের বর্ণ হবে পদ্মরাগ মণি ও প্রবাল সাদৃশ্য।

- তুমি যখন ঘোমটা দেওয়া অবস্থায় তাদের চেহারার দিকে দৃষ্টি দিবে দেখবে তাদের মুখ আয়না হতেও অধিক স্বচ্ছ। তাদের শরীরে যেসব অলংকার থাকবে তার ভিতর সবচেয়ে কম মানের রত্নটিও পূর্ব পশ্চিম আলোকিত করতে সক্ষম।
- তাদের গায়ের সত্তর জোড়া রেশমী পোশাকের অভ্যন্তর হতেও তাদের পায়ের গোড়ালির মজ্জা পরিলক্ষিত হবে।
- তারা হবে গোলাকৃতির ফুলে উঠা, স্ফীত বক্ষবিশিষ্ট তরুনী, তাদের স্তন পুষ্ট আনারের ন্যায় উদ্ভিন্ন থাকবে, নিজের দিকে ঝুলন্ত থাকবে না।
- তাদের কোমল ত্বক ও রূপ-লাবণ্যের দরুন দৃষ্টি মুগ্ধ ও আবিষ্ট হয়ে পড়বে। তুমি যখন তাদের দিকে তাকাবে তখন তাদের হৃদয়ে তোমার আপন ছবিই দেখতে পাবে, যেমনিভাবে আয়নায় দেখতে পাও। তুমি তার গণ্ডদেশে তাকালে তাতে নিজ মুখমণ্ডল আয়নার চেয়েও পরিষ্কার দেখতে পাবে।
- জান্নাতী নারীরা হবে ডিমের খোসার নিচে যে পাতলা পর্দা থাকে সেই পর্দার মত কমল ও নমনীয়।
- তারা হবে উত্তম গুণাবলিসম্পন্না, উন্নত চরিত্রওয়ালী, সুশীলা এবং কমনীয়া নারী, যারা একমাত্র তোমার দিকেই আপন দৃষ্টিকে নিবদ্ধ রাখবে। তারা তাদের হৃদয়ের মনিকোঠায় একমাত্র তোমার জন্য আসন নির্ধারিত করে রাখবে, তোমার জন্যই সংরক্ষিতা থাকবে, তারা তোমাকে ছাড়া অন্য কারো প্রত্যাশা করবে না এবং তুমি ব্যতিত অন্য কারো প্রতি দৃষ্টি নিক্ষেপ করবে না।
- তারা যখন এক প্রাসাদ হতে আরেক প্রাসাদে স্থানান্তরিত হবে, তখন মনে হবে, এক রবি আকাশের কক্ষপথে স্থানান্তরিত হচ্ছে।
- যদি কোনো জান্নাতী হূর পৃথিবীর দিকে ঝুঁকে দেখত কিংবা আকাশের নিচে তার হাত প্রসারিত করতো, তবে সমগ্র দুনিয়া সুগন্ধিতে সুরভিত হয়ে যেত, সমগ্র পৃথিবী আলোয় উদ্ভাসিত হয়ে যেত এবং সকল মানুষ সংজ্ঞা হারিয়ে ফেলত। সূর্য তার আভার সামনে ঠিক তেমনি মনে হতো যেমনিভাবে সূর্যের কিরণের সামনে চেরাগ/কুপিবাতি হয়। তার মাথায় ব্যবহৃত ওড়না দুনিয়া ও দুনিয়ার সকল বস্তু হতে উত্তম।
- জান্নাতের হুর যদি সাত সমুদ্রেও একবার থুথু নিক্ষেপ করে, তবে তার মুখের মধুরতায় সমগ্র সমুদ্রের পানি মিষ্ট হয়ে যাবে।
- জান্নাতে এক প্রলম্বিত আলোকরশ্মি উদ্ভাসিত হলে জান্নাতীগণ মাথা উঠিয়ে দেখবে, তখন অনুসন্ধান করে তারা জানতে পারবে, এ হচ্ছে সে হূরের দাঁতের আলোকরশ্মি, যে আপন স্বামীর সাথে হাসছে।
- মহান আল্লাহ তা'আলা জান্নাতুল আদন তৈরি করার পর সাইয়্যিদুল মালায়িকা হযরত জিবরাঈল আ.-কে ডেকে বললেন, আমি আমার বান্দাদের জন্য যেসব নেয়ামত সৃষ্টি করেছি সেগুলো একবার দেখে এস। তখন তিনি মহন আল্লাহর নির্দেশে সমস্ত বেহেশতের বিভিন্ন স্থান ঘুরে ফিরে দেখছিলেন। এরইমধ্যে হঠাৎ এক স্বর্গীয় অপ্সরী তাঁকে দেখে হেসে ওঠে। তার পরিচ্ছন্ন দন্তপাটির ঝলকানিতে সমগ্র জান্নাতুল আদন আলোকিত হয়ে গেল। তার এই ঈষৎ মুচকি হাসির দরুন পরিপাটি দন্তের দ্যুতিতে হযরত জিবরাঈল আ. আল্লাহর নূর মনে করে তাৎক্ষণিক এ ধারণা করে সিজদায় লুটিয়ে পড়লেন যে, এটি হয়ত মহান আল্লাহর (তাজাল্লি) নূর।

  পরিস্থিতি আঁচ করতে পেরে হূরটি উচ্চঃস্বরে বলল, হে আমিনুল্লাহ (জিবরাঈল আ.)! মাথা উত্তোলন করে দেখুন। অতঃপর তিনি মাথা উত্তোলন করে তার দিকে দৃষ্টিপাত করে বললেন, সুবহানাল্লাহ! অর্থাৎ যিনি তোমাকে এরূপ

অপরূপা সৌন্দর্যমণ্ডিত করে সৃষ্টি করেছেন আমি সে আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি। জান্নাতী হূর পুনরায় বলল, আমিনুল্লাহ (আল্লাহর বিশ্বস্ত জিবরাঈল আ.!) আপনি জানেন কি, আল্লাহ তা'আলা আমাকে কার জন্য সৃষ্টি করেছেন? তদুত্তরে জিবরাঈল বললেন, না। অতঃপর সে হূরটি বলল, আমাকে সে ব্যক্তির জন্য সৃষ্টি করা হয়েছে যে নিজের যাবতীয় ইচ্ছা ও কামনা-বাসনার ওপর আল্লাহর ইচ্ছা ও তাঁর সন্তুষ্টিকে প্রাধান্য দেয়। (দাকায়েকুল হাকায়েক-ইমাম ফখরুদ্দিন রাযী রহ.)

- হূরে 'ঈনদেরকে জীন ও মানুষের কেউ কখনো ইতোপূর্বে সম্ভোগ করেনি।
- তারা মুক্তামালার তাঁবুতে অবস্থান করবে। তাদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন তাঁবু থাকবে। প্রত্যেক তাঁবুর চারটি দরজা থাকবে। প্রত্যহ প্রত্যেক দরযা দিয়ে ফিরিশতাগণ এমন সব উপহার ও সম্মাননা নিয়ে প্রবেশ করবে যা সে ইতোপূর্বে লাভ করেনি।

বলতো বন্ধু! একটি মেয়েকে কখন বেশি সুন্দর লাগে?

জান্নাতের হুরদের মাঝে সৌন্দর্যের পরিপূর্ণতা শতভাগ বিদ্যমান থাকবে। যেমন:

ক. নারীদের চারটি অঙ্গের সংকীর্ণতা পছন্দনীয়: মুখ, নাকের ছিদ্র, কানের ছিদ্র ও লজ্জাস্থান।

খ. আর চারটি অঙ্গের প্রশস্ততা পছন্দনীয়: মুখমণ্ডল, বক্ষস্থল, উভয় কাঁধের মধ্যবর্তী স্থল ও কপাল।

গ. আর চারটি অঙ্গের শুভ্রতা পছন্দনীয়: বর্ণ, মাথার সিঁথি, দন্ত এবং চোখের সাদা অংশ অত্যন্ত সাদা হওয়া।

ঘ. আর চারটি অঙ্গের কৃষ্ণতা পছন্দনীয়: চোখের কালো অংশ অত্যন্ত কালো হওয়া, চোখের ভ্রু, চোখের পলক ও চুল।

ঙ. আর চারটি অঙ্গের দীর্ঘতা পছন্দীয়: দেহের উচ্চতা, ঘাড়ের দীর্ঘতা, চুলের দীর্ঘতা এবং আঙ্গুলের দীর্ঘতা।

চ. আর চারটি অঙ্গের ন্যূনতা অর্থাৎ ছোট হওয়া পছন্দীয় (এটা বাহ্যিকতার দিক থেকে নয়, বরং তাৎপযর্তার দিক হতে): যবান (স্বল্পভাষী হওয়া), হাত (স্বামীর অপছন্দীয় বস্তু না স্পর্শ করা), পা (ঘর হতে বাহির না হওয়া/পর্দা করা) ও চোখ (কোনো কিছুর প্রতি লোলুপ দৃষ্টি না দেয়া/ অল্পেতুষ্টি)।

ছ. আর চারটি অঙ্গের ক্ষীণতা (চিকন হওয়া) পছন্দনীয়: কোমর, মাথার সিঁথি, ভ্রু এবং নাসিকা।

বলতো বন্ধু! সৌন্দর্যের এই পূর্ণতা পৃথিবীর কোনো নারীর মাঝে পাওয়া যাবে কি? সুতরাং এই সৌন্দর্য কোনো পার্থিব নারীর মাঝে তালাশ করা নিরর্থক ও বোকামী নয় কি?

বন্ধু, তুমি কি জান, হূরে ঈ'নগণ হবে সকল অপবিত্রতা হতে মুক্ত?

- সে সকল রমণীরা কখনো অস্থির ও চিন্তাক্লিষ্ট হবে না। (যেন তুমি তাদেরকে দেখে চিন্তা ক্লিষ্ট ও অস্থির না হয়ে পড়ে।) তাদের দীর্ঘ কথা বিরক্তিকর হবেনা, তুমি তাদের কথা সংক্ষিপ্ত করতে বলবেনা। বরং এমন স্বাদ ও তৃপ্তিময় কথা, গীত-সংগীত তুমি শুধু শুনতেই চাইবে। তাদের শরীর কখনো দুর্গন্ধযুক্ত হবে না এবং তাদের মুখ হতেও দুর্গন্ধ বের হবে না। তারা মাসিক ঋতুস্রাব, প্রসূতি পরবর্তী রক্তস্রাব, প্রস্রাব-পায়খানা, নাকের শ্লেষ্মা, থুথু ইত্যাদি সকল প্রকার ময়লা থেকে পবিত্র হবে এবং যাবতীয় মেয়েলী দোষ-ত্রুটি, কুস্বভাবসমূহ থেকে মুক্ত হবে। তাদের বীর্য স্খলিত হবে না, মযীও বের হবে না। তারা সন্তানও জন্ম দিবে না। এক কথায় তারা হবে অনিন্দ্য সুন্দরী ও গুণবতী জান্নাতী স্ত্রী। তাদের পোশাক কখনো মলিন হবে না, তাদের রূপ-লাবণ্য কখনো হ্রাস পাবেনা।

তাদের রূপে জান্নাতের প্রাসাদসমূহও আলোকোজ্জ্বল হয়ে যাবে। তাদের রূপ-সৌন্দর্য কখনো মলীন বা ম্লান হবে না, বরং উত্তোরোত্তর বৃদ্ধি পেতে থাকবে।

বন্ধু! তুমি কি হূরে ঈ'ন অপেক্ষা সুন্দরী হূর চাও?

- জান্নাতে লূ'বা নামের কিছু হূর রয়েছে, যাদের সৌন্দর্যতা ও কমনীয়তা দেখে জান্নাতের অন্য সকল হূর বিস্ময়াভিভূত হয়ে পড়ে। তার রূপসৌন্দর্য নিয়ে অন্যান্য জান্নাতবাসী গৌরব করে থাকে। যদি জান্নাতবাসীদের ব্যাপারে আল্লাহ তা'আলার এমন ফয়সালা না হত যে, তারা কখনো মৃত্যুবরণ করবে না, তবে তার সৌন্দর্যের ঔজ্জ্বল্য সহ্য করতে না পেরে অন্যরা মৃত্যুমুখে পতিত হতো।
- তাছাড়া হূরে মার্জিয়া নামের আরেক ধরনের অনিন্দ্য সুন্দরী হুর রয়েছে।

বন্ধু! হূরে ঈ'নগণতো আমাদের জন্যই অপেক্ষা করছে....

হূর জান্নাতের দ্বারে স্বীয় স্বামীদের সাথে সাক্ষাৎ করবে এবং বলবে, বহুকাল অতিবাহিত হয়ে গেল আমরা তোমার প্রতীক্ষায় প্রহর গুনছিলাম। আমরা সর্বদাই তোমার প্রতি সন্তুষ্ট থাকব, কখনো অসন্তুষ্ট হবো না। এবং সর্বদা এখানে অবস্থান করবো, কখনো এখান হতে অন্য কোথায়ও যাবো না এবং আমরা চিরকাল থাকব, কখনো মৃত্যুবরণ করবো না। তোমরা যত প্রকার স্বর শুনেছ তাদের স্বর তন্মধ্যে সর্বাপেক্ষা মিষ্ট হবে। সে বলবে, তুমি আমার প্রিয় আর আমি তোমার প্রেয়সী।

তুমি কি জান্নাতী রমণীদের গান-বাদ্য ও নৃত্য উপভোগ করতে চাও না?

- দুনিয়ার যেসব নারীরা জান্নাতে যাবে, তাদের মযার্দা ও সৌন্দর্য হবে জান্নাতের হুরদের চেয়ে বেশি। যেমনিভাবে আবরণী বস্ত্র অপেক্ষা আবরণীর বস্তুগুলো উত্তম। কেননা, দুনিয়াতে তারা নামায, রোযা, পর্দা, স্বামীর খেদমত করেছে, আপন গর্ভে স্বামীর সন্তানকে ধারণ করেছে, প্রসব বেদনা সহ্য করেছে, সন্তান পরিচর্যা ও পরিবারের জন্য মাসের পর মাস, বছরের পর বছর কষ্ট ভোগ করেছে, স্বামী আল্লাহর রাস্তায় জিহাদের জন্য বের হলে ধৈর্য ধারণ করেছে। জান্নাতে তাদের শরীরের বর্ণ হবে শুভ্র, রেশমী পোশাক হবে সবুজ, অলংকার হবে হলদে, সুগন্ধিময় ধোঁয়া নির্গত হবে (কাঠের পরিবর্তে) মুক্তা হতে এবং তাদের কাঁকন হবে স্বর্ণের। তারা এবং অন্যান্য হূরেরা গাইতে থাকবে-

نَحْنُ الْخَالِدَاتُ فَلَا نَبِيْدُ
وَنَحْنُ النَّاعِمَاتُ فَلَا نَبْأَسُ
وَنَحْنُ الرَّاضِيَاُت فَلَا نَسْخَطُ
طُوْبٰى لِمَنْ كَانَ لَنَا وَكُنَّا لَهُ

"আমরা চিরস্থায়ী; আমরা মৃত্যুবরণ করবো না।
আমরা ঐশ্বর্যশালী; আমরা কখনো দুরবস্থা ও দুঃখ দুদর্শার শিকার হবো না।
আমরা সদা অবস্থান কারিনী; কখনো আমরা স্থানান্তরিত হবো না।
আমরা সদা উৎফুল্ল ও সন্তুষ্ট থাকব, কখনো বিমর্ষ ও অসন্তুষ্ট হবো না।
সৌভাগ্যবান সেই ব্যক্তি যার জন্য আমরা হবো আর যে হবে আমাদের জন্যে।" (তিরমিযী)

- জান্নাতে একটি দীর্ঘ নদী রয়েছে, যার উভয় পার্শ্বে কুমারী মেয়েরা দাঁড়িয়ে থাকবে। তারা সুরেলা কণ্ঠে গীত গাইবে। মানুষ যখন শুনবে, তারা তখন তাতে এমন স্বাদ ও তৃপ্তি পাবে, যা তারা জান্নাতের অন্য কোনো বস্তুতে পায়নি।

হূরে ঈ'নদের সাথে মিলনের মুহূর্তটি কেমন হবে বলতো বন্ধু?

- তারা হবে স্বামী সোহাগিনী, সহবাসের সময় স্বামীর সামনে উত্তম ভঙ্গিতে শয়নকারিনী ও নম্রতা প্রদর্শনকারিনী। প্রত্যেক স্ত্রীর যোনি হবে অত্যন্ত কামোত্তেজনাপূর্ণ। তারা হবে স্বামীর প্রতি আসক্ত, অনুরক্ত, আদরিনী, চিত্তমুগ্ধকারিনী, মিষ্টভাষী, সাজ-সজ্জাকারিনী, তারা হবে মনমোহিনী, অত্যন্ত কামোদ্দীপ্ত ও কামিনী। তাদের অঙ্গ-প্রত্যঙ্গে যৌনরস ধাবমান থাকবে। যখন সে আলিঙ্গন করবে তখন সে দৃশ্য কতই না চমৎকার হবে; যখন সে চুম্বন করবে, তখন তাদের কাছে সে চুম্বন অপেক্ষা তৃপ্তিদায়ক ও উপভোগ্য আর কিছুই হবে না।
- জান্নাতী ব্যক্তির অন্যতম মধুরতম প্রত্যাশা হবে সে সকল রমণীদের মিলন। তারা কুমারী হুরদের সাথে স্ত্রী-সহবাস করবে এবং ধাক্কা দেওয়ার ন্যায় লাফিয়ে লাফিয়ে, পশ্চাতে সরে সরে পূর্ণ শক্তিতে সহবাস করবে। সে ব্যক্তি যখন হূরের নিকট হতে চলে আসবে তখন সে হূর পূর্বের ন্যায় পবিত্র ও কুমারী হয়ে যাবে। জান্নাতী পুরুষরা এমন পুরুষাঙ্গ দ্বারা সহবাস করবে যাতে কোনো প্রকার নিস্তেজভাব থাকবে না এবং ক্লান্তি আসবে না এবং কামভাব এমন হবে যা কখনো দমে যাবে না, শেষ হবে না। স্বামী ও স্ত্রী কারোরই বীর্যপাত হবে না। ফলে তাদের গোসল ও পবিত্রতার প্রয়োজন হবে না। কামোত্তেজনা তাদের শরীরে সত্তর বছর পর্যন্ত ঘূর্ণন করবে এবং এর দ্বারা সে তৃপ্তি উপভোগ করবে। একেকজন হূরের সাথে সে সত্তর বছর শয়ন করে থাকবে ও সঙ্গম উপভোগ করবে। সঙ্গম তার একমাত্র স্বাদ ও তৃপ্তি লাভের জন্যই হবে। এটি এমন এক নিয়ামত, যাতে কখনো বিপদ আসবে না। আল্লাহ পাক এই নেয়ামত তার জন্যই রেখেছেন যে মানুষের মধ্যে সফলকাম এবং পুণ্যবান, যে এ পার্থিব জগতে নিজেকে হারাম থেকে বাঁচিয়ে রাখতে সক্ষম হবে, নিচের চোখের হেফাযত করবে, গুনাহ করবে না, আল্লাহ তা'আলা তার জন্য যা হালাল করেছে তা নিয়ে সে সন্তুষ্ট থাকবে।
- প্রত্যেক পুরুষকে একশজন পুরুষের যৌনশক্তি দেয়া হবে, তার পুরুষাঙ্গ নিস্তেজহীন অবিরাম শক্তিধর হবে। ফলে একজন জান্নাতী দিনে কমপক্ষে একশতবার কুমারী সহবাস করতে পারবে। প্রতিবার সহবাসের পর পরই স্ত্রীর যোনি কুমারীর ন্যায় হয়ে যাবে।

তুমি কতজন হূর চাও বন্ধু?

- প্রত্যেক জান্নাতীকে দুই থেকে বাহাত্তর বা তদোর্ধ্ব সংখ্যক হুর দেয়া হবে। এদের মধ্যে দুই জন হবেন দুনিয়ার স্ত্রীলোক, বাকীরা হবেন জান্নাতী হুর। এক হাদীসে এসেছে, প্রত্যেক জান্নাতী চার হাজার কুমারী, আট হাজার বিধবা ও এক শত হূরে-ঈ'ন বিবাহ করবে। (সুব্হানাল্লাহ্)
- একটি মেঘমালা জান্নাতীদের নিকট দিয়ে অতিক্রম করবে এবং জান্নাতীদের লক্ষ্য করে বলবে, তোমরা কে কোন্ বস্তুর বৃষ্টি চাও? তখন তারা যে বস্তুর বৃষ্টি প্রত্যাশা করবে সে বস্তুর বৃষ্টিই বর্ষিত হবে। তখন অনেক জান্নাতী মেঘমালাকে সুদর্শনা, সুসজ্জিতা, কমনীয়া কুমারী বর্ষণ করতে বলবে।
- জান্নাতে 'বাইদাখ' নামক এক নদী আছে। তার উপরে পদ্মরাগমণির গম্বুজ রয়েছে এবং তার তলদেশের মৃত্তিকা হতে হূর সৃষ্টি করা হয়। জান্নাতীগণ বলবে, আমাদেরকে বাইদাখ নদীর কাছে নিয়ে চল। তখন তারা সেখানে

এসে সে সকল কুমারীর প্রতি অত্যন্ত গভীর দৃষ্টি দিবে। তাদের কারো সে কুমারীদের কাউকে পছন্দ হলে তার হাতের কব্জি স্পর্শ করলেই তার পেছনে পেছনে চলে আসবে।

[সূত্র: ইমাম কায়্যিম জাওযিয়্যাহ রহ. রচিত حادي الأرواح الى بلاد الأفراح কিতাব (বঙ্গানুবাদ: 'জান্নাতের স্বপ্নিল ভুবন') হতে সংকলিত। লিংক- https://bit.ly/hadiarwah]

(বি.দ্র: যারা হুরে ঈ'নের বর্ণনা আরো বিস্তৃতভাবে দলীলভিত্তিক পেতে চান, তারা নিচের কিতাবটি পড়তে পারেন, ইনশাআল্লাহ- "কারা জান্নাতী কুমারীদেরকে ভালোবাসে?"- ড. আব্দুল্লাহ আয্যাম রাহি.

লিংক ০১- https://bit.ly/hoor2)

কোথায় আমার মুসলিম যুবক ভাইয়েরা???

'মুসলিম যুবশক্তি' ইসলামের একটি বড় শক্তি, বিশাল বাহুবল। মুসলিম যুবসমাজ যতদিন আল্লাহ তা'আলাকে চিনেছে, দুনিয়াকে চিনেছে, জীবন- মৃত্যুর হাকীকত অনুধাবন করেছে, আল্লাহ তা'আলাকে সন্তুষ্টি করতে শাহাদাতের তামান্না নিয়ে হূরে ঈ'নের আশেক হয়ে ময়দানে ঝাঁপিয়ে পড়েছে, নিজের বুকের তাজা রক্ত আল্লাহর রাহে ঢেলে দিয়েছে, ততোদিন পর্যন্ত ইসলাম পৃথিবীতে কর্তৃত্ব করেছে। মুসলমানদের দিকে কেউ কখনো চোখ তুলে তাকাতে সাহস পায়নি। বাতিল বারবার হতাশ হয়ে ঘরে ফিরে গিয়েছে। কারণ তারা বুঝতে পেরেছিল, একজন মুসলিম নারীকে উত্যক্ত করার ফলাফল দাঁড়াবে, লাখো মুহাম্মাদ বিন কাসিমের আবির্ভাব!!! একজন মুসলিমের দিকে চোখ তুলে তাকাবার জবাবে কুফ্ফারের চোখ উপড়িয়ে ফেলা হবে! একজন মুসলিমকে কটুক্তি করার জবাবে ওদের সবকটি দাঁত উপড়ে ফেলা হবে!

ঈমানী শক্তিতে বলীয়ান একজন মুসলিম নওজোয়ান বাতিলের কাছে পারমানবিক বোমার চেয়েও ভয়ানক; কেননা সে মৃত্যুকে ভালোবাসে, সে শাহাদাত পিয়াসী, সে আল্লাহর রাস্তায় জীবন দেয়াকে তদপেক্ষা ভালোবাসে যতটা ভালোবাসা একজন কাফের কোন এক রমনী কিংবা মদপানকে ভালোবাসে।

একটি পারমানবিক বোমা হয়ত একটি মাত্র শহর হিরোশিমাকে ধ্বংস করতে পারে, কিন্তু একটি সাম্রাজ্যকে ধ্বংস করতে পারে না। অথচ একজন আব্দুল্লাহ আয্যামের (রহ.) অভ্যুদয়, রাশিয়া নামক সুপার পাওয়ারের ধ্বংসের কারণ হতে পারে!

একটি পারমানবিক বোমা হয়ত কেবল নাগাসাকিকে ধ্বংস করতে পারে, কিন্তু একটি সভ্যতাকে ধ্বংস করতে পারে না। অথচ একজন মাত্র ওসামা বিন লাদেনের (রহ.) আবির্ভাব, আমেরিকা নামক বিশ্ব মোড়লের পতনের উসীলা হতে পারে!!

একই ভাবে, একটি পারমানবিক বোমা কখনোই একসাথে একটি দেশের সেনাবাহিনীকে ধ্বংস করতে পারে না, কিন্তু একজন সালাহ উদ্দিন আউয়ুবীর (রহ.) দ্বারা আল্লাহ পাক গোটা ইউরোপের সমন্বিত ক্রুসেডার শক্তিকে ধ্বংস

করেছেন, একজন মাত্র সাইফুদ্দিন কুত্য (রহ.) দ্বারা অপরাজেয় শক্তি তাতারীদের ধুলোয় মিশিয়ে দিয়েছেন, বাতিলের অহংকারকে চিরদিনের জন্য দাফন করে দিয়েছেন !!!

এই হল মুসলিম উম্মাহর যৌবনের শক্তি! এই হল মুসলিম উম্মাহর একজন যুবকের ঈমানী শক্তি!! এই হল মুসলিম তারুণ্যের নেতৃত্বের শক্তি!!!

কিন্তু হায়! আজ মুসলিম যুবকরা কোথায়? আজ কোথায় মুহাম্মাদ আল ফাতিহ্ আর মুহাম্মাদ বিন কাসিম?? কোথায় তারিক বিন যিয়াদ আর ইউসুফ বিন তাশফিন??

কোথায় আমার মুসলিম যুবক ভাইয়েরা?? তারা আজ কোথায় হারিয়ে গেলো? তাদের ঈমানী চেতনা আজ কোথায়? কোন্ জিনিস তাদেরকে গলা টিপে হত্যা করেছে? কোন্ জিনিস তাদেরকে নারীর চেয়েও কাপুরুষ বানিয়ে ফেলেছে? কোন্ জিনিসের পিছনে সে তার জীবন, যৌবন আর মূল্যবান সময় ও অর্থ নষ্ট করছে? কোন্ জিনিসের কারণে সে আজ শাহাদাতের পরিবর্তে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে? কোন্ জিনিস তাকে কূপমুণ্ডুক আর অপদার্থ বানিয়ে কুফ্ফারদের মানসিক দাসে পরিণত করেছে?

কেন সে রব্বে কারীমের ইবাদত বাদ দিয়ে খেলাধুলা আর গান-বাজনায় আকণ্ঠ নিমজ্জিত? কেন আজ মুসলিম যুবকরা মাদকের নেশায় বুদ হয়ে পড়ে থাকে? কেন সে সারারাত জেগে মোবাইলে নিমগ্ন থাকে? ফেইসবুক, ব্লু-ফিল্ম আর পর্ণগ্রাফী দেখে? কোন্ জিনিসের কারণে জান্নাতী হূরদের চিন্তা ছেড়ে পশ্চিমা নাপাক নগ্ন নারীদের দেখে তৃপ্তি লাভ করছে? কিসের কারণে তারা প্রেম ও ভালোবাসার নামে অবৈধ সম্পর্কে জড়িয়ে যাচ্ছে? কেন তারা নিজের ঘরে স্ত্রী রেখে পরকীয়া প্রেমে লিপ্ত হচ্ছে? কিসের কারণে তারা আজ অসীম নিয়ামতের জান্নাত থেকে দূরে সরে গিয়ে জাহান্নামের অতল গহ্বরে হারিয়ে যাচ্ছে???

কারণ একটাই। নারীর ফেতনা!

বিশ্বব্যাপী মুসলমানদের কর্তৃত্ব ধ্বংস করতে ত্বগুতী শক্তি সুকৌশলে সর্বপ্রথম যে হাতিয়ার গ্রহণ করে তা আর কিছুই নয়, এই "নারীর ফেতনা"! ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়া এক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখছে। তাই আজ সময় এসেছে, মুসলমান যুবকদেরকে দুনিয়ার গান্ধা-পঁচা পশ্চিমা পতিতাদের হাত হতে উদ্ধার করে চিরস্থায়ী জান্নাতী হূরদের সাথে পরিচয় করিয়ে দেওয়ার।

হে মুসলিম যুবক ভাইয়েরা! না, তোমরা এমন কাজ করো না, যার কারণে তোমাদেরকে জান্নাতী হূরদের হারাতে হয়। তারা আমাদের প্রতীক্ষায় প্রহর গুণছে আর আমরা নাকি..............!!!!

প্রিয় ভাই আমার!

আল্লাহকে ভয় কর! আল্লাহকে ভয় কর!! আল্লাহকে ভয় কর!!!

আল্লাহর কসম, কুরআন সত্য, কুরআনের প্রতিটি আয়াত সত্য, জান্নাত সত্য, জাহান্নাম সত্য, হূর সত্য, হূরের যে বর্ণনা দেয়া হয়েছে, তা অক্ষরে অক্ষরে সত্য।

আল্লাহর চেয়ে অধিক সত্যবাদী আর কে? আল্লাহর চেয়ে অধিক ওয়াদা পালনকারী আর কে? আল্লাহর রাসূলের চেয়ে অধিক সত্যবাদী আর কে? কুরআনের চেয়ে অধিক সত্য বাণী আর কী আছে?

তাই স্মার্ট-ফোন ছাড়, কুরআন ধর, বাতিলের বিরুদ্ধে অস্ত্র ধর, শাহাদাতের অমীয় সুধা পান কর। তোমার জন্যে, হ্যাঁ, শুধু তোমার জন্যেই অপেক্ষা করছে হূরে ঈ'ন, হূরে লু'বা, হূরে মার্জিয়া! তোমাকে অভ্যর্থনা জানানোর জন্যে জান্নাতের দ্বারে অপেক্ষমান রয়েছে তারা! তাই আর চোখের গুনাহ নয়, মনের অশ্লীল কল্পনা নয়, যৌনাঙ্গের হেফাযত করে চলো সবাই শাহাদাতের তামান্না নিয়ে ময়দানে।

লিল্লাহি তাকবীর! আল্লাহু আকবার!

জান্নাতের সর্বশ্রেষ্ঠ নিয়ামত

বন্ধু! তুমি কি জান, জান্নাতের সবচেয়ে বড় ও মহান নিয়ামতটি কি? সবচেয়ে উপভোগ্য ও আনন্দের বিষয়টি কি? হ্যাঁ, সেটি হলো আমাদের মহান প্রভু আল্লাহ রাব্বুল 'আলামীনের দীদার (দর্শন)। জান্নাত প্রত্যাশীদের এটিই চূড়ান্ত লক্ষ্য। জান্নাত প্রত্যাশাকারীদের এটিই প্রত্যাশা করা উচিত। অগ্রগামীদের এরই প্রতি অগ্রগামী হওয়া উচিত। আমলকারীদের এ উদ্দেশ্যেই আমল করা চাই। মহান প্রভুর দীদারের আনন্দ ও মজার সামনে জান্নাতের অপরাপর নিয়ামতের কোনো তুলনাই চলে না। এ নিআমত থেকে বঞ্চিত হওয়াই জাহান্নামীদের সর্বাপেক্ষা কঠিন শাস্তি। জান্নাতীরা এ নিআমত লাভ করার পর জান্নাতের অন্য সকল নিআমতের কথা বিলকুল ভুলেই যাবে। সুব্হানাল্লাহি আল্লাহু আকবার!!!

که گر آفتاب است یک ذره نیست
وگر هفت دریاست یک قطره نیست
چو سلطان عزت علم بر کشد
جهان سر به جیب عدم درکشد

"যখন সূর্য উদিত হয়, তখন এক কণা (ছোট প্রদীপের) কোন দাম থাকে না;

আর যখন সমুদ্র থাকে তখন এক ফোটা পানির দিকে দৃষ্টি দেয়া হয় না। যখন সম্মান ও ইয়্যতের বাদশাহ (আল্লাহ তা'আলা) প্রকাশিত হন,

তখন সারা বিশ্বজাহান বিলীন হয়ে যায়।"

(বোস্তা-শেখ সাদী রহঃ)

বন্ধু! একটু চিন্তা কর তো, সেদিন কার দীদার হবে?

সেদিন দীদার হবে, আমাদের রব, আমাদের মালিক, বিশ্বজগতের সৃষ্টিকর্তা ও পালনকর্তা, আমাদের রিযিকদাতা, বিধানদাতা, আমাদের মহান প্রভু, আল্লাহ তা'আলার। তিনিই প্রেমময়, অনন্ত, অসীম সৌন্দর্য ও গুণের অধিকারী, সর্বশক্তিমান আল্লাহ। যার এক হুকুমে আসমান যমীন সৃষ্টি হয়েছে, যিনিই প্রথম, যিনিই শেষ, যিনি আমার হায়াত দাতা, তিনিই আমার মওত দাতা; যিনি আমাকে প্রথমবার শূন্য থেকে সৃষ্টি করেছেন সর্বোত্তম সুরতে, পুনরায় মৃত্যুর পর পুনরুত্থিত করবেন। তিনি আমাকে মহাদৌলত ঈমান দিয়েছেন, ইসলাম দিয়েছেন, সর্বশ্রেষ্ঠ গ্রন্থ আল কুরআন দিয়েছেন, আর বানিয়েছেন সর্বশ্রেষ্ঠ রাসূলের সর্বশ্রেষ্ঠ উম্মত; আমাদেরকে বানিয়েছেন সর্বশ্রেষ্ঠ জান্নাত- জান্নাতুল

ফিরদাউসের উত্তরাধিকারী। আমার জীবন, আমার মরণ, আমার নামায, আমার কুরবানী- সব কিছুই তার জন্য নিবেদিত।

সেদিন তাঁর দীদার হবে, যিনি আমাদের মাওলা। যার মাওলা আছে তার তো সব আছে। আমার তো মালিক আছে, অভিভাবক আছে; অশ্রু ফেলার জায়গা আছে, কৃতজ্ঞতা প্রকাশের ক্ষেত্র আছে।

তিনি তো এমন একজন, যাঁকে নিবেদন করা যায় সর্বোচ্চ ভক্তি, মনের সবটুকু ভালোবাসা ও চ‚ড়ান্ত আনুগত্য। সুখে-দুঃখে যাঁকে সর্বাবস্থায় ডাকা যায়, যাঁর নাম দিবানিশি জপা যায়, যাকে সিজদা করা যায়, যাঁর জন্য জীবনের বাজি লাগানো যায়; অশ্রু ও ঘাম, রক্ত ও প্রাণ বিসর্জন দেয়া যায়। যাকে পাবার জন্য কামান আর বোমার সামনে বুক টান করে দাঁড়ানো যায়।

এমন মাওলা যার আছে তার তো সব আছে। আর যার নেই- হায়! তার তো কিছুই নেই। তার তো জীবনজুড়ে এক সর্বব্যাপী শূন্যতার হাহাকার! সে কোথায় যাবে? কার কাছে যাবে? কী করবে? কেন করবে? কেন তার জীবন? আর কেনই বা মৃত্যু? জীবনের অথৈ সাগরে তার অবলম্বনহীন যাত্রা!

সেদিন তাঁর দীদার হবে, দুনিয়াতে যিনি আমার পরম সাথী, যিনি এক মুহূর্তের জন্যও আমা হতে পৃথক হন না, আমাকে কখনো ভুলে যান না, আমার গ্রীবাস্থিত ধমনীরও যিনি আমার নিকটবর্তী; মৃত্যুর পর কবরে যিনি আমার একমাত্র সাথী, হাশরের কঠিন মুসিবতে যিনি আমার একমাত্র ভরসা, পুলসিরাত পেরিয়ে যে জান্নাতে যেতে চাই তার একমাত্র সৃষ্টিকর্তা ও মালিক; মহান আরশের অধিপতি আমাদের আল্লাহ তা'আলা।

দুনিয়াতে যতদিন বেঁচে আছি, তিনিই আমার সবচেয়ে পরম বন্ধু; কেননা সুখে-দুঃখে আমি তাঁকেই কাছে পাই। তাঁর কাছেই আমার মনের আকুতি জানাই। কে আছে আমার আনন্দ ও গৌরব পরিমাপ করে? আমি তো 'ছুরাইয়া' তারকাকেও ভেদ করে উঠে যেতে চাই! ওগো আল্লাহ! তুমি যে ডেকেছ "ইয়া 'আব্দী" (হে আমার বান্দা!) বলে! আর আমিও যে ডাকতে পারি "ইয়া রাব্বী" (ওগো আমার রব!)!

আমার মতো তৃপ্তি কার আছে এ ধরার বুকে! কে আছে আমার মতো এতো সুখী! সুখে-সংকটে যার অনুভব জুড়ে তিনি, যার অন্তরে তাঁর সান্নিধ্যের অনুভূতি, তার মতো নির্ভার এই পৃথিবীতে আর কে আছে?

প্রিয় বন্ধু! সেদিন কেমন হবে, যেদিন একজন ঘোষক ঘোষণা করবে, হে জান্নাতবাসীরা! তোমাদের প্রভু তোমাদেরকে দর্শন দিবেন, সুতরাং তোমরা তার দর্শন লাভে এসো। তারা বলবে, আমরা শুনলাম ও আনুগত্য করলাম। তারা ক্ষিপ্রগতিতে আল্লাহ তা'আলার দর্শন লাভের জন্য প্রস্তুত হবে। তারা অত্যন্ত দ্রুত গতিসম্পন্ন ঘোড়ায় চড়ে 'আফীহ' প্রান্তরে পৌঁছবে আর সেখানেই তারা সকলে সমবেত হবে। আল্লাহ তা'আলা তখন কুরসী রাখার নির্দেশ দিবেন। তা তখন সেখানে রাখা হবে। জান্নাতীদের জন্য সেখানে নূরের মুক্তার পোখরাজ ও স্বর্ণের মিম্বর স্থাপন করা হবে। সর্বনিম্ন স্তরের জান্নাতী ব্যক্তিও সেদিন কস্তুরির টিলায় বসবে। সে অন্যদেরকে নিজের তুলনায় অধিক নেআমত লাভকারী মনে করবে না; স্বস্তির সাথে বসবে।

তারা সে হালতে থাকা অবস্থায়ই একটি নূর প্রলম্বিত হতে দেখবে। তখন তারা মাথা উঠিয়ে দেখবে, আল্লাহ তা'আলা উপর থেকে জান্নাতীদেরকে ঝুঁকে দেখছেন (তাঁর শান মোতাবেক)। সুব্হানাল্লাহি আল্লাহু আকবার!!

এরপর বলবেন, হে জান্নাতীরা! তোমাদের প্রতি শান্তি! জান্নাতীরাও এমন ভাষায় জবাব দিবে, যার চেয়ে সুন্দর আর জবাব হতে পারে না-

اللهم انت السلام و منك السلام- تباركت ذا الجلال والإكرام

"হে আল্লাহ! আপনিই শান্তি, শান্তি আপনার পক্ষ হতেই। হে মহৎ ও মহান! তোমার সত্তা কতইনা মহান।"

আল্লাহ তা'আলা তাঁর বড়ত্বের পর্দা সরিয়ে তাদের সামনে হাস্যোজ্জ্বল অবস্থায় দৃশ্যমান হবেন। আজ হলো ইয়াওমুল মাযীদ (অতিরিক্ত প্রতিদান প্রাপ্তির দিন)। সেদিন আল্লাহ তা'আলার নূর জান্নাতীদেরকে আচ্ছন্ন করে রাখবে। যদি তাদেরকে ভস্মীভূত না করার ফয়সালা হত, তবে সকলে ভস্মীভূত হয়ে যেত। আহ্! সেদিন কী শ্রুতিমধুর বাক্যালাপ ও মধুময় আলোচনা হবে আমার রবের সাথে! মহান প্রভুর দীদার আর তাঁর সাথে কথোপকথনে তনু-মনে সে কী আলোড়ন সৃষ্টি হবে! আফসোস সে সকল লোকদের জন্য, যারা লাঞ্ছনাময় ক্ষতিগ্রস্ততার সওদা নিয়ে প্রভু মহানের দরবারে উপস্থিত হবে।

وُجُوهٌ يَوْمَئِذٍ نَّاضِرَةٌ ﴿٢٢﴾ إِلَىٰ رَبِّهَا نَاظِرَةٌ ﴿٢٣﴾ وَوُجُوهٌ يَوْمَئِذٍ بَاسِرَةٌ ﴿٢٤﴾ تَظُنُّ أَن يُفْعَلَ بِهَا فَاقِرَةٌ ﴿٢٥﴾

"সেদিন কিছু মুখমণ্ডল উজ্জ্বল হবে, তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে। আর কিছু মুখমণ্ডল বিবর্ণ হয়ে পড়বে, আশংকা করবে যে, এক ধ্বংসকারী বিপর্যয় তাদের উপর আপতিত হবে।" (সূরা কিয়ামাহ: ২২-২৫)

এসো হে বন্ধু! এসো তুমি চিরস্থায়ী উদ্যানে, এটাই তোমার উত্তম গন্তব্য, তাতে রয়েছে তোমার প্রভুর দীদার আর তাঁবুতে অপেক্ষমান সুরক্ষিতা হূর। কিন্তু আমরা তো হলাম শত্রুর বন্দিশালায় আবদ্ধ, তবে কি তুমি মনে কর, আমরা শয়তানের কারাগার হতে মুক্ত হয়ে গন্তব্যে পৌঁছতে পারবো?

কবে হবে মিলন আমাদের প্রিয়তমদের সাথে? কিছু হতাশা!!!

কঠিন এক প্রশ্ন করেছ বন্ধু!!

এটি তো কারো কারো জন্য বহু দূরের এবং কঠিন বিষয় হবে! কেননা, মৃত্যু থেকে শুরু করে জান্নাত পর্যন্ত অনেক স্তর পার হতে হবে আর প্রতিটি স্তরেই একদিন, দুই দিন নয়, হাজার হাজার বছর অতিবাহিত হয়ে যাবে। স্বাভাবিকভাবে মৃত্যুর পর হতে পুনরুত্থান পর্যন্ত দীর্ঘ সময় বরযখে থাকতে হবে। এরপর হাশরের ময়দানে হাজার হাজার বছর অতিবাহিত করতে হবে। অতঃপর পুলসিরাত পার হতে কত সময় লাগবে তাও তার আমলের উপর নির্ভর করবে! এরপর হয় জান্নাত, না হয় জাহান্নাম। যদি গোনাহের কারণে জাহান্নামে যেতে হয়, সেখান হতে মুক্তি যে কবে মিলবে তা আল্লাহ তা'আলাই ভালো জানেন। এরপর যদি মুক্তি মিলে তাহলে জান্নাতে যাওয়া হবে, হূরে ঈ'নদের দেখা মিলবে, রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সাক্ষাৎ হবে, আর জান্নাতের সর্বশ্রেষ্ঠ নিয়ামত রব্বে কারীম আল্লাহ তা'আলার দীদার নসীব হবে। তাই না??

প্রিয় ভাই, আমাদেরকে মনে রাখতে হবে, জান্নাতে যেতে কার কতদিন লাগবে তা ব্যক্তি বিশেষে ভিন্ন ভিন্ন হবে। কার জন্য কতদিন লাগবে সেটা আল্লাহ্ তা'আলাই সবচেয়ে ভালো জানেন। তবে কুরআন হাদীসের স্বাভাবিক আলোচনা থেকে যেমনটি বুঝে আসে, তেমন কিছু আলোচনা তুলে ধরা হল। বাকী, আল্লাহ্ তা'আলাই সর্বজ্ঞাত।

বরযখে আমাদেরকে কতদিন থাকতে হবে?

ইসরাফীল (আঃ) এর প্রথম শিঙ্গায় ফুৎকার দেয়ার মাধ্যমে সব কিছু ধ্বংস হয়ে যাবে। কোন মানুষতো দূরে থাক আসমান জমিনও থাকবে না, সবই ধ্বংস হয়ে যাবে। এভাবে চলবে ৪০ বছর। সেই হিসেবে কিয়ামতের আগে মৃত্যুবরণ কারী ব্যক্তি কমপক্ষে ৪০ বছর কবরে থাকবে।

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ :مَا بَيْنَ النَّفْخَتَيْنِ أَرْبَعُونَ قَالَ: أَرْبَعُونَ يَوْمًا؟ قَالَ: أَبَيْتُ، قَالَ :أَرْبَعُونَ شَهْرًا؟ قَالَ: أَبَيْتُ، قَالَ: أَرْبَعُونَ سَنَةً؟ قَالَ :أَبَيْتُ، قَالَ :ثُمَّ يُنْزِلُ اللَّهُ مِنَ السَّمَاءِ مَاءً فَيَنْبُتُونَ كَمَا يَنْبُتُ الْبَقْلُ، لَيْسَ مِنَ الإِنْسَانِ شَيْءٌ إِلَّا يَبْلَى، إِلَّا عَظْمًا وَاحِدًا وَهُوَ عَجْبُ الذَّنَبِ، وَمِنْهُ يُرَكَّبُ الْخَلْقُ يَوْمَ الْقِيَامَةِ

হযরত আবূ হুরায়রা রাঃ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল ﷺ বলেছেন, দুই ফুৎকারের মাঝে বিরতিকাল চল্লিশ। সাহাবীরা জিজ্ঞাসা করলেন, হে আবু হুরায়রা! চল্লিশ দিন? তিনি বললেন, আমি সন্দিহান। তারা জিজ্ঞাসা করলেন, চল্লিশ মাস? তিনি বলেন, এ ব্যাপারে আমি সন্দিগ্ধ। তারা জিজ্ঞাসা করলেন, চল্লিশ বছর? তিনি বললেন, আমি সন্দিহান। কোনটাই নিশ্চিতভাবে বলতে পারছি না'। তারপর আসমান থেকে বৃষ্টিপাত হবে পরক্ষণেই মানুষ যমিন ভেদ করে এভাবে উঠতে থাকবে যেরূপ উদ্ভিদ মাথাচাড়া দিয়ে উঠে। তিনি আরো বলেন, সাধারণ মানুষের মাঝে এমন কোন মানুষ নেই পঁচে বিনষ্ট হবে না। সবই মিশে যাবে কেবল একটা হাড় যা নিতম্বের প্রান্তে থাকে, তা মিশে যাবে না। কিয়ামতের দিন তা থেকে মানুষের বাকি অংশগুলো জোড়া হবে। (সহীহ বুখারী, হাদীস নং-৪৯৩৫, সহীহ মুসলিম, হাদীস নং-২৯৫৫)

وقد روي ابن المبارك عن الحسن قال: قال رسول الله صلى الله عليه وسلم: بين النفختين أربعون سنة- الأولى: يميت الله تعالى بها كل حي. والأخرى: يحيى الله بها كل ميت

ইবনুল মুবরাক রহঃ বর্ণনা করেন, "হাসান বসরী রহঃ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল ﷺ ইরশাদ করেছেন, দুই ফুৎকারের মাঝে বিরতিকাল হল চল্লিশ বছর। প্রথম ফুৎকারের সময় আল্লাহ তা'আলা প্রতিটি জীবিতকে মৃত্যু দান করবেন। আর দ্বিতীয় ফুৎকারের সময় প্রতিটি মৃতকে জীবন দান করবেন।

আল্লামা হালীমী বলেন বর্ণনাগুলো এ বিষয়ে ঐক্যমত্ব যে, দুই ফুৎকারের মাঝে সময়সীমা হল চল্লিশ বছর। (আততাযকিরাহ লিলকুরতুবী-১৬৫)

কিন্তু, এ চল্লিশ বছর হবে আখিরাতের চল্লিশ বছর, দুনিয়ার নয়। আর আখিরাতের এক দিন সার্বক্ষণিকভাবে দুনিয়ার এক হাজার বছরের সমান হওয়ার পক্ষে কুরআন ও হাদীসে কিছু সাক্ষ্যপ্রমাণ পাওয়া যায়। যেমন: পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে,

يُدَبِّرُ ٱلْأَمْرَ مِنَ ٱلسَّمَآءِ إِلَى ٱلْأَرْضِ ثُمَّ يَعْرُجُ إِلَيْهِ فِى يَوْمٍ كَانَ مِقْدَارُهُۥٓ أَلْفَ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ ۝٥

'তিনি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সমস্ত কর্ম পরিচালনা করেন, অতঃপর তা তাঁর কাছে পৌঁছবে এমন এক দিনে, যার পরিমাণ তোমাদের গণনায় হাজার বছরের সমান।' (৩২ সুরা সাজদা: ৫)।

আরও বর্ণিত হয়েছে,

وَيَسْتَعْجِلُونَكَ بِٱلْعَذَابِ وَلَن يُخْلِفَ ٱللَّهُ وَعْدَهُۥ ۚ وَإِنَّ يَوْمًا عِندَ رَبِّكَ كَأَلْفِ سَنَةٍ مِّمَّا تَعُدُّونَ ۝٤٧

'অবিশ্বাসীরা আপনাকে আজাব ত্বরান্বিত করতে বলে। অথচ আল্লাহ কখনও তাঁর অঙ্গীকার ভঙ্গ করেন না। তোমার প্রভুর কাছে এক দিন তোমাদের গণনার হাজার বছরের সমান।' (সূরা হজ্ব ২২: ৪৭)

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ "يَدْخُلُ الْفُقَرَاءُ الْجَنَّةَ قَبْلَ الأَغْنِيَاءِ بِخَمْسِمِائَةِ عَامٍ نِصْفِ يَوْمٍ"

আল্লাহর রাসুল ﷺ বলেন, 'দরিদ্র মুসলমানরা ধনীদের থেকে অর্ধেক দিন অর্থাৎ ৫০০ বছর আগে জান্নাতে যাবে।' (তিরমিজি : ২৩৫৩)

আয়াত ও হাদিস থেকে বুঝে আসে, 'পৃথিবীতে আমাদের হিসাবে এক হাজার বছর সমান পরকালের এক দিন।' (তাফসিরে ইবনে কাসির : সুরা হজ ৪৭ আয়াতের তাফসির)

সুতরাং বুঝা যায়, কেয়ামতের পর থেকে হাশর কায়েম হওয়া পর্যন্ত প্রায় চল্লিশ হাজার বছর মানুষ কবরের অন্ধকার জগতে অতিবাহিত করবে। (এই বিষয়ে আল্লাহ্ তা'আলাই সবচেয়ে ভালো জানেন।)

হাশরের ময়দানে আমাদেরকে কতদিন অবস্থান করতে হবে?

প্রিয় ভাই! হাশরের ময়দানে আমাদেরকে দুনিয়ার বছর অনুপাতে পঞ্চাশ হাজার বছর দাঁড়িয়ে থাকতে হবে।

تَعْرُجُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ

"ফেরেশতাগণ এবং রূহ আল্লাহ তা'আলার দিকে উর্ধ্বগামী হয় এমন এক দিনে, যার পরিমাণ (তোমাদের গণনায়) পঞ্চাশ হাজার বছর।" (সূরা মা'আরিজ-৪)

(এহইয়াউ উলুমিদ্দীন খন্ড ৫, পৃ: ৩২৮, https://bit.ly/ehya5 ; মরণের আগে ও পরে -ইমাম গায্যালী রহ. পৃ. ২১০ লিংক: https://bit.ly/moron13 ; মাওলানা আশেক ইলাহী বুলন্দশহরী লিখিত "মরণের পরে কী হবে?" পৃ.-৯৮)

পুলসিরাত পার হতে আমাদের কতদিন সময় লাগবে?

পুলসিরাত পার হতে কার কতদিন সময় লাগবে সেটি তার ঈমান ও আমলের উপর নির্ভরশীল হবে। পুলসিরাতটি হবে জাহান্নামের উপর। নেককারগণ এক নিমিষে তা পার হয়ে যাবেন। কিছু ব্যক্তি বিদ্যুৎ গতিতে তা অতিক্রম করবেন। কিছু ব্যক্তি বাতাসের গতিতে অতিক্রম করবেন। কিছু ব্যক্তি পাখির উড়ার গতিতে অতিক্রম করবে। কিছু ব্যক্তি উত্তম ঘোড়ার দৌঁড়ের গতিতে অতিক্রম হবে। কেউবা হেটে, কেউবা দৌঁড়ে, কেউবা হোঁচট খেতে খেতে। কেউবা বুক দিয়ে ছেঁচড়ে ছেঁচড়ে। প্রতিটি ব্যক্তি তার ঈমান ও আমল হিসেবে পুলটি অতিক্রম করবে। আর জাহান্নামীরা পুলসিরাতের তীক্ষ্ণ শলাকায় ফেঁসে গিয়ে জাহান্নামে নিক্ষিপ্ত হবে। (নাউযুবিল্লাহ্)

এখন চিন্তার বিষয় হল-

হাদীসে বর্ণিত বিভিন্ন ফযীলত অর্জন ব্যতীত মৃত্যুবরণকারীর জন্য বরযখের যিন্দেগীটা অনেক দীর্ঘ ও কষ্টকর হবে। হায়! তাহলে আমার কী হবে? আমি বরযখে কতকাল থাকব? হাশরে পঞ্চাশ হাজার বছর আমাকে অবস্থান করতে হবে, আর পুলসিরাত পার হতে আমার যে কত সময় লেগে যাবে!! আল্লাহ্ না করুন, আল্লাহ্ না করুন, যদি আমার কোনো গুনাহের দরুন জাহান্নামে যেতে হয়, তাহলে সেখানে যে কত বছর জাহান্নামে থাকতে হবে? (নাউযুবিল্লাহ্ মিন যালিক!) এর পর জান্নাত মিললেও তা কতকাল পর মিলবে???

আহ্! কেম্নে কী? এত দীর্ঘ সময় পর প্রিয়তমদের সাথে সাক্ষাৎ মিলবে, তা কিভাবে মানা যায়? মন যে আর মানছে না? মন যে তাদের সাথে মিলনের জন্য ব্যাকুল হয়ে আছে! কিভাবে এতকাল ধৈর্য ধরে অপেক্ষা করব? শুধুই কি

সময়ের দীর্ঘতা, আবার প্রতিটি স্তরেই রয়েছে ভয়াবহ সব বিপদ আর মুসীবত! এতো বিপদাপদ পেরিয়ে প্রিয়তমদের সাথে সাক্ষাৎ লাভ কি আদৌ সম্ভব হবে আমার পক্ষে???

মৃত্যুর ভয়াবহতা/মৃত্যু কষ্ট, কবরের ভয়াবহতা/কবরের আযাব, হাশরের ময়দানের বিভীষিকা ও দীর্ঘতা, পুলসিরাতের ভয়াবহতা, সবশেষে যে পরিমাণ গুনাহ করেছি জীবনে (যেখানে একটি কবীরা গুনাহ্‌ই জাহান্নামে নেয়ার জন্য যথেষ্ট সেখানে) আমার গুনাহের তো কোন হিসেবই নেই; গুনাহের দিকে তাকালে জাহান্নামের আগুন ছাড়াতো কিছুই চোখে পড়েনা; এত বিশাল, ভয়াল আর বিপদসঙ্কুল রাস্তা পেরিয়ে প্রিয়তমদের সাথে সাক্ষাৎ!!! সেটা আমার দ্বারা কিভাবে সম্ভব??

আহ! আমার মালিকের সামনে, জান্নাতের অধিপতির সামনে কত নাফরমানী করেছি, তাঁর দেয়া নেয়ামতের (চোখ, কান ইত্যাদির) কত যে খেয়ানত করেছি, কিভাবে আমি আশা করব যে আমি সবচেয়ে বড় জান্নাত, জান্নাতুল ফেরদৌসের অধিকারী হব? কিভাবে আমি হূরদের স্বামী হব? কিভাবে আমি আমার প্রতিপালকের প্রতিবেশী হব? কিভাবে আমি তাঁর সামনে দাঁড়াব? কিভাবে আমি তাঁর দীদারে আমার দু'চক্ষু শীতল করব? কিভাবে??

আহ্! আরো গভীরভাবে চিন্তা করলে তো আমার সামনে অন্ধকার ছাড়া কিছুই দেখি না!

হায়! আমার সামনে আছে মৃত্যু!! মৃত্যু একটি ভয়াবহ মসীবতের নাম। মৃত্যুর কষ্ট (সাকরাতুল মাওত) তো অবশ্যই আসবে। স্বয়ং রাসূলুল্লাহ ﷺমৃত্যু-যন্ত্রনা হইতে পানাহ চাইতেন। কেমন হবে একজন মানুষের মৃত্যুযন্ত্রণা? তা হবে তরবারির তিনশত আঘাতের যন্ত্রনার সমতুল্য। যদি জীবন্ত কোন মোরগকে চামড়া খসিয়ে পা বেঁধে তপ্ত কড়াই এর মধ্যে ভাজা হয়, আর সে উড়ে পালাতে পারছে না, প্রাণও বাহির হচ্ছে না যে, যন্ত্রণার হাত হতে অব্যাহতি পেতে পারে, মৃত্যুর কষ্টও ঠিক তদ্রুপ, বরং তার চেয়েও ভয়াবহ। আহ্! কিভাবে আমি মৃত্যুর কষ্ট সহ্য করব!!!

মৃত্যুর পর আমাকে অন্ধকার কবরে রাখা হবে! কবরের আযাব অবশ্যই সত্য, কোনো সন্দেহ নেই। রাসূলুল্লাহ ﷺ যখনই নামায পড়তেন, আল্লাহ তা'আলার নিকট কবরের আযাব হতে আশ্রয় প্রার্থনা করতেন।

কবরে পৌঁছার সাথে সাথে প্রথম বিপদ হলো কবরে তিনটি প্রশ্ন করার জন্য মুনকার নাকীর ফেরেশতার আগমন। উক্ত ফেরেশতাদ্বয় হবেন ভীষণাকৃতির, তাদের আওয়ায হবে শত বজ্রকঠোর, ভয়ঙ্কর, চোখ দুটি হবে বিদ্যুচ্ছটার ন্যায় ভীষণোজ্জ্বল। তাদের ঘন কালো ও রুক্ষ চুল মাটি পর্যন্ত আলুলায়িত, লম্বা লম্বা তীক্ষ্ণধার দাঁত দ্বারা কবরের মাটি ওলট-পালট করতে করতে আগমন করে হাত দ্বারা নাড়াচাড়া করে আমাকে নানা প্রশ্ন করবে। আমি কি সেদিন তাদের প্রশ্নের উত্তর ঠিক ঠিক দিতে পারব?

কবরের দ্বিতীয় বিপদ হলো, মৃত ব্যক্তিকে কবরের মাটি চাপ; আর চাপ এমন হবে যে, এক দিকের পাঁজরের হাড় অন্যদিকের পাঁজরের হাড়ের মাঝে ঢুকে যাবে। হায়! আমাকে যদি এমন চাপ দেয়া হয় তাহলে এই ব্যথা আমি সইব কিভাবে!!!

এছাড়াও গোনাহগারদের শাস্তি দেয়ার জন্য কবরে নিয়োজিত থাকবে নিরানব্বইটি অজগর সাপ। কিয়ামত পর্যন্ত এরা তাকে দংশন করতে থাকবে। সেগুলো এতই বিষাক্ত যে, তাদের একটিও যদি একবার পৃথিবীর দিকে ফোঁস করে, তাহলে তার বিষক্রিয়ায় পৃথিবীতে আর একটি ঘাসও জন্মাবে না। গুণাহগার ব্যক্তির নীচে আগুনের বিছানা বিছিয়ে দেয়া হবে, আগুনের তৈরি পোশাক পরিয়ে দেয়া হবে এবং দোযখের দিকে একটি দরজা খুলে দেয়া হবে। এর মাধ্যমে দোযখের তাপ এবং প্রচণ্ড উত্তপ্ত বায়ু তার কবরে আসতে থাকবে। তাছাড়া কবরবাসীদের শাস্তির জন্য একজন অন্ধ ও বধির ফেরেশতা নিয়োজিত করে দেয়া হবে (যেন যাকে শাস্তি দেয়া হবে তার চিৎকার ও আর্তনাদ

শুনে, তার অবস্থা দেখে ফেরেশতার হৃদয়ে দয়ার উদ্রেক না হয়)। তার হাতে লোহার গুর্য বা মুগুর থাকবে, যদি তা দ্বারা কোনো পাহাড়ে আঘাত করা হয়, পাহাড়টি মুহূর্তের মাঝে মাটির সাথে মিশে যাবে। ফিরিশতা একবার সেই মুগুর দ্বারা লোকটিকে আঘাত করলে লোকটি মাটির সাথে মিশে যাবে, যার আওয়ায মানুষ ছাড়া সকল মাখলূক শুনতে পাবে। এরপর পুনরায় তাকে পূর্বের ন্যায় জীবিত করে দেয়া হবে। হায়! এগুলোর কোন একটি দ্বারা যদি আমি গ্রেপ্তার হই, তাহলে আমার অবস্থা কী হবে!!!

এরপর যেদিন কেয়ামত হবে, যেদিন আমি পুনরুত্থিত হব, সেদিন আমি কী অবস্থায় পুনর্জীবিত হব??? আল্লাহ তা'আলা যে বলেছেন:

يَـٰٓأَيُّهَا ٱلنَّاسُ ٱتَّقُوا۟ رَبَّكُمْ ۚ إِنَّ زَلْزَلَةَ ٱلسَّاعَةِ شَىْءٌ عَظِيمٌ ۝١ يَوْمَ تَرَوْنَهَا تَذْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَمَّآ أَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ حَمْلٍ حَمْلَهَا وَتَرَى ٱلنَّاسَ سُكَـٰرَىٰ وَمَا هُم بِسُكَـٰرَىٰ وَلَـٰكِنَّ عَذَابَ ٱللَّهِ شَدِيدٌ ۝٢

"হে মানুষ! তোমাদের প্রতিপালককে ভয় কর। নিশ্চয় কিয়ামতের প্রকম্পন একটি ভয়ংকর ব্যাপার। সেদিন তোমরা দেখবে প্রত্যেক দুগ্ধদানকারী মাতা তার স্তন্যপায়ী শিশুকে ভুলে যাবে এবং গর্ভবতী তার গর্ভপাত করে ফেলবে। মানুষকে দেখবে মাতালের ন্যায়; আসলে তারা মাতাল নয়। বস্তুতঃ আল্লাহর শাস্তি বড়ই কঠিন।" (২২ সূরা হজ্জ: ১-২)

فَإِذَا بَرِقَ ٱلْبَصَرُ ۝٧

যখন দৃষ্টি চমকে যাবে, (সূরা ক্বিয়ামাহ্ ৭৫:৭)

يَوْمًا يَجْعَلُ ٱلْوِلْدَٰنَ شِيبًا ۝١٧ ....

সেদিনের ভয়াবহতা কিশোরকে বৃদ্ধে পরিণত করে দিবে, (সূরা মুয্যাম্মিল ৭৩:১৭)

......مَا يَنظُرُونَ إِلَّا صَيْحَةً وَٰحِدَةً

তারা কেবল একটি ভয়ংকর শব্দের অপেক্ষা করছে.....(সূরা ইয়াসীন ৩৬:৪৯),

....فَإِذَا نُفِخَ فِى ٱلصُّورِ

যেদিন শিঙায় ফুৎকার দেয়া হবে....., (সূরা হাক্কাহ্ ৬৯:১৩)

(ফলে ভয়ংকর শব্দ হবে-)

فَيَوْمَئِذٍ وَقَعَتِ ٱلْوَاقِعَةُ ۝١٥

সেদিন কেয়ামত সংগঠিত হবে- (সূরা হাক্কাহ্ ৬৯:১৫)

إِذَا ٱلسَّمَآءُ ٱنفَطَرَتْ ۝١ وَإِذَا ٱلْكَوَاكِبُ ٱنتَثَرَتْ ۝٢

যখন আকাশ বিদীর্ণ হবে (মাথার উপর আকাশ ঘুরতে ঘুরতে ফেটে পড়বে) এবং নক্ষত্রসমূহ ঝরে পড়বে। (সূরা ইনফিত্বার ৮২:১-২)

وَخَسَفَ ٱلْقَمَرُ ۝٨ وَجُمِعَ ٱلشَّمْسُ وَٱلْقَمَرُ ۝٩

যেদিন চন্দ্র জ্যোতিহীন হয়ে যাবে এবং সূর্য ও চন্দ্রকে একত্রিত করা হবে। (সূরা কিয়ামাহ ৭৫:৭-৮)

إِذَا ٱلشَّمْسُ كُوِّرَتْ ۝١ وَإِذَا ٱلنُّجُومُ ٱنكَدَرَتْ ۝٢

যখন সূর্য আলোহীন হয়ে যাবে, নক্ষত্রসমূহ যখন মলীন হয়ে যাবে। (সূরা তাকভীর ৮১:১-২)

إِذَا زُلْزِلَتِ ٱلْأَرْضُ زِلْزَالَهَا ۝١

যখন পৃথিবী প্রচণ্ড কম্পনে প্রকম্পিত হবে, (সূরা যিলযাল ৯৯:১)

وَأَخرَجَتِ الأَرضُ أَثقالَها

আর যমিন তার বোঝা বের করে দিবে, (সূরা যিলযাল ৯৯:২)

يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ۝٤

সেদিন যমিন তার বৃত্তান্ত বর্ণনা করবে, (সূরা যিলযাল ৯৯:৪)

يَوْمَ تَرْجُفُ ٱلْأَرْضُ وَٱلْجِبَالُ وَكَانَتِ ٱلْجِبَالُ كَثِيبًا مَّهِيلًا ۝١٤

যেদিন পৃথিবী ও পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতমালা হয়ে যাবে বহমান বালুকাস্তূপ। (সূরা মুয্যাম্মিল ৭৩:১৪)

وَتَكُونُ ٱلْجِبَالُ كَٱلْعِهْنِ ٱلْمَنفُوشِ ۝٥

পাহাড়গুলো হয়ে যাবে ধুনিত রঙ্গীন পশমের মতো। (সূরাতুল ক্বারিয়াহ ১০১:৫)

وَإِذَا ٱلْبِحَارُ سُجِّرَتْ ۝٦

যখন সমুদ্রকে উত্তাল করে দেয়া হবে, (সূরা তাকভীর ৮১:৬, সূরা ইনফিত্বার ৮২:৩)

وَإِذَا ٱلْوُحُوشُ حُشِرَتْ ۝٥

যখন বন্য পশুরা একত্রিত হয়ে যাবে, (সূরা তাকভীর ৮১:৫)

وَإِذَا ٱلْقُبُورُ بُعْثِرَتْ ۝٤

এবং যখন কবরসমূহকে উন্মোচিত করা হবে, (সূরা ইনফিত্বার ৮২:৪)

يَوْمَ يَكُونُ ٱلنَّاسُ كَٱلْفَرَاشِ ٱلْمَبْثُوثِ ۝٤

সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের মত।" (সূরা কারিয়াহ ১০১:০৪)

يَوْمَئِذٍ تُعْرَضُونَ لَا تَخْفَىٰ مِنكُمْ خَافِيَةٌ ۝١٨

"সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে। তোমাদের কোনো কিছু গোপন থাকবে না।" (সূরা হাক্কাহ ৬৯:১৮)

يَٰبُنَيَّ إِنَّهَآ إِن تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ فَتَكُن فِى صَخْرَةٍ أَوْ فِى ٱلسَّمَٰوَٰتِ أَوْ فِى ٱلْأَرْضِ يَأْتِ بِهَا ٱللَّهُ ۚ إِنَّ ٱللَّهَ لَطِيفٌ خَبِيرٌ ۝١٦

"হে বৎস! কোনো বস্তু যদি সরিষার দানা পরিমাণও হয়, অতঃপর তা যদি থাকে প্রস্তর গর্ভে অথবা আকাশে অথবা ভূ-গর্ভে, তবে আল্লাহ্ তাও উপস্থিত করবেন। নিশ্চয় আল্লাহ্ গোপন ভেদ জানেন, সবকিছুর খবর রাখেন।" (সূরা লোকমান ৩১: ১৬)

(আর, সেদিন আল্লাহ তা'আলা ঘোষণা করবেন,)

لِّمَنِ ٱلْمُلْكُ ٱلْيَوْمَ ۖ لِلَّهِ ٱلْوَٰحِدِ ٱلْقَهَّارِ ۝١٦

"আজ রাজত্ব কার? (সেদিন রাজত্ব ও ক্ষমতা হবে) এক প্রবল পরাক্রান্ত আল্লাহর (ওয়াহিদুল কাহহার)!" (সূরা মু'মিন ৪০:১৬)

হায়! কিয়ামতের এই বিভীষিকা মানুষকে উপভোগ করতেই হবে! হায়! সেদিন আমি কোথায় থাকব? কী হবে আমার অবস্থা??

এরপর হাশরের ময়দান কায়েম হবে। সেখানে ফেরেশতা, জিন, মানব, শয়তান, বন্য জন্তু সকলেই সমবেত হবে। এত ভিড় হবে যে, মানুষ পায়ের আঙুলের উপর ভর করে দাঁড়াবে, একজনের কাঁধ অন্য জনের কাঁধের সাথে মিলে যাবে। মানুষকে খালি পায়ে, খালি গায়ে, খতনা বিহীন, উলঙ্গ অবস্থায় পুনরুত্থিত করা হবে। তা সত্ত্বেও ময়দানের ভয়াবহতা এরূপ হবে যে, একজন আরেকজনের দিকে তাকানোর সময় পাবে না, কুচিন্তার ফুরসত পাবে না। সে ময়দান হবে সমতল, যাতে লুকানোর মত কোন উঁচু টিলা ও নিচু গর্ত থাকবে না। সেদিন সূর্য মানুষের মাথা থেকে মাত্র দু'ধনুক দূরে থাকবে এবং প্রচণ্ড তাপ বিকিরণ করতে থাকবে। আল্লাহ পাকের আরশের ছায়া ব্যতীত সেদিন আর কোনো ছায়া থাকবে না এবং নৈকট্যশীলরা (নবী-রাসূল, সিদ্দিক, শহীদ, আউলিয়া, নেককার আলেম ও আবেদগণ) ব্যতীত অন্য কেউ তাতে স্থান পাবেনা। হায়! সেদিন কি আমি আল্লাহ পাকের আরশে আযীমের নিচে একটুখানি ঠাঁই পাব??

সূর্যের উত্তাপ, শ্বাস-প্রশ্বাসের উত্তাপ আর নিজের কৃতকর্মের জন্য অন্তর্জ্বালা এক ভয়াবহ মসীবত সৃষ্টি করবে। ঘামের দরুন মানুষের কষ্ট আরো বেড়ে যাবে। মানুষের বদ আমল অনুপাতে মানুষ ঘামে নিমজ্জিত হবে। সে হিসেবে কেউ কেউ ঘামে উরু পর্যন্ত, কারো কোমর পর্যন্ত, কারো কান পর্যন্ত ডুবে যাবে, কারো ঘাম হবে গলার লাগাম এবং কেউ কেউ সম্পূর্ণরূপে নিমজ্জিত হয়ে যাবে।

সুতরাং হে নিঃস্ব! হাশরবাসীদের দুঃখ-দুর্দশার কথা চিন্তা কর। এ কষ্টে পড়ে অনেকেই আরয করবে, প্রভু! আমাদেরকে হাশরের ময়দানের ভোগান্তি ও অপেক্ষার কষ্ট থেকে নাজাত দিন যদিও আমরা জাহান্নামে যাই। আর সেটি হবে হিসাব নিকাশ ও আযাবের আগের কষ্ট। এরকম পরিস্থিতিতে মানুষের উপর দিয়ে পঞ্চাশ হাজার বছর অতিবাহিত হবে, তথাপি আল্লাহ তা'আলা মানুষের দিকে তাকাবেন না। হিসাব নিকাশ শুরু করবেন না। বন্ধু হে! তুমি সেদিনের কথা স্মরণ কর, যেদিন অবশ্যই আসবে, যেদিন মানুষ পায়ের উপর ৫০,০০০ বছর দণ্ডায়মান থাকবে। এ সময়ে তারা কোনো খাদ্য পাবেনা এবং এক ঢোক পানিও পান করতে পারবেনা। হায়! সেদিন হাশরের কোন স্থানে আমি দাঁড়াব? কোথায় আমার জায়গা হবে? আমার অবস্থা কেমন হবে???

কেমন হবে আমার সেদিনের ক্ষুধা ও তৃষ্ণার যন্ত্রণা! চিন্তা করা যায় কি? অথচ এমনই ঘটবে, এমনই ঘটতে যাচ্ছে।

সেদিন সকল মানুষ এমনকি সকল নবী-রাসূলগণও 'ইয়া নাফসী, ইয়া নাফসী' বলতে থাকবে। সেদিন কেউ আল্লাহ তা'আলার সামনে দাঁড়াবার সাহস করবেন না। কেবল আমাদের প্রিয় নবীজী ﷺ। তিনি তাঁর গুনাহগার উম্মতের জন্য শাফায়াত করবেন। বিচার কাজ শুরু হলে একদল লোককে বিনা হিসাবে জান্নাতে দেয়া হবে, আর সকল কাফের, মুশরিক, বেঈমান, নাস্তিক, মুরতাদ, ইহুদী, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান সকলকে একযোগে বিনা হিসেবে জাহান্নামের আগুনে চিরদিনের জন্য নিক্ষেপ করা হবে। তাদের কোনো হিসাব নেই। হিসাব হবে কেবল গুনাহগার মুসলমানদের। মীযানের পাল্লায় একপাশে নেক আমল, অপরপাশে বদ আমল তুলে ওজন করা হবে। অণু পরিমাণ নেক কিংবা বদীও সেদিন বাদ পড়বে না। নেকীর পাল্লা ভারী হলে আমলনামা ডানহাতে সামনের দিক হতে দেয়া হবে, এরাই হবে জান্নাতী। আর বদীর পাল্লা ভারী হলে পিছন দিক হতে বাম হাতে দেয়া হবে, এরাই ধ্বংসপ্রাপ্ত হবে, এরাই হবে জাহান্নামী। যাদের ব্যাপারে জাহান্নামের ফয়সালা হবে, আমাদের দয়াল নবী রাসূলুল্লাহ ﷺতাদের মুক্তির জন্য শাফায়াত (সুপারিশ) করবেন। হায়! জানি না, সেদিন আমার গোনাহের পাল্লা না ভারী হয়ে যায়! হায়! আমি কি সেদিন আমার প্রিয়

হাবীবের ﷺশাফায়াত লাভ করব?? সেদিন কি আমি আমার হাবীবের ﷺ হাতে হাউজে কাউসারের পানি পান করতে পারবো?

কিয়ামতের দিন আমাদের সামনে জাহান্নামকে টেনে উপস্থিত করা হবে। তার সত্তর হাজার লাগাম থাকবে এবং প্রত্যেক লাগামের জন্য সত্তর হাজার ফেরেশতা নিয়োজিত থাকবে। জাহান্নামের উপর পুলসিরাত কায়েম করা হবে। যা হবে চুলের চেয়েও চিকন, তরবারির চেয়েও ধারালো। যা ত্রিশ হাজার বছরের রাস্তা। এটি পেরিয়ে আমাকে জান্নাতে যেতে হবে। নেককারগণ বিদ্যুতের গতিতে পার হয়ে যাবে। পুলসিরাত পেরিয়ে এ উম্মত সবর্প্রথম জান্নাতে প্রবেশ করবে। জান্নাতের চাবি থাকবে আমাদের প্রিয়নবী ﷺ এর হাতে। তিনিই জান্নাতে তাঁর উম্মতকে নিয়ে সর্বপ্রথম প্রবেশ করবেন। অন্যদিকে, সেদিন পুলসিরাতের উপর দিয়ে যাওয়ার সময় গুনাহগারদের শরীর দু' টুকরা হয়ে জাহান্নামে পতিত হবে। হায়! আমি জানি না, আমি কি পুলসিরাত পার হতে পারবো, নাকি দু'টুকরা হয়ে জাহান্নামের অতল গহীনে আগুনের মাঝে পড়ে যাবো!!! (আল্লাহ্ পাক আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।)

জাহান্নামের গভীরতার কোনো সীমা নেই। যদি একটি পাথর দোযখে নিক্ষেপ করা হয় তবে পাথরটি দোযখের তলদেশে পৌঁছতে সত্তর বছর সময় লাগবে। জাহান্নামের সাতটি স্তর রয়েছে। দোযখ চারটি দেয়াল দ্বারা পরিবেষ্টিত এবং তার প্রতিটি দেয়ালের পুরুত্ব এত বেশি যে, তা অতিক্রম করতে চল্লিশ বছর সময় লেগে যাবে। দোযখের ভিতর কোনো আলো নেই, সেখানকার আগুনও কালো। সে আগুনের তেজ দুনিয়ার আগুনের তুলনায় সত্তর গুণ বেশি। যদি কোনো দোযখীকে দুনিয়ার আগুনে এনে পুড়ানো হয়, তাহলে সে ঘুমিয়ে পড়বে। তার কাছে দুনিয়ার আগুন অনেক আরামদায়ক লাগবে। সেখানে সবচেয়ে কম যে শাস্তি দেয়া হবে, তা হলো দোযখীকে এক জোড়া আগুনের জুতা পরিয়ে দেয়া হবে, যার উত্তাপে পাতিলের ফুটন্ত পানির ন্যায় তার মগজ টগবগ করতে থাকবে। কিন্তু সে মনে করবে তাকেই বুঝি সবচেয়ে বেশি শাস্তি দেয়া হচ্ছে। দোযখের ইন্ধন হবে মানুষ ও পাথর। দোযখের আগুন এতটাই ভয়াবহ যে, তা মানুষের হৃদয় পর্যন্ত পৌঁছবে এবং তাকেও গ্রাস করে ফেলবে। সেখানে মৃত্যু নেই, যতই শাস্তি দেয়া হোক মরবে না। দোযখের দায়িত্বে নিয়োজিত আছে নির্মম হৃদয় ও কঠোর স্বভাবের উনিশজন ফিরিশতা (যদিও সকল মানব ও জিনদের শাস্তি দেয়ার জন্য একজনই যথেষ্ট ছিল); তাঁরা আল্লাহর আদেশ অমান্য করেন না এবং যা আদেশ করা হয় তাই করেন। মানুষদেরকে যখন টেনে হিচড়ে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে, দূর থেকে জাহান্নামের আগুন তাদের দেখে ফেলবে এবং ক্রুদ্ধ হয়ে গর্জন ও চিৎকার শুরু করে দিবে। গুনাহগারদের সেখানে শৃংখলাবদ্ধ করে, (যদিও দোযখ প্রশস্ত জায়গা, তথাপি শাস্তি দেওয়ার জন্য) দোযখের সংকীর্ণ, অন্ধকারময় কোনো স্থানে নিক্ষেপ করে অনন্ত/সুদীর্ঘকাল পুড়ানো হবে। সেখানে ধৈর্য ধারণ করা আর না করা উভয়েই সমান। দোযখীদের পোশাক হবে গন্ধকের, যেন দ্রুত আগুন লেগে যায়।

দোযখীদের বিশাল দেহ দেয়া হবে যেন ভালোভাবে শাস্তি দেয়া যায়। তাদের জিহ্বা হবে দুই মাইল সমান। দুই কাঁধের স্থান দ্রুতগামী অশ্বারোহীর দুই দিনের পথের সমান দীর্ঘ হবে। চোয়াল হবে ওহুদ পাহাড়ের ন্যায় এবং তাদের চামড়া তিনদিনের পথের সমান মোটা ও পুরু হবে। কোন কোন দোযখীদের এত বড় দেহ দেয়া হবে যে, তাদের কানের লতি থেকে কাঁধ পর্যন্ত সত্তর বছরের রাস্তা হবে। তাতে রক্ত ও পুঁজের নালা প্রবাহিত হবে। দোযখীদের দংশন করার জন্য উটের ন্যায় ঘাড় বিশিষ্ট ভয়াবহ সাপ এবং মালপত্র বোঝাই করা খচ্চরের ন্যায় উঁচু বিচ্ছু থাকবে। তারা একবার দংশন করলে চল্লিশ বছর তার ব্যথা অনুভূত হবে। ক্ষুধা নিবারণ করার জন্য কণ্টকময় বৃক্ষ ছাড়া তাদের আর কোনো খাবার থাকবে না, যা তাদেরকে পুষ্ট করবে না এবং ক্ষুধাও নিবারণ করবে না, উপরন্তু তা

তাদের গলায় আটকে যাবে। ফলে তারা পানি চাইবে। তাদেরকে অত্যন্ত গরম ফুটন্ত পানি পান করানো হবে, যা তাদের নাঁড়িভুঁড়ি ছিন্ন-ভিন্ন করে দিবে। সেদিন সেখানে তাদের কোন সুহৃদ ও বন্ধু থাকবে না; সকলেই হারিয়ে যাবে। সেদিন তারা এতই ক্ষুধার্ত থাকবে যে, তাদেরকে অন্য কোনো শাস্তি না দেয়া হলেও ক্ষুধার কষ্টই শাস্তি হিসেবে যথেষ্ট হবে। তাদেরকে খেতে দেয়া হবে দোযখীদের ক্ষত নিঃসৃত পূঁজ (গাস্সাক)। এটি এতই দুর্গন্ধময় যে, এক বালতি গাস্সাক তথা পূঁজ যদি দুনিয়ায় নিক্ষেপ করা হতো তাহলে সমস্ত পৃথিবী পঁচে গলে যেতো। আরো খাদ্য হবে যাক্কুম বৃক্ষ, যা তারা তৃষ্ণার্ত উটের ন্যায় গিলতে থাকবে, কিন্তু সেই খাদ্য গলিত তামার ন্যায় ফুটন্ত পানির মতো দোযখীদের পেটে ফুটতে থাকবে। এছাড়াও তাদের মাথার উপর ঢালা হবে ফুটন্ত পানি, ফলে তাদের চামড়া বিগলিত হয়ে যাবে। পুড়ে যাওয়া কিংবা বিগলিত হওয়া চামড়াকে আবার আগের অবস্থায় ফিরিয়ে আনা হবে, যেন শাস্তি পুরোপুরি ভোগ করতে পারে। আরো আছে আগুনের শিকল, লোহার মুগুর, জাহান্নামের যন্ত্রনায় অতিষ্ঠ হয়ে বের হতে চাইলে তাদেরকে মুগুর মেরে ফেরত পাঠানো হবে। আর এই মুগুর কেমন ভারী হবে? সমস্ত মানব ও জিন জাতি যদি তা উঠাতে চেষ্টা করে তাহলেও তা উঠাতে সক্ষম হবে না। এসব ছাড়াও আছে আগুনের বেড়ী। যে মুনাফেকী করবে, বুকে বে-ঈমানী, মুখে ঈমানের কথা বলবে, উম্মতের সাথে গাদ্দারী করবে, উম্মতের বিরুদ্ধে গোয়েন্দাগিরি করে, তাদেরকে জাহান্নামের সর্বনিম্ন স্তরে নিক্ষেপ করা হবে। এদের শাস্তি হবে সবচেয়ে মর্মান্তিক। তাদেরকে পাঠানো হবে "যুব্বুল হুযন" (চিন্তার কূপ) নামক স্থানে। এটি এমনই ভয়ংকর যে, খোদ জাহান্নামই এর মসীবত থেকে আল্লাহর কাছে দিনে শতবার পানাহ চায়। সুতরাং উম্মতের গাদ্দাররা সাবধান!

সন্দেহ নেই! জাহান্নাম এমনই হবে। সন্দেহ নেই, কোনো সন্দেহ নেই। আল্লাহ তা'আলার জন্য এটি সহজ, খুব সহজ।

হায়! জাহান্নামে তো আমার মতো রক্ত-মাংসে গড়া মানুষেরাই যাবে। হায়! আমিও যদি তাদের মত এরকম আযাবে গ্রেপ্তার হয়ে যাই! সেদিন আমার কী হবে? আমি কোথায় যাব? আমায় কে রক্ষা করবে? এমন হলে তো আমি ধ্বংস হয়ে যাব?

হায়!.................

আল্লাহর রাসূল ﷺ-এর ওফাতের পর নানামুখী ফেতনা দেখা দেয়। এর মধ্যে অন্যতম প্রধান ফেতনা হলো, ইহুদী-নাসারা ও মুনাফিক কর্তৃক জাল হাদীস ও মাসআলা-মাসাইল উদ্ভাবন এবং সাধারণ মানুষের ঈমান-আকীদা নষ্ট করার ফেতনা। এরা বিভিন্ন রকমের মনগড়া জাল হাদীস বানিয়ে উম্মতকে গোমরাহ করছিল। তাই তখন সময়ের দাবী ছিল ইলমুল আকাঈদ, ইলমুল হাদীস এবং মাসআলা মাসাইল (ফিকহ) সমূহ কিতাবাকারে লিপিবদ্ধ করা। উম্মতকে ধ্বংসের মুখ থেকে বাঁচানোর জন্য বিশুদ্ধ আকীদা, সহীহ হাদীস ও বিশুদ্ধ ফিকহের ইলমকে সংরক্ষিত করার ব্যবস্থা করা। আর যারা এ কাজের উপযুক্ত ছিলেন, সে সকল ব্যক্তিদের উপর কাজটি করা অবশ্যই ফরয (ফরযে কিফায়া) ছিল। আমাদেরকে মনে রাখতে হবে, জরুরত পরিমাণ ইলম শিক্ষা করা ফরযে আইন; কিন্তু ইলমের উপর পান্ডিত্য অর্জন করা, কিতাবাদি রচনা করে ইলমের সংরক্ষণ করা ইত্যাদি ফরযে কিফায়া। যারা এই কাজ আঞ্জাম দেয়ার মত যোগ্যতা রাখেন তাদের উপর তা ফরযে কিফায়া। আইম্মায়ে কেরাম যদি তখন ইলমের খেদমত (যা তখন তাদের উপর ফরযে কিফায়া ছিল, তা) বাদ দিয়ে জিহাদের (এটিও তখন তাদের উপর ফরযে কিফায়া ছিল, তার) মেহনত করতেন তাহলে উম্মত লাভবান হওয়ার পরিবর্তে ক্ষতিগ্রস্ত হতো বেশি। এবং তাঁরা (যোগ্যতা থাকা সত্ত্বেও ইলমের সংরক্ষণ না করার দায়ে) একটি গুরুত্বপূর্ণ ফরয তরকের গুনাহে দোষী হতেন। তাঁদের আজীবন সাধনার প্রেক্ষিতে কুরআন হাদীসের বিশুদ্ধ ইলম সংরক্ষিত হয়েছে, আলহামদুলিল্লাহ্, যা বর্তমান পর্যন্ত বিদ্যমান আছে এবং কিয়ামত পর্যন্ত বিদ্যমান থাকবে ইনশাআল্লাহ। যেহেতু বর্তমানেও ইলমের খেদমত করা ফরযে কিফায়া, অপরদিকে জিহাদ ফরযে আইন, তাই বর্তমানে আমরা যদি কেবল মসজিদ, মাদরাসা, মারকাজ আর খানকার খেদমত কিংবা অন্যান্য মেহনত নিয়ে সন্তুষ্ট হয়ে বসে থাকি, তাহলে আমাদের অবশ্যই ফরয তরক করার গুনাহ হবে। তাই, যে ভাই যেই মেহনতই করি না কেন, আমাদেরকে অবশ্যই পাশাপাশি জিহাদের ব্যাপারে চিন্তা ফিকির ও সক্রিয়ভাবে জিহাদ ফী সাবীলিল্লাহর মেহনতে অংশগ্রহণ করতে হবে, ইনশাআল্লাহ।

৩. দ্বীনের মধ্যে যত প্রকারের মেহনত ও রক্ষাপ্রাচীর আছে তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ চারটি, যথা: ইলম, তাযকিয়া, দাওয়াত ও জিহাদ। এর কোনো একদিকে দূর্বলতা থাকলে বাতিল সেদিক দিয়েই উম্মতকে আক্রমণ করবে। অর্থাৎ একথা থেকে বুঝা যায়, বাতিল যদি কোনো একদিকে আক্রমণ করে, বুঝতে হবে ঐ দিকটি উম্মতের দুর্বল হয়ে গেছে। তখন সেদিকটিকে শক্তিশালী করা উম্মতের উপর ফরয। আইম্মায়ে কেরামের সময় যেহেতু বাতিলের আক্রমণ ইলমী ময়দানে বেশি ছিল (অন্যদিকে জিহাদের ক্ষেত্রে উম্মত তখন যথেষ্ট শক্তিশালী ছিল), তাই তখন সেটিকে সুরক্ষিত করা জিহাদ করার চেয়েও গুরুত্বপূর্ণ ছিল। আলহামদুলিল্লাহ তাঁরা সেটি যথাযথভাবে পালন করেছেন। কিন্তু বর্তমানে উম্মত জিহাদের ক্ষেত্রে অধিকতর দুর্বল হয়ে যাওয়ায় সবদিক থেকে বাতিলের আক্রমণ ও আগ্রাসনের শিকার হচ্ছে, তাই বর্তমানে জিহাদ করা সক্ষম সকলের উপর ফরযে আইন। তাই বর্তমান সময়ে ইলমী খেদমত বা অন্যান্য মেহনতের পাশাপাশি (জিহাদের প্রয়োজনে সেগুলো বাদ দিয়ে হলেও) অবশ্যই জিহাদ করতে হবে, ইনশাআল্লাহ।

৪. যদিও আইম্মায়ে কেরামের সকলেই সরাসরি সশস্ত্র জিহাদ করেননি, কিন্তু তাঁরা কেউই কখনো বাতিলের সাথে আপোস করেননি। কোনো কুফরকে 'হেকমত' রূপে গ্রহণ করেননি। শাসকগোষ্ঠীর আনুগত্য করেননি। হীন স্বার্থসিদ্ধি কিংবা খারাপ উদ্দেশ্য নিয়ে তাদের দরবারে গমন করেননি। নগন্য দুনিয়াবী স্বার্থের কারণে তাঁদের ঈমান বিক্রি করেননি। বরং শাসকদেরকে সৎকাজে আদেশ এবং অসৎকাজে নিষেধ করেছেন (হাদীসের ভাষ্য অনুযায়ী যা সবচেয়ে বড় জিহাদ)। আর এ কাজ করতে গিয়ে, বাতিল/তাগুত/গোমরাহ/পথভ্রষ্ট শাসকবর্গের সামনে হক ও সত্য কথা বলার অপরাধে তাদের অনেককেই কারাবরণ করতে হয়েছে; নিষ্ঠুর-নির্মম নির্যাতনের শিকার হতে হয়েছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, বর্তমান যামানায় আমাদের অনেকেই তাগুতের গোলামী করে ও আইম্মায়ে কেরামের উল্টোপথে চলেও দাবী করছি যে, আমরা আইম্মায়ে কেরামের অনুসারী।

৫. সেই যামানার আইম্মায়ে কেরাম যদি বর্তমান সময়ে জন্মগ্রহণ করতেন, অবশ্যই তাঁরা কেবল "ইমামুল ফিকহ" হতেন না, "ইমামুল জিহাদ"ও হতেন, হতেন "মুজাহিদ ফী সাবীলিল্লাহ"ও। কেননা তাঁরা আমলের গুরুত্ব বুঝতেন, আমলের প্রয়োজনীয়তা বুঝতেন, ফরযে আইন অবস্থায় জিহাদ পরিত্যাগের ক্ষতি ও শাস্তির কথা তাঁরা উপলব্ধি করতেন। উম্মতের মাঝে জিহাদকে পুনর্জীবিত করতে, উম্মাহর উপর উত্তোলিত বাতিলের তরবারিগুলো ভেঙে ফেলতে মেহনত করতেন, সেজন্য কলম ধরতেন, সেজন্য লড়াই করে নিজের বুকের তাজা রক্ত ঢেলে দিতেন।

৬. আইম্মায়ে কেরাম সাহাবায়ে কেরামের অনুসারী ছিলেন। কেননা সাহাবায়ে কেরামের যিন্দেগীতে বিভিন্ন পরিস্থিতিতে জিহাদের দুইটি অবস্থাই ছিল। কখনো জিহাদ ফরযে আইন হতো তখন সকলকেই তাতে জুড়তে হতো, কেবল মুনাফিক ও অক্ষম ছাড়া আর কেউ তা থেকে পিছনে পড়তো না। আবার কখনো জিহাদ ফরযে কিফায়া হতো, তখন সবাই তাতে অংশগ্রহণ করতেন না।

আচ্ছা ভাই বলুনতো, ইসলামের প্রথম যুদ্ধ কী?.......... বদরের যুদ্ধ।

এটি আক্রমণাত্মক নাকি আত্মরক্ষামূলক?..........আক্রমণাত্মক বা ইকদামী (Offensive)। কেননা, আল্লাহর রাসূল ﷺ তৎকালীন মক্কার অন্যতম কাফের সরদার আবু সুফিয়ানের (তখনও তিনি মুসলমান হননি) বাণিজ্য কাফেলা আক্রমণ করতে বের হলেন। এই বাণিজ্য কাফেলাকে রক্ষা করার জন্য মক্কা থেকে বাহিনী আসলে বদর প্রান্তরে তারা মুসলমানদের মুখোমুখি হয়। যেহেতু এতে মুসলমানরা আক্রান্ত হয়নি, বরং মুসলমানরাই আগে বেড়ে আক্রমণ করতে গিয়েছে, তাই এটি ছিল আক্রমণাত্মক/ইকদামী (Offensive) জিহাদ।

এটি কি ফরযে আইন ছিলো, নাকি ফরযে কিফায়া?..........ফরযে কিফায়া। যেহেতু আক্রমণাত্মক তাই এটি ফরযে কিফায়া। এ কারণেই আল্লাহর রাসূল ﷺ মদীনার সকল সাহাবীদের সাথে করে নিয়ে বের হননি। মদীনায় তখন হাজারের উপর পুরুষ সাহাবী ছিলেন, এর মধ্য থেকে মাত্র ৩১৩ জন বা কিছু কম বা বেশি সংখ্যক সাহাবীকে নিয়ে 'আক্রমণাত্মক' এই অভিযানে বের হন। অর্থাৎ যুদ্ধটি ছিল ফরযে কিফায়া। এছাড়াও মূতা, মক্কা বিজয়, খাইবার অভিযান ইত্যাদি আক্রমণাত্মক যুদ্ধ ছিল। এবার আসুন বাকি যুদ্ধগুলো, যেমন: ওহুদ, খন্দক, তাবুক ইত্যাদি এগুলো ছিল প্রতিরক্ষামূলক/দেফায়ী (Defensive) যুদ্ধ। এই যুদ্ধগুলোতে মুসলমানদের উপর কুফ্ফাররা আগে বেড়ে আক্রমণ চালায়, যার ফলে 'নফীরে আম' এর পরিস্থিতি সৃষ্টি হয়। ফলে সকলের অংশগ্রহণ বাধ্যতামূলক (ফরযে আইন) ছিল। অন্যদিকে, আমাদের আইম্মায়ে কেরামের যামানায় যেহেতু জিহাদ ফরযে কিফায়া ছিল, আর তাঁদের সকলের জিহাদ করার প্রয়োজনও ছিল না, বরং তাঁরা ইলমের হিফাযতের জন্য ফরয (ফরযে কিফায়া) খিদমত আঞ্জাম দিচ্ছিলেন,

তাই তাঁরাও মূলত সাহাবায়ে কেরামের আদর্শের উপরই ছিলেন, কেননা, ফরযে কিফায়া যুদ্ধগুলোতে সকল সাহাবী যোগ দিতেন না।

প্রিয় ভাই! ভালো করে বুঝে নেই, মুসলিম উম্মাহর জন্য বর্তমান বিশ্বের প্রেক্ষাপট হলো ওহুদ, খন্দক কিংবা তবুকের যুদ্ধের ন্যায়, আর এই যুদ্ধগুলোতে সকল মুসলমানদের অংশগ্রহণ করা বাধ্যতামূলক ছিল। খন্দকের জিহাদের কাজ করতে গিয়ে স্বয়ং আল্লাহর রাসূলের ﷺ চার ওয়াক্ত নামায কাযা হয়ে যায়, এ থেকেই প্রতিরক্ষামূলক/দেফায়ী জিহাদের গুরুত্ব বুঝে আসে। কেবল মুনাফিক ও অক্ষম ছাড়া এই যুদ্ধগুলোতে সকল সাহাবায়ে কেরাম অংশগ্রহণ করেছিলেন। আর মুনাফেক সবর্প্রথম চিহ্নিতই হয় ইসলামের দ্বিতীয় যুদ্ধ- ওহুদের যুদ্ধের সময়। তাই আমরা যারা ফরযে আইন জিহাদ ত্যাগ করে ঘরে বসে আছি, জিহাদের ব্যাপারে কোনো চিন্তা ফিকির করছি না, সক্রিয়ভাবে জিহাদী মেহনতে জুড়ছি না, আমাদের "মুনাফেকী"র ব্যাপারে খুব ভয় করা দরকার। আল্লাহ তা'আলা আমাদেরকে নেফাক থেকে হেফাযত করুন। আমীন।

তাই আমরা যারা বলছি, "আইম্মায়ে কেরাম জিহাদ করেননি, তাই আমরাও জিহাদ করবো না।" তাদেরকে বলি-

* তাদের মাঝে কেউ কেউ যারা জিহাদ করেননি, তাঁরা দ্বীন বুঝেই জিহাদ করেননি, আর আমরা দ্বীন না বুঝার কারণে জিহাদ ত্যাগ করেছি।
* তাঁরা আল্লাহ তা'আলার কাছে জিহাদ তরককারীদের অর্ন্তভূক্ত ছিলেন না, কিন্তু আমাদের ব্যাপারে ভয় আছে।
* তাঁরা 'ফরযে আইন তরককারী' ছিলেন না, কিন্তু জিহাদ না করার কারণে আমরা তা হয়ে যাচ্ছি।
* তাঁরা জিহাদের গুরুত্ব বুঝেছিলেন, 'জিহাদ ফরযে আইন' না হওয়াতে তাঁরা অনেকে হয়তো তখন সশস্ত্র জিহাদ করেননি। অন্যদিকে, আমরা হয়তো জিহাদের গুরুত্ব বুঝছি না, এজন্য 'জিহাদ ফরযে আইন' হওয়া সত্ত্বেও জিহাদ করছি না; নতুবা, আমরা হয়তো জিহাদের গুরুত্ব বুঝেছি, কিন্তু 'ওয়াহানে' আক্রান্ত হওয়াতে জিহাদ করছি না।
* আইম্মায়ে কেরামের যামানায় মুসলিম জাহানে পরিপূর্ণ শান্তি ও নিরাপত্তা ছিল, কিন্তু ইলমী জগতে ছিল নানামুখী ফিতনা- এই কারণে জিহাদের উপর ইলমী খেদমতকে বেশি গুরুত্ব দেয়া ছিল তখন সময়ের দাবী। কিন্তু বর্তমানে পরিস্থিতি সম্পূর্ণ বিপরীত। বর্তমানে জিহাদ করা ফরযে আইন আর ইলমী খিদমত করা ফরযে কিফায়া। তাই আমরা একই কাজ করে অর্থাৎ জিহাদের উপর ইলমের মেহনতকে বেশি গুরুত্ব দিয়ে 'সময়ের ও অবস্থার নাজুকতার বিচারে' আইম্মায়ে কেরামের উল্টো পথে হাঁটছি। কেননা বর্তমানে আইম্মায়ে কেরাম উপস্থিত থাকলে অবশ্যই তারা জিহাদী মেহনত করতেন।
* তাঁরা জিহাদ না করার কারণে তাঁদের ব্যাপারে মুনাফেকীর ভয় ছিল না, তাঁদের যামানায় সেই পরীক্ষা আসেনি (অর্থাৎ তাঁদের উপর জিহাদ ফরযে আইন ছিল না); কিন্তু বর্তমানে সমস্ত উম্মতের উপর সেই পরীক্ষা চলছে, যা এসেছিল সাহাবাদের জামাতের উপর।

সুতরাং ভাই, সাবধান!..............

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ...

দ্বিতীয় কারণ:

প্রিয় নবী ﷺ ইরশাদ করেন,

وَإِنَّ فَضْلَ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِ الْقَمَرِ عَلَى سَائِرِ الْكَوَاكِبِ إِنَّ الْعُلَمَاءَ هُمْ وَرَثَةُ الأَنْبِيَاءِ إِنَّ الأَنْبِيَاءَ لَمْ يُوَرِّثُوا دِينَارًا وَلاَ دِرْهَمًا إِنَّمَا وَرَّثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

"নিশ্চয় ইবাদতকারীর উপর আলিমের মর্যাদা তারকারাজির উপর চাঁদের মর্যাদার সমতুল্য। আলিমগণ নবীগণের ওয়ারিস্। আর নবীগণ দীনার ও দিরহাম (টাকা-পয়সা) ওয়ারিসী স্বত্ব হিসেবে রেখে যাননি, বরং তারা ওয়ারিসী স্বত্বরূপে রেখে গেছেন ইলম (জ্ঞান)। যে ব্যক্তি তা গ্রহণ করলো সে যেন একটি পূর্ণ অংশ লাভ করলো।" (সুনানে ইবনে মাজাহ-২২৩)

রাসূলুল্লাহ্ ﷺ আরো ইরশাদ করেন:

فَضْلُ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَضْلِيْ عَلَى أَدْنٰى رَجُلٍ مِّنْ أَصْحَابِيْ

"একজন আলেমের শ্রেষ্ঠত্ব এবাদতকারীর উপর এমনি, যেমন আমার শ্রেষ্ঠত্ব সাহাবীদের উপর।"

(সহীহ, জামে' আত্ তিরমিজি-২৬৮৫, মিশকাতুল মাসাবিহ-২১৩)

লক্ষণীয় বিষয় হলো, এ হাদীস দ্বারা রাসূলুল্লাহ্ ﷺ এলেমকে কিভাবে নবুয়তের স্তরে রেখেছেন এবং এলেমহীন স্তরের মর্তবা কেমন করে ছোট করে দিয়েছেন। এই ইলম ছাড়া এবাদত হবে না। (এহইয়াউ উলূমিদ্দীন, খণ্ড ১, পৃ. ১৮)

আল্লামা ইমাম ইবনুল বার (رحمة الله) তার প্রসিদ্ধ হাদিস গ্রন্থ جامع بيان العلوم و فضله- গ্রন্থের **১/৩১** পৃষ্ঠায় হযরত আবু হুরায়রা (رضي الله عنه) হতে শহীদের উপরে আলেমের মর্যাদা প্রসঙ্গে একটি হাদিস বর্ণনা করেন। যেমন-

للانبياء على العلماء فضل درجتين و للعلماء على الشهداء فضل درجة

"নবীদের আলেমদের উপর দুই স্তর বেশি মর্যাদা রয়েছে । আর আলেমদের শহীদদের উপর একস্তর মর্যাদা রয়েছে ।"

হযরত ইমাম গায্যালী রাহিমাহুল্লাহ বলেন, "এ হাদীস দ্বারা ইলমের এমন মাহাত্ম্য প্রমাণিত হয় যে, ইলমের স্থান নবুওয়তের পরে এবং শাহাদাতের পূর্বে। অথচ শাহাদাতের শ্রেষ্ঠত্ব সম্পর্কে অসংখ্য হাদীস বর্ণিত আছে।" (এহইয়াউ উলূমিদ্দীন, খণ্ড ১, পৃ. ১৮)

যে ফজিলত গুলো বিভিন্ন আয়াত/(নির্ভরযোগ্য) হাদীসে বলা হয়েছে, সে অনুযায়ী বুঝে আসে, "কিয়ামতের দিন নবীদের পর আলেমদের মর্যাদা হবে আর আলেমদের পর হবে শহীদ বা মুজাহিদদের মর্যাদা।" এককথায়, উম্মতের মধ্যে সবচেয়ে বেশি মর্যাদাবান উলামায়ে কেরাম, এমনকি মুজাহিদ এবং শহীদদের থেকেও।

হাদীসগুলোর ভাবার্থ:

যাইহোক, ইলম ও আলেমের মর্যাদা সম্পর্কিত হাদীসগুলো থেকে আমরা অনেকেই এই ভাবার্থ গ্রহণ করে থাকি- "আমরা আলেমগণ তো উম্মতের মধ্যে শ্রেষ্ঠ। সকল আবেদের উপর আমাদের মর্যাদা। যেহেতু জিহাদ করা একটা আমল। তাই ইলম চর্চা সর্বাবস্থায় জিহাদ অপেক্ষা মর্যাদাবান। একজন মুজাহিদ (কেবল জিহাদ নিয়ে ব্যস্ত থাকেন

তিনি) হচ্ছেন আবেদ। আর একজন আলেম (যিনি এলেম চর্চা ও এলেমের খেদমতে নিয়োজিত থাকেন তিনি এরকম) হাজারটা আবেদ অপেক্ষা উত্তম। তাই, আমরা সর্বাবস্থায় মুজাহিদ অপেক্ষা শ্রেষ্ঠ। আর যেহেতু আমরা অধিক উত্তম কাজে নিয়োজিত আছি, আমাদের (আলেমদের) জিহাদ করার দরকার কী? আমাদের স্থানতো মুজাহিদদের উপরেই আছে? আমরা কেন নিচে নামব? আমরা তো অধিক গুরুত্বপূর্ণ ইবাদতই করছি? দ্বীনের অধিক গুরুত্বপূর্ণ খিদমতই করছি? তাই না?"

যুক্তিখণ্ডণ:

মুহতারাম ভাই!

এখন আমি আপনাদেরকে কিছু প্রশ্ন করছি, কোন্ আলেমের স্থান নবীদের পরে, কিন্তু শহীদের আগে?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যিনি সমাজে আলেম হিসেবে স্বীকৃত, অথচ নামায পড়েন না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম রোযা রাখেন না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম যাকাত ফরয হওয়া সত্ত্বেও যাকাত আদায় করেন না?

নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেমের উপর হজ্জ ফরয হওয়া সত্ত্বেও হজ্জ করেন না?

প্রশ্ন হচ্ছে, যেসব আলেম 'ফরযে আইন' উক্ত কাজগুলো করেন না, তাদের স্থান কি নবীদের পরে, আর শহীদের আগে হবে?...........

হবে না! কারণ, তিনি যত বড় আলেমই হোন না কেন, শরীয়ত তাকে 'একজন ফরয তরককারী' হিসেবে আখ্যায়িত করবে।

আর কোনো ফরয তরককারীর স্থান নবীদের পরে হবে, আর শহীদের আগে হবে, এটি কিভাবে সম্ভব?

তাই যদি হয়, তাহলে নবীদের পরেই কি সেই আলেমের স্থান হবে, যে আলেম তার উপর আপতিত অন্য কোনো 'ফরযে আইন' হুকুমকে আদায় করেন না?

তাহলে ভাই, একটু চিন্তা করুন, বর্তমান যামানায় জিহাদ যখন ফরযে আইন হয়ে গেছে, তখন আমরা যে সব আলেম জিহাদ করছি না, জিহাদের বিষয়ে কথা বলছি না, জিহাদের জন্য কলম ধরছি না, জিহাদের জন্য প্রস্তুতি নিচ্ছি না, জিহাদের জন্য উম্মতকে জাগ্রত করছি না, জিহাদের জন্য ময়দানে আসছি না, তাদেরকে কেন 'ফরয তরককারী' বলা হবে না? আর জিহাদ না করার কারণে আমরা যদি 'ফরয তরককারী' হই, তাহলে এমন একজন 'ফরযে আইন তরককারীর' স্থান কেন নবীদের পরে আর শহীদের আগে হবে?

প্রিয় ভাই!

আমরা কত বড় আলেম যে, আমাদের জিহাদ করা লাগে না?

আমরা কি হযরত আবূ বকর রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত ওমর রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত ওসমান রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?

আমরা কি হযরত আনাস বিন মালেক রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আবূ উবাইদা ইবনুল জাররাহ রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আব্দুল্লাহ ইবনে যুবাইর রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
আমরা কি হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রাদিয়াল্লাহু আনহুর চেয়েও বড় আলেম?
....
আমরা এমনি ভাবে কোন্ সাহাবী রাদিয়াল্লাহু আনহুর চেয়ে বড় আলেম? (নাউযুবিল্লাহ)
প্রিয় ভাই! উনারা কি উম্মতের সর্বশ্রেষ্ঠ আলেম ছিলেন না?
উনাদের সীরাত কি আপনি পড়ে দেখেননি?
উনাদের যিন্দেগীতে কি জিহাদ নেই?
উনারা কেন জিহাদ করেছেন? আর আমরা কেন জিহাদ করছি না?

"ফরযে আইন" অবস্থায় আল্লাহর রাসূলের ﷺ সাহাবাদের জামাতে থাকা সত্ত্বেও জিহাদ না করলে যদি 'আলেম' না হওয়া যায়, বরং মুনাফেকদের তালিকায় নাম চলে যায়, তাহলে বর্তমান যামানায় আমরা জিহাদ না করে, জিহাদের পক্ষে না থেকে, উল্টো পৃথিবীতে যেন জিহাদ না থাকে সেজন্যে জিহাদের বিরুদ্ধে আমাদের কেউ কেউ ফতোয়াবাজি করে কেন আমরা "মুনাফিক" হব না? জিহাদ না করেও কিভাবে আমরা আল্লাহ পাকের কাছে 'আলেম' সাব্যস্ত হব?

হায়! শুধু কুরআন-হাদীসের জ্ঞান থাকলেই যদি আলেম হয়ে যায়, তাহলে তো ইবলিস সবচেয়ে বড় আলেম!
হযরত ইমাম গায্যালী রাহি. তাঁর 'এহইয়াউ উলূমিদ্দীন' কিতাবে লিখেন, এক হাদীস শরীফে বর্ণনা করা হয়েছে,

خصلتانِ لا تجتمعانِ في منافقٍ حُسنُ سمتٍ ولا فقْهٌ في الدِّينِ

"মুনাফিকদের মধ্যে দুটি অভ্যাস পাওয়া যায় না। (১) চমৎকার পথ প্রদর্শন (হিদায়াত), (২) দ্বীনের ইলম (ফিকহ)।" (সুনানে তিরমিযি, হাদীস নং-২৬৮৪; এহইয়াউ উলূমিদ্দীন: খণ্ড ১, পৃ. ১৬)

তিনি আরো লিখেন, "মনে রাখতে হবে, সমসাময়িক ধর্মীয় জ্ঞানে জ্ঞানী (কিছু শব্দ ও বাক্যের অধিকারী) আলেমদের কপটতা (মুনাফেকী) দেখে এ হাদীস সম্পর্কে সন্দেহ করা ঠিক হবে না। কেননা 'ফেকাহ' শব্দ বলে আল্লাহর রাসূল ﷺ সে জ্ঞান বুঝাননি, যা আপনারা ধারণা পোষণ করে থাকেন। প্রকৃত ফেকাহবিদ তিনিই যিনি আখিরাতকে দুনিয়া অপেক্ষা উত্তম বলে মানে (এবং তাঁর যিন্দেগীতে তা প্রকাশ পায়)।" (এহইয়াউ উলূমিদ্দীন: খণ্ড ১, পৃ. ১৭)

সুতরাং ভাই, কেবল বাহ্যিক লেবাস-পোশাক আর ডিগ্রি দেখে যেন আমরা ধোঁকা না খাই!
আমাদের মাঝে যদি আখিরাতের ভয় থাকে, তাহলে কী করে আমরা 'ফরয তরককারী হওয়া'র ভয় করি না?
আমাদের মাঝে যদি আখিরাতের ভয় থাকে, তাহলে কী করে আমরা নিফাক্-এর ভয় করি না?
আমাদের মাঝে যদি আখিরাতের ভয় থাকে, তাহলে কী করে আমরা (উম্মাহর বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে নামায-রোযার মত একটি ফরয হুকুম) জিহাদ না করে ঘরে বসে থাকতে পারি?

জিহাদ ফরযে আইন হওয়া সত্ত্বেও আমরা কী করে কেবল মসজিদ মাদরাসা নিয়েই ব্যস্ত থাকতে পারি?
প্রিয় ভাই! একটু ভেবে দেখি- একটি দেশে ইলমী খিদমতের জন্য কি লক্ষ লক্ষ মুফতী, মুহাক্কীক আলেমের দরকার আছে?
সাহাবায়ে কেরামের মাঝে কি সকলেই ফতোয়া দিতেন? একটি দেশের ফতোয়ার খেদমত আঞ্জাম দেয়ার জন্য কয়জন মুফতী দরকার? নিশ্চয় লক্ষ লক্ষ মুফতী সাহেবের দরকার নেই!

'জিহাদ ফরযে আইন' অবস্থায় সকলকেই প্রথমে 'এলায়ে কালিমাতুল্লাহর মেহনত' জিহাদ ফী সাবীলিল্লাহয় আত্মনিয়োগ করতে হবে। অতঃপর 'আমীরে জিহাদ' প্রয়োজন অনুযায়ী কিছু সংখ্যক মুহাক্কীক আলেম ও মুফতী সাহেবকে ইলমী খেদমতে নিয়োজিত করতে পারেন। আমাদের মনে রাখতে হবে, সাহাবায়ে কেরামের মাঝে হাফেয, মুহাক্কীক আলেম ও মুফতী সাহাবীর সংখ্যা ছিল সীমিত, অথচ তারা সকলেই সাধারণভাবে মুজাহিদ ছিলেন। সুবহানাল্লাহ!

আসলে, সাহাবায়ে কেরামের যামানায় জিহাদকে একজন মুসলমানের যিন্দেগী থেকে আলাদা করার কথা কেউ কখনো ভাবতেও পারতেন না, যেমনভাবে নামায-রোযাকে আলাদা করার কথা ভাবা যায় না। একজন মুসলমান জিহাদ করবে না, এটা তাঁরা ভাবতেও পারতেন না। নিচের হাদীসটি লক্ষ্য করুন-

عن عبد الرحمان بن زيد بن أسلم عن أبيه :أن رسول الله صلى الله عليه وسلم قال :لا يزال الجهاد حلوا أخضر ما قطر القطر من السماء، وسيأتي على الناس زمان يقول فيه قراء منهم :ليس هذا زمن جهاد، فمن أدرك ذلك الزمان، فنعم زمان الجهاد، قالوا يا رسول الله أو أحد يقول ذلك؟ قال نعم ...من عليه لعنة الله والملاءكته والناس أجمعين

নবীজী ﷺ ইরশাদ করেন, "যতদিন পর্যন্ত আকাশ থেকে বৃষ্টি বর্ষিত হবে, ততদিন পর্যন্ত জিহাদ সতেজ ও সুমিষ্ট থাকবে। আর অদূর ভবিষ্যতে মানুষের জীবনে এমন একটি সময় আসবে, যে যুগের কিছু আলেম বলবে, এটি জিহাদের যুগ নয়। অতএব, যে ব্যক্তি সে যুগটি পাবে, তার জন্য সেটি হবে জিহাদের শ্রেষ্ঠ যুগ।" সাহাবায়ে কেরাম অবাক হয়ে বললেন, হে আল্লাহর রাসূল! একজন মুসলমান কি এমন কথা বলতে পারে? নবীজী ﷺ বললেন, "হ্যাঁ, এমন মুসলমানরা বলবে, যারা আল্লাহ, ফেরেশতা ও সমস্ত মানুষের অভিশাপে অভিশপ্ত।" (আস্সুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান, খ. ৩, পৃ. ৭৫১)

প্রিয় ভাই! তাহলে কেন আমরা জিহাদকে আমাদের যিন্দেগী থেকে আলাদা করে দিয়েছি?? এখনো কেন আমরা 'মুজাহিদ' হওয়ার স্বপ্ন দেখি না? এখনো আমরা কেন বসে আছি? জিহাদের ব্যাপারে কেন আমরা এত উদাসীন? আমরা উম্মতকে কেন সতর্ক করছি না? উম্মতকে কেন জিহাদের জন্য প্রস্তুত করছি না? তাদেরকে কেন জিহাদের জন্য 'তাহরীদ' (উদ্বুদ্ধ) করছি না? অথচ জিহাদ করা বর্তমানে ফরযে আইন।

আল্লাহ্ তা'আলা কি তাঁর প্রিয় হাবীব ﷺ-কে এই নির্দেশ দেননি?-

يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ حَرِّضِ ٱلْمُؤْمِنِينَ عَلَى ٱلْقِتَالِ

"হে নবী! আপনি মু'মিনদেরকে যুদ্ধের জন্য উদ্বুদ্ধ করুন।"

(সূরা আনফাল ০৮:৬৫)

প্রিয় ভাই! এখন তো আর নবী নেই, নবুওয়তও নেই। উম্মতকে জিহাদের জন্য উদ্বুদ্ধ করার দায়িত্ব এখন কার?? এই দায়িত্ব কি আল্লাহর রাসূলের ﷺ ওয়ারিশদের উপর একটুও বর্তায়নি?? আমরা কি কেবল কতিপয় শব্দ আর বাক্যের ওয়ারিশ-ই গ্রহণ করবো, নবুওয়তের ফেলে রাখা আর কোনো দায়িত্ব কি আমরা গ্রহণ করবো না???

হায়! 'তাহরীদ্ 'আলাল ক্বিতাল'-এর কাজ উলামায়ে কেরাম ছাড়া আর কে ভালোভাবে করতে পারবে? কেন আমরা এগিয়ে আসছি না? আল্লাহ তা'আলার কাছে আমরা কী হিসাব দিবো, কী জবাব দিবো, একটু চিন্তা করেছি কী?

প্রিয় ভাই! একটি বিষয় আমাদেরকে বুঝার চেষ্টা করতে হবে, ইনশাআল্লাহ। সেটি হল- 'যে সকল হাদীসে একজন সাধারণ উম্মতের উপর একজন আলেমের মর্যাদা বর্ণনা করা হয়েছে, তার উদ্দেশ্য অবশ্যই সে সকল উলামায়ে কেরাম হবেন, যারা এলেমের দাবী অনুযায়ী আল্লাহ্ পাকের অন্যান্য হুকুমের সাথে সাথে ফরযে আইন 'জিহাদ ফী সাবীলিল্লাহ্'র হুকুমও আদায় করেন। নচেৎ, ইনশাআল্লাহ, আল্লাহর রাস্তার একজন মুজাহিদের মর্যাদা (তিনি আলেম হোন কিংবা গাইরে আলেম) সর্বাবস্থায়ই 'ঘরে বসে থাকা' (ক্বয়ীদুন) একজন আলেমের উপর হবে, যেমনটি নিম্নের আয়াতে সুস্পষ্টরূপে উল্লেখ করা হয়েছে-

لَّا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ ۚ فَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً ۚ وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحُسْنَىٰ ۚ وَفَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ عَلَى الْقَاعِدِينَ أَجْرًا عَظِيمًا- دَرَجَاتٍ مِّنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً ۚ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا

"৯৫. গৃহে উপবিষ্ট মুসলমান (যারা লড়াই করার ব্যাপারে অনিচ্ছা প্রকাশ করে এবং জিহাদ ত্যাগ করার)- যাদের কোনো সঙ্গত ওযর নেই এবং ঐ সব মুসলমান যারা জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে, তারা সমান নয়। যারা জান ও মাল দ্বারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথেই আল্লাহ্ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহেদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন। ৯৬. এগুলো আল্লাহ তা'আলার পক্ষ হতে পদমর্যাদা, ক্ষমা ও করুণা; আল্লাহ ক্ষমাশীল ও করুণাময়।"

(৪ সূরা নিসা :৯৫-৯৬)

আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে দ্বীনের সঠিক বুঝ দান করুন। আমীন।

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ...

তৃতীয় কারণ:

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

يُوزَنُ يومَ القيامةِ مدادُ العلماءِ بدمِ الشهداءِ

"কিয়ামতের দিন আলেমদের লেখার কালি শহীদের রক্তের সাথে ওজন করা হবে।"

(এহইয়াউ উলূমিদ্দীন: খণ্ড ১, পৃ. ১৭)

ইবনে আব্দিল বার (رحمة الله) হযরত আবু দারদা (رضي الله عنه) থেকে যঈফ সনদে হাদিসটি বর্ণনা করেছেন।"

(তাখরিজু আহাদিসুল ইহ্ইয়াউল উলূম, হাদিস নং ৪)

আরেকটি হাদীসে এসেছে,

عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ ﷺ وُزِنَ حِبْرُ الْعُلَمَاءِ بِدَمِ الشُّهَدَاءِ فَرَجَحَ عَلَيْهِمْ

হযরত আবদুল্লাহ ইবনে উমর (رضي الله عنه) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ ﷺ ইরশাদ ফরমান, "কিয়ামতের দিন আলিমের কলমের কালি ও শহিদের রক্ত ওজন করা হবে, তখন আলিমের কলমের কালি শহিদের রক্তের চেয়ে ভারী হয়ে যাবে।"

(ইমাম ইবনে জাওযী, আল-ইললুল মুতনাহিয়্যাহ, ১/৭১ পৃ. হাদিস, ৮৩, মুত্তাকী হিন্দী, কানযুল উম্মাল, ১০/১৭৩ পৃ. হাদিস, ২৮৯০৩, তিনি ইবনে নাজ্জারের সূত্রে। সুয়ূতি, জামিউল আহাদিস: ১৮/১৬৯ পৃ. হা/১৯১৩৬; হাদীসের মান- দুর্বল, কেউ কেউ মাউযু বলেছেন।)

হাদীসের বিভিন্ন গ্রন্থে এই জাতীয় আরো বেশ কয়েকটি হাদীস পাওয়া যায়।

প্রিয় ভাই! একজন আলেমের কলমের কালি আর একজন শহীদের রক্তের তুলনামূলক হাদীসগুলো থেকে আমরা কেউ কেউ এমন কিছু ভাবার্থ গ্রহণ করি, যা আমাদেরকে জিহাদ বিমুখ করে কেবল ইলমী খেদমতেই লাগিয়ে রাখে; আমরা তাতেই সন্তুষ্ট হয়ে বসে থাকি। আপনি কি জানেন, হাদীসগুলো থেকে আমরা কী ভাবার্থ গ্রহণ করি?? ভাবার্থ: "হাশরের ময়দানে একজন আলেমের কলমের কালি আর শহীদের রক্ত ওজন করা হলে যেহেতু একজন আলেমের কলমের কালির ওজনই ভারী হবে, তাই আমরা (আলেমরা) বুকের রক্ত ঝরানোর চেয়ে কেবল কলমের কালি দিয়ে জিহাদ করাকেই বেশি ভালোবাসি। আমাদের আমল মীযানের পাল্লায় এমনিতেই বেশি ভারী হবে; তাই বেশি লাভজনক কাজ ছেড়ে আমরা কম লাভজনক কাজে নিয়োজিত কেন হব?"

যুক্তি খণ্ডন:

প্রিয় ভাই! এ সম্পর্কে কিছু কথা!

* মুহাক্কীক মুহাদ্দিসীনে কেরামের মতে, এই জাতীয় যতগুলো হাদীস পাওয়া যায়, সেগুলো যইফ (দুর্বল) কিংবা জাল (তথা বানোয়াট)। যেমন:

وبالجملة فالحديث ضعيف من جميع طرقه

"সমষ্ঠিগতভাবে এই হাদিসের সকল সূত্রই যঈফ।"

(সিলসিলাতুল আহাদিসিদ দ্বঈফাহ, হাদিস নং ৪৮৩২ এর ব্যাখ্যায়)

প্রিয় ভাই! 'আলেমের কালির ফযিলত' সম্পর্কে আলাদা কোন সহীহ হাদিসই পাওয়া যায় না, যার ভিত্তিতে আমরা আলেমের কালিকে শহীদের রক্তের চেয়ে বেশি গুরুত্ব দিতে পারি, দামি হবে তো দূরের কথা! অপরদিকে শহীদের রক্ত সম্পর্কে অনেক সহীহ হাদিস আছে, যার ভিত্তিতে আমরা প্রমাণ করতে পারি- শহীদের রক্তের মূল্য আল্লাহ্ পাকের কাছে অবশ্যই আলেমের কলমের কালি অপেক্ষা বেশি। যেমন: কিয়ামতের দিন শহীদের রক্ত হতে মেশকের ঘ্রাণ বের হওয়া, শহীদের প্রথম ফোঁটা রক্ত পড়ার সাথে সাথে ক্ষমা করে দেওয়া ইত্যাদি। (উক্ত হাদীসগুলো আমরা পূর্ববর্তী পর্বে আলোচনা করেছি।) আলেমের কলমের কালির ব্যাপারে সহীহ হাদীস সমূহে এই ধরণের কোনো ওয়াদা নেই। সুতরাং যেই বিষয়ে (আলেমের কলমের কালি সম্পর্কে) সহীহ হাদীসসমূহে কোনো আলোচনাই নেই, কিছু দুর্বল আর জাল হাদীসের উপর ভিত্তি করে সে বিষয়টিকে কুরআনের বহু আয়াত আর অসংখ্য সহীহ্ হাদীস দ্বারা প্রতিষ্ঠিত মর্যাদাশীল আরেকটি বিষয় (শহীদের রক্তের মর্যাদা)-কে আমরা কিভাবে ছোট ও খাটো করে দেখতে পারি? তাহলে, কিভাবে আমরা শহীদের রক্তের চেয়ে আলেমের কালিকে সর্বাবস্থায় ভারী বলতে পারি??? প্রকৃতপক্ষে, যইফ আর জাল হাদীসের ভিত্তিতে আলেমের কলমের কালিকে 'সর্বাবস্থায়' শহীদের রক্তের চেয়ে বেশি দামী বা ওজনদার মনে করা- এক প্রকারের 'চিন্তাগত বিভ্রান্তি'।

* প্রিয় ভাই! কার মর্যাদা বেশি হবে, এই বিষয়টি আপেক্ষিক। ইবাদতের মান অনুযায়ী পার্থক্য হয়। ইমাম মানাবি, ইবনুল কায়্যিম রহঃ এর এমন আলোচনা আছে । কখনো শহীদের মর্যাদা বেশি হবে, আবার কখনো আলেমের ফজিলতও বেশি হতে পারে তার আমলের মান অনুযায়ী। শহীদ হওয়া ছাড়া সিদ্দিকও শহীদ থেকে উপরের স্তরের হন। যেমনঃ আবু বকর রা.। তবে বর্তমানে ফরজে আইন জিহাদ থেকে দূরে থেকে একজন আলেমের পক্ষে একজন শহীদ কিংবা একজন মুজাহিদের চেয়ে বেশি ফজিলত লাভ করা, অথবা একজন সিদ্দিকের মর্তবা লাভ করা কোনভাবেই সম্ভব নয়।

* প্রিয় ভাই আমার! উপর্যুক্ত হাদীসগুলো যদি অকাট্যভাবে সহীহও হতো, তবুও এই কারণে জিহাদ ত্যাগ করা আল্লাহর রাসূল ﷺ কিংবা সাহাবায়ে কেরামের আদর্শ নয়। কেননা, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ ফরমান,

والذي نفسي بيده لوددت أني أقتل في سبيل الله، ثم أحيا، ثم أقتل، ثم أحيا، ثم أقتل، ثم أحيا ثم أقتل

"সে সত্তার শপথ যাঁর হাতে মুহাম্মাদের জান! অবশ্যই আমি আশা করি: আমি আল্লাহর রাস্তায় জিহাদে যাব এবং এতে শহীদ হয়ে যাব, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হবো, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হয়ে যাবো।" (বুখারী-৩১২৩ এবং মুসলিম-১৮৭৬)

যদি মীযানের পাল্লায় শহীদের রক্ত কলমের কালি অপেক্ষা হালকা হওয়ার কারণে জিহাদকে ইলমী খিদমত অপেক্ষা ছোট মনে করা হতো বা জিহাদে যাওয়াকে অপছন্দ করা হতো, তাহলে আল্লাহর রাসূল ﷺ এভাবে বারবার শহীদ হওয়ার তামান্না লালন করতেন না, জিহাদের তুলি দিয়ে আপন সীরাতকে রাঙাতেন না; বরং কলমের জিহাদ করে কেবল ঘরেই বসে থাকতেন। এ থেকেই প্রমাণিত হয়, কলমের কালি অপেক্ষা শহীদের রক্তের দাম অনেক বেশি। আর এই কথার বাস্তব প্রমাণ হল, আল্লাহর রাসূল ﷺ তাঁর পবিত্র যিন্দেগীতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সর্বমোট ৬৩ টি যুদ্ধাভিযানে নেতৃত্ব দিয়েছেন, যেগুলোর মধ্যে তিনি নিজে প্রত্যক্ষভাবে ২৭ টিতে উপস্থিত হয়ে নেতৃত্ব দিয়েছিলেন, কোনো কোনো যুদ্ধে তিনি গুরুতরভাবে আহত হয়েছেন, রক্তাক্ত হয়েছেন, দন্ত মোবারক শহীদও করেছেন।

* প্রিয় ভাই! শরীয়ত যেই আমলকে যতটুকু গুরুত্ব দিয়েছে, মীযানের পাল্লায় সেই আমলের ওজন ততটুকু হবে। যে আমলের গুরুত্ব বেশি তার ওজনও বেশি, যার গুরুত্ব তুলনামূলক কম, তার ওজনও তুলনামূলক কম হবে। যেমন: ফযরের দুই রাকাত ফরয নামাযের ওজন সর্বাবস্থায়ই (ফরযে কিফায়া) জানাযার নামাযের তুলনায় বেশি হবে।

এমনিভাবে, আলেম হওয়া বা ইলমের খিদমত করা ফরযে কিফায়া। কিন্তু জিহাদ যদিও সাধারণভাবে ফরযে কিফায়া, কিন্তু বর্তমানে সক্ষম প্রতিটি মুসলমানের উপর অবশ্যই জিহাদ করা ফরযে আইন। অর্থাৎ বর্তমানে শরীয়তের চাহিদা অনুযায়ী ইলমী ময়দানে খেদমতের তুলনায় জিহাদ করাটা বেশি জরূরী। তাই অবশ্যই, নিঃসন্দেহে বর্তমানে একজন আলেমের কলমের কালি অপেক্ষা একজন সাধারণ শহীদের রক্তের ওজন মীযানের পাল্লায় ভারী হবে, ইনশাআল্লাহ্। আবার, বর্তমান পরিস্থিতিতে একজন মুজাহিদ আলেমের মর্যাদা একজন সাধারণ আলেম কিংবা একজন সাধারণ মুজাহিদ অপেক্ষা অবশ্যই বেশি হবে, ইনশাআল্লাহ।

* প্রিয় ভাই! আরো লক্ষ্য করি, জিহাদ ফরযে আইন অবস্থায় জিহাদ না করলে আমরা 'ফরয তরককারী' সাব্যস্ত হব। সুতরাং একজন ফরয তরককারীর কলমের কালির কী মূল্য হতে পারে আল্লাহ্ পাকের কাছে? শহীদের রক্তের সাথে এমন একজন ব্যক্তির কলমের কালির তুলনা চলে কি, যে তার উপর আপতিত একটি ফরযে আইন হুকুম তরক করে চলেছে, যার কোনো তোয়াক্কাই সে করে না; এ নিয়ে যার কোনো মাথা ব্যাথাই নেই??? উপরন্তু কখনো কখনো সে এই ফরযে আইন হুকুমের বিরোধিতাও করে থাকে?? অন্যদিকে, একজন শহীদ?........যে নিজের স্ত্রী-সন্তান, পিতা-মাতা, ব্যবসা-বাণিজ্য, ক্যারিয়ার, সুরম্য অট্টালিকা, এককথায়, তার দুনিয়ার সকল কিছু এবং সবশেষে তার নিকট অবশিষ্ট, দুনিয়ার সর্বাধিক প্রিয় বস্তু- তার আপন জীবনটুকুও আল্লাহর ফরয বিধান পালনার্থে কুরবানী হিসেবে পেশ করল! এই দুই জনের মধ্যে কী করে তুলনা করা চলে ভাই???.............

* বিশেষ দ্রষ্টব্য: কখনো এমন হতে পারে যে, শহীদের মর্তবার চেয়ে স্বাভাবিক আমল কারীর মর্যাদাও বেশি হতে পারে। যেমন: এক হাদিসে আছে, এক বছর পর মৃত্যুবরণ করে এক সাহাবী শহীদের উপরের মর্তবা লাভ করেন। এর কারণ হয়ত এই যে, তখন জিহাদ ফরজে কিফায়া ছিল। তাছাড়া, উভয় সাহাবীই জিহাদের ময়দানে ছিলেন, আল্লাহর রাহে যুদ্ধ করেছেন, শাহাদাতের আশা উভয়েরই ছিল, বাকি! স্বাভাবিক মৃত্যুবরণকারী সাহাবী এক বছর বাড়তি আমলের সুযোগ পেয়েছেন, যা উনার মর্তবা আরো বাড়িয়ে দিয়েছে। ব্যাপারটি এমন ছিল না যে, এক বছর পর স্বাভাবিকভাবে মৃত্যুবরণকারী সাহাবী জিহাদ না করে কেবল ঘরে বসে ইবাদত-বন্দেগী করেই শহীদের উপর মর্তবা অর্জন করেছিলেন। তাহলে ভাই! বর্তমানে ফরজে আইন জিহাদ পরিত্যাগকারী কারও ব্যাপারে এটা কী করে ধারণা করা যায় যে, তিনি ফরযে আইন জিহাদ না করে কেবল কিছু নফলের পাবন্দী করেই একজন শহীদের উপর মর্তবা লাভ করবেন, তা তিনি যে-ই হোন না কেন?? এটি কি ভাই যৌক্তিক কোনো কথা হলো?...........

* আল্লাহর রাসূলের ﷺ যামানায়, যখন নাযিলকৃত শরীয়তের হুকুম আহকাম পালন এবং সমাজে দ্বীন প্রতিষ্ঠার জন্য ইলমী মেহনত এবং জিহাদ উভয়ই গুরুত্বপূর্ণ ছিল, ফলে সাহাবায়ে কেরাম দুটোকেই গুরুত্ব দিয়েছেন। তথাপি যখন জিহাদ ফরযে আইন হয়ে যেত (যেমন- ওহুদের যুদ্ধ, খন্দকের যুদ্ধ ইত্যাদি), তাঁরা সুফ্ফার (ইলমী) স্বাভাবিক মেহনত ও খেদমত বাদ দিয়ে আল্লাহর রাসূলের ﷺ সাথে জিহাদে শরীক হয়ে যেতেন। অবশ্য জিহাদের ময়দানেও ইলমী মেহনত জারি থাকত, যে বিষয়ে আমরা পূর্বে আলোচনা করে এসেছি। সুতরাং আমাদেরকেও জিহাদী মেহনত

এবং ইলমী মেহনত/খেদমত উভয়টিই সমানতালে চালিয়ে যেতে হবে, ইনশাআল্লাহ। আর বর্তমানে যেহেতু জিহাদ ফরযে আইন হয়ে গিয়েছে, তাই জিহাদকে অধিক গুরুত্ব দিতে হবে ইনশাআল্লাহ।

* প্রিয় ভাই! বর্তমানে যদি জিহাদের মেহনত না করা হয়, তাহলে আমরা ফরয তরককারীদের অন্তর্ভূক্ত হয়ে যাব এবং মর্তবার দিক থেকে মুজাহিদ ভাইদের থেকে অনেক পিছিয়ে পড়ব। (জিহাদ ফরযে আইন হওয়া সত্ত্বেও) জিহাদ না করে যদি আমরা ঘরে বসে থাকি, তাহলে কুরআনের ভাষায় আমরা 'ক্বয়ীদূন' (গৃহে উপবিষ্ট মুসলমান)! আর এ ধরণের ব্যক্তিরা কখনোই আল্লাহর রাস্তায় জিহাদকারীদের সমকক্ষ হবে না। যে আয়াতটি আমরা পূর্বেও উল্লেখ করেছি, আবারো স্মরণ করিয়ে দিচ্ছি-

لَّا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ ۚ فَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً ۚ وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحُسْنَىٰ ۚ وَفَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ عَلَى الْقَاعِدِينَ أَجْرًا عَظِيمًا– دَرَجَاتٍ مِّنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً ۚ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا

"৯৫. গৃহে উপবিষ্ট মুসলমান (যারা লড়াই করার ব্যাপারে অনিচ্ছা প্রকাশ করে এবং জিহাদ ত্যাগ করার)- যাদের কোনো সঙ্গত ওযর নেই এবং ঐ সব মুসলমান যারা জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে, তারা সমান নয়। যারা জান ও মাল দ্বারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথেই আল্লাহ্ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহেদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন। ৯৬. এগুলো আল্লাহ তা'আলার পক্ষ হতে পদমর্যাদা, ক্ষমা ও করুণা; আল্লাহ ক্ষমাশীল ও করুণাময়।"

(৪ সূরা নিসা :৯৫-৯৬)

* সুতরাং প্রিয় ভাই, আল্লাহ্ পাকের কাছে সেই সকল ভাইদের মর্তবার কথা চিন্তা করি, যারা আল্লাহ্ তা'আলার কাছে একই সাথে আলেম এবং মুজাহিদ হিসেবে বিবেচিত। সুবহানাল্লাহ। আল্লাহ্ পাক ভাইদের মর্যাদা আরো অনেক বাড়িয়ে দিন এবং তিনি তাঁর আপন শান ও খুশি অনুযায়ী ভাইদেরকে প্রতিদান দান করুন। আমীন।

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ....

চতুর্থ কারণ:

অন্য আরেকজন জিহাদ না করার আরেকটি সুন্দর(?) কারণ বয়ান করলেন, যা আপাতদৃষ্টিতে 'অত্যন্ত যুক্তিযুক্ত' বলেই মনে হয়। তার কথাগুলোর ভাবার্থ ছিল মোটামুটি এরকম-

"সবাই তো আর সকল খেদমত একসাথে করতে পারবে না। একেকজনকে একেকটা খেদমত করতে হবে। দ্বীনের মাঝে অনেক কাজ বা আমল আর মেহনত বিদ্যমান। সকল খেদমত মিলে একটা পরিপূর্ণ দ্বীন। যেমনভাবে একটা বাড়ি তৈরি করতে হলে বিভিন্ন রকম লোকের প্রয়োজন পড়ে। রাজমিস্ত্রী, কাঠমিস্ত্রি, ইলেক্ট্রিক মিস্ত্রি, স্যানিটারি মিস্ত্রি ইত্যাদি। সকলের কাজ মিলে একটা বিল্ডিং তৈরি হয়। একইভাবে, দ্বীনের কাজগুলোও এমন। সবাই তো আর সব করবে না। কেউ ইলমী খেদমত করবে, কেউ খানকার, কেউবা দাওয়াত আর কেউবা জিহাদ করবে। সবার খেদমত মিলেই ইসলাম পরিপূর্ণ হবে।"

প্রিয় ভাই! উপর্যুক্ত এই উক্তিটির দ্বারা এই ভাবার্থ বুঝে আসে যে- অন্য ভাইয়েরা জিহাদ করতে থাকুন আর আমাকে আপাততঃ জিহাদ না করলেও চলবে। আল্লাহ্ পাক যেহেতু আমাকে ইলমী যোগ্যতা দিয়েছেন, তাই ইলমী ময়দানে বিচরণ করেই যিন্দেগী পার করে দিব। এটাই সর্বোত্তম। ইত্যাদি..........।

যুক্তিখণ্ডন:

* প্রিয় ভাই! প্রথম কথা হলো- এটি হল "খণ্ডিত ইসলামের দর্শন"। নফীরে আম বা জিহাদ ফরযে আইন অবস্থায় এই ধরণের শ্রেণি-বিভাজন করা কিংবা অন্য কোনো মেহনতের অজুহাতে জিহাদ থেকে পিছিয়ে থাকা বৈধ নয়; সকলকেই যার যার অবস্থান থেকে 'জিহাদ ফী সাবীলিল্লাহ'র কাজে শরীক হতে হবে। যে যেখানেই থাকুক, দ্বীনী যে কোন খেদমতই করুক না কেন, যে পেশাতেই থাকুক না কেন, সকলকেই জিহাদ করতে হবে, জিহাদে অংশগ্রহণ করার পর আমীর যাকে যে কাজে কিংবা দ্বীনী খেদমতে নিয়োজিত করবেন তখন তিনি সে কাজ করবেন; যেমনটি আমরা তাবুক, খন্দক, উহুদ ইত্যাদি জিহাদের ক্ষেত্রে দেখতে পাই।

* দ্বিতীয়তঃ ঐ ভাইয়ের উদাহরণটি আরেকটু বিশ্লেষণ করা যাক! তাহলেই বিষয়টি পরিষ্কার বুঝে আসবে, ইনশাআল্লাহ্। একটি প্রাসাদ তৈরি করতে অনেক ধরণের মিস্ত্রির প্রয়োজন- কথা ঠিক আছে। কিন্তু মনে করুন, সকল মিস্ত্রিরা দালানে কর্মরত অবস্থায় শর্টসার্কিট হয়ে দালানের কোনো এক অংশে হঠাৎ আগুন লেগে গেল, তখন অবস্থা কী দাঁড়াবে? তখন কি প্রত্যেকে নিজ নিজ কাজ নিয়ে ব্যস্ত থাকবে, নাকি যার যা কাজ তা ফেলে আগে সকলে মিলে আগুন নিভানোর চেষ্টায় লিপ্ত হবে? যদি সবাই মিলে আগুন না নিভানোর চেষ্টা করে কিংবা মনে করে- এটা তো কেবল ফায়ার সার্ভিসের কাজ আর এমতাবস্থায় প্রত্যেকে যার যার কাজ করতেই থাকে (যেমন রাজ মিস্ত্রি রাজের কাজ, রঙ মিস্ত্রি রঙের কাজ, স্যানিটারী মিস্ত্রি স্যানিটারীর কাজ, ইলেকট্রিক মিস্ত্রি ইলেকট্রিকের কাজ.......ইত্যাদি) তাহলে সকলের পরিণতি কী হবে তা কি ভাবা যায়? সকলেই জ্বলে-পুড়ে কি ভস্ম হয়ে যাবে না?? ঠিক এমনিভাবে ইসলাম বা উম্মাহ্ একটি দালানের মত-এই কথাটিও ঠিক আছে। আমরা যার যার দায়িত্ব আঞ্জাম দিতে থাকব। আর যখন মুসলমানদের উপর কুফফারদের আগ্রাসন চলে আসে তখন সেটা দালানে আগুন লেগে যাওয়ার মত। তখন সকলকে সেই আগুন নিভানোর চেষ্টায় লিপ্ত হতে হবে। নতুবা এর করুণ পরিণতি সকলকেই উপভোগ করতে হবে। আল্লাহ্ তা'আলা আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।

• আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ....

পঞ্চম কারণ:

রাসূলুল্লাহ্ ﷺ ইরশাদ করেন-

وَإِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الأَنْبِيَاءِ وَإِنَّ الأَنْبِيَاءَ لَمْ يُوَرِّثُوا دِينَارًا وَلاَ دِرْهَمًا وَرَّثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

"আলেমগণ হলেন নবীদের উত্তরসূরি। নবীগণ কোন দীনার বা দিরহাম (টাকা-পয়সা) মীরাসরূপে রেখে যান না; তারা উত্তরাধিকার সূত্রে রেখে যান শুধু ইলম। সুতরাং যে ইলম অর্জন করেছে সে পূর্ণ অংশ গ্রহণ করেছে।"

(সহীহ, সুনানে আবু দাউদ, হাদিস নং ৩৬৪১; ইবনু মাজাহ- ২২৩; দারেমী-৩৪২; রিয়াদুস্ সালেহীন-১৩৯৬)

ভাবার্থ: এই হাদীস থেকে আমরা অনেকেই এই রকম চিন্তা করি-"আলহামদুলিল্লাহ্, আমিতো একটি মাদরাসা থেকে পাস করে আলেম হয়েছি। যেহেতু আমি ইলম অর্জন করেছি, তাই আমি আল্লাহর রাসূলের ওয়ারিশ বা উত্তরাধিকার হয়ে গিয়েছি।" এভাবে ভাবার দ্বারা আমাদের মাঝে এক ধরণের আত্মতৃপ্তি এসে যায়। হাশরের ময়দানে নবীদের পরেই আমরা নিজেদের অবস্থানকে কল্পনা করতে থাকি। আর অন্যদিকে আমরা ইলম চর্চা/ইলমী খিদমতের পাশাপাশি দ্বীনের অন্যান্য আমল ও মেহনতকে উপেক্ষা করে চলতে থাকি। আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর বাকী আমল/মেহনতগুলো করার ব্যাপারে কোনো ফিকির করিনা।

আমরা কোন্ নবীর ওয়ারিশ?

প্রিয় ভাই!

আমরা অনেকেই কোনো একটি মাদরাসা হতে কেবল একটি ডিগ্রি বা সার্টিফিকেট অর্জন করতে পারলেই নিজেকে 'আলেমে দ্বীন' মনে করি। দাবী করি, আমার সিলসিলা (আমি-আমার উস্তাদ- তাঁর উস্তাদ- উস্তাদের উস্তাদ..... এভাবে) প্রিয় নবীজী ﷺ -পর্যন্ত পৌঁছে। এতটুকু অর্জন করতে পারলেই আমরা ভাবতে থাকি, আমরা আল্লাহর রাসূলের ﷺ ওয়ারিশ হয়ে গিয়েছি।

কিন্তু ভাই! প্রশ্ন হল,

আমি কি শুধু কিছু শব্দ আর বাক্যের ওয়ারিশ?

আমি কি শুধু ইলমের ওয়ারিশ?

তাহলে, আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর ওয়ারিশ কারা?

আল্লাহর রাসূলের ﷺ সীরাতের ওয়ারিশ কারা?

আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর আমলসমূহের ওয়ারিশ কারা?

প্রিয় ভাই!

আমরা তো রাসূল ﷺ-এর যিন্দেগীকেই আদর্শ মনে করি। তাই না!

'জিহাদ' কি আল্লাহর রাসূলের ﷺ আদর্শের অন্তর্ভূক্ত নয়?

'জিহাদ' কি আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর অংশ নয়?

'জিহাদ' কি আল্লাহর রাসূলের ﷺ সুন্নাহ নয়?

'জিহাদ' কি আল্লাহর রাসূলের ﷺ রেখে যাওয়া অন্যতম সম্পত্তি নয়?

রাসূল ﷺ কি জিহাদের ময়দানে দান্দান মুবারক শহীদ করেননি?

রাসূল ﷺ কি জিহাদের ময়দানে রক্তাক্ত হননি?

আল্লাহর রাসূল ﷺ কি বলেননি,

بُعِثتُ بالسيفِ بينَ يدَي الساعةِ حتى يُعبدَ اللهُ وحدَه لا شريكَ له

"কিয়ামতের পূর্ব মুহূর্তে আমাকে তরবারি সহকারে পাঠানো হয়েছে, যাতে করে এই যমীনে এক আল্লাহর ইবাদত করা হয়, যার কোনো শরীক নেই।" (মুসনাদে আহমাদ-৫১১৪)

তাহলে, আল্লাহর রাসূলের ﷺ তরবারির ওয়ারিশ কারা?

আল্লাহর রাসূল ﷺ কি বলেননি,

جعل رزقي تحت ظل رمحي

"আমার রিযিক বর্শার ছায়াতলে রাখা হয়েছে।" (বুখারী শরীফ-১/৪০৮)

তাহলে, তরবারির নিচে তাঁর ﷺ কোন ওয়ারিশরা রিযিক অন্বেষণ করবে?

আল্লাহর রাসূল ﷺ কি কুফফার নেতৃবৃন্দকে উদ্দেশ্য করে বলেননি,

أتسمعون يا معشر القريش، أما والذى نفس محمد بيدة لقد جئتكم بذبح

"হে কুরাইশের দল, তোরা কি আমার কথা শুনতে পারছিস? ঐ সত্তার কসম করে বলছি যার হাতে আমি মুহাম্মাদের জীবন! নিশ্চয় আমি তোদেরকে জবাই করতে এসেছি।" (সীরাতে ইবনে হিশাম, পৃষ্ঠা: ৩২০)

তাহলে ভাই, উম্মাহর উপর তরবারি উত্তোলনকারী কাফেরদেরকে আল্লাহর রাসূলের ﷺ কোন ওয়ারিশগণ জবাই করবে?

বীরত্ব ও বাহাদুরির ক্ষেত্রে রাসূলুল্লাহ ﷺ এর স্থান কি সকলের উপরে ছিল না? তিনি কি সর্বশ্রেষ্ঠ বীর ছিলেন না? কঠিন পরিস্থিতিতে বিশিষ্ট বীর পুরুষদের যখন পদস্খলন হয়ে যেত, তখনও কি রাসূলুল্লাহ ﷺ দৃঢ়তার সাথে টিকে থাকতেন না? সে সুকঠিন সময়েও কি তিনি পশ্চাদপসরণ না করে সামনে অগ্রসর হতেন না? তাঁর দৃঢ়চিত্ততায় এতটুকু বিচলিত ভাবও আসত না। এটাই কি আল্লাহর রাসূলের আদর্শ ছিল না?

হযরত ইবনে উমর রাদিয়াল্লহ আনহু কি বলেননি,

مَا رَأَيْتُ أَشْجَعَ وَلَا أَنْجَدَ وَلَا أَجْوَدَ ولا أرضى مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

"আমি রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা না কোনো বীর, সরল ও উদারপ্রাণ ব্যক্তি দেখেছি এবং না অন্যান্য চরিত্র গুণেও তাঁর চাইতে পছন্দনীয় কাউকে দেখেছি।" (নশরুত্তীব) [https://shamela.ws/book/23645/225#p3]

হযরত আলী রাদিয়াল্লহু আনহু কি বলেন নি,

إِنَّا كُنَّا إِذَا حَمِيَ الْبَأْسُ- وَيُرْوَى اشْتَدَّ الْبَأْسُ- وَاحْمَرَّتِ الحدق، اتقينا برسول الله صلّى الله عليه وسلم فَمَا يَكُونُ أَحَدٌ أَقْرَبَ إِلَى الْعَدُوِّ مِنْهُ .وَلَقَدْ رَأَيْتُنِي يَوْمَ بَدْرٍ وَنَحْنُ نَلُوذُ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُوَ أَقْرَبُنَا إِلَى الْعَدُوِّ، وَكَانَ مِنْ أَشَدِّ النَّاسِ يَوْمَئِذٍ بَأْسًا

"যে সময় যুদ্ধের বিভীষিকা দেখা যেত এবং সুকঠিন পরিস্থিতি সৃষ্টি হতো, সে সময় আমরা রাসূলুল্লাহ্ ﷺ-এর ছত্র ছায়ায় আশ্রয় নিতাম। কারণ, তখন তিনিই থাকতেন কাফেরদের সবচেয়ে নিকটবর্তী। বদর যুদ্ধে আমরা তাঁর আড়ালে আশ্রয় নিতাম। তাঁর চেয়ে বেশি দৃঢ়তার সাথে অন্য কেউ শত্রুর মোকাবিলা করতে পারতো না।" (শাফী, কাজী আয়ায, প্রথম খণ্ড, পৃ. ৮৯) [https://shamela.ws/book/23645/225#p4]

হুনাইনের যুদ্ধের দিনও রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা অধিক দুঃসাহসী, বীর ও নির্ভীক কাউকে দেখা যায়নি। (মাদারেজুন্নবুওয়ত)

এভাবে প্রতিটি যুদ্ধে তিনি ﷺ-ই ছিলেন সর্বশ্রেষ্ঠ বীর।

তাহলে, তাঁর ওয়ারিশ হয়েও আমাদের যিন্দেগীতে এত কাপুরুষতা কেন?

আল্লাহর রাসূল ﷺ কি কাফের ও মুনাফেকদের প্রতি কঠোর ছিলেন না?

আল্লাহ তা'আলা কি ইরশাদ করেননি,

يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ جَٰهِدِ ٱلْكُفَّارَ وَٱلْمُنَٰفِقِينَ وَٱغْلُظْ عَلَيْهِمْ ۚ وَمَأْوَىٰهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ ٱلْمَصِيرُ

"হে নবী! আপনি কাফের ও মুনাফেকদের সাথে জিহাদ করুন এবং তাদের প্রতি কঠোর হোন। তাদের ঠিকানা জাহান্নাম। কত নিকৃষ্ট আশ্রয়স্থল সেটি!" (সূরা তাহরীম ৬৬: ৯)

مُّحَمَّدٌ رَّسُولُ اللَّهِ ۚ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ۖ

"মুহাম্মাদ আল্লাহর রাসূল। তাঁর সাথে যারা আছে তারা কাফেরদের প্রতি অত্যন্ত কঠোর এবং নিজেদের মধ্যে অত্যন্ত রহম দিল।" (৪৮ সূরা ফাৎহ: ২৯)

আল্লাহ্ তা'আলা কি প্রতিটি মুমিনকে এই হুকুম করেননি-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا آبَاءَكُمْ وَإِخْوَانَكُمْ أَوْلِيَاءَ إِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْإِيمَانِ ۚ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَأُولَٰئِكَ هُمُ الظَّالِمُونَ

"হে মুমিনগণ! তোমরা তোমাদের নিকটবর্তী কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে যাও; আর তারা যেন তোমাদের মাঝে কঠোরতা অনুভব করে। আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সাথে রয়েছেন।" (০৯ সূরা তাওবা: ১২৩)

এরপরও কি আমরা কাফেরদের প্রতি কঠোর হব না?

আমরা কি শুধু 'দাওয়াতের খাতিরে কাফেরদের সাথে উত্তম আচরণ' করার সুন্নত'ই আঁকড়ে ধরে রাখব? যখন আল্লাহর হুকুম আসল তাদের প্রতি কঠোর হওয়ার, তখনও কি আমরা তাদের প্রতি কঠোর হব না? কী হল ভাই আমাদের?

কাফেররা যখন দুনিয়া থেকে ইসলাম ও মুসলমানদের নাম নিশানা মুছে ফেলার ষড়যন্ত্রে লিপ্ত, তখন কেন আমরা তাদের প্রতি কঠোর হবো না?

আমরা কি শুধু মিষ্টি খাওয়ার সুন্নত-ই আদায় করব? আল্লাহর রাসূলের দাঁত ভাঙ্গা'র সুন্নত আদায় করব না?

আল্লাহর রাসূল ﷺ কি বলেননি,

وَأَنَا الْحَاشِرُ ، وَنَبِيُّ الْمَلاحِمِ

"আমি একত্রকারী, আমি যুদ্ধের নবী (নাবিয়্যুল মালাহিম)"

(শামায়েলে তিরমিযি, হাদিস নং-২৮৩; মুসনাদে আহমাদ, হা/২৩৪৯২; শারহুস্ সুন্নাহ, হা/৩৬৩১; মুস্তাদরাকে হাকেম, হা/৪১৮৫; মুসান্নাফে ইবনে আবি শাইবা, হা/৩২৩৫১; মুস্নাদুত তায়ালুসী, হা/৪৯৪)

তাহলে বলুন ভাই, আল্লাহর রাসূলের ওয়ারিশগণ যুদ্ধ করবে না কেন?

আল্লাহর রাসূল ﷺ কি প্রত্যক্ষ ভাবে ২৭ টি যুদ্ধের নেতৃত্ব দেননি?

আল্লাহর রাসূল ﷺ কি পরোক্ষভাবে ৪৬ টি যুদ্ধের নেতৃত্ব দেননি?

তাহলে, আমরা যে রাসূলের ওয়ারিশ দাবী করি, আমাদের জীবনে যুদ্ধ কোথায়? আমাদের জীবনে জিহাদ কোথায়? আমাদের সিলসিলায় কোথায় এসে যুদ্ধ 'নাই' হয়ে গেল? কোথায় এসে 'জিহাদ' হারিয়ে গেল?

এরপরেও কি রাসূলে কারীম ﷺ-এর ওয়ারিশ দাবী করতে আমাদের লজ্জা বোধ হবে না?
এভাবে আমরা আর কতদিন আত্মতৃপ্তিতে ভুগব?
এভাবে আমরা আর কতদিন নিজের মনকে বুঝ দিয়ে যাব?
আর কতদিন আমরা এভাবে নিজেদেরকে ধোঁকা দিতে থাকব?
আর কতকাল আমরা 'অলীক' তৃপ্তির ঢেকুর তুলতে থাকব?
কবে আমরা 'তাত্ত্বিক ইসলামের দর্শন' পরিত্যাগ করে 'নববী মানহাজের' উপর উঠব?
কবে আমরা 'খণ্ডিত ইসলামের' দর্শন ত্যাগ করে 'পরিপূর্ণ ইসলাম'কে আঁকড়ে ধরব?
কবে আমরা জিহাদের কথা বলব?
কবে আমরা জিহাদের পক্ষে লিখব?
কবে আমরা জিহাদের প্রস্তুতি নিব?
কবে আমরা হকের পথে লড়ব?
কবে ভাই, আর কবে?

মাদরাসাগুলো কোন আদর্শে পরিচালিত হওয়ার কথা ছিল:

ইসলামের শুরু লগ্ন থেকেই তা'লীম ও জিহাদের একসাথে পথ চলা। আল্লাহর রাসূল ﷺ-এর পবিত্র যিন্দেগী থেকে তা'লীম ও জিহাদকে আলাদা করার কোনো সুযোগ কারো নেই?

প্রিয় ভাই!

এমন একটা নজির কি কেউ কখনো দেখাতে পারবেন, কুফ্ফাররা মুসলমানদের উপর আক্রমণ করেছে, আর নবীজী ﷺ কিছু সাহাবাদেরকে নিয়ে প্রতিরোধ জিহাদ করেছেন, অন্যদিকে অন্যান্য সাহাবাগণ মাদারাসা নিয়ে পড়ে আছেন?................

এ থেকেই কি (জিহাদ ফরযে আইন অবস্থায়) 'মাদরাসার মেহনত' থেকে জিহাদের মেহনতের অধিক গুরুত্ব প্রমাণিত হয়না?

আসহাবে সুফ্ফা মাদরাসা কি নবীজীর ﷺ যামানায় ছিল না? মাদরাসার ইতিহাস কি দারুল উলূম দেওবন্দ থেকে শুরু হয়েছে? মাদরাসার ইতিহাস কি মদীনা ভার্সিটি কিংবা কায়রোর আল আযহার ভার্সিটি থেকে শুরু হয়েছে? না! মাদরাসার ইতিহাস তো শুরু হয়েছে সেদিন, যেদিন আমার নবী ﷺ মক্কায় সাহাবী হযরত আরকাম বিন আবিল আরকাম রা. এর ঘরে কুরআনের তা'লীম শুরু করেছিলেন। এরপর মদীনায় হিজরতের পর 'সুফ্ফা' প্রতিষ্ঠা করেছিলেন।

যেই মাদরাসার আদর্শ আল্লাহর রাসূলের সাথে মিলবে সেটাকেই প্রকৃত মাদরাসা বলা যাবে। কেবল কুরআন হাদীস শিক্ষা আর গবেষণা করলেই যদি তার নাম 'মাদরাসা' হয়ে যায় তাহলে এমন বহু মাদরাসা ইহুদীদেরও আছে, এমন অনেক মাদরাসা খ্রিস্টানদেরও আছে, যেগুলোতে বাইবেল/তালমুদ নয়, কুরআনই পড়ানো হয়; ওল্ড বা নিউ টেস্টামেন্ট নয়, সেগুলোতে হাদীসেরই দরস দেয়া হয়, যেগুলোতে ইসলাম নিয়েই গবেষণা করা হয়। বরং তাদের মেহনত, তাদের গবেষণা, তাদের কুরআন-হাদীস শিক্ষার পিছনে খরচের পরিমাণ আমাদের বড় বড় অনেক মাদরাসার চেয়েও ঢের বেশি।

প্রিয় ভাই!

আল্লাহর রাসূলের ﷺ মাদরাসার একশত ভাগ তালিবুল ইলম মুজাহিদ ছিলেন। তাঁর ﷺ মাদরাসা প্রতিষ্ঠা-ই হয়েছিল আল্লাহর দ্বীনকে উঁচা করার জন্য, আল্লাহর কালিমাকে বুলন্দ করার জন্য, আল্লাহর রাস্তার মুজাহিদ তৈরির জন্য। তাই আমাদের যামানার মাদরাসাগুলোতে আমাদের বাচ্চাগুলোকে আজ কেন শেখানো হচ্ছে না, আমার মাথা শুধু একজনের জন্যই খাছ, শুধু একজনের সামনেই নুয়াবে, যার সামনে আমি পাঁচ ওয়াক্ত নামাযে সিজদা করি; কোনো তাগুত বা বাতিলের সামনে মাথানত করা যাবেনা, দুনিয়াবী সামান্য স্বার্থে নিজের পরকাল, নিজের ইলম আর ঈমানকে বিক্রি করা যাবে না! আজ ইলমী দরসগাহগুলোতো কেন শেখানো হয় না- 'জিহাদই সর্বশ্রেষ্ঠ আমল'?? এর জন্য আজ কেন তাহরীদ করা হয় না? কেন?

সকল আমল/মেহনতের মধ্যে জিহাদই সর্বশ্রেষ্ঠ:

প্রিয় ভাই! এই নামে "কিতাবুত্ তাহরীদ 'আলাল ক্বিতাল" এর দ্বিতীয় পর্ব "তাওহীদ ও জিহাদ" কিতাবটিতে স্বতন্ত্র একটি অধ্যায় আলোচনা করা হয়েছে, আলহামদুলিল্লাহ। আমরা সেটি দেখে নিতে পারি, ইনশাআল্লাহ।

• 'আমরা (আলেমরা) সশস্ত্র জিহাদ করি না; তার কারণ....

ষষ্ঠ কারণ:

একজন বয়ান করলেন, "আমাদের দেশের মুসলমানদের উপর তো জুলুম করা হচ্ছে না, তাই আমরা কেন, কার বিরুদ্ধে জিহাদ করব?"

যুক্তিখণ্ডন:

- প্রিয় ভাই! আমাদের দেশে মুসলমানদের উপর জুলুম হচ্ছে কি হচ্ছে না, এটি বুঝতে হলে আমাদেরকে প্রথমে জুলমের সংজ্ঞা ও প্রকারভেদ বুঝতে হবে।

জুলম কাকে বলে?

ফিকহের কিতাবসমূহে যুলমের যে সংজ্ঞা পাওয়া যায়, তাহলো-

الظلم: هو مجاو زة الحد، ووضع الشيء في غير موضعه

জুলম অর্থ : সীমাতিক্রম করা।

জুলমের প্রকারভেদ:

শরয়ী দলীলের ভিত্তিতে জুলম দুই প্রকার: ظلم أكبر (১. জুলমে আকবর/ বড় জুলুম) ও ظلم أصغر (২. জুলমে আছগর/ ছোট জুলুম)

الظلم الأكبر: هو رديف الكفر والشرك، يطلق ويراد به نفي مطلق الإيمان عن صاحبه؛ لأن أظلم الظلم الذي لا يعدله ظلم هو الإشراك بالله ﷻ .. وأن تجعل لله تعالى نداً في أي خاصية من خصائصه ﷻ وهو الذي خلقك .. كما أن أعدل العدل الذي لا يعدله عدل، هو توحيد الله ﷻ .وإفراده بالعبودية

১। জুলমে আকবর: এটিকে কুফরে আকবর এবং শিরকে আকবরের সমার্থক শব্দ বলা যায়। কারণ জুলমে আকবরও মানুষকে দ্বীনে ইসলাম থেকে বের করে দেয়। আর সবচেয়ে বড় জুলুম হল আল্লাহ তায়ালার সাথে অন্য কাউকে শরিক করা এবং অন্য কাউকে তার সমকক্ষ মনে করা। কারণ এক আল্লাহ তায়ালাই সবকিছু সৃষ্টি করেছেন যেমনি ভাবে আল্লাহ তায়ালার একত্ববাদকে স্বীকার করা এবং একমাত্র তারই ইবাদত করাই হচ্ছে সবচেয়ে বড় ইনসাফ ও ন্যায় বিচার।

কুরআনে কারীমে জুলমে আকবরের উদাহরণ : আল্লাহ তায়ালা বলেন :

وَإِذْ قَالَ لُقْمَانُ لِابْنِهِ وَهُوَ يَعِظُهُ يَا بُنَيَّ لَا تُشْرِكْ بِاللَّهِ ۖ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ

"যখন লোকমান উপদেশচ্ছলে তার পুত্রকে বললঃ হে বৎস, আল্লাহর সাথে শরীক করো না। নিশ্চয় আল্লাহর সাথে শরীক করা সবচেয়ে বড় জুলুম। (সূরা লুকমান ৩১:১৩)

الظلم الأصغر: وهو ظلم دون ظلم؛ لا ينفي مطلق الإيمان عن صاحبه، كما لا ينفي عنه صفة الإسلام واسمه.

২। জুলমে আছগর : এটি মানুষকে দ্বীনে ইসলাম থেকে বের করে না। কিন্তু সে আল্লাহ তায়ালার নিকট অপরাধী হিসেবে সাব্যস্ত হবে।

কুরআনে কারীমে জুলমে আছগরের উদাহরণ : আল্লাহ তায়ালা বলেন :

وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ وَمَن يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللَّهُ وَلَمْ يُصِرُّوا عَلَىٰ مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ

"তারা কখনও কোন অশ্লীল কাজ করে ফেললে কিংবা কোন মন্দ কাজে জড়িত হয়ে নিজের উপর জুলুম করে ফেললে আল্লাহকে স্মরণ করে এবং নিজের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ ছাড়া আর কে পাপ ক্ষমা করবেন? তারা নিজের কৃতকর্মের জন্য হঠকারিতা প্রদর্শন করে না এবং জেনে-শুনে তাই করতে থাকে না।" (সূরা আলে ইমরান ৩:১৩৫)

অন্য আয়াতে আল্লাহ তায়ালা বলেন :

قَالَا رَبَّنَا ظَلَمْنَا أَنفُسَنَا وَإِن لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

"তারা উভয়ে বলল, হে আমাদের পালনকর্তা আমরা নিজেদের প্রতি জুলুম করেছি। যদি আপনি আমাদেরকে ক্ষমা না করেন এবং আমাদের প্রতি অনুগ্রহ না করেন, তবে আমরা অবশ্যই অবশ্যই ধ্বংস হয়ে যাব।" (সূরা আরফ ৭:২৩) আয়াতে কারীমে উল্লেখিত জুলুম দ্বারা জুলমে আছগর উদ্দেশ্য।

হাদীস শরীফ থেকে উভয় প্রকার জুলুমের উদাহরণ রাসূলুল্লাহ সা. বলেন,

فقد صح عن النبي ﷺ أنه قال:" الظلم الذي لا يغفره الله الشرك، قال الله :﴿ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ ﴾ وأما ، الظلم الذي يغفره فظلم العباد فيما بينهم وبين ربهم ، وأما الظلم الذي لا يتركه الله فظلم العباد بعضهم بعضاً حتى يُدبر لبعضهم من بعض"

"আল্লাহ তায়ালা যেই জুলুম ক্ষমা করবেন না তা হল শিরক। আল্লাহ তায়ালা বলেন, "নিশ্চয় শিরকই হল সবচেয়ে বড় জুলুম"। আর আল্লাহ তায়ালা যেই জুলুম ক্ষমা করবেন তা হল হক্কুল্লাহ আদায়ের ক্ষেত্রে জুলুম করা। আর এক বান্দার প্রতি অন্য বান্দার জুলুম আল্লাহ তায়ালা ক্ষমা করবেন না। যতক্ষণ না উক্ত বান্দা থেকে তার জন্য ব্যবস্থা গ্রহণ করেন।"

- প্রিয় ভাই! এবার আসুন আমরা চিন্তা করি-
  - ✓ আমাদের দেশে কি গনতন্ত্র নেই? গনতন্ত্র কি শিরকী শাসনব্যবস্থা নয়?....... তাহলে গনতন্ত্র কি সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
  - ✓ ধর্মকে রাষ্ট্র থেকে আলাদা করা, ধর্ম যার যার রাষ্ট্র সবার স্লোগান তোলা এবং ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র মুসলমানদের উপর চাপিয়ে দেয়া কি মুসলমানদের উপর সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
  - ✓ কুরআন-সুন্নাহ বিরোধী আইন প্রণয়ন করা এবং তা মুসলমানদের উপর চাপিয়ে দেয়া ও মানতে বাধ্য করা কি সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
  - ✓ গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ এবং ধর্মনিরপেক্ষতাকে সংবিধানের মূল ভিত্তি বানিয়ে এহেন কুফুরী সংবিধানে মুসলমানদের শাসন করা কি মুসলমানদের উপর সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
  - ✓ কুরআন-সুন্নাহর আইন ছেড়ে পাশ্চাত্য বিধর্মীদের তৈরিকৃত নীতিমালা দ্বারা বিচারকার্য পরিচালনা করা কি মুসলমানদের উপর সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
  - ✓ আল্লাহ তা'আলা যে সব বস্তুকে হারাম করেছেন (যেমন- সুদ, যিনা, মদপান, অশ্লীলতা ইত্যাদি) রাষ্ট্রীয়ভাবে তার অনুমোদন দেওয়া, রাষ্ট্রীয়ভাবে সেসবের পৃষ্ঠপোষকতা করা এবং প্রচার-প্রসার করা কি মুসলমানদের উপর সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?

- ✓ আল্লাহ তা'আলা যেসব বস্তুকে হালাল করেছেন, (যেমন- বাল্যবিবাহ, জিহাদ ইত্যাদি) সেসব বস্তুকে নিষিদ্ধ করা কি মুসলমানদের উপর সবচেয়ে বড় জুলুম/জুলমে আকবর নয়?
- ✓ যে সকল ভাইয়েরা আল্লাহর আইন রাষ্ট্রে কায়েম করার জন্য নিজের সকল কিছু কুরবানী করে মেহনত করে যাচ্ছেন তাদেরকে বন্দী করা, তাদেরকে 'সন্ত্রাসী' ট্যাগ দেয়া, অত্যাচার নির্যাতন চালানো, তাদেরকে ধরে ধরে ভারত, আমেরিকা, ইসরাঈলসহ অন্যান্য কাফেরদের হাতে হস্তান্তর করা, তাদেরকে হত্যা করা- এগুলো কি মুসলমানদের উপর জুলুম নয়?
- ✓ বোরকা ও হিজাব পরিহিতা পর্দানশীন নারীদেরকে 'চলন্ত তাঁবু' আখ্যায়িত করা, পর্দা বিরোধী আইন চালু করা- এগুলো কি মুসলমানদের উপর জুলুম নয়?
- ✓ দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে দিল্লী কিংবা ওয়াশিংটনের কাছে বিক্রি করা কি মুসলমানদের উপর জুলুম নয়?
- ✓ মুসলমানদের উপর নারী নেতৃত্বের অভিশাপ চাপিয়ে দেয়া কি মুসলমানদের উপর জুলুম নয়?
- ✓ মুসলমানদের উপর সুদী অর্থনৈতিক ব্যবস্থা চাপিয়ে দেয়া কি মুসলমানদের উপর জুলুম নয়?
- ✓ দ্রব্যমূল্যে উর্ধ্বগতি ও তা সাধারণ মুসলমানদের ক্রয় ক্ষমতার বাহিরে চলে যাওয়া কি মুসলমানদের উপর জুলুম নয়?

....

প্রিয় ভাই! এর পরও কি আমরা বলতে পারবো, আমাদের দেশে মুসলমানদের উপর জুলম হচ্ছে না???
হায়! আমাদের অবস্থা যেন সেই ডাহুকের ন্যায় না হয়, যে শিকারী দেখে চোখ বুজে থেকে মনে করে, যেহেতু আমি শিকারীকে দেখতে পাচ্ছি না, তাই শিকারীও আমাকে দেখতে পাচ্ছে না! জুলুমের সাম্রাজ্যে হাবুডুবু খেয়েও যদি আমরা বলি আমাদের উপর জুলুম করা হচ্ছে না, তাহলে বিষয়টি সত্যিই দুঃখজনক। বিশেষতঃ এই ধরণের কথা একজন আলেমের মুখে কখনোই শোভা পায়না ভাই!
আল্লাহ পাক আমাদেরকে হেফাযত করুন। আমীন।

জিহাদ কি কেবলই দেফায়ী?

প্রিয় ভাই! "আমাদের দেশের মুসলমানদের উপর তো এখন জুলুম হচ্ছে না"- এই কথা দ্বারা যদি এটি বুঝানো উদ্দেশ্য হয় যে, "আমাদের দেশে তো বহিঃবিশ্বের কেউ আক্রমন করে অত্যাচার-নির্যাতন কিংবা হত্যাকাণ্ড চালাচ্ছে না", তাহলে এই কথার অর্থ দাঁড়ায়-

- ✓ কুফ্ফার দ্বারা আক্রান্ত না হলে আমরা কেন জিহাদ করব?
- ✓ আগে বেড়ে কাফেরদের সাথে জিহাদ করার সুযোগ ইসলামে নেই, যতক্ষণ না কাফেররা মুসলমানদের উপর আক্রমন করছে।
- ✓ এককথায়, ইসলামে কেবলই প্রতিরোধমূলক (দেফায়ী) যুদ্ধের অনুমোদন আছে, আক্রমণাত্মক (ইক্বদামী) যুদ্ধের অনুমতি নেই।

প্রিয় ভাই! এ ধরণের চিন্তা মূলতঃ আল্লাহ পাকের একটি ফরয হুকুম (আক্রমনাত্মক জিহাদ)-কে অস্বীকার করার নামান্তর। কেননা আল্লাহ পাক ইরশাদ করেন-

قَاتِلُواْ الَّذِينَ لاَ يُؤْمِنُونَ بِاللّهِ وَلاَ بِالْيَوْمِ الآخِرِ وَلاَ يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللّهُ وَرَسُولُهُ وَلاَ يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُواْ الْكِتَابَ حَتَّى يُعْطُواْ الْجِزْيَةَ عَن يَدٍ وَهُمْ صَاغِرُونَ

"তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না, আল্লাহ ও তাঁর রসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করে না এবং গ্রহণ করে না সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে।" [সুরা তাওবা - ৯:২৯]

উপর্যুক্ত আয়াতে ততদিন পর্যন্ত ক্বিতাল জারী রাখার আদেশ করা হয়েছে যতদিন না কাফেররা অবনত হয়ে জিযিয়া প্রদান করে। আল্লাহ পাক আরো ইরশাদ করেন-

وَقَاتِلُوهُمْ حَتَّى لاَ تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلّه

আর তাদের সাথে যুদ্ধ করতে থাক যতক্ষণ না ফেতনা শেষ হয়ে যায়; এবং যে সময় দ্বীন (বিজয়) সম্পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়। [সুরা আনফাল - ৮:৩৯]

যদি ক্বিতালের উদ্দেশ্য শুধু আক্রান্ত হওয়ার পর প্রতিরোধ করাই হত তবে বলা হত, 'তোমরা ততদিন যুদ্ধ করতে থাক, যাবত না কাফেররা তোমাদের উপর আক্রমন বন্ধ করে'। কিন্তু জিযিয়া ওয়াজিব করা এবং এর পাশাপাশি তাদের অবনত হওয়া আর সারা পৃথিবীতে ইসলাম বিজয়ী ধর্মরূপে প্রতিষ্ঠিত হওয়ার উল্লেখ এ বিষয়ের সুস্পষ্ট প্রমাণ যে, কুফ্ফারদের প্রতিপত্তি বিলুপ্ত করা এবং কুফর ও শিরকের সকল ফেতনার মূল উৎপাটনই আসল উদ্দেশ্য, যাতে কুফরের রাজনৈতিক প্রভুত্বের কারণে ভীতির যে পর্দায় মনমানস আচ্ছন্ন হয়ে আছে তা উন্মোচিত হয়, অতঃপর মানুষের জন্য ইসলামের সৌন্দর্যের প্রতি স্বাধীন ও মুক্ত মনে চিন্তা করার সুযোগ ঘটে। ইমাম রাযী রহ. সুরা তাওবা - ৯:২৯ আয়াতের আলোচনায় তাফসীরে কাবীরে বলেন,

لَيْسَ الْمَقْصُوْدُ مِنْ أَخْذِالْجِزْيَةِ تَقْرِيْرُهُ عَلىٰ الْكُفْرِ- بَلِ الْمَقْصُوْدُ مِنْهَا حَقْنُ دَمِه, وَإِمْهَالُهُ مُدَّةً, رَجَاءَ أَنَّهُ رُبمَّاَ وَقَفَ فِي هٰذِهِ الْمُدَّةِ عَلىٰ مَحَاسِنِ الْإِسْلاَمِ, وَقُوَّةِ دَلاَئِلِه, فَيَنْتَقِلُ مِنَ الْكُفْرِ إِلىٰ الْإِيمَانِ ..... فَإِذَا أُمْهِلَ الْكَافِرُ مُدَّةً وَهُوَ يَشْهَدُ عِزَّالْإِسْلاَمِ, وَيَسْمَعُ دَلاَئِلَ صِحَّتِه, وَيُشَاهِدُ الذِّلَّ وَالصّغَارَ فِي الْكُفْرِ فَالظَّاهِرُ أَنَّهُ يَحْمِلُهُ ذٰلِكَ عَلٰى الْاِنْتِقَالِ إِلَى الْإِ سْلاَمِ, فَهٰذَا هُوَ الْمَقْصُوْدُ مِنْ شَرْعِ الْجِزْيَةِ-

'জিযিয়ার উদ্দেশ্য কাফেরকে কুফরীর হালতে বাকী রাখা নয়, বরং উদ্দেশ্য হল তাকে বাঁচিয়ে রেখে কিছু দিন সময় দেওয়া, যে সময়ের মধ্যে তার ব্যাপারে এই আশা হবে যে, সে ইসলামের সৌন্দর্য অবলোকন করে কুফর থেকে ইসলামের দিকে আসবে.......। অতএব যখন কাফেরকে কিছু দিন সময় দেওয়া হবে এবং সে ইসলামের প্রভাব দেখবে, তার সত্যতার দলীলসমূহ শুনবে এবং কুফরের লাঞ্ছনা দেখবে তখন এইসব বিষয় তাকে ইসলামের প্রতি অগ্রসর হওয়ার ব্যাপারে সাহায্য করবে। বস্তুতঃ জিযিয়া বিধিবদ্ধ হওয়ার উদ্দেশ্য এটিই।'

আক্রমনাত্মক জিহাদ বিধিবদ্ধ হওয়া সম্পর্কে মুফতী আব্দুল মালেক সাহেব দা.বা. লিখেন-

৭. যেহেতু আমাদের হাতে এখন নবুওয়তের যামানার ন্যায় জিহাদ করার মত সক্ষমতা ও পরিবেশ নেই, তাই এখন আমাদের হাতে যতটুকু সক্ষমতা আছে, ততটুকু দ্বারাই দ্বীন কায়েমের প্রচেষ্টা করে যেতে চাই। এর জন্য গণতান্ত্রিক পদ্ধতিতে আগানোটাই সবচেয়ে সহজ ও যুগোপযোগী পন্থা হতে পারে। আশাকরি, এই আন্দোলন করতে গিয়ে আমরা যে বাধা-প্রতিবন্ধকতা, নির্যাতন-নিপীড়ন সহ্য করব, তাতে আমাদের জিহাদের সওয়াব মিলবে। আর যদি জীবন চলে যায়, এতে আমরা শাহাদাতের মর্তবা লাভ করব ইনশাআল্লাহ।

৮. বর্তমানে উম্মাহ সাধারণ দ্বীনদারিই বুঝে না, অধিকাংশ মুসলমান নামায-কালামই ঠিকমত পড়ে না, তাই জিহাদের পদ্ধতিতে যদি আমরা সমাজে ইসলাম প্রতিষ্ঠা করতে যাই, তাহলে হিতে বিপরীত হতে পারে, মানুষ ইসলামের একটি নেগেটিভ দাওয়াত লাভ করতে পারে। তাই আগে মানুষদেরকে দাওয়াতের মাধ্যমে দ্বীনদারি বুঝাই, কুরআনের আইনের গুরুত্ব বুঝাই, ইসলামপন্থি সরকারের গুরুত্ব বুঝাই, যখন অধিকাংশ মানুষ দ্বীন বুঝবে, ইসলামী আইন ও ইসলামপন্থি সরকারের গুরুত্ব বুঝবে তখন তারাই এগিয়ে আসবে এবং ভোট দিয়ে ইসলামী দলগুলোকে বিজয়ী করবে। এভাবে সমাজে ইসলাম কায়েম করা সহজ হবে।

....

প্রিয় ভাই! এই যুক্তি ও চিন্তাগুলো কি সঠিক? নিয়ত যদি ঠিক থাকে তাহলে কি গণতান্ত্রিক পদ্ধতিতে রাজনীতি করায় কোনো সমস্যা আছে?

....

মুহতারাম ভাই! আপাতদৃষ্টিতে এই যুক্তি ও চিন্তাগুলো অত্যন্ত 'যুক্তিযুক্ত' মনে হতে পারে, কিংবা সময়ের দাবী বা হিকমাহ্ মনে হতে পারে, কিন্তু বাস্তবতা হল- আমরা যদি গণতন্ত্রের প্রকৃত স্বরূপ বুঝতাম, গণতন্ত্রের গূঢ় রহস্য যদি আমাদের সামনে স্পষ্ট থাকত, তাহলে আমরা দ্বীনদার শ্রেণি স্বপ্নেও এ ধরণের চিন্তা করতাম না, নির্বাচনে অংশগ্রহণ তো দূরে থাক, ভোট দেয়ার কথাও কখনো ভাবতাম না; বরং উল্টো আমরাই বলতাম- হায়! আমরা যারা এ ধরণের চিন্তা লালন করি, তারা মারাত্মক ভুলের মাঝে আছি, আমরা ভয়ঙ্কর রকমের আত্মপ্রবঞ্চনায় ভুগছি, আমরা যামানার ভয়ানক এক ফিতনায় ফিতনাগ্রস্ত হয়ে পড়েছি, এবং ইবলিশ শয়তান অত্যন্ত সুকৌশলে আমাদের ঈমান নষ্ট করে দিচ্ছে। (লা হাওলা ওয়ালা কুওয়্যাতা ইল্লা বিল্লাহ)

তাহলে, গণতন্ত্রের আসল চেহারা কী? কী সেই ভয়ঙ্কর রূপ? ....

প্রিয় ভাই! এই বিষয়গুলো আমাদের সামনে স্পষ্ট হওয়া দরকার। তাই পরবর্তী আলোচনায় আমরা আপনাদের সামনে গণতন্ত্রের মূল রহস্য উদ্ঘাটন করার চেষ্টা করবো ইনশাআল্লাহ। আল্লাহ্ তা'আলাই তাওফীকদাতা।

• গণতন্ত্রের প্রকৃতরূপ:

প্রিয় ভাই! আমরা এতক্ষণ গণতন্ত্রের যে আলোচনা করলাম (গণতন্ত্রের নিষ্পাপ রূপ: শিরোনামে) সেটি গণতন্ত্রের পরিচয় নয়, বরং সেটিকে 'সমাজে/একটি আদর্শ গণতান্ত্রিক রাষ্ট্রে গণতান্ত্রিক পদ্ধতি বাস্তবায়নের একটি মডেল' বলা চলে। অথবা এটিকে গণতন্ত্র নামক একটি দেহের বাহ্যিক কিছু অঙ্গ-প্রত্যঙ্গ বলা যায়। অর্থাৎ গণতন্ত্রের একটি দেহ আছে, যে সম্পর্কে আমরা কিছু আলোচনা এতক্ষণ করলাম, আরেকটি রূহ বা আত্মা আছে- যার আলোচনা আমরা সামনে করব ইনশাআল্লাহ। এই রূহ বা আত্মাই গণতন্ত্রের আসল পরিচয়। যদি কখনো গণতন্ত্র নিয়ে ভাবতে হয়, তাহলে এই রূহটি নিয়েই ভাবা উচিত, যদি কখনো গণতন্ত্রের ব্যাপারে কোনো সিদ্ধান্ত বা ফতোয়া তলব করা হয়, তখন এই রূহ বা আত্মার বিচার-বিশ্লেষন করেই সিদ্ধান্ত বা ফতোয়া দেয়া উচিত। কেননা রূহ ছাড়া দেহের কোনো মূল্য নেই। আল্লাহ্ পাক আমাদেরকে অনর্থক আবেগ ও অদুরদর্শিতা থেকে হেফাযত করুন। আমীন।

প্রিয় ভাই! গণতন্ত্রের রূহ বা আত্মা সম্পর্কে নিচের পয়েন্টগুলো ভালোভাবে আমরা খেয়াল করি ইনশাআল্লাহ্-

গণতন্ত্র একটি স্বতন্ত্র শিরকী ধর্ম:

মূলত (তাত্ত্বিকভাবে) গণতন্ত্র বলতে বোঝায় জনগণের শাসন। গণতন্ত্রের ইংরেজি পরিভাষা ডেমোক্রেসি শব্দটির জন্ম গ্রীক শব্দ ডেমোক্রাটিয়া থেকে, যার অর্থ জনগণের শাসন। ডেমোস (Demos) বা জনগণ এবং ক্রাটিয়া (Kratia) তথা শাসন বা ক্ষমতা থেকে ডেমোক্রেসি বা গণতন্ত্র নামটির জন্ম। এথেন্স সহ কিছু প্রাচীন গ্রীক নগর রাষ্ট্রে প্রচলন হয় গণতান্ত্রিক ব্যবস্থার। পরবর্তীতে এর সংজ্ঞা এবং বৈশিষ্ট্যের পরিবর্তন সাধিত হয়েছে।
আব্রাহাম লিংকনের ভাষায়, "Government of the people, by the people, for the people". অর্থাৎ জনগণের দ্বারা জনগণের জন্য গঠিত, জনগণ দ্বারা পরিচালিত সরকার ব্যবস্থা।
তাছাড়া ক্লিয়ান, অধ্যাপক গেটেলসহ আরো অনেকেই গণতন্ত্রের বিভিন্ন সংজ্ঞা দিয়েছেন।
প্রিয় ভাই! এটা কুফফারদের দেয়া সংজ্ঞা; তবে আমরা বলব, **গণতন্ত্র কেবলই একটি নিছক শাসনব্যবস্থা নয়, প্রকৃতপক্ষে, এটি হিন্দু, বৌদ্ধ কিংবা খ্রিস্টান ধর্মের মত স্বতন্ত্র একটি শিরকী ধর্ম।** গণতন্ত্রের মেরুদন্ড ও কেন্দ্র কিন্তু কখনো আল্লাহ তা'আলার ইবাদত-বন্দেগী করা নয়, নয় আল্লাহ তা'আলার গোলামী করাও। বরং তা হচ্ছে: **তাঁর পবিত্র সত্ত্বার গোলামীর স্থলে মানুষের গোলামী করা। এখানে সকল চেষ্টা-প্রচেষ্টার মূল লক্ষ্য হয়ে থাকে প্রতাপশালী শ্রেনীর অভিলাষগুলো পূরণ করা। এক কথায় গণতন্ত্র হলো: لا إله إلا الإنسان অর্থাৎ 'মানুষ ছাড়া কোন মাবুদ নাই' এর বাস্তব নমুনা। কেননা, এখানে মানুষরূপী শয়তানদের অভিলাষ ও কামনার ইবাদত করা হয়।**
কি ভাই, অবাক হচ্ছেন?...........
ইনশাআল্লাহ্, নিচের আলোচনা দ্বারা বিষয়টি আরো স্পষ্ট হয়ে যাবে।
একটি ধর্মে যেমন একজন 'রব' বা প্রভু থাকে, তেমনি গণতন্ত্রেরও একটি রব বা প্রভু আছে, আর সেটি হল 'আল্লাহর নাযিলকৃত বিধানসমূহের বিরুদ্ধে আইনপ্রণয়নকারী সম্প্রদায়'।
একটি ধর্মের যেমন ধর্মগ্রন্থ থাকে, যাকে তার অনুসারীরা অনুসরণ করে জীবনবিধান হিসেবে; তেমনিভাবে গণতন্ত্রের পবিত্র(?) ধর্মগ্রন্থ হচ্ছে 'মানবরচিত' রাষ্ট্রের সংবিধান।

গণতন্ত্রের আসল হৃৎপিণ্ড হলো ধর্মনিরপেক্ষতাবাদ (Secularism) এবং পুঁজিবাদ (Capitalism)। আর ধর্মনিরপেক্ষতা মানে এটি কখনোই নয় (যা আমাদের মধ্যে অনেক ভাই মনে করে থাকেন,) "ধর্মের ব্যাপারে ব্যক্তি স্বাধীন বা ধর্মের পক্ষপাতশূন্য; যে যার মত নিজ নিজ ধর্ম পালন করতে পারবে, রাষ্ট্র তাতে হস্তক্ষেপ করবে না।" বরং, ধর্মনিরপেক্ষতা বা (Secularism) এর প্রকৃত অর্থ হল-

Secularism is the doctrine that state, morality, education etc should be separated from religion.

অর্থাৎ, "ধর্মের প্রভাব থেকে রাজ্য, নীতি-নৈতিকতা, শিক্ষা ইত্যাদিকে মুক্ত রাখার মতবাদই হল ধর্মনিরপেক্ষতাবাদ।" যারা এই ধর্মনিরপেক্ষতার প্রবক্তা, ব্যক্তিগত জীবনে নামে মাত্র কিছু ধর্ম কর্ম করায় তাদের কোনো আপত্তি নেই। সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, নৈতিকতা, শিক্ষা ও আন্তর্জাতিক অঙ্গন থেকে ধর্মকে নির্বাসন দেয়াই এদের মূল লক্ষ্য। ধর্মনিরপেক্ষতার সাথে নাস্তিকতাবাদের ওতপ্রোত সম্পর্ক বিদ্যমান, কেমন যেন ধর্মনিরপেক্ষতার চূড়ান্ত লক্ষ্যই হচ্ছে নাস্তিক্যবাদ (Atheism)। ধর্মনিরপেক্ষতাবাদী নেতা ব্রেডলেফের মত ছিল, ধর্মীয় আকীদা-বিশ্বাস প্রতিহত করাই ধর্মনিরপেক্ষতাবাদের কর্তব্য। তার মতে, ধর্মের এই সব কুসংস্কারমূলক ধারণা বিশ্বাস যতদিন পর্যন্ত পূর্ণ শক্তিতে প্রকাশিত হতে থাকবে, ততদিন পর্যন্ত বস্তুগত উন্নতি সম্ভব হবে না। (ইসলামী আকীদা ও ভ্রান্ত মতবাদ, মাওঃ মুহাম্মাদ হেমায়েত উদ্দীন, পৃ. ৬২৬-৬২৯)

গণতন্ত্রের প্রভুর পরিচয়:

প্রিয় ভাই! গণতন্ত্রের সবচেয়ে বড় শিরকী এবং কুফুরী দিকটি হল- আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করা। যে সম্প্রদায় আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করে, তারাই মূলত গণতন্ত্রের ইলাহ বা প্রভু বা উপাস্য। এরাই তাগুত। (এ সম্পর্কে কিতাবুত তাহরীদ দ্বিতীয় পর্ব: তাওহীদ ও জিহাদ" নামক কিতাবে বিস্তারিত আলোচনা করা হয়েছে। সেখান থেকে দেখে নেয়া যায় ইনশাআল্লাহ। ডাউনলোড লিংক: https://bit.ly/tahrid2)

এখন প্রশ্ন হল, এই তাগুতগুলো কিভাবে 'ইলাহ' হয়??? এরা কিভাবে নিজেদেরকে রবের আসনে সমাসীন করেছে?? কেন মানবরচিত আইন মেনে নিলে প্রকারান্তরে এই বিশেষ সম্প্রদায়টিকে রব হিসেবে গ্রহন করা হবে?

عن عدي بن حاتم قال :أتيت رسول الله صلى الله عليه وسلم وفي عنقي صليب، فقال :يا عدي اطرح هذا الوثن من عنقك فطرحته فانتهيت إليه وهو يقرأ في سورة براءة اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله فقلت إنا لسنا نعبدهم قال النبي صلى الله عليه وسلم يحرمون ما أحل الله فتحرمون ويحلون ما حرم الله فتستحلون قلت بلى قال فتلك عبادتهم

আদী ইবনে হাতেম (ইসলাম গ্রহণের পূর্বে তিনি খ্রিস্টান ছিলেন) রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-এর নিকট এলাম। তখন আমার গলায় একটি ক্রুশ ঝুলছিল। তিনি বললেন, হে আদী! এই মূর্তিটি তোমার গলা থেকে ছুঁড়ে ফেল। আমি তা ছুঁড়ে ফেললাম। অতঃপর রাসূলুল্লাহ ﷺ-এর নিকটে গেলাম। দেখলাম, তিনি সূরা বারাআ'র (সূরা তাওবা) এই আয়াত তিলাওয়াত করছেন:

اتخذوا أحبارهم ورهبانهم أربابا من دون الله

'তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পাদ্রী ও সংসারবিরাগীদেরকে প্রভু বানিয়ে নিয়েছে'। (সূরা তাওবাহ ০৯:৩১)

আমি আরজ করলাম, আমরা তো তাদের ইবাদত করতাম না। রাসূলুল্লাহ ﷺ বললেন, আল্লাহ তা'আলা যা হালাল করেছেন, তারা তা হারাম করতো আর তোমরাও তা হারাম মানতে এবং আল্লাহ তা'আলা যা হারাম করেছেন, তারা তা হালাল করতো আর তোমরাও তাকে হালাল মেনে নিতে। আমি উত্তর দিলাম- হ্যাঁ, এমনটি তো হয়েছে। তিনি

বললেন, এটিইতো তাদেরকে ইবাদত করা। (আত্ তারিখুল কাবির লিল ইমামিল বুখারি: ৭ম খণ্ড, ৪৭১ নং হাদীস, সুনানুত্ তিরমিজি: ৫০৯৩)

প্রিয় ভাই!

যারা আল্লাহর বিধানের মোকাবেলায় বিধান রচনা করে, আল্লাহ্ তা'আলার কৃত হালালকে হারাম করে আর হারামকৃতকে হালাল করে, এরা প্রকৃতপক্ষে নিজেদেরকে 'বিধানদাতা'র (আল্ হাকীম) আসনে নিজেকে সমাসীন করলো, যা আল্লাহ্ তাআলার একটি গুণ ও বৈশিষ্ট্য, যা কেবল আল্লাহ্ রাব্বুল 'আলামীনের জন্যই খাস।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন-

لَمْ يَكُن لَّهُ شَرِيكٌ فِي الْمُلْكِ

"......রাজত্বে তাঁর কোন শরীক নেই,...."। (সূরা বনি-ইসরাইল ১৭:১১১)

قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَن تَشَاءُ وَتَنزِعُ الْمُلْكَ مِمَّن تَشَاءُ وَتُعِزُّ مَن تَشَاءُ وَتُذِلُّ مَن تَشَاءُ ۖ بِيَدِكَ الْخَيْرُ ۖ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

আল্লাহ তায়া'লা আরো বলেন,"তুমি বল, হে আল্লাহ, রাজত্বের মালিক, আপনি যাকে চান রাজত্ব দান করেন, আর যার থেকে চান রাজত্ব কেড়ে নেন, আপনার হাতেই সমস্ত কল্যাণ। আপনি সকল কিছুর উপর সর্বশক্তিমান"। (সূরা আলে ইমরান ৩:২৬)

تَبَارَكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

"বরকতময় তিনি যার হাতে সর্বময় কর্তৃত্ব। আর তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান"। (সূরা মূলক ৬৭:০১)

আল্লাহ তায়া'লা আরো ইরশাদ করেন,

أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ

"শুনে রাখ, সৃষ্টি যার আদেশ/বিধানও চলবে তার।" (সূরা আল আরাফ ৭: ৫৪)

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

"আল্লাহ ব্যতীত কারো বিধান দেবার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তাঁকে ব্যতীত তোমরা অন্য কারো ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।" (সূরা ইউসুফ ১২:৪০)

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۚ أَمَرَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

"আল্লাহ ব্যতীত কারো বিধান দেবার ক্ষমতা নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তাঁকে ব্যতীত তোমরা অন্য কারো ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।" (সূরা ইউসুফ ১২:৪০)

أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ ۚ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ

"তারা কি জাহেলিয়াতের বিধান চায়? বিশ্বাসীদের জন্যে আল্লাহর চেয়ে উত্তম হুকুমদাতা আর কে?" (সূরা মায়েদা, আয়াত: ৫০)

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُم مِّنَ الدِّينِ مَا لَمْ يَأْذَن بِهِ اللَّهُ

"ওদের কি এমন কতগুলো দেবতা আছে, যারা তাদের জন্য বিধান দিয়েছে এমন দ্বীনের যার অনুমতি আল্লাহ্ দেননি?" (সূরা শুরা ৪২:২১)

মুহাম্মাদ আল আমিন আশ্ শানকিতি রহ. বলেন, "কুরআনের এই আয়াতগুলো যা পূর্বে উল্লেখ করা হয়েছে, তা দ্বারা সুস্পষ্ট প্রমাণিত হয় যে, আল্লাহ্ তা'আলা প্রণীত এবং রাসূল ﷺ এর মুখনিঃসৃত আইনের পরিবর্তে শয়তান ও তার সহযোগীদের মুখনিঃসৃত স্বরচিত আইনের আনুগত্য করা সুস্পষ্ট শিরক এবং কুফর। এতে কোনো সন্দেহ নেই।" (আদ্বওয়া আল বাইয়ান, চতুর্থ খণ্ড, পৃ.৮২-৮৫)

শায়েখ মুহাম্মাদ বিন ইবরাহীম আলে শায়েখ রাহিমাহুল্লাহ্ (সৌদি আরবের সাবেক গ্র্যান্ড মুফতী) বলেন,

القوانين كفر ناقل عن الملة

"মানব রচিত কানূন এমন কুফর, যা (ব্যক্তিকে) ইসলাম ধর্ম থেকে বের করে দেয়।" (আল ফাতওয়া, খ. ১২, পৃ. ২৮০)

এছাড়াও শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ., আল্লামা ইবনে কাসীর রহ., আল্লামা যাহিদ কাউসারী রহ., আব্দুল কাদের আওদাহ রহ.-সহ আরো অসংখ্য উলামায়ে কেরামের একই মতামত রয়েছে।

উপর্যুক্ত আয়াতগুলো থেকে এটাও স্পষ্ট যে, আল্লাহ্ তা'আলা মানুষকে বিধান প্রনয়ন করার কোনো অধিকার দেননি। তাই যারা আল্লাহর আইনকে উপেক্ষা করে নিজেরাই বিধান বানিয়ে নেয়, তারা নিজেরাই বিধানদাতার আসনে বসল, তাই এরা মুশরিক এবং এদেরকে যারা মেনে নিবে, এদেরকে যারা সমর্থন করবে, এদেরকে সহযোগিতা করবে, এদেরকে নিরাপত্তা দিবে, এদের পক্ষে বল প্রয়োগ করবে, এদেরকে ভালোবাসবে, এদের বানানো বিধানে যারা বিচারকার্য পরিচালনা করবে, এদের কাছে যারা বিচার প্রার্থনা করবে, এদেরকে প্রশংসা করবে, এদের বানানো বিধান বাস্তবায়নের মাঝে যারা দেশ ও জাতির সফলতা খোঁজে পাবে, এরা সকলেই আল্লাহর সাথে শিরক ও কুফুরী করল।

(বি.দ্র: যদিও কাজগুলো কুফুরি, যারা এসকল কাজ করবে, এদেরকে আবার আমভাবে কাফের বলা যাবে না, এদেরকে কাফের বলার বিষয়টা কিছু শর্তযুক্ত। এদেরকে তাকফীর করার ব্যাপারে কিছু প্রতিবন্ধকতা রয়েছে। আর এ বিষয়গুলো বিচার বিশ্লেষণ করা ও কাউকে তাকফির করা হকপন্থী উলামায়ে কেরামের কাজ। আমাদের কাজ হল এগুলো থেকে বেঁচে থাকা এবং হকপন্থী উলামায়ে কেরামের অনুসরণ করা।)

কি ভাই, কথাগুলো কি অনেক কঠিন মনে হল??............................

তাহলে শুনুন-

'গণতন্ত্র' নামক এই শিরকী ব্যবস্থা মানুষের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে, যার পোশাকটি নতুন হলেও তার বাস্তবতা ফিরআউন, নমরুদ, সামিরি, শাদ্দাদ, আবু লাহাব ও আবু জাহিলদের মতোই ছেঁড়া ও পুরোনো। নমরুদ কিংবা ফিরআউন যে নিজেকে 'সবচেয়ে বড় রব' দাবী করেছিল-

فَقَالَ أَنَا رَبُّكُمُ الْأَعْلَىٰ

"ফিরাউন বলল, আমি তোমাদের সবচেয়ে বড় রব (প্রভু)।" (৭৯ সূরা নাযিয়াত:২৪)

নমরুদ ও ফিরাউনের নিজেদেরকে এইভাবে রব দাবী করার গূঢ় রহস্য কী? কিভাবে তারা নিজেদেরকে রব দাবী করল? কোন বিষয়টিকে সামনে রেখে তারা নিজেদেরকে রব দাবী করেছিল, প্রিয় ভাই, আপনি জানেন কি?

তারা কি এই দাবী করেছিল, 'আমি এই আকাশ-যমীন সৃষ্টি করেছি?' ....

তারা কি এই দাবী করেছিল, 'আমি পাহাড়-নদী, বন-বনানী ইত্যাদি সৃষ্টি করেছি?'.............

তারা কি এই দাবী করেছিল, 'আকাশ থেকে বৃষ্টি বর্ষন করি, তা দিয়ে তোমাদের জন্য রঙ বেরঙের ফসল উৎপাদন করি। তোমাদের রিযিকের ব্যবস্থা করি'? ....

তারা কি এই দাবী করেছিল, 'আমি তোমাদের মায়ের পেটে তোমাদেরকে তিন অন্ধকারের মাঝে সৃষ্টি করেছিলাম? সুতরাং আমি তোমাদের জন্ম ও মৃত্যুর মালিক?".............

তারা কি এই দাবী করেছিল, 'আমি তোমাদের মৃত্যুর পর পুনর্জীবিত করব?"................

না, এগুলোর কোনোটাই ফেরাউন কিংবা নমরুদ দাবী করেনি।

প্রিয় ভাই! আপনি কি বলতে পারেন, তাহলে তারা কোন্ ক্ষেত্রে নিজেদেরকে আল্লাহর সমকক্ষ দাবী করেছিল??

হ্যাঁ, সেটি হল 'হাকামিয়্যাহ'র ক্ষেত্রে। বিধান দেয়ার ক্ষেত্রে তারা নিজেদেরকে খোদার আসনে বসিয়েছিল। রাষ্ট্রে কোনো ধর্মীয় আইন চলবে না, চলবে শুধু ফিরাউনের হুকুম, চলবে শুধু নমরুদের হুকুম; তাদের হুকুমই রাষ্ট্রের সর্বোচ্চ আইন, তাদের হুকুমই রাষ্ট্রের সর্বোচ্চ সংবিধান। এই হল 'আনা রব্বুকুমুল আ'লা' (আমি তোমাদের সবচেয়ে বড় প্রভু)-র অর্থ।

তাহলে ভাই, যে সকল লোক গণতান্ত্রিক পদ্ধতিতে সরকার গঠন করে পার্লামেন্টে/সংসদে নিজেদের সুবিধামত মনগড়া আইন রচনা করে, তাদেরকে কেন আমরা 'নব্য ফিরাউন' কিংবা 'নমরুদের উত্তরসূরী' বলব না? নেত্রীগুলোকে কেন 'লেডি ফিরাউন' কিংবা 'লেডি নমরুদ' বলব না?? ফিরাউন যদি তার রাজ্যের রব (প্রভু) হয়ে থাকে, এরা কেন গণতান্ত্রিক রাষ্ট্রের প্রভু হবে না? ফিরাউন যদি কাফের হয়, এরা কেন হবে না? ফিরাউন যদি মুশরিক হয়, তাহলে এরাও কেন হবে না???...............

মুফতি হামিদুল্লাহ জান রহ. লেখেন :

'প্রত্যক্ষদর্শন ও অভিজ্ঞতায় প্রমাণিত হয়েছে যে, বর্তমানের পশ্চিমা গণতান্ত্রিক ব্যবস্থাই দীনহীনতা, নির্লজ্জতা ও সকল নষ্টের মূল। বিশেষ করে এ ব্যবস্থাপনায় সংসদকে আইন প্রণয়নের অধিকার দেওয়া সম্পূর্ণরূপে কুরআন, সুন্নাহ ও উম্মাহর ইজমা'র বিপরীত।' (আদইয়ান কি জঙ্গ : ৫৬)

প্রিয় ভাই! আমাদেরকে ভুলে গেলে চলবে না, গণতন্ত্রে আল্লাহর আইন-কানুনকে পার্লামেন্টের মুখাপেক্ষী বানানো হয়। এ ব্যবস্থাপনায় আল্লাহ এবং তার রাসুলের অকাট্য আইন ও বিধানগুলো ততক্ষণ পর্যন্ত রাষ্ট্রে বাস্তবায়িত হতে পারে না, যতক্ষণ পর্যন্ত না সেগুলো সংসদে পাশ হয়। এ কারণে কোনো গণতান্ত্রিক রাষ্ট্রে যদি ইসলামি আইন-কানুনের বাস্তবায়ন থাকেও, এরপরও সেই রাষ্ট্রের গণতন্ত্র বৈধ হয়ে যাবে না। কারণ, সেখানে ইসলামি আইনগুলো এ জন্য বাস্তবায়িত হয়নি যে, আল্লাহ এবং তার রাসুল ﷺ এগুলোর আদেশ করেছেন। বরং এ জন্য হয়েছে যে, অধিকাংশ জনগণ তা চেয়েছে। এরপর যখন তারা আবার ভিন্নটা চাবে, তখন সেই ভিন্ন কিছুই এখানে কার্যকর হবে। তো এই ব্যবস্থায় হাকিমিয়্যাত তথা বিধান প্রণয়নের ক্ষমতা আল্লাহকে না দিয়ে পার্লামেন্টকে দেওয়া থাকে, যারা অধিকাংশ জনগণের রায়কে মূল্যায়ন করে পারস্পরিক পরামর্শের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করে।

গণতান্ত্রিক প্রভুরা আল্লাহ কর্তৃক অবৈধ ও হারামকৃত বস্তুকে সহজেই বৈধ ও হালাল বানিয়ে ফেলে। একইভাবে অবশ্য পালনীয় ফরজকে হারাম ও অবৈধ বানিয়ে ফেলে। এ কারণেই গণতান্ত্রিক রাষ্ট্রে মদ, ব্যভিচার, সমলিঙ্গে বিয়ে, ভাই-বোনে বিয়ে, ফ্রি মিক্সিং, ফ্রি সেক্স এবং পতিতাবৃত্তি থেকে শুরু করে অনেক জঘন্যকর্মকে বৈধতা দেওয়া হয়, যেগুলোকে আল্লাহ হারাম করেছেন। একইভাবে এতে হদ, কিসাস, জিহাদ থেকে শুরু করে অসংখ্য বিধানকে হারাম বানিয়ে ফেলা হয়, যেগুলোকে আল্লাহ ফরজ করেছেন।

এভাবে গণতন্ত্রে আল্লাহর সঙ্গে সুস্পষ্টরূপে শিরক করা হয়। কারণ, এ ব্যবস্থায় আইন প্রণয়নের অধিকার পার্লামেন্টকে দিয়ে দেওয়া হয়। এটা এমন এক অপরিহার্য মূলনীতি, যা ছাড়া কোনো সরকারকেই গণতান্ত্রিক বলা হবে না। আর

এই গণতন্ত্রের সুরক্ষার জন্য রয়েছে প্রত্যেক দেশে জাতীয় নিরাপত্তাবাহিনী। আন্তর্জাতিক সংস্থাগুলোও এর সুরক্ষায় সদা তৎপর।

গণতন্ত্রের পবিত্র(?) ধর্মগ্রন্থ:

প্রিয় ভাই! প্রতিটি গণতান্ত্রিক রাষ্ট্রের গণতন্ত্রের প্রভুরা রাষ্ট্র পরিচালনার জন্য একটি জীবনব্যবস্থা প্রণয়ন করে থাকে, যাকে তারা নাম দেয় পবিত্র(?) সংবিধান; এটি গণতন্ত্রের পবিত্র(?) ধর্মগ্রন্থ। যেহেতু এই গ্রন্থে কুরআনের আইনের বিরোধী আইনসমূহ লিপিবদ্ধ করা হয়, তাই এটি একটি কুফুরিগ্রন্থ।

মুসলিম প্রধান রাষ্ট্রের সংবিধানের ধোঁকা দেখুন! অনেক মুসলিম প্রধান রাষ্ট্রের সংবিধানের শুরুতে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' লিখা থাকে; যাতে করে সাধারণ জনগণ একে পবিত্র মনে করে। প্রশ্ন করি, একটি কুফুরি কিতাবের শুরুতে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' লিখলেই কি তা হালাল হয়ে যায়?? 'আমি 'বিসমিল্লাহির রহমানির রাহীম' বলার পর যদি এই কথা ঘোষণা দেই, সকল ক্ষমতার উৎস জনগণ, আইন প্রণয়ন বা বিধান দেয়ার অধিকারও জনগনের, ভিন্নভাবে বললে- আমি আল্লাহ তা'আলাকে একমাত্র বিধানদাতা হিসেবে মানি না, কিংবা আল্লাহকেও মানি জনগনের বিধানদেয়ার অধিকারকেও মানি, তাহলে ভাই আপনিই বলুন, এই 'বিসমিল্লাহির রহমানির রাহীম' বলার দ্বারা কী ফায়দা? এটি কি আমার কুফুরি এবং শিরককে মিটিয়ে দিবে?? (নাউযুবিল্লাহি মিন যালিক)।

এইবার আমাদের মূর্খতা দেখুন- গণতন্ত্রের প্রভুরা যখন সংবিধান থেকে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' কথাটি তুলে দেয়ার জন্য সংসদে আইন পাশ করে, তখন আমরা আন্দোলনে রাস্তায় নেমে পড়ি। হায়! এই কুফুরী সংবিধানকে রাষ্ট্র থেকে উচ্ছেদ করার জন্য আমাদের আন্দোলন বা কর্মসূচি কোথায়?? এমন একটি কুফুরি গ্রন্থ থেকে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' তুলে দেয়াই উচিত, কেননা একটি কুফুরি গ্রন্থের শুরুতে 'বিসমিল্লাহির রহমানির রাহীম' লিখার দ্বারা বরং 'বিসমিল্লাহির রহমানির রাহীম' কালিমাটির প্রতি এক প্রকারের অবমাননা করা হয়। আমাদের দ্বীনী বুঝ এত কম হলে চলে কি ভাই? দ্বীনের ব্যাপারে যদি আমরা আরো চালাক চতুর ও চৌকষ না হই, যদি এমন লো আইকিউ'র পরিচয় দেই, তাহলে আমরা শয়তান ও তার চ্যালাপ্যালাদের হাসির পাত্র হয়ে যাব!! আল্লাহ্ পাক আমাদের হেফাযত করুন।

গণতন্ত্রের বিচার বিভাগ:

গণতন্ত্রের প্রভুদের বানানো মনগড়া আইন অনুযায়ী যেখানে বিচারকার্য অনুষ্ঠিত হয়, তার নাম কোর্ট বা আদালত। যেহেতু এখানে আল্লাহর বিধান অনুযায়ী বিচার কার্য অনুষ্ঠিত হয় না, তাই এটি কুফরের আরেকটি মারকাজ।
আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

وَمَن لَّمْ يَحْكُم بِمَآ أَنزَلَ ٱللَّهُ فَأُو۟لَٰٓئِكَ هُمُ ٱلْكَٰفِرُونَ

"যে সব লোক আল্লাহ তা'আলা যা অবতীর্ণ করেছেন, তদনুযায়ী ফয়সালা করে না, তারাই কাফের।" (৫ সূরা মায়েদা: ৪৪)

প্রিয় ভাই! আল্লাহর ইচ্ছার (বিধানের) কাছে আত্মসমর্পনকারী একজন খাঁটি মুসলিমের কাছে গণতান্ত্রিক পার্লামেন্ট (সংসদ) কিংবা বিচারকেন্দ্র (আদালত)-গুলো 'মন্দির' কিংবা 'গির্জার' মতোই ঘৃণিত, যেখানে কুফর ও শিরক চর্চা করা হয়। বরং, এগুলো মন্দির কিংবা গির্জার চেয়েও ভয়ংকর। কেননা, মন্দির কিংবা গির্জার কুফুরি ও শিরকী কার্যক্রম সাধারণ মুসলমানও বুঝে, এগুলোকে জায়েয করার জন্য কেউ ফতোয়া তালাশ করে না; অথচ পার্লামেন্ট

(সংসদ) কিংবা আদালতের কুফুরি বড় কুফুরি (কুফরে আকবার) ও বড় শিরক (শিরকে আকবার) হওয়া সত্ত্বেও অধিকাংশ সাধারণ মুসলমান এগুলোর কুফুরি ও শিরকের দিকগুলো বুঝেই না, যার ফলে তারা দলে দলে এই কুফর ও শিরকী ব্যবস্থার ফাঁদে ফেঁসে যায়, সমর্থন দেয়, এগুলোর মাঝেই দেশ ও জাতির উন্নতি খুঁজে বেড়ায়; এমনকি অনেক আলেম ভাই ও ইসলামপন্থী দল এই কুফুরী ব্যবস্থাকে জায়েয করার জন্য নানা বাহানা ও ছিদ্রান্বেষন করেন এবং এই কুফুরি ব্যবস্থায় অংশগ্রহন করেন। (আল্লাহ্ পাক আমাদের সকলকে হেফাযত করেন। আমীন।)

প্রিয় ভাই, আমরা কি তাগুতের সংসদ কিংবা আদালতকে ততখানি ঘৃণা করি যতটুকু একটি শিরকের মূর্তিকে করি?? তাগুত সরকার তথাকথিত পবিত্র(?) আদালত প্রাঙ্গনে ন্যায়বিচারের(?) প্রতীক গ্রিক দেবী থেমিসের মূর্তি কেন বসাবে এই নিয়ে আমরা আন্দোলনে সোচ্চার হয়ে উঠি! অথচ আমরা এই বোবা মূর্তি স্থাপনের চেয়েও বড় শিরক "আল্লাহর আইনের বিরুদ্ধে আইন রচনা করা এবং মানবরচিত আইনে বিচারকার্য পরিচালনা করা"- এই বিষয়ে কখনো আন্দোলন করিনা। আমরা এই বিষয়টি লক্ষ্য করিনা, এই বোবা প্রভু (থেমিস মূর্তি) ইসলামের বা মুসলমানদের যতটুকু ক্ষতি করছে, তার চেয়ে হাজার কোটি গুণ বেশি ক্ষতি করছে এই বোবা মূর্তির পিছনে দাঁড়িয়ে থাকা আদালতটি, যে কথা বলে, বোবা নয়, যে আল্লাহর আইনের বিরুদ্ধে বিচারকার্য পরিচালনা করছে, হাজার হাজার নিরপরাধ মুসলমানের উপর যুলুম-নির্যাতন করছে, হাজার হাজার ইসলামপন্থীদের আজীবন কারাবাসের ঘোষণা দিচ্ছে, গোস্তাকে রাসূল-কে হত্যাকারী ও অন্যান্য নবীপ্রেমিক মুজাহিদ ভাইদের মৃত্যুদণ্ড দিচ্ছে, হক্কানী উলামায়ে কেরামদের উপর নির্যাতনের স্টীমরোলার চালিয়ে তাদেরকে স্তব্ধ করে দিচ্ছে, বাকরুদ্ধ করে দিচ্ছে। যারাই এই কুফুরী শাসনব্যবস্থার বিরুদ্ধে 'টু' শব্দ করছে, তাদেরই গলাটিপে ধরছে, রাষ্ট্রদ্রোহী আখ্যায়িত করছে। প্রিয় ভাই! আপনিই বলুনতো, এসবের কোনগুলো ঐ বোবামূর্তি করতে পারছে??.............

গণতান্ত্রিক সরকারের প্রতিরক্ষা বাহিনী:

প্রতিটি গণতান্ত্রিক সরকারের শাসনব্যবস্থাকে সুরক্ষিত করার জন্য তাদের নিজস্ব প্রতিরক্ষা বাহিনী রয়েছে, যারা 'গণতন্ত্র' নামের এই কুফুর ও শিরকী ব্যবস্থাকে নিজেদের জীবন বাজি রেখে প্রতিরক্ষা দিয়ে যাচ্ছে। এদের অনুপস্থিতিতে এই শাসনব্যবস্থা মুহূর্তের জন্যও টিকবে না। এরা মুসলমানদেরকে এই কুফুরি শাসনব্যবস্থাকে মেনে নিতে বাধ্য করে। এরা গণতন্ত্র নামক কুফরকে সুরক্ষা দেয়ার জন্য প্রয়োজনে ইসলাম ও মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়ে।

- **গণতন্ত্র বনাম ইসলাম:**

প্রিয় ভাই! গণতন্ত্র ও ইসলামের মধ্যে রাত-দিন পার্থক্য বিদ্যমান রয়েছে। একটি আরেকটির সম্পূর্ণ বিপরীত। আসুন, এরকম কিছু মৌলিক পার্থক্য জেনে নেয়া যাক-

গণতন্ত্র	ইসলাম
১) গণতন্ত্রের মূল ভিত্তি 'জনমত'।	১) ইসলামের মূলভিত্তি আল্লাহর অভিপ্রায়।
২) সংখ্যা গরিষ্ঠের ইচ্ছার প্রতি আত্মসমর্পণের নাম 'গণতন্ত্র'।	২) আল্লাহর ইচ্ছার প্রতি আত্মসমর্থনের নাম ইসলাম।
৩) সকল ক্ষমতার উৎস জনগণ।	৩) সকল ক্ষমতার উৎস আল্লাহ।

৪) সার্বভৌমত্বের মালিক জনগণ।	৪) সার্বভৌমত্বের মালিক আল্লাহ।
৫) মানবরচিত সংবিধানেই রয়েছে মানবতার মুক্তি।	৫) আল্লাহ্ প্রদত্ত সংবিধানেই রয়েছে মানবতার মুক্তি।
৬) মত প্রকাশে, ভোট দানে ও নির্বাচনে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সমান অধিকার স্বীকৃত।	৬) কে কতটুকু অধিকার ও ব্যক্তিস্বাধীনতা লাভ করবে, ইসলামী শরীয়তে তার সুনির্দিষ্ট সীমারেখা রয়েছে। তবে যোগ্যতা, অভিজ্ঞতা ও তাকওয়ার ভিত্তিতে গুনীজনেরা বিশেষভাবে মূল্যায়িত হবেন।
৭) উত্তরাধিকার ও নির্বাচিত হওয়ার ক্ষেত্রে নারী-পুরুষ উভয়েই সমান বিবেচিত।	৭) উত্তরাধিকার ও নির্বাচিত হওয়ার ক্ষেত্রে নারী-পুরুষের প্রভেদ বিদ্যমান।
৮) নারী ও সংখ্যালঘুরা সাধারণভাবে সমাধিকার ভোগ করবে।	৮) শক্তি ও মেধার তারতম্যের কারণে নারী ও সংখ্যালঘুরা সংরক্ষণ নীতির অধীনে ভোগ করবে বিশেষ অধিকার।
৯) পরমত সহিষ্ণুতা গণতন্ত্রের এক বিশেষ আদর্শ। নৈতিকতার কোনো বালাই নেই গণতন্ত্রে। যেমন: জরায়ুর স্বাধীনতা বা সমকামিতা কোন মতামতকেই বর্জন করতে বাধ্য নয় গণতন্ত্র।	৯) শ্বাশ্বত আদর্শ নৈতিক মানসম্পন্ন পরমত সমাদৃত, ওহী নির্দেশিত। অনৈতিক পরমত ইসলামে বর্জনীয়।
১০) গরিষ্ঠের সমর্থন সকল বৈধতার মানদণ্ড।	১০) শাশ্বত বা প্রত্যাদিষ্ট বিধান (ওহী) গরিষ্ঠের সমর্থন ছাড়াই বৈধ।
১১) জাগতিক উন্নয়নেই সকল চেতনা সীমিত-এই অর্থে প্রগতি।	১১) জাগতিক ও আধ্যাত্মিক উভয় ক্ষেত্রে চেতনা পরিব্যপ্ত- এই অর্থে প্রগতি।
১২) জবাবদিহিমূলক সরকার পদ্ধতি।	১২) চরম জবাবদিহিমূলক সরকার পদ্ধতি।
১৩) মানবরচিত আইন দ্বারা বিচার কার্য নিয়ন্ত্রিত।	১৩) আল্লাহ্ প্রদত্ত আইন দ্বারা বিচার কার্য নিয়ন্ত্রিত।
১৪) সংবিধান কর্তৃক মৌলিক অধিকার সংরক্ষিত।	১৪) প্রত্যাদিষ্ট বিধান (ওহী) কর্তৃক মৌলিক অধিকার সংরক্ষিত।
১৫) জীবনের সর্বস্তরে জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটানো গণতান্ত্রিক মূল্যবোধের পরিচায়ক।	১৫) জীবনের সর্বস্তরে আল্লাহর ইচ্ছার প্রতিফলন ঘটানোই ইসলামী মূল্যবোধের পরিচায়ক।
১৬) গণতান্ত্রিক বিশ্বাসে ধর্ম অবশ্যই রাজনীতি বিবর্জিত।	১৬) ইসলামী বিশ্বাসে মানুষের প্রথম উপাধি খলীফা/প্রতিনিধি, কাজেই ইসলাম ও রাজনীতি অবিচ্ছেদ্য।
১৭) অর্থনীতির মূলভিত্তি পুঁজিবাদ ও সুদ; যেখানে ধনীরা আরো ধনী হয়, আর গরীবরা আরো গরীব হতে থাকে। ফলে দারিদ্রতা ও বেকারত্ব বৃদ্ধি পায়।	১৭) যাকাতভিত্তিক অর্থনীতি যেখানে সম্পদের সুষম বণ্টন সুনিশ্চিত করা হয়; ফলে ধনী ও গরীবের মধ্যে বিদ্যমান বিভেদ ক্রমাগতভাবে হ্রাস পেতে থাকে; দারিদ্রতা নির্মূল হয়ে একসময় সকলেই যাকাত দেয়ার উপযুক্ত হয়ে যায়।

• এই যামানার কুফর বনাম ঐ যামানার কুফর:

প্রিয় ভাই! গণতন্ত্রের কুফর অতীতের সকল কুফরের চেয়ে ভিন্ন। অতীতে কুফরের ধরন ছিল, মানুষ সরাসরি এক ধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ করত আর কেবল তখনই তাকে কাফির বলা হতো। পক্ষান্তরে গণতন্ত্রের কুফরে সরাসরি আল্লাহ কিংবা তার রাসুলকেও অস্বীকার করা হয় না, ব্যক্তিগত কিছু ইবাদত পালনেও বাধারোপ করা হয় না। দাজ্জালী ফিতনার ধরনটিই এমন। সে শুধু বলবে, তোমরা গণতন্ত্রকে মেনে নাও। গনতান্ত্রিক রাজনীতিতে তোমরা অংশগ্রহণ কর। তোমরা যে কোনভাবে অংশগ্রহন কর না কেন তাতে কোন সমস্যা নেই। চাই দ্বীনদারির সাথে অংশগ্রহন কর কিংবা বদদ্বীনির সাথে- সব কিছুই মেনে নেয়া হবে। ইসলাম নিয়ে অংশগ্রহন করতে চাও? শরীয়তের কথা বলতে চাও? তাহলেও কোন সমস্যা নেই, সবই বরদাশত করা হবে; তথাপি তোমরা গণতন্ত্রে অংশগ্রহন কর! এই ফেতনা আমাদেরকে আরো বলবে, তুমি নামায পড়, রোযা রাখ, হজ্জ কর, যাকাত দাও, মাদরাসা প্রতিষ্ঠা কর বা মাদরাসার খেদমত কর, আত্মশুদ্ধির মেহনত কর, দাওয়াত ও তাবলীগের মেহনত কর, তোমার দাঁড়ি-টুপি-পাগড়ি সবই ঠিক থাক, কোনো সমস্যা নেই! শুধু রাষ্ট্রীয় বিধানের অধিকারটা গণতন্ত্রের প্রভুদেরকে দিয়ে দাও। ব্যস, তোমার ঈমান বের হয়ে গেল, এখন তুমি যত বেশি ইচ্ছা তত নেক আমল কর, তাতে আমার কিছুই আসে যায় না। (নাউযুবিল্লাহি মিন যালিক)

এই জন্যই প্রিয় নবী ﷺ ইরশাদ করেন-

عن أبي هريرة رضي الله عنه قال :إن رسول الله صلى الله عليه وسلم قال :بادروا بالأعمال فتنا كقطع الليل المظلم، يصبح الرجل فيها مؤمنا ويمسي كافرا، أو يمسي مؤمنا ويصبح كافرا، يبيع دينه بعرض من الدنيا. مسلم،ج:١ ص:١١٠
صحيح ابن حبان، ج:١٥ ص:٩٦

"ফেতনাসমূহ প্রকাশ হওয়ার পূর্বেই যা নেক আমল করার, দ্রুত করে ফেল! কেননা, ফেতনাসমূহ অন্ধকার রাত্রির অংশের মত (কালো) হবে (মানুষ বুঝতেই পারবে না যে সে ফেতনায় পতিত হচ্ছে)। ঐ ফেতনার সময় মানুষ সকালে মুমিন থাকবে, সন্ধায় কাফের হয়ে যাবে। অথবা সন্ধায় মুমিন থাকবে, সকালে কাফের হয়ে যাবে। দুনিয়ার তুচ্ছ লাভের আশায় স্বীয় দ্বীনকে বিক্রি করে দিবে।" (সহীহ মুসলিম, সহীহ ইবনে হিব্বান)

عن أنس بن مالك رضي الله عنه قال :قال رسول الله صلى الله عليه وسلم :يأتي على الناس زمان، الصابر فيها على دينه كالقابض على الجمر. قال أبو عيسى هذا حديث غريب من هذا الوجه. وصححه الألباني. سنن الترمذي :ج:٤ ص:٥٢٦

"মানুষের উপর এমন একটা সময় আসবে যখন দ্বীনের উপর অটল থাকা হাতে জ্বলন্ত অঙ্গার নিয়ে দাঁড়িয়ে থাকার মত কঠিন হয়ে যাবে।" (তিরমিযি)

প্রিয় ভাই!

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা বর্তমান যামানাই সেই যামানা যখন একজন মানুষ সকাল করছে ঈমানদার হিসেবে, আর বিকালেই কাফের হয়ে যাচ্ছে। কিংবা সন্ধ্যায় মুসলমান আর সকালেই কাফের হয়ে যাচ্ছে; কিন্তু সে বুঝতেই পারছে না। কেননা, সে তো সকাল সন্ধ্যা নিয়মিত পাঁচ ওয়াক্ত সালাত আদায় করছে, সিয়াম পালন করছে। সকাল-সন্ধ্যা তাসবীহ-তাহলীল আদায় করছে। ব্যক্তিগত জীবনে অনেক নেক আমল করার পরও যদি বিধান দেয়ার অধিকার গাইরুল্লাহকে দিয়ে দেয়া হয়, তাহলে তার সমস্ত নেক আমল ধ্বংস হয়ে যাবে। তার নামের তালিকা কুফুরী করনেওয়ালাদের তালিকায় চলে যাবে। (আল্লাহ্ পাক আমাদের হেফাযত করুন। আমীন।)

• গণতান্ত্রিক ব্যবস্থা একটি ধোঁকার নাম:

গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণের সঙ্গে অনেক ধরণের প্রতারণা রয়েছে, যা আমাদের দেশগুলোতে খুবই স্পষ্টভাবে দৃষ্টিগোচর হয়।

মক্কার জাহেলি যুগের পার্লামেন্ট (দারুন নদওয়া) এই কাজই করত। নিজেদের কর্তৃত্ব, ক্ষমতা, দাপট, রাজত্বকে দৃঢ় করার জন্য যা ইচ্ছা হালাল বা বৈধ করে দিত, যা ইচ্ছা হারাম বা অবৈধ করে দিত। তারপর সেই আইন প্রণয়নকে ধর্মের মুখোশ পরানোর জন্য নিজেদের উপাস্যদের দিকে সম্বন্ধ করে দিত যে, এসব তো তোমাদের উপাস্যদের পক্ষ থেকে; যাতে মূর্খ মানুষ তাতে প্রশ্ন করার অবকাশ না পায়।

এখানে সেই ধর্মীয় রাজনৈতিক বাস্তবতা বোঝা প্রয়োজন যে, প্রত্যেক যুগে ক্ষমতাবানরা আইন প্রণয়নের পর সেটিকে নিজেদের প্রভুদের প্রতি সম্বন্ধ করে থাকে। এ ক্ষমতাবান শ্রেণি সেই আইন প্রণয়নকে সচরাচর নিজেদের দিকে সম্বন্ধ করে না। নব্য জাহেলি ব্যবস্থায় হাকিমিয়্যাতের সব ক্ষমতাকে জনগণের দিকে সম্বন্ধ করা হয়। আর এটিই হলো এ জাহেলি ব্যবস্থার প্রধান প্রতারণা। বাস্তবতা হলো, সব ক্ষমতা নেতাদেরই হাতে। আরেকটু গভীরভাবে লক্ষ্য করলে বুঝা যায়, গণতন্ত্রের আইন প্রণয়ন করার ক্ষমতা মূলত নেতাদের হাতেও নয়, আন্তর্জাতিক একটি মহলের হাতে, দিবানিশি যাদের দাসত্ব করে যায় আমাদের গণতান্ত্রিক নেতৃবৃন্দ, হোক সে ইসলামী কিংবা অনৈসলামিক দল। কেননা তারা বিদেশী প্রভুর বাঁধা-ধরা এবং নির্দেশিত আইনের বাহিরে নিজেদের পছন্দমত কোনো আইনই সংসদে পাশ করতে পারে না, ইসলামী আইনতো আরো বহু দূরের কথা!

প্রিয় ভাই! 'কোনো জাতির নেতৃস্থানীয় লোকজন আল্লাহর কিতাব ছেড়ে নিজেরাই কেন স্বতন্ত্র শরিয়তপ্রণেতা হয়ে যায়? কেন তারা আইন প্রণয়নে হাত দিয়ে দেয় এবং আল্লাহর সেই ক্ষমতাকে নিজেদের হাতে তুলে নেয়? এর কারণ হলো, সেই ক্ষমতার মাধ্যমে তারা নিজেদের দাপট-কর্তৃত্বের ভিত্তি মজবুত করতে চায় এবং নিজেদের ও সমমনাদের প্রবৃত্তির সুরক্ষা দিতে পারে; ইচ্ছামতো আইন তৈরি করতে পারে এবং সাধারণ মানুষকে নিজেদের দাস বানিয়ে রাখতে পারে। তারপর সেই আইন প্রণয়নকে সম্মানিত করার জন্য সেটাকে কোনো ধর্ম বা কোনো মতবাদের মুখোশ পরিয়ে দেয়; যাতে মানুষ ধর্মীয় শ্রদ্ধাবোধ নিয়ে সেটার ইবাদত করে এবং সেটার বিরোধিতাকে পাপ মনে করে। ফলে সাধারণ মানুষ পুরো জীবন নেতৃত্বস্থানীয়দের সেবাদাস হয়েই থাকে।

এ ক্ষমতা অর্জিত হওয়ার পর ক্ষমতাশীলরা শুধু রাজনৈতিক ও অর্থনৈতিক আইন প্রণয়নই করে না; বরং সমাজকে নিজেদের ক্ষমতার ক্রীড়নক বানাতেও নিজেদের পক্ষ থেকে আইন বানিয়ে নেয়। তারা আল্লাহর অনুমতি ছাড়াই পরিপূর্ণ একটি ধর্ম বানিয়ে নেয়।

কখনো কখনো মুসলিম প্রধান রাষ্ট্রের গণতান্ত্রিক সংবিধানে কিছু কিছু ইসলামী আইনের সাথে সঙ্গতিপূর্ণ কিছু আইনের ধারা রাখা হয়। এর দ্বারা মূলত সেখানে দ্বীনি দলগুলো এবং জনগণের চোখে ধুলো দেওয়া হয়ে থাকে। অনেক মুসলিম রাষ্ট্রের জনগণ ইসলামকে মহব্বত করেন। এমতাবস্থায় যদি শরয়ী আইন-কানুনকে পূর্ণাঙ্গরূপে ছেড়ে দেওয়া হয়, তাহলে দ্বীনি দলগুলো গণতন্ত্রের প্রভুদের অন্তরায় হয়ে দাঁড়াবে। আর যদি এখানে শরয়ী সকল আইন-কানুন বাস্তবায়ন করা হয়, তাহলে আন্তর্জাতিক প্রভু সম্প্রদায় (আমেরিকা ও পশ্চিমারা) এটা কখনোই গ্রহন করে নিবে না। তাই এখানে এর সহজ সমাধান হলো-শরীয়তের কতক আইন-কানুনকে দেশীয় আইনের অন্তর্ভুক্ত করা হয়ে থাকে, কিন্তু বাস্তবে তার উপর আমল কখনো করা হয় না। বিষয়টি যেন এমন হলো যে, এর দ্বারা দ্বীনদারদের মুখ বন্ধ হয়ে যাবে, অন্যদিকে দ্বীনের দুশমনরাও অসন্তুষ্ট হবে না।

• একটি গণতান্ত্রিক রাষ্ট্রে ইসলামের করুন দশা:

** আসলে গণতান্ত্রিক জীবনব্যবস্থা হলো সেই পুরোনো জাহিলিয়্যাতের নতুন সংস্করণ। গণতান্ত্রিক ব্যবস্থা যদিও ধর্মনিরপেক্ষ হওয়ার দাবী করে, সকল ধর্ম সমান অধিকার লাভ করবে বলা হয়ে থাকে; কার্যত এটি গণতান্ত্রিক ব্যবস্থার আরেকটি বড় ধোঁকা। গণতন্ত্র প্রায় সকল মত ও পথকে অনুমোদন দেয়, কেবল ইসলাম ছাড়া। যদিও নামায, রোযা, হজ্জ, যাকাত ইত্যাদি ইবাদতগুলো ব্যক্তিগত পর্যায়ে আমল করতে নিষেধ করা হয় না বা বাধা দেয়া হয় না, কিন্তু ইসলামের সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক অবস্থান, কর্তৃত্ব ও বিধানসমূহকে গণতন্ত্র কোনো অবস্থাতেই মেনে নেয়না বা সহ্য করে না। আর যে সকল মুসলমান ইসলামের সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক অবস্থান, কর্তৃত্ব ও বিধানসমূহ নিয়ে কথা বলেন, তাদেরকেই মৌলবাদী, জঙ্গী ইত্যাদি ট্যাগ প্রদান করা হয়, তাদেরকে 'রাষ্ট্রদ্রোহী' আখ্যায়িত করা হয়, যুলুম নির্যাতনের শিকার করা হয়, জেলবন্দী করা হয়, শহীদ করে দেয়া হয়। এটাই গণতন্ত্রের ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতার প্রকৃত রূপ।

** গণতন্ত্র একদিকে ইসলামকে দমন করে, অন্যদিকে ইসলামবিরোধী সকল প্রকার পাপাচার ও অশ্লীলতাকে প্রমোট করে। গণতন্ত্রের কর্তৃত্বকালীন মানুষ শুধু পাপাচারেই লিপ্ত হয় না; বরং পাপাচার প্রসার করার দাওয়াত, তার প্রতি অনুরোগ ও উৎসাহিতকরণ এবং পাপাচারের সব উপকরণ রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় জোগাড় করা হয়। পাপাচারের অনুষ্ঠানে অংশ নেওয়ার দাওয়াত, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় এগুলো প্রচার ও সুরক্ষাদান রাষ্ট্রের দায়িত্ব সাব্যস্ত করা হয়। সুদের ভাগাড় (ব্যাংক) হোক বা বেহায়াপনার আখড়া (মালিশকেন্দ্র, সিনেমাহল, ক্যাবল, টিভি, ইন্টারনেট, নাইটক্লাব, ক্যাফে ইত্যাদি) হোক বা গানবাজনার অনুষ্ঠান হোক—এদের কারও কোনো আশঙ্কা হলে রাষ্ট্রের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের নিরাপত্তা দেওয়াকে নিজেদের ওপর ফরজ মনে করে। এমন মুহূর্তে কোনো ঈমানদার পাপাচার রুখতে উঠে দাঁড়ালে তাকে লাল মসজিদ ও জামিয়া হাফসার মতো টার্গেট করা হয়।

** অনেক মানুষ ধারণা করে, ডেমোক্রেসি মানে- স্বাধীনতা, মুক্ততা! এটি একটি ভুল ধারণা। যদিও 'স্বাধীনতা' ডেমোক্রেসির উদ্ভাবিত একটি পণ্য। আমরা এখানে স্বাধীনতা বলতে বুঝাতে চাই: বিশ্বাসের স্বাধীনতা, চারিত্রিক স্খলনের স্বাধীনতা, মত প্রকাশের স্বাধীনতা। ইসলামী সমাজের উপর এগুলোর নেতিবাচক প্রভাব অনেক। এ প্রভাব মতপ্রকাশের স্বাধীনতার নামে রাসূলগণ, তাদের রিসালাত, কুরআন, সাহাবায়ে কেরামের উপর দোষারোপ করার পর্যায়ে পর্যন্ত পৌঁছে যায়। স্বাধীনতার নামে বেপর্দা, বেহায়াপনা, খারাপ ছবি ও ফিল্ম অনুমোদন দেওয়ার পর্যায়ে পৌঁছে যায়। এভাবে এর তালিকা লম্বা হতেই থাকে। এ সবগুলো উম্মতের দ্বীনদারি ও চরিত্র ধ্বংস করার অপচেষ্টা। পৃথিবীর নানা রাষ্ট্র গণতান্ত্রিক শাসনের আড়ালে যে স্বাধীনতার দিকে আহ্বান জানায় সে স্বাধীনতা আবার সবক্ষেত্রে নয়। বরং স্বার্থ ও প্রবৃত্তির শিকলে এ স্বাধীনতা আষ্টেপৃষ্ঠে বাঁধা। মত প্রকাশের স্বাধীনতার নামে তারা রাসূলুল্লাহ ﷺ ও কুরআনকে অবমাননা করার অনুমোদন দান করে; কিন্তু 'মুশরিক নেতা শেখ মুজিব'কে নিয়ে মন্তব্য করার ক্ষেত্রে স্বাধীনতা নিষেধ। বরং যে কেউ মুশরিক নেতা শেখ মুজিবকে নিয়ে কোনো বাস্তবসম্মত মন্তব্যও করবে তাকে দেশদ্রোহী'র তকমা লাগানো হয়, তাকে শাস্তি দেয়া হয়, জেলে পুরা হয়।

যদি আসলেই তারা স্বাধীনতার আহ্বায়ক হতো তাহলে তারা ইসলামী রাষ্ট্রের জনগণকে নিজেদের সিদ্ধান্ত নিজেদেরকে নেয়ার সুযোগ দিল না কেন?! কেন তারা মুসলমানদের দেশগুলোকে উপনিবেশ বানাল, তাদের ধর্ম ও বিশ্বাস পরিবর্তনের পদক্ষেপ গ্রহণ করল? ইতালিয়ানরা যখন লিবিয়ার জনগণকে হত্যা করছিল তখন এ স্বাধীনতা কোথায়

ছিল? ফ্রান্স যখন আলজেরিয়াতে হত্যাযজ্ঞ চালাচ্ছিল অথবা ইতালিয়ানরা মিশরে গণহত্যা চালাচ্ছিল বা আমেরিকানরা যখন আফগান ও ইরাকে হত্যাযজ্ঞ চালাচ্ছিল তখন এ স্বাধীনতা কোথায় ছিল?

** একটি গণতান্ত্রিক মুসলিম প্রধান রাষ্ট্রে একজন মুশরিক নেতার যতটুকু সম্মান ও ইজ্জত আছে, আল্লাহ্ ও তাঁর রাসূলের ﷺ ততটুকু সম্মান ও ইজ্জত নেই। বিদেশী প্রভুদেরকে খুশি রেখে ক্ষমতা টিকিয়ে রাখার জন্য আল্লাহ ও তাঁর রাসূলের ﷺ শানে গোস্তাকদেরকে (অবমাননাকারী নাস্তিক-মুরতাদদেরকে) রাষ্ট্রীয়ভাবে নিরাপত্তা দেয়া হয়, অন্যদিকে গণতন্ত্রের আন্তর্জাতিক প্রভুদের মনোরঞ্জন করার জন্য নবীপ্রেমিক তাওহীদী জনতার উপর হামলা করা হয়, তাদের উপর অত্যাচারের ষ্টীমরোলার চালানো হয়, তাদেরকে শহীদ করা হয়। অথচ এই লোকগুলোই নিজেদেরকে মুসলমান দাবী করে। প্রিয় ভাই! আল্লাহর রাসূলের শানে গোস্তাকী করনেওয়ালাদের বিরুদ্ধে যারা আন্দোলন করে, তাদেরকে যারা তাদের প্রাপ্য বুঝিয়ে দিয়ে জাহান্নামে পাঠিয়ে দেয়, সেই সকল ভাইদেরকে কি আরেকজন ঈমানদার অত্যাচার নির্যাতন করতে পারে কিংবা হত্যা করতে পারে? যারা আল্লাহ্ ও তাঁর রাসূলের দুশমন তারাই কেবল এমন কাজ করতে পারে!! তাহলে ভাই! গণতন্ত্রের যারা সুরক্ষা দেয়, যারা গণতন্ত্রের পক্ষে লাঠি ধারণ করে আর তাওহীদবাদী মুসলমানদের যারা মাথা ফাটায়, সেই সকল প্রতিরক্ষা বাহিনীকে কেন (দলগতভাবে) কাফের বলা হবে না???............

** মুহাম্মাদ ﷺ-এর শরিয়তকে প্রতিহত করার জন্য গণতান্ত্রিক রাষ্ট্রের সকল শাখা (তথা সরকার, প্রশাসন, বিচারবিভাগ, গণমাধ্যম) নিজেদের মতো করে কাজ করে যায়। তেমনিভাবে ইসলাম সম্পর্কে সন্দেহ-সংশয় সৃষ্টি করা, ইসলামের নিদর্শনাবলি (দাড়ি, টুপি, হুদুদ, কিসাস)-কে নিয়ে হাসি-ঠাট্টা করা, উম্মাহকে জিহাদ থেকে দূরে সরানোর বিভিন্ন পায়তারা করা, মাদরাসা, উলামা ও দীনি শিক্ষার প্রতি ঘৃণা ছড়ানো ওদের মৌলিক মিশনের অন্তর্ভুক্ত।'

** এ ছাড়াও গণতান্ত্রিক ব্যবস্থা দাঁড়িয়েই রয়েছে সুদ এবং করের ওপর; ইসলামের দৃষ্টিতে যে দুটো অত্যন্ত জঘন্য। যা সমাজকে একেবারে বরবাদ করে দেয়। গরীবের রক্ত চুষে খায় আর পুঁজিবাদীদের রাতারাতি আঙুল ফুলে কলাগাছ হওয়ার সুযোগ করে দেয়।

** ইসলাম শক্তি প্রয়োগ করে সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ প্রদানের শিক্ষা দেয়। তাছাড়া ইসলামে সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ প্রদান করা ফরয। কিন্তু গণতন্ত্রে অসৎকাজ, নোংরাকাজ স্বীয় অবস্থায় বহাল থাকা, তার প্রচার-প্রসার হওয়া, এটা অসৎকাজের গণতান্ত্রিক অধিকার। কেননা, গণতন্ত্রের মৌলিক নীতিই হচ্ছে: Book For Book এবং Tv Channel For Tv Channel অর্থাৎ বইকে তার আপন অবস্থায় এবং টিভি চ্যানেলকে তার আপন অবস্থায় ছেড়ে দিতে হবে। তাই এখন যদি কেউ খুব অশ্লীল বই লিখে, তাহলে তাকে লিখতে দাও, এই বইকে প্রচার-প্রসার হতে দাও। যদি তোমার কাছে অশ্লীল মনে হয় তাহলে তুমি এই বই পড়ো না। তার চেয়েও যদি আরো বেশী খারাপ লাগে, তাহলে তুমি এই বইয়ের পরিবর্তে আরেকটি ভাল বই লিখে ফেল। অথবা ধরুন: কেউ খুব অশ্লীল টিভি চ্যানেল খুলল, যেখানে চূড়ান্ত পর্যায়ের অশ্লীল দৃশ্য দেখানো হয় বা তাতে কুফরী মতবাদ ছড়ানো হয়, তাহলে তাতেও কোন সমস্যা নেই। আপনি সেই চ্যানেল দেখবেন না, এটা ছাড়া অন্যান্য চ্যানেল তো আরো অনেক আছে, আপনি সেগুলোর মধ্য থেকে ভালো চ্যানেলগুলো দেখুন। এরপরেও যদি আপনার বেশী কষ্ট লাগে এবং আপনার সক্ষমতাও আছে, তাহলে আপনি একটি ভালো চ্যানেল খুলুন... কিন্তু আপনি এই অশ্লীল চ্যানেলকে শক্তি প্রয়োগ করে বন্ধ করে দিবেন, এটা আপনার জন্য বৈধ হবে না। আইন এটাকে অনুমোদন করবে

না! তা এই জন্য যে, সে যা কিছুই করবে এটা তার গণতান্ত্রিক অধিকার। এটাই হচ্ছে গণতন্ত্রের আসল রুপ, যেখানে পবিত্র মানুষকে অপবিত্রতা বরদাশত করতে হয়। আর এটা তো প্রকাশ্য বিষয় যে, অবশেষে এই অপবিত্রতাই প্রচার-প্রসার লাভ করে থাকে। তাছাড়া দুর্গন্ধযুক্ত অপবিত্র স্থানে পবিত্র মানুষ কতক্ষণ থাকতে পারে? এটাই হচ্ছে গণতন্ত্রের আসল চেহারা, যেখানে অকল্যাণের সামনে কল্যাণের হাতকে সম্পূর্ণরূপে বেঁধে দেয়া হয়! অথচ ইসলাম সম্পূর্ণ তার বিপরীত। কারণ, ইসলাম সমাজকে পবিত্র রাখার উপর তাগিদ প্রদান করে। কেননা, ব্যক্তি ও সমাজ সকলের দায়িত্ব হলো: তারা অসৎকর্মের রাস্তা প্রতিরোধ করবে এবং অশ্লীলতা ও নোংরামী যারা প্রচার-প্রসার করে তাদেরকে প্রতিহত করবে।

• গণতান্ত্রিক ইসলামী দলগুলোর অবস্থা:

প্রিয় ভাই আমার! এখন আমরা কিছু স্পর্শকাতর বিষয় নিয়ে আলোচনা করব। এগুলো ভাই একান্তই আত্মসমালোচনা! ইসলামী রাজনীতি মনে করে গণতন্ত্রকে অবলম্বন করার কারণে আমাদের অশুভ পরিণতি ও আমাদের বর্তমান অবস্থা নিয়ে কিছু আলোচনা করা হবে ইনশাআল্লাহ্।

প্রিয় ভাই! মেহেরবানী করে আমরা নিরপেক্ষ অবস্থান গ্রহণ করে বিষয়গুলো পুনর্বিবেচনা করি, বিষয়গুলোর বাস্তবতা অনুধাবন করার চেষ্টা করি এবং নিজেদেরকে সংশোধন করার চেষ্টা করি ইনশাআল্লাহ। আল্লাহ পাক আমাদেরকে বৈশ্বিক জিহাদের একক পতাকাতলে একত্রিত হওয়ার তাওফীক দান করুন। আমীন।

** প্রচলিত ধর্মীয় রাজনীতির সাথে আমরা যারা সম্পৃক্ত, ধর্মহীনতার বিরুদ্ধে বাঁধ হওয়ার পরিবর্তে কালক্রমে স্বয়ং আমরাই তার স্রোতে ভেসে যাচ্ছি। আমরা দ্বীনের ধারক-বাহকরা যখন এই পথে পা বাড়াচ্ছি, তখন দ্বীনকে বিজয়ী করা তো অনেক পরের কথা, স্বয়ং আমাদের দ্বীন-ই শংকার মধ্যে পড়ে যাচ্ছে। এই পথে চলার দ্বারা দ্বীনের উন্নতি সাধন করা তো অসম্ভব, কিন্তু এর দ্বারা স্বয়ং আমরা (দ্বীনের ধারক-বাহকরা) ধর্মহীনতা প্রচার-প্রসারের উল্লেখযোগ্য কারণ হিসাবে পরিগণিত হচ্ছি। আমাদের কারণে কাফিরদের শক্তি-সামর্থ বেড়ে যাচ্ছে এবং অসৎ কর্মকান্ডের উন্নতি সাধিত হচ্ছে।

এই গণতান্ত্রিক রাজনীতির শয়তানী দিকটা হলো: শরয়ীভাবে পালনীয় আবশ্যকীয় আমল এবং দ্বীনি দায়িত্ব পালন করাটা ধর্মীয় রাজনীতিবিদদের জন্য একটা সময় বোঝা হয়ে দাঁড়ায়। যা থেকে মুক্ত হতে পারার মধ্যেই দ্বীনের ধারক-বাহকরা তাদের রাজনৈতিক সফলতা দেখতে পায়!

** আমরা (দ্বীনি রাজনৈতিক দলগুলো) বাতিলদের বিজয় ও ক্ষমতায়নকে ইচ্ছায় বা অনিচ্ছায়, জেনে বা না জেনে গ্রহন করে নিচ্ছি। বরং এছাড়া আমাদের আর কোনো উপায়ও থাকছে না।

** গণতান্ত্রিক রাজনীতিতে বন্ধুত্ব ও শত্রুতার মাপকাঠি ঠিক করে দেয় স্বার্থ। এ কারণেই আমরা (দ্বীনের ধারক-বাহকরা) যখন এই ময়দানে অবতীর্ণ হই, তখন জুলুম, নির্লজ্জতা, অসৎকাজ এবং কুফরী মতবাদের মত অনিষ্টতা প্রচার-প্রসারকারীদেরকে প্রতিহত করা তো পরের কথা, সেই অবস্থার প্রেক্ষিতে এ সকল ফ্যাসাদকে 'ফ্যাসাদ' বলে আখ্যায়িত করাটাও আমাদের আয়ত্বে থাকে না। বরং এই ফ্যাসাদগুলো রক্ষা করা যেহেতু আমাদের রাজনীতির ক্ষেত্রে প্রয়োজন হয়, তাই আমরা তাদের (অনিষ্টতা প্রচার-প্রসারকারীগণ)-কে সন্তুষ্ট রাখা নিজেদের লক্ষ্য-উদ্দেশ্য হিসাবে স্থির করে নিচ্ছি।

** আমরা (রাজনৈতিক দ্বীনি ভাইয়েরা) সেনাবাহিনী ও ধর্মনিরপেক্ষ মিডিয়াকে সন্তুষ্ট রাখাকে নিজেদের লক্ষ্য-উদ্দেশ্য স্থির করে নিয়েছি। আর এ কারণেই সেনাবাহিনীর নির্লজ্জ অত্যাচার, ইসলামী শরীয়াহর সাথে তাদের শত্রুতার প্রচন্ড যুদ্ধক্ষেত্র অথবা ধর্মনিরপেক্ষ মিডিয়ার নির্লজ্জতা ও ইসলামের বিরুদ্ধে আক্রমণের ক্ষেত্রসহ সকল ক্ষেত্র বিদ্যমান থাকার পরও আমাদের রাজনৈতিক দ্বীনি ভাইদেরকে এই শ্রেণীর লোকগুলির সাথে তাদের সন্তুষ্টির বহিঃপ্রকাশ করতে দেখা যায়!

** একটি সময় এমন ছিল, যখন ধর্মনিরপেক্ষতা ও ধর্মহীনতার মোকাবিলা করাই দ্বীনি দলগুলোর প্রধান টার্গেট হত এবং তারা আল্লাহ তা'আলা থেকে দুরত্ব অবলম্বন এবং দ্বীনের দুশমনদের এই ক্ষমতাকেই অসচ্ছলতা, বেকারত্ব ও নিরাপত্তাহীনতার মূল কারণ হিসাবে বিবেচনা করতেন। কিন্তু ভাই বর্তমান অবস্থা দেখুন! স্বয়ং অনেক দ্বীনি দলগুলোর প্রধানরা পর্যন্ত ধর্মনিরপেক্ষতাকে একটি সমস্যা বলতেও নারাজ বোধ করছেন! আজ এই সকল ভাইদের মুখে শুনা যায়-সমাজের সমস্যার সমাধান যেন রয়েছে "আইনের শাসন, সম্পদের সুষম বন্টন এবং দুর্নীতিমুক্ত সমাজ বিনির্মান"!-ইত্যাদির মধ্যে! বর্তমানে এই সমস্ত কথা-বার্তা অন্য সকল ধর্মনিরপেক্ষ দলগুলিই বলে থাকে। তাহলে এখন বলুন! দ্বীনি দল ও ধর্মনিরপেক্ষ দলগুলির উদ্দেশ্যের মাঝে আর কোন মৌলিক পার্থক্য বাকি থাকলো কি?!

** বর্তমানে গনতান্ত্রিক রাজনীতির সাথে সম্পৃক্ত আমাদের দ্বীনদার ভাইয়েরা ধর্মনিরপেক্ষবাদীদের শিকারে পরিণত হওয়ার দৃশ্য সামনে আসছে। আরো আফসোসের কথা হচ্ছে; এ জাতীয় সকল চাটুকারিতা দ্বীনের নুসরতের নামে চলছে! এ জাতীয় সকল বাতিল রাজনীতির জন্য "দাওয়াতি মাসলাহাত" অর্থাৎ 'দাওয়াতী স্বার্থ' পরিভাষা ব্যবহার করা হচ্ছে! অথচ বাস্তবতা হলো: যে মাসলাহাতের কথা এখানে বলা হচ্ছে, তার সাথে দ্বীনের কোন সম্পর্কই নেই!! পরবর্তীতে এই "দাওয়াতি মাসলাহাত" এমন একটা মূর্তিতে পরিবর্তিত হয়ে যায় যে, ফলশ্রুতিতে দ্বীনদার ব্যক্তিরা তার আরাধনা/পূঁজা করা শুরু করেন। আবার কখনো কখনো তিনি প্রকৃত দাওয়াত ও সুষ্পষ্ট মানহাযকে পর্যন্ত ভুলে যান! অথচ দ্বীনের দাঈ'দের জন্য আবশ্যক হলো: দ্বীনের এই দাওয়াত তার আসল তরীকার সাথে জুড়ে দেওয়া; যা আল্লাহ তা'আলার পক্ষ থেকে প্রেরিত হয়েছে।

** গণতান্ত্রিক তাগুতের সাথে তাল মিলিয়ে চলতে চলতে ইসলামী দলগুলো মন্দকে প্রতিহত করার ও বাতিলের সামনে হুংকার দেওয়ার যে ক্ষমতা ছিল তা হারিয়ে ফেলে। তা প্রথমে আপস-মীমাংসা, তারপর পুনর্মিলন, অবশেষে এটা সহযোগিতায় পরিণত হয়...। ফলে সংখ্যাগরিষ্ঠ প্রভুরা অসন্তুষ্ট হতে পারে চিন্তা করে আমাদের এই ভাইয়েরা অসৎকাজে বাধা দেয়ার কথা যেন বেমালুম ভুলে যান, বা সেই ক্ষমতা যেন রহিত হয়ে যায়।

** প্রিয় ভাই! একটি কঠিন বাস্তবতা হল- গণতান্ত্রিক রাজনীতিতে দ্বীনদার ভাইদের একেবারেই কোন শক্তি-সামর্থ নেই, এটার জানান দেয়। কারণ, গণতান্ত্রিক রাজনীতি শক্তি প্রদান করে না, বরং যে শক্তি ধর্মকে রক্ষা করতে পারে এবং কাফের ও ধর্মের দুশমনদের পথকে চিরতরে বন্ধ করে দিতে পারে (জিহাদের শক্তি), সে শক্তিকে ছিনিয়ে নেয়। আমাদের গণতান্ত্রিক ইসলামী দলগুলোর ভবিষ্যত রাজনৈতিক কর্মপরিকল্পনা কিংবা কর্মসূচির হাজার বছরের রূপরেখার মধ্যেও প্রকৃত জিহাদ খুঁজে পাওয়া যাবে না। এভাবে গণতন্ত্র সুকৌশলে একটি ঈমানী তেজোদ্দীপ্ত প্রজন্ম থেকে জিহাদকে কেড়ে নিল। আর উম্মত হারাল লাখো লাখো সম্ভাবনাময় মুজাহিদকে। সন্দেহ নেই, ইসলামের উপর এটি গণতন্ত্রের এক বিশাল বিজয়। আর এর কারণ হলাম আমরাই, যারা দ্বীন কায়েমের কর্মপন্থারূপে জিহাদকে নয়, গণতন্ত্রকে বেছে নিয়েছি। আল্লাহ্ পাক আমাদের সকলকে সঠিক দ্বীনের বুঝ দান করুন। আমীন।

** আরেকদল ভাই আছেন, যারা গণতন্ত্রকেই জিহাদ মনে করেন, মিটিং-মিছিল করে নিজেদেরকে মুজাহিদ মনে করেন। (নাউযুবিল্লাহ্)
এর পরিণতি ভাই অত্যন্ত ভয়াবহ!
এর প্রমান, ইসলামের মোড়কে গণতান্ত্রিক এই ভাইয়েরাই অনেকে আজ সত্য জিহাদের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন, সংখ্যাগরিষ্ঠ গণতান্ত্রিক প্রভুদেরকে খুশি করতে প্রকৃত জিহাদের বিরুদ্ধে মিটিং-মিছিল-র‍্যালী করছেন, ফতোয়া ইস্যু করছেন, মিথ্যা ও ভ্রান্ত প্রোপাগান্ডা দিয়ে উম্মতকে মুজাহিদদের বিরুদ্ধে বিষীয়ে তুলছেন। নিজেদের মাদরাসাগুলোকে 'জঙ্গীমুক্ত' (তথা জিহাদমুক্ত!!!) ঘোষণা দিতে খুব তৃপ্তি বোধ করছেন, হক মুজাহিদদের বিরুদ্ধে ফতোয়া দিতে পেরে আনন্দিত হচ্ছেন!
আল্লাহ তা'আলা আমাদের সকলকে হেফাযত করুন, সঠিক ইসলাম বুঝার তাওফীক দান করুন এবং তার উপর আমল করার তাওফীক দান করুন। গণতন্ত্রের মতো একটি কুফুরী ব্যবস্থা থেকে বেরিয়ে আসার তাওফীক দান করুন। আমীন।

• গণতন্ত্র নিয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন....

০১. গণতন্ত্র বনাম মজলিশে শুরা: এই দুটি কি এক???

উত্তর: কিছু মানুষ ধারণা করে- ডেমোক্রেসি (গণতন্ত্র) শব্দটা ইসলামে 'শুরা' শব্দের প্রতিশব্দ। এটি কয়েকটি কারণে ভুল। কারণগুলো নিম্নরূপ:

১. শুরা বা পরামর্শ করা হয় নতুন কোন বিষয় নিয়ে, এমন বিষয়ে যে বিষয়ে কুরআন-হাদিসের বক্তব্য সুস্পষ্ট নয়। পক্ষান্তরে গণতন্ত্রের পার্লামেন্টে (সংসদে) ধর্মের অকাট্য বিষয়গুলো নিয়েও আলোচনা-পর্যালোচনা করা হয়। এরপর হারামকে হারাম ঘোষণা করা হয় না, হালাল অথবা ওয়াজিবকে হারাম ঘোষণা করা হয়। এসব আইনের বলে মদ বিক্রির বৈধতা দেয়া হয়েছে। ব্যভিচার ও সুদের বৈধতা দেয়া হয়েছে। এসব আইনের মাধ্যমে ইসলামি সংস্থাগুলো ও আল্লাহর দিকে আহ্বানকারীদের তৎপরতাকে কোণঠাসা করা হয়েছে। এ ধরণের কোণঠাসাকরণ ইসলামি শরিয়ার সাথে সাংঘর্ষিক। শুরা পদ্ধতিতে এমন কোন সিদ্ধান্ত নেয়ার কোন সুযোগ আছে কি?!

২. শুরা কমিটি গঠিত হয় এমন ব্যক্তিবর্গদের সমন্বয়ে যাদের মধ্যে ফিকহ, ইলম, সচেতনতা ও চরিত্র ইত্যাদির একটা উন্নত মান বিদ্যমান থাকে। কারণ চরিত্রহীন ব্যক্তি বা বোকার সাথে পরামর্শ করা যায় না; আর কাফের বা নাস্তিকের সাথে পরামর্শ তো আরও দূরের কথা। পক্ষান্তরে ডেমোক্রেটিক পার্লামেন্টে: পূর্বোক্ত গুণগুলোর কোন বিবেচনা নেই। একজন কাফের, দুর্নীতিবাজ, নির্বোধ ব্যক্তিও পার্লামেন্ট সদস্য হতে পারবে। সুতরাং শুরার সাথে এ তন্ত্রের কি সম্পর্ক?!

৩. শাসক শুরার সিদ্ধান্ত গ্রহণ করতে বাধ্য নন। হতে পারে শুরা কমিটির একজন সদস্য যে পরামর্শ দিয়েছেন তার দলিলের বলিষ্ঠতার কারণে তিনি সেটাই গ্রহণ করবেন। অন্য সদস্যদের মতামতের পরিবর্তে এই মতকে সঠিক মনে করবেন। পক্ষান্তরে গণতান্ত্রিক পদ্ধতিতে 'অধিকাংশ সদস্যের' মত চূড়ান্ত মত। জনগণকে এ মত মেনে চলতে হবে।

অতএব, মুসলমানের কর্তব্য হচ্ছে- তাদের ধর্মকে নিয়ে গৌরববোধ করা, তাদের রবের পক্ষ থেকে দেয়া বিধানের প্রতি আস্থা রাখা; এ বিধান তাদের দুনিয়া ও আখেরাতের কল্যাণে যথেষ্ট এবং আল্লাহর শরিয়ত বিরোধী সকল তন্ত্র-মন্ত্র থেকে নিজের মুক্ততা ঘোষণা করা।

০২. 'দুই প্রকারের খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপের পক্ষ অবলম্বন করা'র নীতিতে গণতান্ত্রিক নির্বাচনে অংশ গ্রহণ করা যাবে কি??

উত্তর: নির্বাচনের ক্ষেত্রে এই নীতিটির দুটি অর্থে ব্যবহৃত হতে পারে-

১. যে প্রার্থীর আদর্শ অপেক্ষাকৃত কম ইসলাম বিরোধী তাকে ভোট দেয়ার মানে হল, কম খারাপের পক্ষ নেয়া।

২. অন্যদিকে, কাউকে ভোট না দিলে বেশি খারাপ প্রার্থীটি নির্বাচিত হতে পারে ভয়ে কম খারাপকে ভোট দেয়া।

প্রিয় ভাই, উপর্যুক্ত নীতিটি কেবল সেক্ষেত্রেই প্রযোজ্য, যে ক্ষেত্রে দুটি পথের একটিকে গ্রহণ না করে উপায় নেই। কিন্তু যদি এগুলো থেকে বেঁচে থাকার উপায় থাকে এবং যে কোনো একটিকে গ্রহণ করতে বাধ্য করা না হয়-তাহলে সেক্ষেত্রে এই নীতিটি প্রযোজ্য নয়। ভোটের ক্ষেত্রে এই প্রয়োগকে এভাবে দেখা যায়: কোন ব্যক্তি একজন মুসলিম ভাইকে মদ খাওয়ার দাওয়াত দিল। সেখানে একটি মদে থাকবে ৫০% এলকোহল এবং অন্য একটি মদে থাকবে ২৫% এলকোহল। সুতরাং সে দাওয়াত গ্রহণ করে ২৫% এলকোহলের মদটি পান করল।

প্রিয় ভাই, গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করতে আমাদের কেউ বাধ্য করছে না; তাই কম খারাপকে সমর্থন করার নামে একটি শিরক করা কখনোই গ্রহণযোগ্য হতে পারে না। আমরা ভোট না দিলে যে ক্ষতি হবে, তার তুলনায় এই শিরক (আল্লাহর আইনের বিরুদ্ধে আইন তৈরির অধিকার দেয়া) অনেক অনেক বেশি ক্ষতিকর।

০৩. 'সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ করা'র নীতিতে গণতন্ত্রে অংশগ্রহণ করা যাবে কি??

গণতন্ত্রে অংশগ্রহণ করে ভালো প্রার্থীকে ভোট দেয়ার দ্বারা 'সৎকাজে আদেশ' এবং অসৎ প্রার্থীকে বিজয়ী হতে না দিয়ে মন্দ প্রার্থীকে বাধা দেয়ার মাধ্যমে 'অসৎ কাজের নিষেধ' করা হচ্ছে বলে আমরা অনেকে মনে করি। এক শ্রেণির ভাইয়েরা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা কেবল 'বৈধ' বলেই ক্ষান্ত হননি, গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহণ করা একজন মুসলমানের জন্য আবশ্যকীয় কর্তব্য, পবিত্র দায়িত্ব ও ভোটকে পবিত্র আমানত মনে করেন। শুধু তাই নয়, যারা গণতান্ত্রিক নির্বাচনে অংশগ্রহনের বিরুদ্ধে কথা বলেন, এবং মানুষকে এই সিস্টেমে অংশগ্রহণ করতে বাধা প্রদান করেন, তাদেরকে 'যালিম' সাব্যস্ত করে থাকেন। (নাউযুবিল্লাহ্)

প্রিয় ভাই, সৎকাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করার জন্য প্রথম শর্ত হল- সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ করার পদ্ধতিটি শরীয়ত সম্মত হতে হবে। দ্বিতীয় শর্ত হল, ঐ মুনকার (খারাপ) নিষেধ করতে গিয়ে যেন আরো বড় মুনকার (ক্ষতি) না হয়ে যায়, তা নিশ্চিত করা।

যারা মন্দ প্রার্থী আর ভালো প্রার্থীর কথা বলে নির্বাচনে অংশ নেয়াকে বৈধ করে থাকেন, তাদেরকে এ মন্দ ঠেকাতে শিরক বা কুফরের মতো মূল্য দিতে হয়। যা আরো বড় মুনকার, আরো বড় ক্ষতি। চলুন ভাই দুটি জিনিসকে পরিমাপ করে দেখি!

আল্লাহ্ তা'আলা বলেছেন:

وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ

"হত্যা অপেক্ষা ফিতনা গুরুতর।" (সূরা বাকারা ২:২১৭)

মহান আল্লাহ তাআলা আরো বলেনঃ

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ

"আর তাদের সাথে যুদ্ধ করতে থাকো, যাবত না ফেতনা নির্মূল হয় এবং দ্বীন (বিজয়) সম্পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়। অতঃপর যদি তারা নিবৃত্ত হয়, তবে আল্লাহ তাদের কার্যাবলী প্রত্যক্ষ করছেন।" (সূরা আনফাল, ৮:৩৯)

ইমাম আবু বকর জাস্সাস রহ. এই আয়াতের ব্যাখ্যায় বলেনঃ

قال ابن عباس والحسن :حتّى لا يكون شركٌ

وقال محمد بن إسحاق: حتى لا يُفْتَتَنَ مُؤْمِنٌ عن دينه

ইবনে আব্বাস ও হাসান রাযি. (ফেতনার অর্থ) বলেছেন: 'যতক্ষণ না শিরক নির্মূল হয়।' আর মুহাম্মাদ বিন ইসহাক রহ. বলেন, 'যতক্ষণ না প্রতিটি মুমিন দ্বীনের ব্যাপারে বিপদের সম্মুখীন হওয়া থেকে নিরাপদ হয়।' (আহকামুল কুরআন ৩/৬৫)

অর্থাৎ উপর্যুক্ত আয়াতগুলোতে "ফিতনা" বলতে আল্লাহ্ পাক কুফর ও শিরককে বুঝিয়েছেন, অধিকাংশ তাফসীরের কিতাবগুলিতে তাই পাওয়া যায়।

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ্ রহ. বলেছেন: "যদিও হত্যা করার মাঝে পাপ ও অমঙ্গল রয়েছে, তবে কাফিরদের ফিৎনার (কুফুরী) মাঝে রয়েছে তার চেয়েও অধিক গুরুতর পাপ এবং অমঙ্গল।" (আল ফাতওয়া ২৮/৩৫৫) ।

শাইখ আলী আল খুদাইর তাঁর "লা ইলাহা ইল্লাল্লাহ্-এই সাক্ষ্যদানে আহ্বান" কিতাবটিতে শেখ সুলাইমান বিন সাহমান রহ. এর উদ্ধৃতি দিয়ে বলেছেন: "আল ফিতনা হল-কুফর। সুতরাং সমস্ত বেদুঈন ও নগরবাসী যদি যুদ্ধ করে শেষ হয়ে যায়, তা অনেক কম গুরুতর ঐ জমীনে একটি তাগুতকে নির্বাচন করার চেয়ে, যে এমন এক আইনে শাসন করে যা ইসলামের শরীয়ত বিরোধী।"

তাই, সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধের অজুহাতে শিরক করা যাবে না, তাতে অত্যাচার যতই কমে যাবার সম্ভাবনা থাকুক। এটা এ কারণে যে, মুসলিমরা অত্যাচারের কারণে যে ক্ষতির শিকার হচ্ছে তার চেয়ে বড় ক্ষতিগ্রস্ত হবে শিরক করার মাধ্যমে।

০৪. 'আমলসমূহ সর্বোপরি নিয়্যতের উপর নির্ভরশীল' এই ভিত্তিতে আমরা ভালো নিয়তে (ক্ষমতা লাভ করে মুসলমানদেরকে যুলুম থেকে বাঁচানোর নিয়তে/কুরআনের আইন প্রণয়ন করার নিয়তে) গণতন্ত্রে অংশগ্রহণ করতে পারব কি??

উত্তর: প্রিয় ভাই, উত্তম নিয়্যতের দ্বারা কোনো গুনাহের কাজ সওয়াবের কাজে পরিণত হয় না। ইমাম আবু হামিদ আল গাজ্জালী রহ. বলেন, "গুনাহ, এগুলোর প্রকৃতি নিয়্যতের দ্বারা কখনো পরিবর্তন হয়ে যায় না। সুতরাং রাসূলুল্লাহ্ ﷺ এর বাণী: "প্রত্যেক আমলই নিয়্যতের উপর নির্ভরশীল" তিনটি জিনিসের (ইবাদত, মুবাহ ও গুনাহ) এর মধ্যে

কেবল আনুগত্য ও মুবাহ (অনুমতি প্রাপ্ত আমলের) মধ্যে সীমিত, গুনাহের জন্য নয়। এটা এই কারণে যে, আনুগত্য গুনাহতে পরিণত হয় (খারাপ) নিয়্যতের দ্বারা। বিপরীতে একটি খারাপ কাজকে কখনোই নিয়্যতের দ্বারা আনুগত্যে পরিণত করা যায় না।" (এহইয়াউ উলুমিদ্দিন, ৪/৩৮৮-৩৯১)

প্রিয় ভাই, কুফর হলো সবচেয়ে বড় গুনাহ। গণতান্ত্রিক পার্লামেন্টে আইন প্রণয়নে অংশ নেয়া কুফর, এটিকে ভালো নিয়তের দ্বারা জায়েয করা যায় না। কেননা হতে পারে কোনো ব্যক্তি নেক নিয়তের মাধ্যমে সংসদে আইন প্রণয়নের সময় আল্লাহর আইনের বিরোধী আইন প্রণয়নের বিপক্ষে ছিল; কিন্তু আইন প্রণয়নের এই পদ্ধতিটিই তো কুফর। আজ যদি আইন প্রণয়নকারীদের অধিকাংশই আল্লাহর আইনের পক্ষে রায় দেয় (যেহেতু জনগণ কুরআনের আইন চায়), আগামীকালই হয়ত কুরআন বিরোধী আইন জয়যুক্ত হবে। কেননা আগামীকাল হয়ত জনগণ কুরআন বিরোধী আইনই চাইবে। তাই এই পদ্ধতিটিই কুফুরী, যেখানে আল্লাহর ইচ্ছা বা ক্ষমতার উপর মানুষের ইচ্ছাকে গুরুত্ব প্রদান করা হয় এবং আইন প্রণয়নের ক্ষেত্রে আল্লাহর উপর মানুষকে ক্ষমতাবান করা হয়। তাই নেক নিয়ত থাকলেও এই পদ্ধতিতে অংশগ্রহণ করা কিভাবে জায়েয হতে পারে??

প্রিয় ভাই, নেক নিয়তে (অভাবী মুসলিমদেরকে সাহায্য করার নিয়তে) আমি যদি বাইবেল কিংবা মুর্তি বিক্রি করে টাকা উপার্জন করি, তাহলে আমার এই কাজকে আপনি কি জায়েয বলবেন??.....

০৫. 'নিতান্ত প্রয়োজনে হারাম গ্রহণ করার অনুমতি রয়েছে'- এই যুক্তিতে গণতন্ত্রে অংশগ্রহণ করা যাবে কি??

উত্তর: কিছু কিছু ভাই মনে করেন, এখন মুসলমানদের জন্য জরুরি অবস্থা বিরাজ করছে, সুতরাং এমতাবস্থায় ইসলামের অস্তিত্ব টিকিয়ে রাখতে গণতান্ত্রিক রাজনীতি করার অনুমতি রয়েছে। অর্থাৎ যে জিনিসটি হারাম ছিল বর্তমান পরিস্থিতিতে হালাল হয়ে যাবে।

প্রিয় ভাই, এই নীতি সর্বক্ষেত্রে প্রয়োগ করা যায় না। এর কিছু ব্যতিক্রম রয়েছে এবং কিছু বাধ্যবাধকতা বা সীমা আছে যার কারণে গণতান্ত্রিক প্রক্রিয়ার ক্ষেত্রে এটির ব্যবহার গ্রহণযোগ্য নয়।

প্রথমতঃ অনেক বিষয় আছে যেগুলোকে 'প্রয়োজন' বা জরুরী বলা যায় না। সুতরাং আমাদের সতর্ক থাকতে হবে যেন আমরা সত্যিকার প্রয়োজন ছাড়া এই নীতির নমনীয়তাকে ব্যবহার না করি। মানুষের 'প্রয়োজন' বা জরুরি অবস্থা পাঁচ প্রকারের। ১. দ্বীনের জন্য আবশ্যকীয়, ২. জীবনের জন্য আবশ্যকীয়, ৩. মানসিক সুস্থ্যতার জন্য আবশ্যকীয়, ৪. রক্ত (বংশ) বা সম্মান রক্ষার্থে আবশ্যকীয়, ৫. সম্পদের ক্ষেত্রে আবশ্যকীয়।

এই সকল প্রয়োজনীয়তা সমান পর্যায়ের নয়। যেমন: কারো জ্বিনা করার কিংবা কোনো মাহরাম মহিলাকে বিবাহ করার অজুহাত কখনো এই হতে পারে না যে, আমার যৌন আকাঙ্ক্ষা পূরণ করা আবশ্যকীয় হয়ে পড়েছিল। সুতরাং সকল প্রয়োজনকেই এই নীতির আওতায় ফেলা যাবে না, এক্ষেত্রে একটি সীমারেখা আছে।

প্রিয় ভাই! আমরা মুসলিম, আমরা বীরের জাতি, আমরা আল্লাহ ছাড়া আর কারো সামনে মাথা নত করিনা, আমরা আল্লাহ ছাড়া আর কারো পরোয়া করি না, আর কাউকে ভয় করিনা, বুলেট-বোমা, জেল-জুলুম কিংবা জালিমের রক্তচক্ষু আমাদেরকে সত্য মানতে ও দুনিয়ার বুকে তা প্রতিষ্ঠা করতে বাধা দিতে পারে না। এইতো আমাদের পরিচয় ছিল। অথচ দুঃখজনক হলেও সত্য যে, আজ আমাদের অবস্থা সেই হারিয়ে যাওয়া কিংবা নিজেকে 'ভেড়ার বাচ্চা' ভাবা সেই সিংহশাবকের ন্যায়। আমাদের যিন্দেগী আর আমাদের পূর্ববর্তী সাহাবায়ে কেরাম, তাবেয়ী, তাবে-তাবেয়ী আর অন্যান্য সালাফ ও আকাবীরগণের যিন্দেগী মিলিয়ে দেখি। আমাদের যিন্দেগী কি একই রকম? তাদের সীরাত মানেই বীরত্ব আর শৌর্য-বীর্যের উপাখ্যান। আমাদের যিন্দেগীগুলো কাপুরুষতার বিভীষিকায় ছেয়ে আছে। কাপুরুষতার অভিশাপে আমরা ব্যধিগ্রস্ত। হায়! অথচ আমরা তাদের রূহানী সন্তান যাদের নাম শুনলে কিসরা-কায়সারের সাম্রাজ্যগুলোতে কাঁপন ধরত। যাদের নাম নিয়ে ভয় দেখিয়ে বাচ্চাদেরকে কুফ্ফার জননীরা তাদের বাচ্চাদের ঘুম পাড়াত। যাদের ভয়ে কুফ্ফার সেনাপতিরা সবসময় দৌঁড়ের উপর থাকত। যাদের ভয়ে কুফ্ফাররা তাদের কাপড় নষ্ট করে ফেলত। যাদের আতঙ্কে তারা কখনো আমাদের মা-বোনদের দিকে চোখ তুলে তাকাবারও সাহস পেত না।

হায়! আজ আমরা কোটি কোটি মুসলমান বর্তমান রয়েছি। অথচ আমরা আজ বানে ভেসে আসা খড়-কুটোর মতো মূল্যহীন। প্রতিটি ভূমি থেকে আজ আমরা উৎখাত হচ্ছি। গণহত্যা আর নির্যাতনের শিকার হচ্ছি। মা-বোনদের ইজ্জত আর সম্ভ্রমের হেফাজত করতে আমরা ব্যর্থ হচ্ছি। এগুলো কেন হচ্ছে ভাই? কারণ আমরা জিহাদ ছেড়ে দিয়েছি। মৃত্যুর ভয়ে আমরা কাপুরুষতার যিন্দেগী বরণ করে নিয়েছি। আমরা আমাদের আত্মপরিচয় ভুলে গিয়েছি। সুতরাং প্রিয় ভাই! আসুন আমরা আমাদের রাসূল, সাহাবায়ে কেরাম, সালাফ/আকাবীরগণ, পূর্বপুরুষ বাপ-দাদাদের বীরত্ব দেখি, নিজেদেরকে তাদের উত্তরসূরি হিসেবে নতুন করে আবিষ্কার করি এবং বীরত্বের সে খুনরাঙা পথে পা বাড়াই। আল্লাহ পাক আমাদের সকলকে কবুল করেন। আমীন।

রাসূলুল্লাহ ﷺ এর নির্ভীকতা ও বীরত্ব:

- বীরত্ব ও বাহাদুরির ক্ষেত্রে রাসূলুল্লাহ ﷺ এর স্থান ছিল সকলের উপরে। তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ বীর। কঠিন পরিস্থিতিতে বিশিষ্ট বীর পুরুষদের যখন পদস্খলন হয়ে যেত, তখনও রাসূলুল্লাহ ﷺ দৃঢ়তার সাথে টিকে থাকতেন। তিনি সে সুকঠিন সময়েও পশ্চাদপসরণ না করে সামনে অগ্রসর হতেন। তাঁর দৃঢ়চিত্ততায় এতটুকু বিচলিত ভাবও আসত না।

হযরত ইবনে উমর রাদিয়াল্লহ আনহুমা বলেছেন,

مَا رَأَيْتُ أَشْجَعَ وَلَا أَنْجَدَ وَلَا أَجْوَدَ ولا أرضى مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

"আমি রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা না কোনো বীর, সরল ও উদারপ্রাণ ব্যক্তি দেখেছি এবং না অন্যান্য চরিত্র গুণেও তাঁর চাইতে পছন্দনীয় কাউকে দেখেছি।" (নশরুত্তীব) [https://shamela.ws/book/23645/225#p3]

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু বলেন,

إِنَّا كُنَّا إِذَا حَمِيَ الْبَأْسُ- وَيُرْوَى اشْتَدَّ الْبَأْسُ- وَاحْمَرَّتِ الحدق، اتقينا برسول الله صلّى الله عليه وسلم فَمَا يَكُونُ أَحَدٌ أَقْرَبَ إِلَى الْعَدُوِّ مِنْهُ. وَلَقَدْ رَأَيْتُنِي يَوْمَ بَدْرٍ وَنَحْنُ نَلُوذُ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَهُوَ أَقْرَبُنَا إِلَى الْعَدُوِّ، وَكَانَ مِنْ أَشَدِّ النَّاسِ يَوْمَئِذٍ بَأْسًا

"যে সময় যুদ্ধের বিভীষিকা দেখা যেত এবং সুকঠিন পরিস্থিতি সৃষ্টি হতো, সে সময় আমরা রাসূলুল্লাহ্ ﷺ-এর ছত্র ছায়ায় আশ্রয় নিতাম। কারণ, তখন তিনিই থাকতেন কাফেরদের সবচেয়ে নিকটবর্তী। বদর যুদ্ধে আমরা তাঁর আড়ালে আশ্রয় নিতাম। তাঁর চেয়ে বেশি দৃঢ়তার সাথে অন্য কেউ শত্রুর মোকাবিলা করতে পারতো না।" (শাফী, কাজী আয়ায, প্রথম খণ্ড, পৃ. ৮৯) [https://shamela.ws/book/২3645/২২৫#p4]

হুনাইনের যুদ্ধের দিনও রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা অধিক দুঃসাহসী, বীর ও নির্ভীক কাউকে দেখা যায়নি। (মাদারেজুন্নবুওয়ত)
এভাবে প্রতিটি যুদ্ধে তিনি ﷺ-ই ছিলেন সর্বশ্রেষ্ঠ বীর।

হযরত আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ ﷺ বলেছেন,

"আমাকে অন্য লোকের উপর চার বিষয়ে শ্রেষ্ঠত্ব দেয়া হয়েছে: দানশীলতা, বীরত্ব, পৌরুষশক্তি ও বিপক্ষের উপর প্রাধান্য। তিনি নবুয়তের পূর্বে এবং নবী থাকা কালেও প্রতিপত্তিশালী ছিলেন।" (নশরুত্তীব)

- একদিন কুরাইশ প্রধানগণ কাবা ঘরের হাতিমের ভিতরে বসে গল্প করছিলো। তারা পরস্পর বলাবলি করছিলো, 'মুহাম্মাদ ﷺ এর ব্যাপারে আমরা যতখানি ধৈর্য ধারণ করেছি, ইতিপূর্বে আর কারো জন্য তা করতে হয়নি। আমাদের সে মূর্খ নির্বোধ বলে। আমাদের পূর্বপুরুষদের সে মন্দ বলে। আমাদের ধর্মের সমালোচনা করে। আমাদের ঐক্যের মাঝে ফাটল সৃষ্টি করেছে। আমরা এই সববিছু সহ্য করেছি।' এমন সময় রাসূলুল্লাহ ﷺ কাবা প্রাঙ্গণে এসে হাজরে আসওয়াদ পাথরকে চুম্বন করলেন। বাইতুল্লাহ তাওয়াফ করতে শুরু করলেন। তাওয়াফের সময় কুরাইশদের নিকট দিয়ে অতিক্রমকালে তারা নবীজী ﷺ-কে কটুকথা বলে ঠাট্টা-বিদ্রুপ করতে লাগলো।

নবীজী ﷺ-এর পবিত্র চেহারায় তাদের বিদ্রুপের প্রতিক্রিয়া প্রকাশ পেলো। তিনি কাউকে কিছু না বলে তাওয়াফ করতে লাগলেন। দ্বিতীয়বার তাদের সামনে দিয়ে অতিক্রমকালে তারা আবারো বিদ্রুপ করলো। এবারো নবীজী

ﷺ চুপচাপ সামনের দিকে অগ্রসর হলেন। তৃতীয়বারও তারা নবীজী -ﷺকে কটু কথা বললে তিনি তাদের দিকে ফিরে বললেন,

أتسمعون يا معشر القريش، أما والذى نفس محمد بيدة لقد جئتكم بذبح

"হে কুরাইশের দল, তোমরা কি আমার কথা শুনতে পাচ্ছ? ঐ সত্তার কসম করে বলছি যার হাতে আমি মুহাম্মাদের জীবন! নিশ্চয় আমি তোমাদেরকে জবাই করতে এসেছি।"

নবীজী ﷺ-এর মুখে এমন কঠোর কথা শুনে কাফেররা ভয় পেয়ে গেলো। তাদের মধ্য থেকে একজন বললো, হে আবুল কাসেম, আপনি চলে যান। আল্লাহর কসম! আপনি তো অন্যদের মতো নির্বোধ লোক নন।

নবীজী ﷺ সেখান থেকে চলে গেলেন। (সীরাতে ইবনে হিশাম, পৃষ্ঠা: ৩২০)

- একরাতে অজানা একটি আওয়াযে মদীনা বাসীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ল। সবাই আওয়ায অনুসরণ করে ছুটতে লাগল। পথে রাসূলুল্লাহ ﷺ এর সাথে দেখা হল। সকলেই বুঝলেন, তিনিই ﷺ সবার আগে সে আওয়াযের উৎস জানতে বেরিয়ে গিয়েছিলেন। নবীজী ﷺ কোলাহল লক্ষ্য করে অগ্রসর হলেন। সে সময় তিনি হযরত আবু তালহা রাদিয়াল্লাহু আনহুর একটি ঘোড়ার খালি পিঠে সওয়ার হয়ে ছিলেন। তাঁর ﷺ গলায় তরবারি ঝুলানো ছিল। তিনি ﷺ লোকদের বলছিলেন, ভয় পেয়ো না, ভয় পেয়ো না। (সহীহ মুসলিম, দ্বিতীয় খণ্ড, পৃ.২৫২)

- একদিন প্রচণ্ড রোদ থেকে ফিরে তিনি একটি গাছের ছায়ায় আশ্রয় নিলেন। ক্লান্তির দরুন তিনি নিদ্রায় ঢলে পড়লেন। তাঁর তলোয়ার ঝুলিয়ে রেখেছিলেন গাছের ডালে। এক লোক এসে তরবারিটি হাতে নিয়ে কোষমুক্ত করে চিৎকার করে বলল, কে তোমাকে আমার হাত থেকে রক্ষা করবে? নবীজী ﷺ শান্ত কণ্ঠে বললেন, আল্লাহ! লোকটির হাত থেকে তলোয়ার খসে পড়ল। তিনি ﷺ তরবারি হাতে নিয়ে বললেন, এবার তোমাকে কে আমার হাত হতে রক্ষা করবে? লোকটি বলল, হে মুহাম্মাদ! তুমি তরবারির সদ্ব্যবহার করো। তিনি ﷺ লোকটিকে ছেড়ে দিলেন।

- উহুদ যুদ্ধের পরের ঘটনা। আবু সুফিয়ান (তখনও তিনি মুসলমান হননি) রাসূলুল্লাহ ﷺ-কে বদরের প্রান্তরে দ্বিতীয়বার যুদ্ধের আহ্বান করেন। নবীজী ﷺ তার এই আহ্বানকে সানন্দে গ্রহণ করেন। এদিকে আবু সুফিয়ান কুরাইশ নেতৃবৃন্দকে বলেন, তিনি সৈন্য পাঠানোর আগে মুসলমানদের ভীত-সন্ত্রস্ত করতে চান। তিনি এ লক্ষ্যে ইহুদীদের হাত করেন এবং দ্বিগুণ পারিশ্রমিকের বিনিময়ে ব্যবসায়ীর ছদ্মবেশে তাদেরকে মদীনায় পাঠান। তাদের দায়িত্ব ছিল, মদীনায় গিয়ে এই গুজব ছড়ানো যে, কুরাইশরা বিশাল এক বাহিনী নিয়ে বদরে আসছে, যা ইতোপূর্বে মুসলমানরা দেখেনি। মদীনার মুসলমানরা এই গুজবকে সত্য বলে বিশ্বাস করে। ফলে তাদের চেহারায় এক মারাত্মক প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। শেষ পর্যন্ত এই গুজব এবং তাতে সাহাবায়ে কেরামের ভীতির কথা নবীজী ﷺ-এর পবিত্র দরবারে পৌঁছলে, তিনি সাহাবায়ে কেরামকে উদ্দেশ্য করে বললেন-

والذي نفسي بيده، لأخرجن وإن لم يخرج معي أحد

(হে সাহাবীরা! তোমরা যদি মূর্তি-পূজারী মুশরিকদের সাথে যুদ্ধ করতে ভয় পেয়ে থাক, তাহলে শুনে নাও!) যে সত্তার হাতে আমি মুহাম্মাদের প্রাণ, তাঁর নামে শপথ করে বলছি, কেউ না গেলেও আমি একাই তাদের মোকাবেলার জন্য বদরে যাবো।"

নবীজী ﷺ-এর এক কথাতেই সাহাবায়ে কেরামের মাঝে গোজবের প্রতিক্রিয়া দূর হয়ে যায়। পরের দিনই মুসলমানরা বদরের উদ্দেশ্যে রওয়ানা হয়। ঐদিকে আবু সুফিয়ানও প্রথমে তার বাহিনী নিয়ে বের হয়েছিলেন, কিন্তু অজানা ভীতির কারণে, মাঝপথ থেকে তিনি তার বাহিনী নিয়ে যুদ্ধ না করেই মক্কায় পালিয়ে যান। (আল মাগাযি লিল ওয়াকিদি, ৩৮৭/১)

- হুনায়ন যুদ্ধের সময় কাফেররা অবিশ্রান্ত তীর বর্ষণ করে সাহাবায়ে কেরামের মধ্যে একপ্রকার অস্থিরতা ও চিত্ত চাঞ্চল্য সৃষ্টি করে দিয়েছিল। কিন্তু রাসূলুল্লাহ ﷺ নিজের অবস্থান একটুও পরিবর্তন করেননি। তিনি একটি ঘোড়ার উপর সওয়ার ছিলেন এবং আবু সুফিয়ান ইবনে হারেস রাদিয়াল্লাহু আনহু তাঁর ঘোড়ার লাগাম ধরে দাঁড়িয়েছিলেন। কাফেররা সরাসরি তাঁকে আক্রমণ করতে উদ্যত হলে তিনি ঘোড়া থেকে নেমে আল্লাহর সাহায্য প্রার্থনা করেন এবং এক মুঠো মাটি হাতে নিয়ে শত্রুদের দিকে নিক্ষেপ করেন। তখন শত্রুপক্ষের এমন কেউ ছিল না, যার চোখে সে ধূলিকণা প্রবেশ করেনি। তখন রাসূলুল্লাহ ﷺ এই কবিতা আবৃত্তি করেছিলেন:

أنا النبي لا كذب– أنا ابن عبد المطلب

"আমি নবী; এতে সন্দেহ নেই। আমি বীর আব্দুল মুত্তালিবের সন্তান।"

সেদিন রাসূলুল্লাহ ﷺ অপেক্ষা অধিক দুঃসাহসী, বীর ও নির্ভীক কাউকে দেখা যায়নি। (মাদারেজুন নবুওয়ত)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ ফরমান,

والذي نفسي بيده لوددت أني أقتل في سبيل الله، ثم أحيا، ثم أقتل، ثم أحيا، ثم أقتل، ثم أحيا ثم أقتل

"সে সত্তার শপথ যাঁর হাতে মুহাম্মাদের জান! অবশ্যই আমি আশা করি: আমি আল্লাহর রাস্তায় জিহাদে যাব এবং এতে শহীদ হয়ে যাব, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হবো, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হয়ে যাবো।" (বুখারী-৩১২৩ এবং মুসলিম-১৮৭৬)

عَنْ أَبِيْ هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ: وَلَوَدِدْتُ أَنِّيْ قُتِلْتُ فِيْ سَبِيْلِ اللهِ ثُمَّ أُحْيِيْتُ ثُمَّ قُتِلْتُ ثُمَّ أُحْيِيْتُ ثُمَّ قُتِلْتُ - البخاري، المشارع الأشواق ٦٦٥- ١٠٨٨

হযরত আবূ হুরায়রা (রা.) বর্ণনা করেন যে, রাসূলুলাহ ﷺ ইরশাদ করেন- আমি পছন্দ করি যে, আল্লাহ তা'আলার রাহে জিহাদ করে শহীদ হব। অতঃপর পুনরায় জীবিত করা হবে, আবার শহীদ হবো, আবার জীবিত করা হবে, আবার শহীদ হব, আবার জীবিত করা হবে আবার শহীদ হব। (সহীহ বুখারী, মাশারিউল আশওয়াক্ব)

সাহাবায়ে কেরামের নির্ভীকতা ও বীরত্ব:

ৠ হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহুর নির্ভীকতা ও বীরত্ব:

• হযরত আলী রাদিয়াল্লহু আনহু বলেন, সাহাবাদের মধ্যে সবচেয়ে বড় বীর ছিলেন হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু। বদর যুদ্ধের দিন যখন আমরা রাসূলুল্লাহ ﷺ-এর জন্য একটি ছাপড়া তৈরি করলাম তখন আমরা বললাম, রাসূলুল্লাহ ﷺ-এর সাথে কে থাকবে? যাতে কোনো মুশরিক তাঁর দিকে আসতে না পারে? আল্লাহর কসম, তখন কেউই রাসূলুল্লাহ ﷺ-এর সাথে থাকার সাহস করে নাই, একমাত্র হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহুই ছিলেন, যিনি খোলা তরবারি হাতে রাসূলুল্লাহ ﷺ-এর মাথার নিকট দাঁড়িয়ে গেলেন। যখন কোনো দুশমন রাসূলুল্লাহ ﷺ-এর দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করত, তিনি তার উপর ঝাঁপিয়ে পড়তেন। ইনিই হলেন লোকদের মধ্যে সর্বাপেক্ষা বড় বীর ও বাহাদুর ব্যক্তি। (মাজমা)

হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহুর জিহাদী জযবা:

• রাসূলুল্লাহ ﷺ-এর ওফাতের পর প্রথম খলীফা নিযুক্ত হলেন হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু। আশেপাশের মুনাফিকরা একত্রিত হতে লাগল। চারদিকে ইসলাম ত্যাগের হিড়িক পড়ে গেল। অবাধ্য, বিদ্রোহীরা মাথাচাড়া দিয়ে উঠল। ফেতনা, ফাসাদ, দাঙ্গা, হাঙ্গামা দাবানলের ন্যায় ছড়িয়ে পড়ল। তখন হযরত আবু বকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহু সকল আনসার ও মুহাজির সাহাবীদেরকে একত্রিত করলেন। তাদের সাথে পরামর্শ করলেন। তিনি বললেন, "আরবের লোকেরা যাকাত স্বরূপ তাদের উট এবং বকরী দিতে অস্বীকার করেছে এবং তারা বলছে যে, ঐ ব্যক্তি (নবীজী ﷺ), যার কারণে তোমাদেরকে সাহায্য করা হতো, সে মৃত্যু বরণ করেছে। এখন তোমরা আমাকে পরামর্শ দাও, আমিও তো তোমাদের মতো একজন মানুষ।" হযরত উমর রাদিয়াল্লাহু আনহু বললেন, "আমার মতামত হলো, তাদের থেকে নামায কবুল করা হোক এবং তাদের থেকে যাকাত মাফ করে দেয়া হোক। কেননা, তারা তো অজ্ঞতা যুগের কাছাকাছি। (অর্থাৎ নও মুসলিম।)" হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু উপস্থিত লোকদের দিকে দৃষ্টিপাত করলেন এবং লক্ষ্য করলেন যে, সকলেই হযরত উমরের কথায় সন্তুষ্ট। তখন হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু নিজ স্থান হতে দাঁড়ালেন এবং মিম্বরে আরোহন করলেন। প্রথমে আল্লাহ তা'আলার প্রশংসা করলেন। অতঃপর তিনি সিংহের মতো গর্জে উঠলেন, নিজের ঈমানী চেতনা প্রকাশ করলেন এবং বললেন,

"হে লোক সকল! আমি সেই সময় পর্যন্ত আল্লাহ তা' আলার একটি আদেশের জন্য জিহাদ করতে থাকব, যতক্ষণ পর্যন্ত আল্লাহ তা'আলা স্বীয় অঙ্গীকার পূর্ণ করবেন এবং আমাদের মধ্য থেকে জিহাদকারী জিহাদ করতে করতে শহীদ হয়ে যাবে এবং জান্নাতের হকদার হয়ে যাবে। আমাদের মধ্যে যারা জীবিত থাকবে, তারা খলিফা হয়ে জমিনের মালিক হয়ে যাবে। আল্লাহর শপথ! এ লোকেরা (যাকাত অস্বীকারকারীরা) যদি একটি রশিও যা নবীজী ﷺ-এর যামানায় তারা দিত, আমাকে দিতে অস্বীকার করে, তাহলে আমি তাদের বিরুদ্ধে জিহাদ করবো। যদিও তাদের পক্ষে বৃক্ষ, পাথর এবং সমগ্র জীন ও ইনসান লড়াই করে। আর এ যুদ্ধে আমার ডান হস্ত আমার সঙ্গ না দিলে বাম হস্ত দিয়েই (অর্থাৎ কেউ আমার সাথে না থাকলেও) আমি (একাই) তাদের (মুর্তাদদের) বিরুদ্ধে জিহাদ করে যাবো।"

এ কথা শুনে হযরত উমর রাদিয়াল্লাহু আনহু জোরে তাকবীর দিয়ে উঠলেন, "আল্লাহু আকবার", "আল্লাহু আকবার"। অতঃপর বললেন, আল্লাহর শপথ! আমি বুঝতে পেরেছি, একথা সত্য।" (হায়াতুস্ সাহাবাহ্ রাদিয়াল্লাহু আনহু, দ্বিতীয় খণ্ড, পৃ. ৬৩-৭১)

꧁ হযরত উমর রাদিয়াল্লাহু আনহুর নির্ভীকতা ও বীরত্ব:

- ইসলাম গ্রহণের পর হযরত উমর রাদিয়াল্লাহু আনহু নবীজী ﷺ-কে বললেন, ইয়া রাসূলুল্লাহ! সেই পাক যাতের কসম, যিনি আপনাকে সত্য দিয়ে প্রেরণ করেছেন, আমি যে সকল মজলিসে কুফুরির অবস্থায় বসতাম, সে সকল মজলিসে আমার ঈমানকে অবশ্যই প্রকাশ করবো। তারপর তিনি দারুল আরকাম থেকে বেরিয়ে বাইতুল্লাহ আসলেন এবং তাওয়াফ করলেন। তাওয়াফ শেষে কুরাইশদের মজলিসে গেলেন। কুরাইশরা তার অপেক্ষাতেই ছিল। সেখানে তিনি সবার সামনে উচ্চস্বরে বললেন,

'اَشْهَدُ اَنْ لاَّ اِلَهَ اِلاَّ اللهُ وَحْدَهُ لاَشَرِيْكَ لَه' وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُه' وَرَسُوْلُه

আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোনো মাবুদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ আল্লাহর বান্দা ও রাসূল।

কুরাইশরা এই কালেমা শুনামাত্রই তাঁর উপর ঝাপিয়ে পড়লো। তিনি একাই সবার সাথে লড়াই করলেন এবং উতবাকে মাটিতে ফেলে তার বুকের উপর চড়ে বসলেন। তারপর তাকে বেদম মারতে লাগলেন। তার চোখে এত জোরে আঘাত করলেন যে উতবা চিৎকার করা শুরু করলো। উতবাকে সেখানে ফেলে রেখে ওমর রাদিয়াল্লাহু আনহু উঠে দাঁড়ালেন এবং সেখান থেকে কুরাইশদের অন্য এক মজলিশে গেলেন। সেখানেও নিজের ঈমানকে প্রকাশ করে সেখানকার সর্দারকে পিটালেন। এভাবে কুরাইশদের প্রত্যেক মজলিশে গিয়ে ওমর রাদিয়াল্লাহু আনহু তাদের সর্দারদেরকে পিটিয়ে আসলেন এবং নিজের ঈমানকে প্রকাশ করে আসলেন। তারপর তিনি নবীজী ﷺ-এর কাছে এসে বললেন, "আমার পিতা-মাতা আপনার জন্য কুরবান হোক! আপনার আর কোনো ভয় নেই।" তখন নবীজী ﷺ ঘর হতে বের হলেন। হযরত উমর ও হযরত হামযা রাদিয়াল্লাহু আনহুমা তাঁর সম্মুখে চললেন, মুসলমানরাও পিছে পিছে চললেন। তারা বাইতুল্লাহ তাওয়াফ করলেন এবং নিশ্চিন্ত মনে সেখানে নামায আদায় করলেন।
তারপর সকলে যার যার ঘরে ফিরে গেলেন।

- হযরত আলী ইবনে আবী তালিব রাদিয়াল্লাহু আনহু বলেন, মদীনায় হিজরতের সময় সকল সাহাবীই গোপনে হিজরত করেছেন। একমাত্র হযরত উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহুই এমন ব্যক্তি যিনি প্রকাশ্যে হিজরত করেন। তিনি যখন হিজরত করার ইচ্ছা করলেন তখন নিজের তলোয়ার গলায় বাঁধলেন এবং ধনুক কাঁধে ঝুলিয়ে নিলেন এবং তীরদান হতে কয়েকটি তীর হাতে নিয়ে বাইতুল্লাহর নিকট আসলেন। কুরাইশদের কয়েকজন সর্দার সেখানে বসেছিল। হযরত উমর রাদিয়াল্লাহু আনহু বাইতুল্লাহর সাত চক্কর তাওয়াফ করে মাকামে ইবরাহীমের নিকট এসে দুই রাকাত নামায আদায় করলেন। এরপর মুশরিকদের একেকটি মজলিশের নিকট গিয়ে বললেন, এই সমস্ত চেহারা অপদস্ত হোক! (আমি হিজরত করার জন্য বের হয়েছি।) যে ব্যক্তি চায়, তার মা পুত্র-হারা হোক, তার সন্তানরা এতীম হোক আর তার স্ত্রী বিধবা হোক, সে যেন এই ময়দানের অপর পাশে এসে আমার সাথে সাক্ষাৎ করে।

(অতঃপর তিনি সেখান হতে হিজরতের উদ্দেশ্যে রওয়ানা হলেন) কুফ্ফারদের একজনও তার পিছু নিতে সাহস পায়নি। (মুন্তাখাবুল কানয)

ꙮ হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর নির্ভীকতা ও বীরত্ব:

- হযরত জাবের রাদিয়াল্লাহু আনহু বলেন, উহুদের যুদ্ধের দিন হযরত আলী রাদিয়াল্লাহু আনহু হযরত ফাতেমা রাদিয়াল্লাহু আনহার নিকট এসে এ কবিতা আবৃত্তি করেন,

اَفَاطِمُ هَاكِ السَّيْفَ غَيْرَ ذَمِيْمٍ - فَلَسْتُ بِرِعْدِيْدٍ وَلَا بِلَئِيْمٍ

"হে ফাতিমা, দোষত্রুটিমুক্ত এই তরবারি নাও। (অর্থাৎ ইসলামের শত্রুনিধনে এই তলোয়ার কোনরূপ ত্রুটি করেনি।); আর না আমি ভয়ে প্রকম্পিত, আর না আমি হীন, না অহংকারী।" (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৫৬)

- খন্দকের যুদ্ধের দিন আমর ইবনে আব্দে উদ্দ যুদ্ধের জন্য পরিখা অতিক্রম করে মুসলমানরা যে পাশে ছিল সে পাশে চলে আসল এবং 'মোকাবেলার জন্য কে প্রস্তুত আছে?' বলে বলে চিৎকার করতে লাগল। সে ছিল বিশাল বপুধারী, দৈত্য সমতুল্য। ফলে আরবরা তাকে মানুষ নয়, অসুর শক্তির অধিকারী বলে মনে করত। এ কথা সবাইকে বলতে শুনা যায় যে, আমর শক্তিশালী ঘোড়াকে পর্যন্ত অতি সহজভাবে কাঁধে তুলতে পারে এবং পাঁচশ অশ্বারোহীকে সে একাই পরাজিত করতে পারে।

মুসলমানরা জানত, তার মোকাবেলা করা মানে 'আত্মহত্যার' শামিল। ফলে কেউ সামনে অগ্রসর হওয়ার সাহস পাচ্ছিল না। ইতোমধ্যে হযরত আলী রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে গেলেন, বললেন, "ইয়া রাসূলুল্লাহ! আমি প্রস্তুত আছি।" রাসূলুল্লাহ ﷺ বললেন, এই ব্যক্তি আমর, বসে যাও।

এদিকে আমর হুঙ্কার দিয়েই যাচ্ছিল, মুসলমানদেরকে তিরস্কার করে বলতে লাগল, কোথায় তোমাদের সেই জান্নাত যার ব্যাপারে তোমাদের ধারণা যে, তোমাদের যে কেউ কতল হয় সে তাতে প্রবেশ করে? তোমরা আমার মোকাবেলায় কি কাউকে পাঠাতে পারো না?

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু তিনবার অনুমতি চাইলেন, নবীজী ﷺ তিনবারই বললেন, সে আমর, বসে যাও। এবার আলী রাদিয়াল্লাহু বললেন, হোক না সে আমর (আমার জন্য আল্লাহই যথেষ্ট)! অবশেষে রাসূল ﷺ তাঁর মনোভাব বুঝতে পেরে স্বীয় পাগড়ি মাথা হতে খোলে হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর মাথায় স্বহস্তে বেঁধে দেন। নিজের তরবারিটিও হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর হাতে তুলে দেন। এসময় রাসূল ﷺ এর যবান মুবারক থেকে বের হয়ে যায়- "আলীর সাহায্যকারী একমাত্র তুমিই হে আল্লাহ।"

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু এগিয়ে গেলেন। এসময় তিনি এই কবিতা আবৃত্তি করছিলেন-

لاَ تَعْجَلَنَّ فَقَدْ اَتَاكَ - مُجِيْبُ صَوْتِكَ غَيْرَ عَاجِزْ

তাড়াহুড়া করো না, তোমার ডাকে সাড়া দেওয়ার লোক চলে এসেছে, যে অক্ষম নয়।

فِيْ نِيَّةٍ وَبَصِيْرَةٍ - وَالصِّدْقِ مَنْجٰى كُلِّ فَائِزْ

সে বুঝেশুনে দৃঢ় প্রতিজ্ঞা নিয়েই এসেছে, সত্যই প্রত্যেক সফলকাম ব্যক্তির জন্য নাজাতের উপায়।

إِنِّيْ لَأَرْجُوْ اَنْ أُقِيْمَ - عَلَيْكَ نَائِحَةَ الْجَنَائِزْ

আমি পরিপূর্ণ আশা রাখি যে, মৃতদের জন্য বিলাপকারিনী মহিলাদেরকে তোমার উপর খাড়া করে দিব।

مِنْ ضَرْبَةٍ نَجْلَاءَ- يبقى ذكرُها عِنْدَ الْهَزَاهِزْ

আমি তোমার উপর তলোয়ারের এমন লম্বা চওড়া আঘাত করব যার আলোচনা বড় বড় যুদ্ধের সময় হতে থাকবে।

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু আমরকে প্রথমে ইসলামের দাওয়াত দিলেন, সে প্রত্যাখ্যান করলো। আমর বলল, "হে আমার ভাতিজা, আমাকে মোকাবেলার জন্য তুমি কেন এসেছো? আল্লাহর কসম, আমি তো তোমাকে কতল করতে পছন্দ করি না।" হযরত আলী রাদিয়াল্লাহু আনহু বললেন, কিন্তু আল্লাহর কসম, আমি তোমাকে কতল করতে ভালোবাসি। একথা শুনে আমর অত্যন্ত ক্রুদ্ধ হলো এবং হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর দিকে অগ্রসর হলো। উভয়ে আপন আপন সওয়ারী হতে নেমে পড়ল এবং একে অপরকে আক্রমণ করার জন্য যুদ্ধের ময়দানে চক্কর দিতে লাগল। হযরত আলী রাদিয়াল্লাহু আনহু চামড়ার ঢাল নিয়ে আমরের সামনে আসেন। আমর সেই ঢালের উপর তলোয়ারের এমন আঘাত হানল যে, ঢাল কেটে তরবারি হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর মাথা পর্যন্ত পৌঁছল এবং মাথায় আঘাত লাগল। হযরত আলী রাদিয়াল্লাহু আনহু আমরের কাঁধের উপর তরবারির এমন শক্তিশালী আঘাত করলেন যে সে একেবারে মাটিতে লুটিয়ে পড়ল এবং এর ফলে ধুলা উড়ল। রাসূলুল্লাহ ﷺ আলী রাদিয়াল্লাহু আনহুর 'আল্লাহু আকবার' ধ্বনি শুনে বুঝতে পারলেন যে, আমর নিহত হয়েছে। এভাবে অবশেষে হযরত আলী রাদিয়াল্লাহু আনহু আল্লাহ তা'আলার সাহায্যে এই দৈত্যের ভবলীলা সাঙ্গ করে দিলেন। (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৫৭-২৫৮)

- খায়বারের যুদ্ধের দিন ইহুদী পালোয়ান মুরাহহাব স্বগর্বে আপন তরবারি নাড়িয়ে নাড়িয়ে বাহির হয়ে এলো এবং এই কবিতা আবৃত্তি করতে লাগল-

قَدْ عَلِمَتْ خَيْبَرُ اَنِّيْ م مرَحَّبُ

شَاكِي السِّلَاحِ بَطَلٌ مُجَرَّبْ

إِذَا الْحُرُوْبُ اَقْبَلَتْ تَلَهَّبْ

"সমস্ত খায়বার বাসী ভালো করে জানে,
আমি মুরাহহাব, অস্ত্রসজ্জিত, অভিজ্ঞতাসম্পন্ন বাহাদুর,
(আমার বাহাদুরী তখন দেখা যায়)
যুদ্ধের অগ্নিশিখা যখন প্রজ্জ্বলিত হয়।"

তাকে মোকাবেলা করতে গিয়ে সর্বপ্রথম হযরত আমের রাদিয়াল্লাহু আনহু শাহাদাত বরণ করেন। অতঃপর নবীজী ﷺ বললেন, আজ আমি এমন এক ব্যক্তিকে ঝাণ্ডাদান করব, যে আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে মহব্বত করে। রাসূলুল্লাহ ﷺ হযরত আলী রাদিয়াল্লাহু আনহুর হাতে ঝাণ্ডা তুলে দিলেন। মুরাহহাব পূর্বের ন্যায় কবিতা আবৃত্তি করতে করতে ময়দানে হুঙ্কার দিচ্ছিল।

তার মোকাবেলায় হযরত আলী রাদিয়াল্লাহু আনহু এই কবিতা আবৃত্তি করতে করতে বাহির হয়ে আসলেন

اَنَا الَّذِىْ سَمَّتْنِىْ أُمِّى حَيْدَرَه - كَلَيْثِ غَابَاتٍ كَرِيْهِ الْمَنْظَرَه - اُوْفِيْهِمْ بِالصَّاعِ كَيْلَ السَّنْدَرَه

"আমি সেই ব্যক্তি, যার মা তার নাম রেখেছে হায়দার (আল্লাহর সিংহ)'

আমি জঙ্গলের বিভৎসদর্শন সিংহের ন্যায়।

আমি দুশমনকে পরিপূর্ণ মাপ দিব,

যেমন প্রশস্ত দাড়িপাল্লায় পূর্ণরূপে মেপে দেয়া হয়।

(অর্থাৎ অতিমাত্রায় শত্রুনিধন করবো।)"

অতঃপর হযরত আলী রাদিয়াল্লাহু আনহু তরবারির এমন আঘাত হানলেন যে, মালাউন মুরাহহাবের মস্তক দ্বিখণ্ডিত করে তাকে হত্যা করে ফেললেন।

খায়বারের যুদ্ধের দিন হযরত আলী রাদিয়াল্লাহু আনহু দূর্গের দরজা তুলে ধরলেন। মুসলমানরা সেই দরজার উপর আরোহন করে দূর্গের ভিতর প্রবেশ করলেন এবং দূর্গ জয় করলেন। পরবর্তীতে সেই দরজা উত্তোলন করতে চল্লিশ জন (আরেক বর্ণনায় সত্তর জন লোক) প্রয়োজন হয়েছিল। (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৫৯-২৬৪)

ঌ হযরত যুবাইর বিন আওয়াম রাদিয়াল্লাহু আনহুর নির্ভীকতা ও বীরত্ব:

- ইসলামের ইতিহাসে হযরত যুবাইর মুরতাজা রাদিয়াল্লাহু আনহুর তরবারীই সর্বপ্রথম তরবারী যা আল্লাহর খাতিরে ক্রোধান্বিত হয়ে উত্তোলিত হয়েছিল।

তখন তাঁর বয়স মাত্র বার বছর। একদিন দুপুরবেলা তিনি কাইলুলাহ অর্থাৎ বিশ্রাম করছিলেন। এমন সময় হঠাৎ তিনি একটি আওয়াজ শুনতে পেলেন, মক্কার কেউ নবীজী ﷺ-কে শহীদ করে দিয়েছে। এই আওয়াজ শুনামাত্রই তিনি খোলা তরবারি হাতে বের হয়ে গেলেন। পথে রাসূলুল্লাহ ﷺ-এর সাথে সামনা সামনি দেখা হয়ে গেল। নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, হে যুবায়ের, তোমার কী হয়েছে? তিনি আরজ করলেন, ইয়া রাসূলুল্লাহ ﷺ! আমি শুনতে পেয়েছি, আপনাকে শহীদ করে দেয়া হয়েছে। নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, তুমি কী ইচ্ছা করেছিলে? তিনি বললেন, আল্লাহর কসম, আমার ইচ্ছা ছিল যে, সমস্ত মক্কাবাসীর উপর ঝাঁপিয়ে পড়বো। তখন নবীজী ﷺ তার জন্য ও তাঁর তরবারির জন্য দোয়া করলেন। (মুন্তাখাবে কানয, হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৬৮)

- ওহুদের যুদ্ধের দিন মুশরিকদের ঝাণ্ডাবহনকারী তালহা বিন আবি তালহা আবদারী মুসলমানদেরকে তার মোকাবেলা করার জন্য আহ্বান জানাল। প্রথমতঃ মুসলমানরা তার সাথে মোকাবেলা করতে ঘাবড়িয়ে গেলেন। এদিকে হযরত যুবাইর ইবনে আওয়াম রাদিয়াল্লাহু আনহু তার মোকাবেলার জন্য বের হলেন এবং এক লাফে তালহার উটের উপর উঠে তার সাথে যেয়ে বসলেন। উটের উপরই লড়াই আরম্ভ হলো। হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহু তালহাকে উটের পিঠ হতে মাটিতে ফেলে দিয়ে আপন তরবারি দ্বারা জবাই করলেন। রাসূলুল্লাহ ﷺ তাঁর প্রশংসা করলেন এবং বললেন, প্রত্যেক নবীর জন্য (জীবন উৎসর্গকারী) হাওয়ারী (সাহায্যকারী) থাকে। আর আমার হাওয়ারী হলো যুবাইর। তিনি আরো বলেন, যেহেতু আমি দেখেছি, লোকেরা তালহা আবদারীর মোকাবেলায় পিছু হটছে, সেহেতু যদি যুবাইর তার মোকাবেলার জন্য না যেত তবে আমিই স্বয়ং যেতাম। (বিদায়াহ, হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৬৮)

- ইবনে ইসহাক রহ. বর্ণনা করেন যে, নওফল ইবনে আব্দুল্লাহ ইবনে মুগীরাহ মাখযূমী খন্দকের যুদ্ধের দিন শত্রুদের কাতার হতে বের হয়ে মুসলমানদেরকে তার মোকাবিলার জন্য আহ্বান জানাল। তার মোকাবিলার জন্য হযরত যুবাইর ইবনুল আওয়াম রাদিয়াল্লাহু আনহু বের হয়ে আসলেন। এরপর তিনি তরবারি দ্বারা এমন আঘাত করলেন যে, তাকে দুই টুকরা করে দিলেন। উল্লেখ্য, এই আঘাতের দরুন তার তরবারির ধার নষ্ট হয়ে গিয়েছিল। (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৬৯)

- ইয়ারমূকের যুদ্ধের দিন অন্যান্য সাহাবায়ে কেরাম হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহুকে বললেন, আপনি যদি কাফেরদের উপর হামলা করতেন, তাহলে আমরাও আপনার সাথে কাফেরদের উপর হামলা করতাম। হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহু বললেন, আমি যদি হামলা করি তবে তোমরা তোমাদের কথা রক্ষা করতে পারবে না। তাঁরা বললেন, আমরা এমনটি করবো না। (বরং আমরা আপনার সাথেই থাকব।) তারপর হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহু কাফেরদের উপর এমন জোরদার হামলা করলেন যে, তাদের কাতার ভেদ করে অপরদিকে বের হয়ে গেলেন
অথচ সাহাবায়ে কেরামের মধ্য হতে কেউই তার সঙ্গে ছিলেন না। তিনি পুনরায় শত্রুর কাতার ভেদ করে ফিরে আসার সময় কাফেররা তাঁর ঘোড়ার লাগাম ধরে তাঁর কাঁধের উপর তরবারীর দুটি আঘাত করলেন, যা তাঁর বদরযুদ্ধে লাগা আঘাতের ডানে বামে দুই দিকে লাগল।

হযরত ওরওয়া রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি ছোটসময়ে সেই সমস্ত জখমের গর্তগুলোতে আঙ্গুল ঢুকিয়ে খেলা করতাম।

আলবিদায়ার রেওয়ায়েতে বর্ণিত আছে যে, সাহাবা (রাঃ) দ্বিতীয়বার হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহুকে পূর্বের ন্যায় অনুরোধ জানালে তিনি প্রথমবারের মত আবার একইভাবে আক্রমণ করে দেখালেন।
(হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭০-২৭২)

֍ হযরত সা'দ ইবনে আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহুর বীরত্ব:

ইমাম যুহরী রহ. বলেন, রাসূলুল্লাহ ﷺ হেজাযের রাবেগ এলাকার দিকে এক জামাত প্রেরণ করেন। উক্ত জামাতে হযরত হযরত সা'দ ইবনে আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু-ও ছিলেন। তিনি ছিলেন একজন সুদক্ষ তীরন্দাজ। মুশরিকরা মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়ল। সেদিন হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু আপন তীর দ্বারা মুসলমানদের হেফাযত করেছিলেন। আল্লাহর রাস্তায় তিনিই সর্বপ্রথম তীর নিক্ষেপ করেছিলেন। আর এই যুদ্ধই ইসলামের সর্বপ্রথম যুদ্ধ ছিল। (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭২)

ওহুদ যুদ্ধে একই তীরে তিন কাফেরকে হত্যা করা:

এটি এভাবে হয়েছিল যে, দুশমনরা তার প্রতি একটি তীর নিক্ষেপ করলে তিনি সেই তীর কাফেরদের প্রতি নিক্ষেপ করলেন এবং একজনকে হত্যা করলেন। কাফেররা সেই তীর পুনরায় তার প্রতি নিক্ষেপ করলে তিনি আবার তীরটিকে কাফেরদের প্রতি নিক্ষেপ করে দ্বিতীয় আরেকজন কাফেরকে হত্যা করেন। কাফেররা পুনরায় সেই তীর তাঁর প্রতি তৃতীয়বারের মত নিক্ষেপ করলে তিনিও পুনরায় সেই তীর কাফেরদের প্রতি নিক্ষেপ করে তৃতীয় আরেক

কাফেরকে হত্যা করলেন। হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর এই কৃতিত্বে মুসলমানগণ অত্যন্ত আনন্দিত হলেন। হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু বলেন, এই তীর স্বয়ং রাসূলুল্লাহ ﷺ আমাকে উঠিয়ে দিয়েছেন। সেইদিন রাসূলুল্লাহ ﷺ হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর উদ্দেশ্যে বলেছিলেন,

فِدَاكَ أَبِي وَأُمِّيْ

'আমার পিতা-মাতা তোমার উপর কোরবান হইক।'

হযরত ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, বদর যুদ্ধের দিন হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ ﷺ এর সাথে কখনও সওয়ার হয়ে আবার কখনও পদাতিকভাবে যুদ্ধ করেছেন। অথবা অর্থ এই যে, তিনি তো পদাতিকই ছিলেন, কিন্তু আরোহী যোদ্ধার ন্যায় ক্ষিপ্রগতিতে যুদ্ধ করেছেন। (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭২-২৭৩)

❁ হযরত হামযা রাদিয়াল্লাহু আনহুর বীরত্ব:

বদর যুদ্ধের দিন হযরত হামযা রাদিয়াল্লাহু আনহু উটপাখির পালক দ্বারা নিশান লাগিয়ে নিয়েছিলেন।

হযরত আব্দুর রহমান ইবনে আওফ রাদিয়াল্লাহু আনহু বলেন, উমাইয়া ইবনে খালাফ আমাকে জিজ্ঞাসা করল, বদরের দিন বুকের উপর উটপাখির পালক দ্বারা নিশান লাগানো ব্যক্তিটি কে ছিল? আমি বললাম, তিনি রাসূলুল্লাহ ﷺ এর চাচা হযরত হামযা বিন আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু ছিলেন। তিনিই তো আমাদের বিরুদ্ধে অনেক কিছু করেছেন। (বাযযার, হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭৩)

❁ হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহুর বীরত্ব:

তায়েফের যুদ্ধের দিন রাসূলুল্লাহ ﷺ হযরত হানযালা ইবনে রাবী' রাদিয়াল্লাহু আনহুকে তায়েফবাসীদের নিকট পাঠালেন। তিনি তায়েফবাসীদের সাথে আলাপ আলোচনা করলেন। তারা হযরত হানযালা রাদিয়াল্লাহু আনহুকে ধরে দূর্গের ভিতর নিয়ে যেতে লাগল। রাসূলুল্লাহ ﷺ বললেন, কে আছে যে হানযালাকে এদের নিকট থেকে উদ্ধার করে আনতে পারে? যে তাকে উদ্ধার করে আনতে পারবে সে আমাদের এই যুদ্ধের সওয়াবের ন্যায় পূর্ণ সওয়াব লাভ করবে। রাসূলুল্লাহ ﷺ-এর এই এরশাদ শুনে একমাত্র হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহু উঠলেন। তায়েফের লোকেরা হযরত হানযালা রাদিয়াল্লাহু আনহুকে নিয়ে দূর্গের ভিতরে প্রবেশ করার উপক্রম হল। হযরত আব্বাস রাদিয়াল্লাহু আনহু তাদের নিকট পৌঁছে গেলেন। হযরত আব্বাস রাদিয়াল্লাহু আনহু অত্যন্ত শক্তিশালী ছিলেন। তিনি হযরত হানযালা রাদিয়াল্লাহু আনহুকে তাদের হাত থেকে ছিনিয়ে নিজের কোলে উঠিয়ে নিলেন। তায়েফের লোকেরা হযরত আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর উপর দূর্গের উপর হতে পাথর বর্ষণ করতে লাগল। রাসূলুল্লাহ ﷺ হযরত আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর জন্য দোয়া করতে লাগলেন। অবশেষে হযরত আব্বাস রাদিয়াল্লাহু আনহু হযরত হানযালা রাদিয়াল্লাহু আনহুকে নিয়ে রাসূলুল্লাহ ﷺ এর নিকট পৌঁছে গেলেন। (কানয, হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭৯)

ঞ্জ হযরত মুআয ইবনে আমর ও মুআয ইবনে আফরা রাদিয়াল্লাহু আনহুমার নির্ভীকতা ও বীরত্ব: আবু জেহেলের হত্যাকাণ্ড

হযরত আব্দুর রহমান ইবনে আওফ রাদিয়াল্লাহু আনহু বলেন, বদর যুদ্ধের দিন আমি যুদ্ধের কাতারে দাঁড়িয়ে ছিলাম। এমতাবস্থায় আমি দেখলাম, আমার ডানে ও বামে অল্পবয়স্ক দুইজন আনসারী বালক দাঁড়িয়ে আছে। আমার মনে খেয়াল আসল, যদি আমার পাশে দুইজন শক্তিশালী পুরুষ থাকতো (তবে কতই না ভালো হতো)! হঠাৎ তাদের একজন আমার হাত ধরে চুপিসারে বললো, চাচাজান, আপনি কি আবু জেহেলকে চিনেন?

আমি বললাম, হ্যা, চিনি। তাকে দিয়ে তোমার কী প্রয়োজন?

সে বলল, আমি শুনেছি, সে আল্লাহর রাসূল ﷺ-কে গালাগালি করে। সেই পাক যাতের কসম, যাঁর হাতে আমার প্রাণ, যদি তাকে দেখতে পাই, তবে ততক্ষণ পর্যন্ত তার নিকট থেকে আমি পৃথক হবো না, যতক্ষণ না আমাদের উভয়ের মাঝে একজনের মৃত্যু হয়।

আমি তার মুখে বীরত্ব ব্যঞ্জক এমন কথা শুনে আশ্চর্যান্বিত হলাম।

এমন সময় দ্বিতীয়জনও আমার হাত ধরে চুপিসারে একই প্রশ্ন করলো এবং প্রথমজন যা বলেছিল, দ্বিতীয়জনও তা-ই বলল। ইতিমধ্যে আবু জেহেলকে দেখলাম ময়দানে লোকদের মধ্যে ছুটে বেড়াচ্ছে। আমি তাদের উভয়কে বললাম, ঐ যে তোমাদের শিকার, যার সম্পর্কে তোমরা আমাকে জিজ্ঞাসা করেছিলে। একথা শুনামাত্র উভয় আনসার বালক ক্ষুধার্ত বাজপাখির মতো আবু জেহেলের উপর ঝাঁপিয়ে পড়লেন এবং তার উপর তরবারি চালাতে লাগলেন। অবশেষে তাকে কতল করে ফেললেন। এরপর তাঁরা উভয়ে নবীজী ﷺ-এর নিকট আসলেন এবং তাঁকে সংবাদ দিলেন।

নবী করীম ﷺ বললেন, তোমাদের উভয়ের মধ্যে কে আবু জেহেলকে হত্যা করেছ? প্রত্যেকেই বললেন, আমি তাকে হত্যা করেছি। রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমরা কি তোমাদের নিজ নিজ তরবারি মুছে ফেলেছ? তারা বললেন, না। অতঃপর তিনি তাদের উভয়ের তরবারি দেখে বললেন, তোমরা উভয়েই তাকে হত্যা করেছো। এরপর তিনি আবু জেহেলের সামানপত্র হযরত মুআয ইবনে আমর ইবনে জামূহ রাদিয়াল্লাহু আনহুকে প্রদান করলেন। অপরজন হযরত মুআয ইবনে আফরা রাদিয়াল্লাহু আনহু ছিলেন।

মুআয ইবনে আমর ইবনে জামূহ রাদিয়াল্লাহু আনহু বলেন, আবু জেহেল কাফেরদের তীর-তলোয়ারের দুর্ভেদ্য পাহারার মাঝে অবস্থান করছিল। কাফেররা বলছিল, আবু জেহেলের কাছে কেউ যেন ঘেষতে না পারে। একথা শুনে আমি তার কাছাকাছি অবস্থান করতে লাগলাম এবং তাকেই আমার একমাত্র লক্ষ্য স্থির করে নিলাম এবং আবু জেহেলের উদ্দেশ্যে অগ্রসর হলাম।

যখন সে আমার আয়ত্তের ভিতর আসল, তখন তার উপর আক্রমণ করলাম এবং এমনভাবে তলোয়ার দ্বারা আঘাত করলাম যে, তার পায়ের অর্ধেক হাঁটুর নিচ দিয়ে বিচ্ছিন্ন হয়ে গেল। ঝরে পড়া খেজুরের ন্যায় তার পা উড়ে গেল। এদিকে আবু জেহেলকে আমি আঘাত করলাম আর অন্যদিকে তার পুত্র ইকরামা আমার হাতে আঘাত করলো। এতে যুদ্ধ করতে আমার অসুবিধা হচ্ছিল। আমি তখন হাতের কাটা অংশ পায়ের নীচে রেখে এক ঝটকায় হাত থেকে আলাদা করে ফেললাম। এরপর আবু জেহেলের নিকট মুআয ইবনে আফরা উপনীত হলেন। তিনি ছিলেন আহত।

তিনি আবু জেহেলের উপর এমন আঘাত করলেন যে, আল্লাহ ও তাঁর রাসূলের দুশমন সেখানেই ঢলে পড়লো। আবু জেহেলের শেষ নিঃশ্বাস তখনো বের হয়নি। শ্বাস-প্রশ্বাস তখনও চলছিল।

যুদ্ধ শেষ হওয়ার পর নবীজী ﷺ বললেন, আবু জেহেলের পরিণাম কে দেখবে, দেখে আস। সাহাবারা তখন আবু জেহেলের সন্ধান করতে লাগলেন।

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু আবু জেহেলকে এমতাবস্থায় পেলেন যে, তার নিঃশ্বাস তখনও চলাচল করছিল। তিনি আবু জেহেলের ধড়ে পা রেখে মাথা কাটার জন্য দাঁড়ি ধরে বললেন, ওরে আল্লাহর দুশমন, শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা তোকে অপমান অপদস্ত করলেন তো? আবু জেহেল বললো, কিভাবে আমাকে অসম্মান করলেন? তোমরা যাকে হত্যা করেছ তার চেয়ে উচ্চ মর্যাদাসম্পন্ন আর কোনো মানুষ আছে নাকি? আহ! আমাকে কিশোর ছাড়া অন্য কেউ যদি হত্যা করতো!

এরপর বলতে লাগল, আজ কারা বিজয়ী হয়েছে? হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু বললেন, আল্লাহ ও তাঁর রাসূল ﷺ। হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু আবু জেহেলের কাঁধে পা চাপা দিয়ে রেখেছিলেন। আবু জেহেল তাকে বলল, ওরে বকরির রাখাল! তুই অনেক উঁচু স্থানে পৌঁছে গিয়েছিস। উল্লেখ্য, হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু মক্কায় বকরি চরাতেন।

এ কথোপকথনের পর হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু আবু জেহেলের মাথা কেটে নবীজী ﷺ-এর সামনে হাজির করে বললেন, হে আল্লাহর রাসূল! এ হচ্ছে আল্লাহর দুশমন আবু জেহেলের মাথা। নবী করীম ﷺ বললেন, "হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই, হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই, হ্যাঁ সত্য, সেই আল্লাহর শপথ, যিনি ছাড়া কোনো ইলাহ নেই। আল্লাহ তা'আলা সুমহান। সকল প্রশংসা তাঁরই জন্যে নিবেদিত, তিনি তাঁর ওয়াদা সত্য করে দেখিয়েছেন। নিজের বান্দাদের সাহায্য করেছেন এবং একাকীই সকল দলকে পরাজিত করেছেন।" (হায়াতুস্ সাহাবা, দ্বিতীয় খণ্ড, পৃ. ২৭৯-২৮১)

❁ হযরত আবু দুজানা সিমাক ইবনে খারাশাহ্ আনসারী রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

হযরত যুবাইর ইবনে আওয়াম রাদিয়াল্লাহু আনহু বলেন, ওহুদের যুদ্ধের দিন রাসূলুল্লাহ ﷺ একটি তরবারি সাহাবায়ে কেরামের সামনে পেশ করে জিজ্ঞেস করলেন, কে এই তরবারির হক আদায় করতে পারবে? হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ! আমি এর হক আদায় করব। কিন্তু এর হক কী? রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করলেন, এর হক হচ্ছে তুমি এটি দ্বারা কোনো মুসলমানকে হত্যা করবে না আর তুমি এটি নিয়ে কোনো কাফের থেকে পলায়ন করবে না। অতঃপর রাসূলুল্লাহ ﷺ সেই তরবারিটি হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু-কে প্রদান করলেন। হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু যুদ্ধ করার পূর্বে মাথায় লাল পট্টি বেঁধে নিতেন। যদিও এটি এক প্রকারের অহংকারের নিদর্শন, কিন্তু যুদ্ধের ময়দানের জন্য এতে কোনো দোষ নেই। তাঁর লাল পট্টি বাঁধা দেখে আনসারগণ বলতেন, আবু দুজানা মৃত্যুর পট্টি বেধেঁ নিয়েছে।

যাইহোক, হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি মনে মনে বললাম, আমি আজ আবু দুজানাকে দেখব, তিনি কী করেন। সুতরাং দেখলাম, তার সম্মুখে যে কাফেরই পড়ত, তাকেই তিনি লাঞ্ছিত করে ছাড়তেন এবং দ্বিখণ্ডিত করে ফেলছিলেন। (বিদায়াহ, হাকেম)

মুশরিকদের মধ্যে এক ব্যক্তি ছিল, যে আমাদের আহতদের খুঁজে খুঁজে হত্যা করছিল। হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু ও এই মুশরিক উভয়ে একে অপরের নিকটবর্তী হতে লাগল। আমি আল্লাহ তা'আলার কাছে দুআ করতে লাগলাম যেন তাদের উভয়ের মাঝে মোকাবিলা হয়। তারা উভয়ে মুখোমুখী হল এবং উভয়ে একে অপরের উপর তরবারি চালালো। মুশরিক হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহুর উপর তরবারি দ্বারা আঘাত করলে তা হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু ঢাল দ্বারা প্রতিহত করলেন এবং নিজেকে বাঁচালেন। আর মুশরিকের তরবারি হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহুর ঢালে আটকে গেল। অতঃপর হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহু তরবারির আঘাতে তাকে জাহান্নামে পাঠিয়ে দিলেন।

হযরত কা'ব ইবনে মালেক রাদিয়াল্লাহু আনহু বলেন, আমিও মুসলমানদের সাথে ওহুদ যুদ্ধে অংশগ্রহণ করেছিলাম। যখন মুশরিকদেরকে দেখলাম, তারা মুসলমানদেরকে শহীদ করে দিয়ে তাদের নাক কান কেটে দিচ্ছে তখন দাঁড়িয়ে গেলাম। মুসলমানদের লাশের পাশ দিয়ে যাওয়ার সময় অস্ত্রধারী এক মুশরিককে বলতে শুনলাম, সে বলছে, হে মুসলমানগণ, তোমরা (কতল হওয়ার জন্য) একত্রিত হও যেমন বকরীর দল (জবাই হওয়ার জন্য) একত্রিত হয়। হযরত কা'ব রাদিয়াল্লাহু আনহু বলেন, অপরদিকে একজন অস্ত্রধারী মুসলমান সেই মুশরিকের অপেক্ষা করছিলেন। আমি অগ্রসর হয়ে সেই মুসলমানের পিছনে পৌঁছে গেলাম এবং দাঁড়িয়ে মুসলমান ও কাফের উভয়ের ব্যাপারে অনুমান করতে লাগলাম। সুতরাং আমার মনে হল, কাফেরের নিকট অস্ত্র ও যুদ্ধের প্রস্তুতি বেশি। আমি উভয়ের মুকাবিলার অপক্ষোয় রইলাম। অবশেষে তারা উভয়ে মুখোমুখী হল এবং মুসলমান ব্যক্তিকে দেখলাম, এমন জোরে কাফেরের কাঁধের উপর তরবারি দ্বারা আঘাত করলেন যে, কাফের কোমরের নিচ পর্যন্ত চিরে দুই টুকরা হয়ে পড়ে গেল। অতঃপর সেই মুসলমান ব্যক্তি নিজ চেহারা হতে নেকাব সরিয়ে বলল, হে কা'ব, কেমন দেখলে! আমি আবু দুজানা। (হায়াতুস সাহাবাহ, খণ্ড ২, পৃ. ২৮২-২৮৭)

꧁ হযরত কাতাদাহ ইবনে নো'মান রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

হযরত কাতাদাহ ইবনে নো'মান রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ ﷺ একটি ধনুক হাদিয়া স্বরূপ পেলেন। ওহুদের যুদ্ধের দিন তিনি সেই ধনুক আমাকে প্রদান করলেন। আমি সেই ধনুক দ্বারা রাসূলুল্লাহ ﷺ এর সামনে দাঁড়িয়ে এত পরিমান তীর নিক্ষেপ করলাম যে, ধনুকের মাথা ভেঙ্গে গেল। আমি অনড়ভাবে রাসূলুল্লাহ ﷺ এর চেহারা মুবারকের সামনে দাঁড়িয়ে রইলাম এবং নিজ চেহারার উপর তীরের আঘাত লইতে লাগলাম। যখনই কোনো তীর রাসূলুল্লাহ ﷺ এর চেহারা মুবারকের নিকট আসত তখনই আমি রাসূলুল্লাহ ﷺ এর চেহারা রক্ষা করার জন্য নিজের মাথা ঘুরিয়ে তীরের সামনে তুলে ধরতাম। (আর আমার ধনুক ভেঙে যাওয়ার দরুন) আমি নিজে কোন তীর নিক্ষেপ করতে পারছিলাম না। অবশেষে একটি তীর এসে এমনভাবে লাগল যে, আমার চোখের পুতলি খুলে হাতের উপর এসে পড়ল। আমি তাকে হাতের তালুতে নিয়ে রাসূলুল্লাহ ﷺ এর খেদমতে হাজির হলাম। আমার হাতে চোখের পুতলি

দেখে তাঁর চক্ষু অশ্রুসজল হয়ে উঠল এবং তিনি আমার জন্য এই দুআ করলেন, হে আল্লাহ! কাতাদাহ আপন চেহারা দ্বারা আপনার নবীর চেহারা রক্ষা করেছে, অতএব তার চোখকে সর্বাপেক্ষা সুন্দর ও সর্বাধিক তীক্ষ্ণ করে দিন। সুতরাং তাঁর সেই চোখ অপর চোখ অপেক্ষা বেশি সুন্দর ও অধিক তীক্ষ্ণ হয়ে গেল। (তাবারানী)

অপর এক রেওয়ায়েতে আছে, হযরত কাতাদা রাদিয়াল্লাহু আনহু বলেন, ওহুদের যুদ্ধের দিন আমি রাসূলুল্লাহ ﷺ এর সামনে দাঁড়িয়ে নিজের চেহারা দ্বারা রাসূলুল্লাহ ﷺ এর চেহারা মুবারকের হেফাজত করছিলাম। আর হযরত আবু দুজানা সিমাক ইবনে খরাশাহ রাদিয়াল্লাহু আনহু নিজ পিঠ মুবারক দ্বারা রাসূলুল্লাহ ﷺ এর পিঠ মুবারকের হেফাযত করছিলেন। হযরত আবু দুজানা রাদিয়াল্লাহু আনহুর পিঠ সেদিন তীর দ্বারা ভরে গিয়েছিল। আর এই ঘটনা ওহুদের যুদ্ধের দিন ঘটেছিল। (হায়াতুস সাহাবাহ, খণ্ড ২, পৃ. ২৮৭-২৮৮)

֍ হযরত বারা ইবনে মালেক রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

ইয়ামামার যুদ্ধের দিন মুসলমানগণ ধীরে ধীরে মুশরিকদের দিকে অগ্রসর হতে লাগলেন। অবশেষে মুশরিকদেরকে একটি বাগানের ভিতর আশ্রয় নিতে বাধ্য করলেন। উক্ত বাগানের ভিতর আল্লাহর দুশমন (ভণ্ডনবী) মুসাইলামাতুল কায্যাবও অবস্থান করছিল। এমতাবস্থায় হযরত বারা রাদিয়াল্লাহু আনহু বললেন, হে মুসলমানগণ! আমাকে দেয়ালের উপর দিয়ে উঠিয়ে দুশমনদের মাঝে ফেলে দাও। তিনি একটি ঢালের উপর বসে বললেন, তোমরা আমাকে বর্শা দ্বারা উঠিয়ে মুশরিকদের ভিতর ফেলে দাও। অতঃপর তাকে ধরে দেয়ালের উপর উঠানো হল। যখন তিনি বাগানের দেয়ালের উপর উঠলেন তখন তিনি নিজেকে বাগানের ভিতর ফেলে দিলেন এবং বাগানের ভিতর দুশমনদের সাথে যুদ্ধ করতে করতে মুসলমানদের জন্য বাগানের দরজা খুলে দিলেন। মুসলমানরা বাগানের ভিতর ঢুকে পড়লেন, আর আল্লাহ তা'আলা মুসাইলামাকে কতল করিয়ে দিলেন। এদিকে মুসলমানরা বাগানে প্রবেশ করে দেখেন যে, তিনি ইতিমধ্যে দশজন মুশরিককে কতল করে ফেলেছেন। (ইবনে ইসহাক, বাইহাকী)

হযরত মুহাম্মাদ ইবনে সীরীন রহ. বর্ণনা করেন, হযরত ওমর ইবনে খাত্তাব রাদিয়াল্লাহু আনহু এই মর্মে চিঠি লিখলেন যে, হযরত বারা ইবনে মালেক রাদিয়াল্লাহু আনহু-কে যেন মুসলমানদের কোনো জামাতের আমীর বানানো না হয়। কেননা, তিনি স্বয়ং এক ধ্বংস (নিজের জানের পরওয়া করেন না। মুসলিমদের আমীর হয়ে তাদেরকেও এমন স্থানে নিয়ে যাবেন যেখানে বিপদের আশংকা বেশি হবে।) (মুন্তাখাবে কানয) [হায়াতুস্ সাহাবাহ্, খণ্ড ২, পৃ. ২৯৮-৩০০]

֍ হযরত আম্মার ইবনে ইয়াসির রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

হযরত ইবনে ওমর রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি ইয়ামামার যুদ্ধের দিন হযরত আম্মার ইবনে ইয়াসির রাদিয়াল্লাহু আনহুকে একটি পাথরের উপর দাঁড়িয়ে অত্যন্ত জোরে মুসলমানদেরকে এই বলে আওয়াজ দিতে দেখেছি যে, হে মুসলমানগণ, তোমরা জান্নাত হতে পলায়ন করছ? আমি আম্মার ইবনে ইয়াসির, আমার দিকে আস। হযরত ইবনে ওমর রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি তাকে দেখেছি যে, তার কান কেটে গিয়েছিল এবং তা নড়ছিল। এমতাবস্থায় তিনি পূর্ণ শক্তিতে যুদ্ধ করে যাচ্ছিলেন। [হায়াতুস্ সাহাবাহ্, খণ্ড ২, পৃ. ৩০৩-৩০৪]

ঔ হযরত আমর ইবনে মা'দী কারাব যুবাইদী রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

হযরত মালেক ইবনে আব্দুল্লাহ খাছআমী রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি ঐ ব্যক্তি হতে সম্মানী ব্যক্তি আর দেখি নাই, যিনি ইয়ারমূকের যুদ্ধের দিন মুসলমানদের পক্ষ হতে ময়দানে বের হয়ে আসলে একজন অত্যন্ত শক্তিশালী অনারব কাফের তার মুকাবিলার জন্য আসল। তিনি তাকে কতল করে দিলেন। তারপর কাফেররা পরাজিত হয়ে পলায়ন করতে লাগল। তিনি কাফেরদেরকে পিছন দিক হতে ধাওয়া করলেন। অতঃপর তিনি পশমের তৈরি একটি বিরাট তাঁবুতে প্রবেশ করে বড় বড় (খাবারের) পেয়ালা আনালেন এবং আশেপাশের সকল মুসলমানদেরকে খাওয়ার জন্য ডাকলেন। (অর্থাৎ তিনি যেমন বীর তেমনি দানশীলও ছিলেন।) বর্ণনাকারী বলেন, আমি জিজ্ঞেস করলাম তিনি কে ছিলেন? হযরত মালেক রাদিয়াল্লাহু আনহু বললেন, তিনি হযরত আমর ইবনে মা'দী কারাব রাদিয়াল্লাহু আনহু ছিলেন।

হযরত কায়েস ইবনে আবি হাযেম রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি কাদেসিয়ার যুদ্ধে অংশগ্রহণ করেছি। হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু মুসলমানদের সেনাপতি ছিলেন। হযরত আমর ইবনে মা'দী কারাব রাদিয়াল্লাহু আনহু মুসলমানদের কাতারের মাঝখান দিয়ে হেঁটে যেতেন আর বলতেন, হে মুহাজিরবৃন্দ! তোমরা শক্তিধর সিংহের মত হয়ে যাও। (এমন প্রচণ্ড হামলা কর যেন বিপক্ষের আরোহী সৈন্য তার বর্শা ফেলে দিতে বাধ্য হয়।) কারণ আরোহী সৈন্য যখন তার বর্শা ফেলে দেয় তখন সে নিরাশ হয়ে যায়। এমন সময় একজন পারস্য সর্দার তার প্রতি একটি তীর নিক্ষেপ করল যা হযরত আমর রাদিয়াল্লাহু আনহুর ধনুকের মাথায় লাগল। তিনি পাল্টা তার উপর বর্শা দ্বারা এমন আঘাত করলেন যে, তার কোমর ভেঙ্গে গেল। হযরত আমর রাদিয়াল্লাহু আনহু সওয়ারী হতে নেমে সেই সর্দারের সামানপত্র নিয়ে নিলেন।

ইবনে আসাকির রহ. এই ঘটনাকে আরো দীর্ঘাকারে বর্ণনা করেছেন। এর শেষাংশে এরূপ বর্ণিত হয়েছে যে, হঠাৎ একটি তীর হযরত আমর রাদিয়াল্লাহু আনহুর জিনের অগ্রভাগে এসে লাগল। তিনি তীর নিক্ষেপকারীর উপর আক্রমণ করলেন এবং তাকে এমনভাবে ধরলেন যেমন মানুষ ছোট মেয়েকে ধরে থাকে। অতঃপর (মুসলমান ও কাফের) উভয় পক্ষের কাতারের মাঝখানে শুইয়ে তার মাথা কেটে ফেললেন এবং আপন সঙ্গীদের উদ্দেশ্যে বললেন, এইভাবে কর। (অর্থাৎ আল্লাহ ও তাঁর রাসূলের দুশমনদেরকে এইভাবে ধরে জবাই কর।)

ওয়াকেদী রহ. এর রেওয়ায়েতে বর্ণিত হয়েছে যে, হযরত ঈসা খাইয়াত রহ. বলেন, কাদেসিয়ার যুদ্ধের দিন হযরত আমর ইবনে মা'দী কারাব রাদিয়াল্লাহু আনহু একাই দুশমনের উপর আক্রমন করে বসেন এবং তাদের উপর অত্যন্ত বীরত্বের সাথে তরবারি চালনা করতে লাগলেন। তারপর মুসলমানরাও তার কাছে পৌঁছে গেলেন এবং দেখলেন যে, দুশমনরা হযরত আমর রাদিয়াল্লাহু আনহুকে চতুর্দিক হতে ঘিরে রেখেছে, আর তিনি একাই কাফেরদের উপর তরবারি চালাচ্ছেন। মুসলমানরা সেই কাফেরদেরকে হযরত আমের রাদিয়াল্লাহু আনহুর নিকট হতে সরিয়ে দিলেন।

তাবারানীর রেওয়ায়েতে বর্ণিত আছে, হযরত মুহাম্মাদ ইবনে সালাম জুমাহী রাদিয়াল্লাহু আনহু বলেছেন, হযরত ওমর রাদিয়াল্লাহু আনহু হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর নিকট এই মর্মে চিঠি লিখেন যে, আমি তোমার সাহায্যের জন্য দুই হাজার লোক পাঠাচ্ছি। একজন হযরত আমর ইবনে মা'দী কারাব রাদিয়াল্লাহু আনহু ও অপর জন হযরত তালহা ইবনে খুয়াইলিদ রাদিয়াল্লাহু আনহু। (অর্থাৎ উভয়ের প্রত্যেকে এক এক হাজারের সমান।)

হযরত আবু সালেহ ইবনে ওজীহ রাদিয়াল্লাহু আনহু বলেন, হিজরী একুশ সনে নেহাওয়ান্দের যুদ্ধে হযরত নো'মান ইবনে মুকাররিন রাদিয়াল্লাহু আনহু শহীদ হওয়ার পর প্রথমতঃ মুসলমানদের পরাজয় হল। পরে হযরত আমর ইবনে মা'দী কারাব রাদিয়াল্লাহু আনহু এমন জোরদার লড়াই করলেন যে, পরাজয় বিজয়ে পরিবর্তন হয়ে গেল। আর তিনিও মারাত্মকভাবে আহত হলেন। অবশেষে রুযা নামক গ্রামে তার ইন্তেকাল হল। (এসাবাহ), [হায়াতুস্ সাহাবাহ্, খণ্ড ২, পৃ. ৩০৬-৩০৭]

꧁ হযরত আবু মেহজান সাকাফী রাদিয়াল্লাহু আনহু এর বীরত্ব

হযরত আবু মেহজান রাদিয়াল্লাহু আনহু-কে প্রায়ই শরাব পান করার জন্য চাবুকাঘাত করা হত। যখন অত্যধিক পরিমাণে শরাব পান করতে লাগলেন তখন মুসলমানরা তাকে বেঁধে বন্দী করে রাখেন। কাদেসিয়ার যুদ্ধের দিন তিনি (বন্দী অবস্থায়) কাফেরদের সাথে মুসলমানদের যুদ্ধের দৃশ্য দেখছিলেন। তাঁর মনে হল মুশরিকরা মুসলমানদের বিরাট ক্ষতি সাধন করে যাচ্ছে। তিনি মুসলমানদের আমীর হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর বাঁদী অথবা স্ত্রীর নিকট এই মর্মে খবর পাঠালেন যে, আবু মেহজান বলছেন যে, তাকে বন্দীখান হতে মুক্ত করে একটি ঘোড়া ও হাতিয়ার দেয়া হোক। তিনি দুশমনদের সাথে যুদ্ধ করবেন। যুদ্ধশেষে তিনি সকল মুসলমানদের পূর্বে ফিরে আসবেন, তখন তাকে আবার বন্দীখানায় বেধে রেখো। অবশ্য যদি আবু মেহজান সেখানে শহীদ হয়ে যায় তবে ভিন্ন কথা।
অতঃপর তিনি এই কবিতা আবৃত্তি করতে লাগলেন-

كفى حزنا أن تلتقى الخيل بالقنا۔ وأترك مشدودا على وثاقيا

"দুঃখ ও বেদনার জন্য ইহাই যথেষ্ট যে, ঘোড় সওয়ার তো বর্শা দ্বারা যুদ্ধ করছে আর আমাকে বেড়ী পরিয়ে বন্দীখানায় আবদ্ধ রাখা হয়েছে।"

إذا قمت عنانى الحديد وغلقت۔ مصارع دونى قد تصم المناديا

"যখন আমি দাঁড়াই তখন লোহার শিকল আমার পা আটকিয়ে রাখে, আর আমার শহীদ হওয়ার সমস্ত দ্বার রুদ্ধ করে দেয়া হয়েছে এবং আমার পক্ষ হতে আহ্বানকারীকে বধির করে দেয়া হয়েছে।"

বাঁদী যেয়ে হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর স্ত্রীকে বিষয়টি জানাল। হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহুর স্ত্রী তার শিকল খুলে দিলেন এবং তাকে যুদ্ধের জন্য প্রয়োজনীয় অস্ত্রও দিলেন। হযরত আবু মেহজান রাদিয়াল্লাহু আনহু ঘোড়া ছুটিয়ে বের হলেন এবং মুসলমানদের সাথে মিলিত হলেন। তিনি যে কোনো দুশমনের উপর আক্রমণ করতেন তাকে কতল করে দিতেন এবং তার কোমর ভেঙ্গে ফেলতেন। তিনি উচ্চস্বরে 'আল্লাহু আকবার' বলে হামলা করছিলেন। তিনি যেদিকেই হামলা করতেন, আল্লাহ তা'আলা সেদিকের মুশরিকদেরকে পরাজিত করে দিচ্ছিলেন। তার প্রচণ্ড হামলা দেখে মুসলমানরা বলাবলি করতে লাগলেন যে, এই ব্যক্তিকে তো কোনো ফেরেশতা মনে হচ্ছে।
হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু যখন তাকে দেখলেন তখন খুবই আশ্বর্যান্বিত হলেন এবং জিজ্ঞাসা করতে লাগলেন যে, এই অশ্বারোহী কে? অত্যন্ত অল্প সময়ের মধ্যেই আল্লাহ তা'আলা মুশরিকদেরকে পরাজিত করলেন। হযরত আবু

মেহজান রাদিয়াল্লাহু আনহু যুদ্ধ শেষে ফিরে এসে অস্ত্রপাতি ফেরত দিলেন এবং নিজের পায়ে নিজেই শিকল পরে নিলেন।

হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু যখন যুদ্ধশেষে নিজের অবস্থানের জায়গায় ফিরে আসলেন, তখন তাঁর স্ত্রী অথবা তাঁর বাঁদী জিজ্ঞেস করলেন, আপনাদের যুদ্ধ কেমন হল? হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু বিস্তারিতভাবে যুদ্ধের অবস্থা বর্ণনা করতে যেয়ে বললেন, আমরা পরাজিত হতে যাচ্ছিলাম, এমতাবস্থায় আল্লাহ তা'আলা সাদাকালো বর্ণের ঘোড়ার পিঠে একজন ঘোড়সওয়ার পাঠালেন। যদি আমি আবু মেহজানকে শিকলে বাঁধা অবস্থায় না রেখে যেতাম তবে আমি নিশ্চিত বলতাম যে, এটি আবু মেহজানেরেই কৃতিত্ব। তাঁর স্ত্রী বললেন, তিনি আবু মেহজানই ছিলেন। অতঃপর তিনি আবু মেহজান রাদিয়াল্লাহু আনহুর ঘটনা বিস্তারিতভাবে তাঁকে শুনালেন।

হযরত সা'দ রাদিয়াল্লাহু আনহু হযরত আবু মেহজান রাদিয়াল্লাহু আনহুকে ডেকে তার সমস্ত শিকল খুলে দিলেন এবং বললেন, (আজ যেহেতু তোমার কারণে মুসলমানদের পরাজয় বিজয়ে পরিবর্তন হয়েছে সেহেতু) আগামীতে তোমাকে আর কখনও শরাব পান করার উপর চাবুক মারব না। হযরত আবু মেহজান রাদিয়াল্লাহু আনহু বললেন, আল্লাহর কসম, আমিও আগামীতে আর কখনও শরাব পান করব না। এতদিন আপনার চাবুক মারার কারণেই আমি শরাব পরিত্যাগ করা পছন্দ করতাম না। এরপর হযরত আবু মেহজান রাদিয়াল্লাহু আনহু আর কখনও শরাব পান করেননি। (ইস্তিআব, এসাবাহ) [হায়াতুস্ সাহাবাহ্ রাদিয়াল্লাহু আনহু খণ্ড ২, পৃ. ৩০০-৩০৩]

ꙮ 'আল্লাহর তরবারি'র বীরত্ব:

অষ্টম হিজরি, মোতাবেক ৬২৯ ঈসায়ী। পূর্ব রোমান সম্রাট হিরাক্লিয়াসের বিশাল বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ মুসলিম ফৌজ। খ্রিস্টানদের বিরুদ্ধে মুসলিম বাহিনীর প্রথম যুদ্ধ। নবী হযরত মুহাম্মাদ ﷺ এর জীবদ্দশায় রোমানদের বিরুদ্ধে একমাত্র যুদ্ধ। একদিকে দুই লক্ষ খ্রিস্টান সেনা, অপরদিকে মাত্র তিন হাজার মুসলিম যোদ্ধা। খ্রিস্টান বাহিনীর প্রথম আঘাতেই শহীদ হয়ে যান মুসলিম বাহিনীর প্রথম সেনাপতি হযরত যায়েদ বিন হারিসা রাদিয়াল্লাহু আনহু। এরপর শহীদ হয়ে যান দ্বিতীয় কমান্ডার হযরত যাফর বিন আবী তালিব রাদিয়াল্লাহু আনহু। অতঃপর শহীদ হয়ে যান তৃতীয় কমান্ডার হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রাদিয়াল্লাহু আনহুও।

প্রিয়নবী হযরত মুহাম্মাদ ﷺ এই তিনজনকেই কমান্ডার হিসেবে নির্ধারণ করে দিয়েছিলেন। তাদের প্রত্যেকের শাহাদাতে সৃষ্টি হয় নেতৃত্বের শূন্যতা। মুসলিম ফৌজ দাঁড়িয়ে যায় খাদের কিনারায়। পরিস্থিতির ভয়াবহতা উপলব্ধি করে দ্রুত মুসলিম বাহিনীর পতাকা তুলে নেন হযরত সাবিত বিন আরকাম রাদিয়াল্লাহু আনহু। এক মুহূর্তকাল বিলম্ব না করে তিনি পতাকা তুলে দেন দীর্ঘকায়, বলিষ্ঠ এক যোদ্ধার দিকে আর বলেন, হে ওয়ালিদের পুত্র! আপনি আমাদের নেতৃত্বের দায়িত্ব গ্রহণ করুন।

হযরত সাবিত বিন আরকাম রাদিয়াল্লাহু আনহু যাকে নেতৃত্বের প্রস্তাব দিলেন, তিনি সবেমাত্র ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। এর আগে মুসলিম বাহিনীর পক্ষে কোনো যুদ্ধেই অংশ নেননি তিনি। বরং একাধিক যুদ্ধে কুফুরি শক্তির পক্ষ হয়ে যুদ্ধ করেছেন ইসলামের বিপক্ষে। নওমুসলিম ঐ ব্যক্তি সাবিত রাদিয়াল্লাহু আনহুর প্রস্তাব প্রত্যাখ্যান করে

বলেন, "আমি সবেমাত্র আল্লাহর উপর ঈমান এনেছি। আমি কী করে আল্লাহর নবীর এত এত বিশ্বস্ত সাহাবীর উপর নেতৃত্ব দিতে পারি? এ আমার কাছে এক স্পর্ধার বিষয়।" সাবিত রাদিয়াল্লাহু আনহু বলেন, "ওহে সুলাইমানের পিতা! এ ময়দানে আপনার চাইতে যোগ্য কোনো যোদ্ধা নেই। অযথা সময় নষ্ট না করে পতাকা হাতে তুলে নিন, আর বিপর্যস্ত মুসলিম বাহিনীর উপর নিজের কর্তৃত্ব প্রতিষ্ঠা করুন।" নিরুপায় হয়ে মুসলিম ফৌজকে নেতৃত্ব দেয়ার দায়িত্ব গ্রহণ করেন ইসলাম ধর্মে নবদিক্ষিত এই ব্যক্তি।

নতুন কমান্ডার দায়িত্ব নেয়ার পর বদলে যায় যুদ্ধের দৃশ্য। মাত্র তিন হাজার রণক্লান্ত মুসলিম যোদ্ধা নিয়ে ক্ষুধার্ত সিংহের ন্যায় ঝাঁপিয়ে পড়েন দুই লক্ষ রোমান সৈন্যের উপর। যুদ্ধক্ষেত্রের গোটা অগ্রভাগে ছড়িয়ে পড়ে মুসলিম বাহিনী আর রচনা করে প্রচণ্ড আক্রমণ। অপ্রতিরোদ্ধ তরঙ্গের ন্যায় তারা আছড়ে পড়ে বিশাল এক বাহিনীর উপর। পরাজয়ের দ্বারপ্রান্তে থাকা মুসলিম বাহিনীর হঠাৎ এই তীব্র আক্রমণে হতচকিত হয়ে পড়ে শত্রুপক্ষ। তারা বুঝতেই পারে না মুসলিম বাহিনী হঠাৎ এতটা আক্রমণাত্মক হয়ে উঠেছে কিসের শক্তিতে! তাদের বিস্ময়ের ঘোর কেটে উঠার আগেই যুদ্ধের পরিস্থিতি বদলে দেন নতুন এই মুসলিম কমান্ডার। তার আক্রমণ এতটাই প্রচণ্ড ছিল যে, আঘাতের ধকল সইতে না পেরে তাঁর হাতে থাকা তলোয়ারটি ভেঙে যায়। তিনি আরেকটি তলোয়ার হাতে নেন। আর একই তীব্রতায় শত্রুর উপর আঘাত করেন। দ্বিতীয় তলোয়ারটিও ভেঙে যায়। তিনি আরেকটি তলোয়ার হাতে তুলে নেন। তৃতীয় তলোয়ারটিও ভেঙে যায়। এরপর তিনি আরেকটি তলোয়ার হাতে নেন। এভাবে একে একে নয়টি তলোয়ার ভেঙে তিনি যখন দশম তলোয়ারটি হাতে তুলে নিয়েছেন, ততক্ষণে রোমান বাহিনীর হুশ ফিরেছে। তারা উপলব্ধি করে এই নতুন কমান্ডারকে মোকাবেলা করা কারো পক্ষে সম্ভব নয়। কোনো তলোয়ার যেমন তার হাতে অক্ষত থাকার সামর্থ রাখে রাখে না, তেমনি কোনো প্রতিপক্ষও তার সামনে অক্ষত থাকতে পারে না। নিশ্চিত মৃত্যু এড়াতে পিছু হটতে বাধ্য হয় খ্রিস্টান রোমান বাহিনী। ভয়াবহ এই যুদ্ধের ক্ষয়ক্ষতির হিসাব ছিল- মাত্র বারজন মুসলিম সৈন্য শাহাদাত লাভ করেন, অন্যদিকে কুফফারদের হতাহতের সংখ্যা ছিল সীমাহীন। আর তা আমরা কিছুটা আন্দাজ করতে পারি এই নতুন কমান্ডারের হাতে নয়টি তরবারি ভাঙ্গার কাহিনী থেকে।

জর্ডানের মুতায় সংগঠিত এই যুদ্ধই ছিল ইসলামের ছায়াতলে তাঁর প্রথম যুদ্ধ। মুসলিম বাহিনীর পরাজয় এড়িয়ে যুদ্ধের ফলাফল অমীমাংসিত রেখে তিনি তাঁর বাহিনী নিয়ে মদীনায় প্রত্যাবর্তন করেন। আর এভাবেই এক অমীমাংসিত যুদ্ধের মধ্য দিয়ে আত্মপ্রকাশ ঘটে এক অজেয় সেনাপতির। ইসলামের ছায়াতলে আবির্ভূত হন এক অপ্রতিরোধ্য যোদ্ধা। সত্য দ্বীনের বিজয়যাত্রায় পদার্পন ঘটে আরেক মহানায়কের। ইতিহাসে সূচনা ঘটে আরেকটি নতুন অধ্যায়ের।

মদীনায় ফিরে গেলে তাঁর অভূতপূর্ব বীরত্ব আর সাহসের কথা জেনে নবী মুহাম্মাদ ﷺ তাঁর উপাধি দেন 'সাইফুল্লাহ্', তথা 'আল্লাহর তরবারি'। আল্লাহর এই তরবারি যতবার উন্মুক্ত হয়েছে, প্রতিপক্ষের ভাগ্যে পরাজয়, মৃত্যু আর পলায়ন ব্যতীত আর কিছুই জুটেনি। এই তরবারির সামনে বানের স্রোতের মত ভেসে যায় ভণ্ডনবীদের ফেতনা। এই তরবারির ঝলকানিতে ভস্ম হয়ে যায় হাজার বছর ধরে পৃথিবী শাসন করে আসা পারস্য সাম্রাজ্য। এই তরবারির প্রচণ্ড আঘাতে দিশেহারা হয়ে রাজত্ব ছেড়ে ইউরোপে পালিয়ে যায় রোমান সম্রাট হিরাক্লিয়াস। পারস্যের দুর্ভেদ্য শিকলের প্রাচীর আর রোমানদের লৌহ বর্ম সবকিছু খানখান হয়ে যায় এই একটি তরবারির আঘাতে। তিনি যুদ্ধে অবতীর্ণ হতেন

একই সাথে শত্রুর বিনাশ আর নিজের শাহাদাতের তামান্না নিয়ে। কিন্তু পৃথিবীতে এমন কোনো যোদ্ধার জন্ম হয়নি যে তাকে পরাস্ত করতে পারে। পৃথিবীর ইতিহাসে এই দুর্ধর্ষ যোদ্ধার নাম হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহু। আরবের সংস্কৃতি অনুযায়ী আরবরা তাকে "ওয়ালিদের পুত্র" কিংবা "সুলাইমানের পিতা" বলে ডাকত। কিন্তু পৃথিবীবাসী তাঁকে চিনেছে "আল্লাহর তরবারি" হিসেবে।

তিনি ছিলেন এক অজেয় যোদ্ধা, অতুলনীয় মহাবীর। প্রতিটি যুদ্ধের শুরুতে দ্বৈত লড়াইয়ের আহ্বান জানিয়ে তিনি এগিয়ে যেতেন। প্রতিপক্ষের সবচেয়ে শক্তিশালী যোদ্ধা এগিয়ে আসলে খালিদ রাদিয়াল্লাহু আনহু তাকে খতম করতে সাধারণত এক মিনিটের বেশি সময় নিতেন না। ওয়ালাজার যুদ্ধে এক বিশালদেহী পারস্য সেনা দ্বৈত যুদ্ধের জন্য এগিয়ে এসেছিল। পারসিয়ানরা অপেক্ষা করছিল খালিদের শেষ দেখার জন্য। কেননা তারা জানত এই পারস্য সেনা একাই এক হাজার পুরুষের শক্তি ধারণ করে। তারা তার নাম দিয়েছিল "হাজার মর্দ"। লড়াই শুরু হওয়ার আগে পার্সিয়ানরা উল্লাস করতে থাকে। কিন্তু কয়েক মিনিটের ব্যবধানে খালিদ রাদিয়াল্লাহু আনহু তাকে হত্যা করেন। সেদিন সেই "হাজার মর্দের" স্পন্দনহীন বুকের উপর বসে খালিদ রাদিয়াল্লাহু আনহু দুপুরের খাবার খেয়েছিলেন। আর বিস্ময়াভিভূত পারসিয়ানদের দিকে তাকিয়ে তিনি মিটিমিটি হেসেছিলেন।

এই যুদ্ধের কয়েক বছর পর হিমসের যুদ্ধে অনুরূপ এক বিশাল দেহের অধিকারী জেনারেল খালিদ রাদিয়াল্লাহু আনহুকে চ্যালেঞ্জ করেছিল। তবে সে পার্সিয়ান ছিল না, সে ছিল রোমান সেনাপতি। সে সিংহের মত গর্জন করতে থাকে আর খালিদ রাদিয়াল্লাহু আনহুর দিকে তেড়ে আসে। হযরত খালিদ রাদিয়াল্লাহু আনহু সর্বশক্তি দিয়ে তার বর্ম পরিহিত মস্তকের উপর আঘাত হানেন। আল্লাহর তরবারির আঘাতে দুই টুকরা হয়ে যায় লোহার বর্ম। অতঃপর তলোয়ার ফেলে দিয়ে প্রতিপক্ষকে দুই হাত দিয়ে নিজের বুকের সাথে নির্দয়ভাবে চেপে ধরেন খালিদ রাদিয়াল্লাহু আনহু। রোমান সেনাপতির নিঃশ্বাস বন্ধ হয়ে যায় আর থেমে যায় তার গর্জন। খালিদ রাদিয়াল্লাহু আনহু অবশ্য তাকে ছেড়ে দিয়েছিলেন। কিন্তু ততক্ষণে রোমান ঐ সেনাপতির পাজরের হাড় ভেঙে গিয়েছে এবং তা মাংস ভেদ করে বাহিরে বের হয়ে এসেছে।

হযরত খালিদ রাদিয়াল্লাহু আনহু ছিলেন একজন অপরাজেয় সেনাপতি। তার সমগ্র জীবনে প্রায় একশত আটটি যুদ্ধ তিনি করেছেন। তাঁর নেতৃত্বে মুসলমানরা কখনো পরাজয়ের মুখ দেখেননি। ভণ্ডনবী তুলায়হা থেকে শুরু করে মিথ্যাবাদী মুসায়লামা, পারস্যের এক লক্ষ দিরহামের মুকুট পরিহিত সেনাপতি হরমুয থেকে শুরু করে রোমান সর্বাধিনায়ক মাহান, সমকালের সব সেরা যোদ্ধা, সব সেরা কমান্ডার, রাজা-মহারাজা, রথি-মহারথি, সম্রাট-মহাসম্রাটদের কাছে খালিদ রাদিয়াল্লাহু আনহু ছিলেন এক মূর্তমান আতঙ্কের নাম। খালিদ রাদিয়াল্লাহু আনহুর ঘোড়া দাপিয়ে বেড়িয়েছে বুজাখার সমতল ভূমি থেকে ইয়ামামার বিশাল প্রান্তর, কুয়েতের কাজিমা থেকে শুরু করে ইরাকের হীরা, আনবার থেকে শুরু করে পারস্যের শেষ দুর্গ ফিরোজ, ফিলিস্তিনের আজনাদাইন থেকে শুরু করে জর্দানের ফাহল, সিরিয়ার দামেস্ক থেকে শুরু করে ইমেসা, ইয়ারমুক, আলেপ্পো, একের পর এক দুর্গ, একের পর এক শহর, একের পর এক সাম্রাজ্য হাঁটু গেড়ে বসেছিল তার সামনে। ন্যায়ের পতাকাধারী মুসলিম ফৌজের অগ্রযাত্রায় যেখানেই বাধার সম্মুখীন হয়েছেন, সেখানেই নিজের রুদ্রমূর্তি দেখিয়েছেন খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহু। দোযখের

তাণ্ডব চালিয়েছেন পারস্যের ওয়ালাজায়, রক্তের স্রোত বইয়েছেন খোরাসানের কাশাফ নদীতে। পারস্যের দর্প চূর্ণ করে তিনি যখন রোমান সাম্রাজ্যের দিকে অগ্রসর হন, সেদিন নয় হাজার যোদ্ধাকে সাথে নিয়ে পায়ে হেঁটে তিনি পাড়ি জমান একশ বিশ মাইল পানিশূন্য মরুভূমি, যা ইতিহাসে আর কেউ কখনো করে দেখানোর সাহস পায়নি। হিরাক্লিয়াসের মত মহাসম্রাট, যিনি নিজের অতুলনীয় যোগ্যতা আর দক্ষতা দিয়ে ভেঙে যাওয়া রোমান সাম্রাজ্যকে পুনরায় একত্র করেছিলেন, তিনি সিরিয়া ছেড়ে কন্সট্যান্টিনোপল পালিয়ে গিয়েছিলেন খালিদ রাদিয়াল্লাহু আনহুর অপ্রতিরোধ্য অগ্রযাত্রা ঠেকাতে ব্যর্থ হয়ে।

এককথায়, হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহু ছিলেন ইসলামের সেই তরবারির নাম যা কুফ্ফারদের বিরুদ্ধে চিরদিন খোলা থাকে, কখনো খাপবদ্ধ হয়না। আলহামদুলিল্লাহ! ইসলাম এমন এক ধর্ম যা একসাথে, অতি ক্ষুদ্র সময়ে মানবেতিহাসের সবচেয়ে চৌকষ, বহু সমরনায়কের জন্ম দিয়েছে যাদের অবদানে ইসলামের আলো স্বল্প সময়ে দূর-দূরান্তে পৌঁছতে সক্ষম হয়েছে। তন্মধ্যে হযরত খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহু ছিলেন অন্যতম। তার রণকৌশল, তুখোর নেতৃত্ব, সমরপ্রজ্ঞা, প্রত্যুৎপন্নমতীত্ব, বিচক্ষণতা এবং বীরত্ব, সবই ছিল অসাধারণ, ইতিহাসে অতুলনীয়। আল্লাহ তা'আলা তাঁর এই তরবারির হাতে পারস্য ও রোম সাম্রাজ্য তছনছ করে দেন। তিনি কুফ্ফার বাহিনীর সামনে হুঙ্কার দিয়ে উঠতেন,

انا فارس الضديد
انا خالد بن الوليد

"আমি মহান যোদ্ধা,
আমি খালিদ বিন ওয়ালিদ।"

তিনি কাফেরদের জন্য সাক্ষাত যমদূত হয়ে আবির্ভূত হয়েছিলেন। কোনো কোনো যুদ্ধে প্রায় লক্ষাধিক কাফেরকে একসাথে কোনোরূপ ভিসা ছাড়াই সরাসরি জাহান্নামে পাঠিয়েছেন। যেমন: ফিহলের যুদ্ধে প্রায় আশি হাজার কাফেরকে হত্যা করা হয়, ইয়ারমুকের যুদ্ধে প্রায় সত্তর হাজার (মতান্তরে একলক্ষ বিশ হাজার) কাফেরকে হত্যা করা হয়, বুআইবের যুদ্ধে প্রায় দেড় লাখ কাফেরকে হত্যা করা হয়, তাঁর নির্দেশে কাশাফ নদীতে প্রায় সত্তর হাজার কাফেরকে গলা কেটে হত্যা করে রক্তের নদী প্রবাহিত করা হয়। তিনি এজন্য এত পরিমাণ কাফের নিধন করেছিলেন যে, এই কুফ্ফাররা এক যুদ্ধে পরাজিত হয়ে আবারো নতুন করে সংগঠিত হয়ে মুসলমানদের বিরুদ্ধে দ্বিতীয় আরেকটি যুদ্ধে অংশগ্রহণ করত। তাই তিনি কুফ্ফারদের মূল কর্তন করে দিতে চেয়েছিলেন।

তিনি ছিলেন যুদ্ধ-প্রেমী। যুদ্ধ ছাড়া অন্য কোনো কিছুর প্রতি তাঁর মোহ ছিল না। নারীর মোহ কিংবা দুনিয়ার মহব্বত তাঁকে কোনো দিনই আকৃষ্ট করেনি, এসব ব্যাপারে তিনি ছিলেন পাথরসম নিস্পৃহ। তিনি বলতেন, "বাসর রাত, কিংবা যে রাতে আমাকে সন্তান ভূমিষ্ঠ হওয়ার সুসংবাদ দেওয়া হয়, তা আমার নিকট সেই কনকনে শীতের রাতের চেয়ে অধিক প্রিয় নয়, যে রাতে আমি মুহাজিরদের সঙ্গে নিয়ে আল্লাহর শত্রুর উপর ঝাঁপিয়ে পড়ি।"

তিনি তাঁর সমস্ত যিন্দেগী কাটিয়েছেন রণাঙ্গনে। ইসলামের জন্য তিনি তার যিন্দেগীকে ওয়াক্ফ করে দিয়েছিলেন। মৃত্যুর সময় উপস্থিত হলে তাঁর এক বন্ধুকে তিনি নিজের শরীরের বিভিন্ন অংশ দেখিয়ে জিজ্ঞেস করেন, "আমার শরীরের এমন কোনো স্থান তুমি কি দেখেছ যেখানে তীর, তরবারি কিংবা বর্শার ক্ষত নেই?" তাঁর বন্ধু শরীরের এমন কোনো স্থান খুঁজে পাননি যেখানে কোনো ক্ষতচিহ্ন ছিল না। তাঁর বন্ধু অবাক বিস্ময়ে তাঁর শরীরের সবখানের

এই অবস্থা প্রত্যক্ষ করেন। "তুমি কি জান আমি কত যুদ্ধে অংশগ্রহণ করেছি?" বন্ধুকে তিনি জিজ্ঞেস করলেন, "এরপরও আমি শহীদ হলাম না কেন? লড়াই করতে করতে আমার মৃত্যু হল না কেন? আহ! আমি এক বৃদ্ধ উটের মত মরছি। শয্যায় মারা যাওয়া আমার জন্য লজ্জাজনক। আল্লাহ তা'আলা ভীরু কাপুরুষদের চোখে ঘুম না দেন!" "আপনি যুদ্ধের ময়দানে নিহত হতে পারেন না, আবু সুলাইমান!" বন্ধুবর তাকে আশ্বস্ত করে জানান, "আপনাকে রাসূলুল্লাহ্ ﷺ 'সাইফুল্লাহ' তথা 'আল্লাহর তরবারি' আখ্যা দিয়েছেন। এটা নবীজীর ভবিষ্যদ্বানী ছিল যে, আপনি যুদ্ধের ময়দানে মারা যাবেন না। যদি আপনি রণক্ষেত্রে মারা যেতেন, তাহলে সবাই বলতো যে, 'এক কাফের আল্লাহর তরবারি ভেঙ্গে ফেলেছে।' অথচ এমনটি হতে পারে না।....আপনি ইসলামের নাঙ্গা তলোয়ার ছিলেন।" এরপর খালিদ রাদিয়াল্লাহু আনহু ইন্তেকাল করেন। (হযরত খালিদ বিন ওয়ালিদ রাদি. এর জীবনী "আল্লাহর তলোয়ার"- মেজর জেনারেল এ আই আকরাম, লিংক- https://archive.org/details/KhalidbinwalidRa)

নারী সাহাবীদের নির্ভীকতা ও জিহাদ প্রেম:

প্রিয় ভাই! কেবল পুরুষ সাহাবীগণই ইতিহাসে বীরত্বের সাক্ষর রেখেছেন এমনটি নয়। বরং নারী সাহাবীগণও সৃষ্টি করেছেন জিহাদ প্রেমের অতুলনীয় ইতিহাস। চলুন, এরকম কয়েকজন নারী সাহাবীর ঘটনাও শুনা যাক।

֍ হযরত ছফিয়্যাহ বিনতে আব্দুল মুত্তালিব রাদিয়াল্লাহু আনহার নির্ভীকতা ও জিহাদপ্রেম:

কে সেই সেরা বুদ্ধিমতী নারী, পুরুষরা যার কারণে হাজার রকম হিসাবনিকাশ করতে বাধ্য হতো?
কে সেই নির্ভীক সাহাবিয়া, যিনি ছিলেন সর্বপ্রথম এক মুশরিক হত্যাকারিণীর গৌরবে ভূষিত?
কে সেই বিচক্ষণ মহিলা, যিনি সৃষ্টি করেন আল্লাহর পথে সর্বপ্রথম তরবারির খাপমুক্তকরণের ইতিহাস?
তিনিই হচ্ছেন রাসূলুল্লাহ ﷺ এর সম্মানিতা ফুপু, আব্দুল মুত্তালিবের কন্যা, হযরত ছফিয়্যাহ হাশেমী ও কুরাইশী রাদিয়াল্লহু আনহা।

চলুন দেখি, তিনি ওহুদের ময়দানে কী করলেন?

"জিহাদ ফী সাবীলিল্লাহ"র উদ্দেশ্যে ওহুদের যুদ্ধে তিনি ছোট্ট একটি মহিলা দল নিয়ে মুসলিম সৈনিকদের সাথে যোগ দেন। সেখানে তিনি আত্মনিয়োগ করেন পানির ব্যবস্থাপনায়, তৃষ্ণার্ত মুজাহিদদের পানি পান করিয়ে তৃপ্ত ও উজ্জীবিত করলেন, তীর চেঁছে তীক্ষ্ম করলেন, ত্রুটিপূর্ণ ধনুক মেরামত করলেন।

তিনি যখন দেখতে পেলেন অল্প কয়েকজন ছাড়া মুসলিম বাহিনীর সকলেই রাসূলুল্লাহ ﷺ -কে একা ফেলে বিক্ষিপ্ত হয়ে পড়েছে.....

এবং দেখতে পেলেন মুশরিকরা আল্লাহর রাসূল ﷺ -এর কাছাকাছি এবং প্রায় তাঁর উপর আক্রমনে উদ্যত, তখন তিনি হাতের পানির পাত্রটি ছুঁড়ে ফেললেন জমিনের উপর আর আক্রান্ত শাবকের 'মা সিংহী'র মতো লাফিয়ে উঠলেন, ছিনিয়ে নিলেন এক পরাজিত সৈনিকের বর্শা, তা দিয়ে সৈনিকদের সারি ভেদ করতে করতে ছুটে চললেন, বর্শার

তীক্ষ্ণ ফলা দিয়ে এদিক-ওদিক আঘাত করতে লাগলেন, মুসলিম সৈনিকদের লক্ষ্য করে গর্জে উঠলেন "আরে ও কাপুরুষের দল! আল্লাহর রাসূলকে ফেলে পালাতে চাও? নিজেদের জান বাঁচাতে চাও?"

রাসূলুল্লাহ ﷺ যখন তাঁকে এগিয়ে আসতে দেখলেন, তাঁর আশঙ্কা হলো যে, তিনি (ছফিয়্যাহ) তাঁর মৃত ভাই হযরত হামযা রাদিয়াল্লহু আনহুর লাশ দেখে ফেলবেন, মুশরিক বাহিনী অত্যন্ত কুৎসিতরূপে যার বিকৃতি ঘটিয়েছে। তাই তাঁর পুত্র হযরত যুবাইর রাদিয়াল্লাহু আনহুকে নবীজী ﷺ বললেন,

-মাকে ফিরাও যুবাইর, তাড়াতাড়ি.....

যুবাইর রাদিয়াল্লাহু আনহু সেদিকে এগিয়ে গেলেন। বললেন,

মা, থামো, মা এদিকে এসো।

-সরে যা, খবরদার মা মা করবি না।

-আল্লাহর রাসূল ঐ দিকে যেতে নিষেধ করেছেন।

-কিন্তু কেন? আমি তো জানি আমার ভাইয়ের লাশ বিকৃত করা হয়েছে।

তাঁর এ কুরবানি আল্লাহর জন্য।.....

এ কথা শুনে আল্লাহর রাসূল ﷺ যুবাইর রাদিয়াল্লাহু আনহুকে বললেন, যেতে দাও।

যুবাইর রাদিয়াল্লাহু আনহু তাঁর পথ ছেড়ে দিলেন।

যুদ্ধ শেষ হলে হযরত ছফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহা তাঁর আপন ভাই (নবীজী ﷺ-র আপন চাচা) হযরত হামযা রাদিয়াল্লাহু আনহুর বিকৃত লাশ দেখে বললেন-

এ সবই আল্লাহর খাতিরে হয়েছে। আমার কোনো অসন্তুষ্টি নেই। আল্লাহর ফয়সালায় আমি তুষ্ট। সম্পূর্ণ সমর্পিত। আল্লাহর কসম। আমি সবর করবো। আমি মনে করবো এ বিপদ আল্লাহর দ্বীনের জন্য এবং সে কারণে এর পূর্ণ প্রতিদান আমি অবশ্যই পাবো। ইনশাআল্লাহ।

এবার দেখি, খন্দকের যুদ্ধে তিনি কী ঘটালেন?

খন্দকের যুদ্ধে তাঁর অবস্থান, সে তো বীরত্ব গাঁথা এক রুদ্ধশ্বাস কাহিনী, যার পরতে পরতে তাঁর বুদ্ধি ও বিচক্ষণতা প্রস্ফূটিত, সাহসিকতা ও সঙ্কল্প প্রকাশিত.....

তাহলে চলুন, কান পেতে শুনি ইতিহাসের সেই বিখ্যাত কাহিনি.....

রাসূলুল্লাহ ﷺ কোনো যুদ্ধের সিদ্ধান্ত নিলে নারী ও শিশুদের সুরক্ষিত দুর্গে রেখে যাওয়া ছিল তাঁর অভ্যাস। কেননা, প্রহরীদের অবর্তমানে কোনো বিশ্বাসঘাতক মদীনার ওপর আক্রমণ করে বসতে পারে। এবারও তিনি তাই করলেন। মুসলমানরা যখন খন্দকের আশপাশে কুরাইশ ও তার মিত্রদের মুখোমুখি অবস্থান গ্রহণ করছিলেন, নারী ও শিশুদের শত্রুর আক্রমন নিয়ে ভাবার সুযোগ তাদের ছিল না। মদীনার সীমান্তবর্তী এলাকায় ছিল পরিখা আর মদীনার ভিতরে একটি দূর্গের অভ্যন্তরে অবস্থান করছিল নারী ও শিশুরা ।

আর এদিকে মদীনার ভিতরে কিন্তু দূর্গের বাহিরে অবস্থান করছিল বনু কুরাইযার ইহুদী সম্প্রদায়। এদের সাথে মুসলমানদের শান্তিচুক্তি ছিল।

তখন ফযরের অন্ধকার। হযরত ছাফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহা হঠাৎ আবিষ্কার করলেন, এক ব্যক্তি দুর্গের দিকে এগিয়ে আসছে, দুর্গের চারপাশে উঁকিঝুকি করছে, আঁড়ি পেতে শুনতে চাচ্ছে কারা আছে এর ভিতরে.....

হযরত ছাফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহা বুঝে ফেললেন, নিশ্চয়ই এ লোক ইহুদী, কেননা মদীনায় এখন ইহুদী ছাড়া আর কেউ নেই। নিশ্চয়ই এর সাথে আরো লোক আছে। তাহলে নিশ্চয়ই এরা তাদের চুক্তি ভঙ্গ করেছে। কুরাইশদের সাথে হাত মিলিয়েছে। নিশ্চয়ই এরা এখন জানতে এসেছে, এখানে আক্রমন প্রতিরোধকারী পুরুষ মানুষ আছে, না শুধু নারী আর শিশু অবস্থান করছে। এ মুহূর্তে এরা যদি আমাদের উপর আক্রমন করে তাহলে তা ঠেকানোর জন্য কোনো একজন মুসলিম পুরুষ আমাদের পাশে নেই।....

এ অবস্থায় আল্লাহর ওই দুশমন যদি আমাদের প্রকৃত পরিস্থিতির খবর তার কওমের কাছে পৌঁছাতে সফল হয়, তাহলে ইহুদীরা নারীদের করবে বন্দী-বাঁদী আর শিশুদের বানাবে দাস-দাসী, সেটা হবে মুসলমানদের জন্য ভয়াবহ বিপদ ও বিপর্যয়ের কারণ।.....

এসব ভেবে তিনি নিজের ওড়না খুলে জড়ালেন মাথায়। কোমরে শক্ত করে গামছা বেঁধে কাঁধে তুলে নিলেন একটি বড় লৌহদণ্ড। নেমে এলেন দুর্গের প্রধান ফটকের কাছে। খুব ধীরে ও সাবধানে সেখানে তৈরি করলেন একটি ছিদ্র। সেই ছিদ্রপথ দিয়েই আল্লাহর দুশমনকে নিরীক্ষণ করতে থাকলেন সজাগ ও সতর্ক দৃষ্টিতে। একসময় তিনি লোকটির অবস্থান দেখে নিশ্চিত হলেন। এবার তার উপর চূড়ান্ত আক্রমন চালানো সম্ভব.....

নিশ্চিত হয়েই চালিয়ে দিলেন চরম হামলা। সর্বশক্তি দিয়ে লৌহদণ্ডের আঘাত হানলেন তার মাথায়। একদম নির্ভুল নিশানা। এমন ভয়াবহ আঘাত সহ্য করা ছিল অসম্ভব। লোকটি ধপাস করে পড়ে গেল মাটিতে।....

অবিলম্বে দ্বিতীয় ও তৃতীয় আঘাত হেনে তার জীবন প্রদীপ নিভিয়ে দিলেন.....

প্রাণহীন নিথর দেহের কাছে নেমে এলেন দ্রুত। নিজের সঙ্গে রাখা ছুরি দিয়ে মাথা কেটে দেহ থেকে আলাদা করে ফেললেন। দেহ থেকে বিচ্ছিন্ন মাথাটি দুর্গের উঁচু স্থান থেকে ছুঁড়ে মারলেন নিচের দিকে.....

ঢাল বেয়ে সেটি গড়াতে গড়াতে গিয়ে থামল সেই ইহুদীদের সামনে, যারা অপেক্ষা করছিল ওই সঙ্গীর সবুজ সংকেতের....

তারা সঙ্গী ইহুদীর কর্তিত মস্তক দেখে পরস্পর বলাবলি করতে থাকল,

আরে এটা আমরা নিশ্চিতরূপেই জানতাম, মুহাম্মাদ কখনোই নারী ও শিশুদের প্রতিরক্ষার ব্যবস্থা না করে যাবার মানুষ নয়.....

এখন তো নিজের চোখেই দেখলাম....

এসব বলতে বলতে তারা ফিরে গেল নিজেদের গন্তব্যে।

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা! বলুনতো, ইতিহাসের এমন এক গুরুত্বপূর্ণ হত্যাকাণ্ড যখন ঘটালেন, তখন হযরত ছাফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহার বয়স কত ছিল?

ষাট বছর........(!!!)

কত গুরুত্বপূর্ণ ছিল এই হত্যাকাণ্ডটি, একটু চিন্তা করুন! আল্লাহ তা'আলাই ইসলাম ও মুসলমানদের হেফাযতকারী! সেদিনের এই হত্যাকাণ্ডটি না ঘটলে হয়ত আজ আমি, আপনি মুসলমান হতে পারতাম না। ইহুদীরা যদি নারী

শিশুদের আক্রমন করতো, মুসলমানদের মনোবল ভেঙে যেত, মদীনার বাহির এবং ভিতর দু'দিক দিয়ে আক্রমনের শিকার হয়ে মুসলমান জাতি ইতিহাস থেকে হারিয়ে যেতে পারতো!

আল্লাহ তা'আলা তাঁর আপন শান অনুযায়ী নবীজী ﷺ-এর ফুপু আম্মাকে জাযায়ে খায়ের দান করুন। আমীন।

[সুওয়ারুম মিন হায়াতিস্ সাহাবিয়্যাত, ড. আব্দুর রহমান রাফাত পাশা]

҉ হযরত নাসিবাহ আল্ মাযেনিয়া (উম্মে উমারা) রাদিয়াল্লাহু আনহার নির্ভীকতা ও জিহাদপ্রেম:

তিনি ছিলেন সেই দুইজন আনসারী সাহাবিয়্যাহর অন্তর্ভূক্ত, যারা আকাবার দ্বিতীয় বাইয়াতের দিন বাহাত্তর জন পুরুষের পাশাপাশি নবীজী ﷺ-এর কাছে বাইয়াত হন।

বাইয়াত শেষে হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহা ফিরে এলেন মদীনায়, আল্লাহ তা'আলা প্রদত্ত সম্মান বুকে নিয়ে.....

বাইয়াতের শর্তসমূহ পূরণ করার দৃঢ় সংকল্প নিয়ে.......

এরপর পেরিয়ে গেল বহু সময়, বহু দিন ও মাস.......

তারপর একদিন এসে গেল ওহুদের যুদ্ধ। সে যুদ্ধে হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার রয়েছে এক বিরাট ভূমিকা, আহ্! কী যে উজ্জ্বল ও সমুন্নত সে কাহিনী!!! তাঁর বীরত্বের কাহিনী শুনলে পুরুষের পৌরুষত্বও লজ্জা পায়!!! হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহা ওহুদের উদ্দেশ্যে বের হলেন নিজের পানির পাত্রটি নিয়ে, উদ্দেশ্য তাঁর আল্লাহর রাস্তায় জিহাদকারীদের তৃষ্ণা নিবারণ করা। আরও নিয়েছেন যখমের একগুচ্ছ পট্টি (ব্যান্ডেজের প্যাকেট)...... আশ্চর্যের কিছু নেই! কেননা, ময়দানে থাকবেন তাঁর স্বামী আর কলিজার তিনটি অংশ-

এক অংশ হলেন রাসূলুল্লাহ ﷺ আর অপর অংশ হলো তাঁর দুই পুত্র হাবীব ও আব্দুল্লাহ......

তাছাড়া আল্লাহর দ্বীন হেফাযতের জন্য দুশমনদের বিরুদ্ধে লড়াইকারী অন্যান্য মুসলমান ভাইয়েরাও তাঁর প্রিয় মানুষ। ওহুদের যুদ্ধে ঘটে গেল যা ঘটার ছিল......

হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহা নিজের দুচোখে দেখলেন, কীভাবে মুসলিম বাহিনীর সুনিশ্চিত বিজয় 'মহা বিপর্যয়ে' রূপান্তরিত হয়ে গেল.....

তিনি দেখলেন কিভাবে মুসলিম বাহিনীর কাতারে হত্যা আর ধ্বংসযজ্ঞ তীব্রভাবে ছড়িয়ে পড়ল এবং একের পর এক তাঁদের লাশ পড়তে থাকল......

চলুন না, এই ভয়াবহ কঠিন মুহূর্তের বর্ণনার ভার ছেড়ে দেই খোদ হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার ওপর, কারণ তিনিই পারবেন পুঙ্খানুপুঙ্খরূপে ওই সময়ের সঠিক বিবরণ দিতে। তিনি বলেন-

"খুব সকালে আমি ওহুদের ময়দানে গেলাম, আমার হাতে ছিল একটি পানির মশক, যা থেকে আমি মুজাহিদ ভাইদের পানি পান করাব।

একসময় আমি রাসূলুল্লাহ ﷺ-এর কাছাকাছি পৌঁছলাম। শক্তি, বিজয় ও সাহায্যের পাল্লা তখন তাঁর ও তাঁর সঙ্গীদের দিকে ঝুঁকে ছিল.....

একটু পরেই মুসলিম বাহিনী রাসূলুল্লাহ ﷺ-এর নিকট থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লো, ফলে তিনি পড়ে রইলেন সামান্য কয়েকজনের প্রহরার মধ্যে যাঁদের সংখ্যা দশের উপরে নয়.....

ফলে আমি, আমার স্বামী ও পুত্র দ্রুত এগিয়ে গেলাম তাঁর নিকট.....

বালা যেমন কব্জিকে ঘিরে রাখে ঠিক তেমনি আমরা তাঁকে ঘিরে রাখলাম আর আমাদের সকল শক্তি ও অস্ত্র দিয়ে তাঁর উপর থেকে আক্রমন প্রতিরোধ করতে থাকলাম.....

মহানবী ﷺ আমার দিকে তাকিয়ে দেখলেন মুশরিকদের আক্রমন থেকে নিজেকে রক্ষা করার জন্য কোনো ঢাল আমার কাছে নেই।

এরপর তাঁর দৃষ্টি পড়লো পলায়নপর একজনের উপর যার হাতে ঢাল ছিল। তিনি তাকে ডেকে বললেন, "তোমার ঢালটি এমন কাউকে দিয়ে যাও যে লড়াই করছে।" লোকটি নিজের ঢাল ফেলে রেখে চলে গেল।

আমি সেটা তুলে নিলাম এবং রাসূলুল্লাহ ﷺ-এর প্রতি আক্রমন ঠেকাতে লাগলাম।

আমি প্রিয়নবী ﷺ-এর প্রতিরক্ষায় তরবারি চালিয়ে, তীর ছুঁড়ে আমার সর্বশক্তি ব্যয় করতে করতে এক পর্যায়ে অক্ষম হয়ে পড়লাম। আমার শরীরের গভীর ক্ষতগুলো আমাকে অপারগ করে দিল।

এমন এক কঠিন মুহূর্তে উত্তেজিত উটের মতো চিৎকার করে 'ইবনে কামিআ' বলতে লাগল, কোথায় মুহাম্মাদ? গেল কোথায়.......

আমি আর মুছআব ইবনে উমায়ের আগলে দাঁড়ালাম তার পথ, তখন সে তরবারির আঘাতে মুছআবকে ভূপাতিত করলো, আরেক আঘাতে তাকে শহীদ করে ফেলল.....

এরপর ভয়াবহ আঘাত করলো আমার কাঁধে, যাতে সৃষ্টি হলো গভীর ক্ষত....

তারপরও আমি তার উপর উপর্যুপরি আঘাত করলাম, কিন্তু আল্লাহর দুশমনের গায়ে ছিল দুটি বর্ম......

যে মুহূর্তে আমার পুত্র রাসূলের ওপর থেকে অবিরাম আক্রমন প্রতিহত করে যাচ্ছিল হঠাৎ তাকে ভীষণ আঘাত করে বসল এক মুশরিক,

যাতে তাঁর বাহু কেটে বিচ্ছিন্ন হবার উপক্রম হলো........

ফিনকি দিয়ে রক্ত বের হতে থাকল........

আমি তাঁর কাছে এগিয়ে গেলাম, সেখানে ব্যান্ডেজ বেঁধে দিলাম।

কোমল সুরে তাঁকে বললাম 'আমার বেটা, আল্লাহর জন্য ওঠে পড়ো, আল্লাহর দুশমনদের খতম করতে এগিয়ে যাও....ওঠো বেটা....ওঠো....'

রাসূলুল্লাহ ﷺ আমার দিকে ফিরে তাকালেন আর বললেন, 'তুমি যা করতে পারলে এমনটি আর কে পারবে হে উম্মে উমারা?'

এরপর সেখানে এগিয়ে আসতে লাগল সেই লোকটি যে আমার পুত্রকে আঘাত করেছিল, তাকে দেখে রাসূলুল্লাহ ﷺ আমাকে ডেকে বললেন, 'উম্মে উমারা, এই দেখো, এটাই তোমার পুত্রের ঘাতক।'

দৌঁড়ে আমি এক লাফে তার সামনে গিয়ে দাঁড়ালাম, তরবারি দিয়ে সজোরে আঘাত করলাম তার পায়ের নলায়, ধপাস করে পড়ে গেল সে মাটিতে.....

আমি তার কাছে এগিয়ে গেলাম। তরবারি ও বর্শার উপর্যুপরি আঘাতে তাকে শেষ করে দিলাম। প্রিয় নবী ﷺ আমার দিকে তাকিয়ে মুচকি হেসে বললেন, 'তুমি তো তার কেসাস নিয়ে ফেললে, উম্মে উমারা .....

আল্লাহর প্রশংসা করছি যিনি তোমাকে কেসাস গ্রহণে সফল করলেন....
তোমাকে নিজের চোখেই তার পতন দেখিয়ে দিলেন।'

*****

হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার দুই পুত্রের বীরত্বও কম ছিল না, তাঁদের ত্যাগ ও কুরবানীও পিতা-মাতার চেয়ে কোনো অংশে তুচ্ছ ছিল না.....

কারণ সন্তান তো পিতা-মাতার আদর্শই পেয়ে থাকে, তারা হয় মা-বাবারই দৃষ্টান্ত।

তাঁর পুত্র আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, "ওহুদের যুদ্ধে আমি রাসূলুল্লাহ ﷺ-এর সাথে ময়দানে হাজির হয়েছিলাম। লোকেরা যখন তাঁর নিকট থেকে দূরে সরে পড়ল, আমি আর আমার মা তাঁর নিকটবর্তী হলাম তাঁর উপর থেকে আক্রমন ঠেকাতে......

নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, তুমি কি উম্মে উমারার পুত্র?

-হ্যাঁ।

-মারো, আঘাত করো......

তাঁর সামনে এক মুশরিককে লক্ষ্য করে প্রচণ্ড শক্তিতে একটি পাথর নিক্ষেপ করলাম, সঙ্গে সঙ্গে লোকটি পড়ে গেল, আমি পাথর ছুঁড়তে ছুঁড়তে তার উপর পাথরের স্তূপ বানিয়ে ফেললাম। নবীজী ﷺ আমার দিকে তাকিয়ে মিষ্টি হাসি দিলেন।

দৃষ্টি একটু ফিরাতেই তাঁর চোখে পড়ল আমার মায়ের কাঁধের যখম, সেখান থেকে ফোটায় ফোটায় রক্ত ঝরছিল। তিনি সচকিত হয়ে বললেন, 'তোমার মাকে দেখো...... তোমার মা....... ক্ষতস্থানে ব্যান্ডেজ বেঁধে দাও। আল্লাহ তোমাদের পরিবারের মধ্যে বরকত দান করুন....... তোমার মায়ের মর্যাদা অমুক অমুকের চেয়ে ঊর্ধ্বে........ আল্লাহ রহম করুন তোমাদের সকলের উপর।'

আমার মা তাঁর দিকে তাকিয়ে বললেন-

ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাদের জন্য এই দুআ করুন- আমরা যেন জান্নাতে আপনার সঙ্গে থাকতে পারি।

রাসূলুল্লাহ ﷺ দুআ করলেন, 'ইয়া আল্লাহ, জান্নাতে ওদের আমার সঙ্গী বানিয়ে দাও'।

এই দুআ শুনে আমার মা বললেন, 'এরপর আমি আর কোনো কিছুরই পরোয়া করি না, দুনিয়াতে আমার যা হয় হোক। আমার কিছু যায় আসে না।'

উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহা ওহুদের ময়দান থেকে গভীর ক্ষত আর তাঁর জন্য রাসূলের বিশেষ সেই দুআ নিয়ে ফিরে এলেন।

আর প্রিয়নবী ﷺ ওহুদের ময়দান থেকে ফিরলেন এই কথা বলে, 'আমি যখনই ডানে, বামে তাকিয়েছি, দেখেছি উম্মে উমারা আমার প্রতিরক্ষায় লড়াই করছে।'

******

উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহা ওহুদের প্রান্তরে লড়াইয়ের প্রথম প্রশিক্ষণ নিলেন, যুদ্ধের ব্যাপারে দক্ষতা লাভ করলেন.......

স্বাদ উপভোগ করলেন জিহাদ ফী সাবীলিল্লাহর, ফলে জিহাদ থেকে দূরে সরে থাকা তাঁর পক্ষে সম্ভব হয়নি।
তাঁর নামে লিপিবদ্ধ রয়েছে রাসূলুল্লাহ ﷺ-এর সঙ্গে অধিকাংশ যুদ্ধে শামিল থাকার বিরল গৌরবগাঁথা.......
তিনি হাজির ছিলেন হুদাইবিয়াতে, খাইবারে.... উমরাতুল কাযা-তে, হুনাইনে........ বাইয়াতে রিযওয়ানে.....
তিনি অসীম বীরত্ব প্রদর্শন করেছিলেন ইয়ামামার প্রান্তরে......
আল্লাহ তা'আলা হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার প্রতি যেন খুশি হয়ে যান এবং তাঁকে খুশি করে দেন, কারণ তিনি ছিলেন মুমিন নারীদের জন্য এক অনন্য দৃষ্টান্ত......
অটল, অবিচল জিহাদকারিনীদের মাঝে তিনি ছিলেন অদ্বিতীয়া.....
এরকম অসংখ্য, অগণিত ঈমানদীপ্ত কাহিনীতে ইসলামের ইতিহাস ও সীরাতের গ্রন্থসমূহ সমৃদ্ধ। আলহামদুলিল্লাহ।

[সুওয়ারুম মিন হায়াতিস্ সাহাবিয়্যাত, ড. আব্দুর রহমান রাফাত পাশা]

শহীদ জননীদের সন্তান কুরবানীর ঈমানদীপ্ত কাহিনী:

প্রিয় ভাই! এই উম্মাহর মা-বোনেরা এই উম্মাহর গর্ব ও অহংকার। যুগে যুগে তারা সৃষ্টি করেছেন ত্যাগ-তিতিক্ষা আর কুরবানীর এমনসব ইতিহাস যা পৃথিবীর ইতিহাসে বিরল। আমরা ধন্য এমন মায়েদের গর্ভে জন্মগ্রহণ করে। আমরা ধন্য এমন বোনদের পেয়ে। তাদের জন্য আমাদের জান কুরবান হোক।

চলুন ভাই, ইসলামের জন্য আমাদের মায়েদের সন্তান কুরবানীর এমন কয়েকটি অনুপ্রেরণামূলক কাহিনী শুনা যাক।

࿇ হযরত আসমা বিনতে আবু বকর রাদিয়াল্লাহু আনহার কুরবানী:

ইতিহাস হযরত আসমা বিনতে আবু বকর রাদিয়াল্লাহু আনহার সকল অবদান ও কৃতিত্বের কথা ভুলে যেতে পারলেও পুত্রের সর্বশেষ সাক্ষাতের সময় তাঁর ঈমানের দৃঢ়তা, অবিচল প্রত্যয় আর বিচক্ষণতার কথা কখনোই ভুলতে পারবে না।

ঘটনাটি ছিল এই- ইয়াযীদ ইবনে মুআবিয়ার মৃত্যুর পর হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লহু আনহুকে খলীফা মেনে তাঁর পক্ষে যখন বাইয়াত নেওয়া হলো, হেজাজ, মিশর, ইরাক, খুরাসান ও সিরিয়ার প্রায় সকল অঞ্চল তাঁর পক্ষ নিল।

এদিকে বনু উমাইয়া অনতিবিলম্বে হাজ্জাজ বিন ইফসুফের নেতৃত্বে একদল দুর্ধর্ষ বাহিনী নিয়ে তাঁর বিরুদ্ধে দাঁড়াল..... দুই দলের মাঝে সঙ্ঘটিত হলো ভয়াবহ যুদ্ধ, হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লহু আনহু সে যুদ্ধে দুর্দান্ত, দুঃসাহসী যোদ্ধার আক্রমণ পরিচালনা করে চূড়ান্ত বীরত্বের প্রকাশ ঘটালেন। তবে তাঁর সহযোদ্ধারা একটু একটু করে তাঁর থেকে বিচ্ছিন্ন হতে থাকল। অবশেষে তিনি বাইতুল্লাহ বা কাবা শরীফে আশ্রয় নিলেন, তিনি ও তাঁর সঙ্গীরা কাবার প্রতিরক্ষার সাহায্যে আত্মরক্ষা করলেন....

তাঁর চূড়ান্ত শাহাদাতের কয়েক ঘণ্টা পূর্বে তিনি সাক্ষাৎ করতে গেলেন মায়ের সঙ্গে, ততদিনে তিনি দৃষ্টি হারানো অতিবৃদ্ধা এক নারী, তিনি মাকে সালাম দিলেন-

আস্সালামু আলাইকুম ইয়া উম্মাহ ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু..... (মা, তোমার প্রতি সালাম.......)

- ওয়া আলাইকাস্ সালাম ইয়া আব্দাল্লাহ....(বেটা! তোমাকেও সালাম) বেটা, যে সময় হাজ্জাজের কামান তোমার বাহিনীর বিরুদ্ধে হারামের মধ্যে বিশাল বিশাল পাথর নিক্ষেপ করছে, যা মক্কা নগরীর বাড়ি-ঘরকে প্রকম্পিত করে তুলছে, এমন নাজুক পরিস্থিতিতে তুমি এখানে কেন?

- তোমার সঙ্গে পরামর্শের জন্য এসেছি মা।

- আমার সঙ্গে পরামর্শ! কী বিষয়ে?!

- মা! লোকে আমাকে নিরাশ করে দিয়েছে, তারা হাজ্জাজের ভয়ে অথবা তার প্রতি মোহে আমার নিকট থেকে দূরে সরে গিয়েছে। এমনকি আমার নিজের পরিবারের ও আপন লোকেরাও আমাকে ফেলে দূরে সরে গেছে, এমন ছোট্ট একটি দলের সামান্য কয়েকজন মানুষ ছাড়া আমার সঙ্গে কেউ নেই। তাঁরা যত বড়ই কষ্ট সহিষ্ণু হোক না কেন, এক ঘণ্টার বেশি টিকতে পারবে না.....

বনু উমাইয়ার দূতেরা আমার নিকট বলাবলি করছে যে, আমি অস্ত্র ত্যাগ করে আব্দুল মালিক ইবনে মারওয়ানের হাতে বাইয়াত হলে তারা আমাকে পৃথিবীর যা চাইব তাই দেবে, এ ব্যাপারে তোমার কী মত মা?

তিনি চিৎকার করে বলে উঠলেন- সিদ্ধান্ত তোমাকেই নিতে হবে হে আব্দুল্লাহ! তোমার মনের কথা তুমিই ভালো জানো।

যদি তোমার আস্থা থাকে যে, তুমি প্রতিষ্ঠিত আছো হকের উপর আর প্রয়াস চালাচ্ছ হক প্রতিষ্ঠার জন্য, তাহলে তুমি অবিচল থাকো, যেভাবে অবিচল ছিল তোমার সেই সঙ্গীরা, যাঁরা তোমার পতাকাতলে লড়াই করে শহীদ হয়েছে.....

যদি দুনিয়ার কিছু অর্জনের আশা তুমি পোষণ করে থাকো তাহলে কত যে খারাপ মানুষ তুমি......

তুমি নিজের জীবনটাও বরবাদ করেছ আর বরবাদ করেছ তোমার সঙ্গীদেরও।

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লাহু আনহু বললেন- কিন্তু আমি তো আজকেই নিহত হয়ে যাবো।

- সেটা তোমার জন্য অনেক ভালো স্বেচ্ছায় নিজেকে হাজ্জাজের হাতে তুলে দিয়ে নিজের কর্তিত মস্তক বনু উমাইয়ার বালকদের খেলতে দেওয়ার চেয়ে......

- আমি নিহত হওয়ার ভয় পাচ্ছি না। আমি ভয় পাচ্ছি, আমার মৃতদেহকে বীভৎসরূপে বিকৃত করা হবে।

- নিহত হওয়ার পর ভয় পাওয়ার আর কি আছে? যবাইকৃত ছাগল চামড়া ছিলার কষ্ট পায় না।

মমতাময়ী মায়ের মুখে বেদনাময় বাস্তব কথাগুলো শুনে, নিজের কর্তব্য স্থির করতে পেরে তাঁর চেহারা ঝলমল করে উঠল। তিনি আবেগাপ্লুত হয়ে বললেন-

মাগো, রহমত ও বরকতপ্রাপ্তা হও তুমি, তোমার সুমহান মর্যাদার আরও বৃদ্ধি ঘটুক। শুধু তোমার মুখের এই কথাগুলো শুনতেই ছুটে এসেছিলাম তোমার কাছে। আমার আল্লাহ জানেন, আমি শক্তিহীন, দুর্বল ও ক্লান্ত হইনি। এই দেখো মা, আমি এখন যাচ্ছি তোমার পছন্দনীয় পথে, আমি শহীদ হলে আমার জন্য দুঃখ করো না মা!

- বেটা, তোমার জন্য দুঃখ করতাম যদি তুমি বাতিলের জন্য জীবন দিতে। আলহামদুলিল্লাহ! প্রশংসা আল্লাহর জন্য যিনি তোমাকে পরিচালিত করেছেন সেই পথে যা তাঁর পছন্দনীয় এবং যা আমারও পছন্দনীয়..... তুমি একটু আমার কাছে এসো বেটা, আমি একটুখানি তোমার ঘ্রাণ নেব, তোমার শরীরটা একটু ছুঁয়ে দেখব। কারণ, এটাই যে তোমার সাথে আমার সর্বশেষ সাক্ষাৎ!

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লাহু আনহু নিচু হয়ে মায়ের হাতে ও পায়ে চুমু দিয়ে ভরে দিলেন আর মা পুত্রের মাথায় ও ঘাড়ে নাক ঘষে ঘষে ঘ্রাণ নিলেন আর চুমু দিয়ে মমতা মাখিয়ে দিলেন......

দুই হাত সচল রাখলেন তাঁকে স্পর্শ করতে। হঠাৎ হাত গুটিয়ে নিয়ে বললেন-

-আব্দুল্লাহ এটা কী পরেছ?

- লৌহ বর্ম।

- যে ব্যক্তি শহীদ হতে চায় এটা তার পোশাক হতে পারে না বেটা।

- মা, এটা তো বরং তোমাকে খুশি করার জন্য পরেছি।

- ওটা খুলে ফেলো, তোমার ওই ভারী বর্মমুক্ত শরীরটাই হবে সাহসী ভূমিকার বেশি সহায়ক। সামনে-পিছে নড়াচড়ার জন্য সহজ...... তবে ওটার পরিবর্তে তুমি দ্বিগুণ পাজামা পরে নাও, যেন মাটিতে পড়ে গেলে তোমার ছতর উন্মুক্ত না হয়।

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লাহু আনহু লৌহবর্ম খুলে ফেললেন, কয়েকটি সালোয়ার পরলেন, এগিয়ে গেলেন হারামের দিকে, চিৎকার করে বলতে থাকলেন- মা, আমার জন্য তোমার দুআ বন্ধ করো না।

মা দু' হাত উর্ধ্বে উঠিয়ে বললেন- হে আল্লাহ, নামাযে তাঁর দীর্ঘ কিয়ামের প্রতি রহম করো, রহম করো গভীর রাতে জসৎবাসীর নিদ্রাবিভোর মুহূর্তে তাঁর বুক ফাটা ক্রন্দনের প্রতি.....

হে আল্লাহ, মক্কা-মদীনার গ্রীষ্মের প্রচণ্ড দাবদাহের দিনে নফল রোযা রেখে তার ক্ষুধা আর পিপাসার যন্ত্রণা সহ্য করার প্রতি রহম করো, করুণা করো....

হে আল্লাহ, পিতা-মাতার প্রতি তাঁর আনুগত্যের ওপর রহম করো...

হে আল্লাহ, আমি ওকে সম্পূর্ণ সমর্পণ করেছি তোমার জন্য, তুমি যা ফয়সালা করবে আমি তাতে সন্তুষ্ট, সুতরাং তাঁর ব্যাপারে আমাকে দান করো ধৈর্যশীলদের প্রতিদান......

ওই দিনের সূর্য অস্ত যাওয়ার পূর্বেই হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রাদিয়াল্লহু আনহু পৌঁছে গেলেন আপন প্রভুর সান্নিধ্যে......

তাঁর শাহাদাতের দশ-পনের দিন পরই তাঁর সঙ্গে গিয়ে মিলিত হলেন তাঁর মা হযরত আসমা বিনতে আবু বকর রাদিয়াল্লাহু আনহা......

এ সময় তাঁর বয়স হয়েছিল একশ বছর অথচ তাঁর একটি দাঁতও পড়েনি, তাঁর জ্ঞান-বুদ্ধি একটুও হ্রাস পায়নি।

আল্লাহ তা'আলা তাঁদের উভয়কে সর্বোত্তম জাযা দান করুন। আমীন।

[সুওয়ারুম মিন হায়াতিস্ সাহাবিয়্যাত, ড. আব্দুর রহমান রাফাত পাশা]

۞ হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার কুরবানী:

হযরত উম্মে উমারা রাদিয়াল্লাহু আনহার পুত্র হযরত হাবীব ইবনে যায়েদ রাদিয়াল্লাহু আনহুকে দূত হিসেবে ভণ্ড নবী মুসাইলামাতুল কাযযাব- এর নিকট পাঠিয়েছিলেন স্বয়ং রাসূলুল্লাহ ﷺ.........

মুসাইলামা বিশ্বাসঘাতকতা করে হযরত হাবীব রাদিয়াল্লাহু আনহুকে এমন নিষ্ঠুর-নির্দয়ভাবে হত্যা করে, যা শুনলে লোম শিউরে উঠে।

বিষয়টি ছিল এমন, মুসাইলামা প্রথমেই হযরত হাবীব রাদিয়াল্লাহু আনহুকে বন্দী করে জিজ্ঞাসা করে-

তুমি কি সাক্ষ্য দাও যে মুহাম্মাদ আল্লাহর রাসূল?

- হ্যাঁ।

- তুমি কি সাক্ষ্য দাও যে, আমি আল্লাহর রাসূল?

- আমি শুনতে পাচ্ছি না, কী বলছ?

মুসাইলামা তাঁর ডান হাত কেটে দিল........

এভাবে সে বার বার একই প্রশ্ন করতে থাকল আর হযরত হাবীব রাদিয়াল্লহু আনহু একই উত্তর দিতে থাকলেন। প্রত্যেকবার উত্তরের পর পাষণ্ড তাঁর একেকটি অঙ্গ কেটে ফেলছিল। দুই হাত, দুই পা কেটে ফেলার পরও তাঁর অবিচলতা দেখে মিথ্যুক মুসাইলামা তাঁর জিহ্বা কেটে আবার জিজ্ঞাসা করলো- তুমি কি আমাকে রাসূল বলে বিশ্বাস কর?

হযরত হাবীব ইবনে যায়েদ রাদিয়াল্লাহু আনহু মাথা নেড়ে অস্বীকার করলেন তার নবুওয়তকে।

'পাষাণ গলে যাবে' এমন কঠিন যন্ত্রণা সহ্য করেও অটল, অনঢ় ঈমান নিয়ে অবশেষে তিনি শাহাদাত বরণ করলেন। ইন্না.. লিল্লা..হি ওয়া ইন্না...ইলাইহি রা..জিঊ....ন।

হযরত হাবীব ইবনে যায়েদ রাদিয়াল্লাহু আনহুর ভয়াবহ এই শাহাদাতের সংবাদ পৌঁছানো হলো তাঁর মা হযরত নাসীবা আল মাযেনিয়া (উম্মে উমারা) রাদিয়াল্লাহু আনহার কাছে। তিনি সব শুনে বেশি কিছু বললেন না। ছন্দে ছন্দে বললেন সামান্য একটু কথা-

مِنْ أَجْلِ مِثْلِ هٰذَا الْمَوْقِفِ أَعْدَدْتُهُ
وَعِنْدَ اللهِ احْتَسَبْتُهُ
لَقَدْ بَايَعَ الرَّسُوْلَ ﷺ لَيْلَةَ الْعَقَبَةِ صَغِيْرًا
وَوَفّٰى لَهُ الْيَوْمَ كَبِيْرًا

"এমন একটি ভূমিকার জন্যই আমি তাকে দুগ্ধ পান করিয়েছিলাম...
আমি আল্লাহর ফয়সালায় সন্তুষ্ট, আমি প্রতিদান চাই তাঁর কাছেই....
শৈশবে সে 'আকাবার রাতে' শপথ নিয়েছিল প্রিয় নবীজীর হাতে....
অনেক বড় হয়ে আজ সে সেই অঙ্গীকারের পূর্ণাঙ্গ বাস্তবায়ন ঘটাল।"

[সুওয়ারুম মিন হায়াতিস্ সাহাবিয়্যাত, ড. আব্দুর রহমান রাফাত পাশা]

❀ উম্মে ইবরাহীমের ঘটনা:

তারীখের কিতাবে বর্ণিত আছে, বসরা শহরে অনেক আল্লাহভীরু নেককার মহিলা ছিল। তাদের মধ্য থেকে অন্যতম একজন হলেন উম্মে ইবরাহীম আল হাশিমিয়্যাহ। তার সময়ে শত্রুরা মুসলিম ভূমিতে আক্রমণ করে বসল এবং মুসলমানদেরকে হত্যা করার জন্য সামনে অগ্রসর হতে লাগল। তখন বসরার অলিতে-গলিতে "হাইয়্যা 'আলাল জিহাদ", "হাইয়্যা 'আলাল জিহাদ" বলে মানুষদেরকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ করা হচ্ছিল। উদ্বুদ্ধকারীদের মধ্যে অন্যতম একজন ছিলেন, সেই সময়কার বিশিষ্ট আলেম আব্দুল ওয়াহেদ যায়েদ আল বসরী রাহিমাহুল্লাহ। তিনি বসরার অলিতে-গলিতে ঘুরে ঘুরে ভাষণ দিচ্ছিলেন আর মানুষদেরকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ করছিলেন।

একদিন কোনো এক মজলিসে তিনি মানুষদেরকে জিহাদের জন্য উদ্বুদ্ধ করতে ভাষণ দিতে লাগলেন আর সেই বরকতময় মজলিসে বিশিষ্ট নেককার মহিলা উম্মে ইবরাহীমও উপস্থিত ছিলেন। আব্দুল ওয়াহেদ জিহাদ ও শাহাদাতের ফযীলত বর্ণনা করতে করতে জান্নাতের হুরদের আলোচনা শুরু করলেন। তিনি একের পর এক জান্নাতের হুরদের গুণাগুণ বর্ণনা করতে লাগলেন। তাদের সৌন্দর্যতার বিবরণ দিতে লাগলেন। সকল শ্রোতারা মুগ্ধ হয়ে তার কথা শুনছিল। তারা একে অপরের দিকে তাকাচ্ছিল।

মজলিসের মাঝখান থেকে উম্মে ইবরাহীম দাঁড়িয়ে গেলেন এবং সোজা হেঁটে আব্দুল ওয়াহিদের সামনে গিয়ে দাঁড়ালেন। তিনি আব্দুল ওয়াহিদকে সম্বোধন করে বললেন, "হে আবু উবায়েদ! আপনি তো আমার ছেলে ইবরাহীমকে ভালো করেই চিনেন। বসরার অনেক সম্ভ্রান্ত পরিবারের লোকেরা আমার ছেলের সাথে তাদের মেয়েকে বিবাহ দিতে চেয়েছিল। কিন্তু আমি তাদের কারো ব্যাপারেই সন্তুষ্ট নই। এবং আমি মনে করি তাদের কেউই ইবরাহীমের জন্য উপযুক্ত নয়। কিন্তু আপনি এই মাত্র যেই মেয়েটির কথা বললেন, এই মাত্র যেই মেয়েটির বর্ণনা দিলেন, তাকে আমার খুব পছন্দ হয়েছে। আমি এই মেয়েটির সাথে ইবরাহীমকে বিবাহ বন্ধনে আবদ্ধ করাতে পারলে খুব খুশি হব। আমি এই জান্নাতী মেয়েটিকে আমার ছেলের বউ বানাতে চাই। আপনি কি ইবরাহীমের সাথে এই জান্নাতী রমনীকে বিবাহ বন্ধনে আবদ্ধ করিয়ে দিতে পারবেন? হে আবু উবায়েদ! আমার ঘরে দশ হাজার দিনার আছে। আপনি এটাকে বিবাহের মোহরানা হিসেবে নিয়ে নিন। এবং ইবরাহীমকেও আপনাদের সাথে জিহাদে নিয়ে নিন, যেন আল্লাহ তা'আলা তাকে শাহাদাত নসীব করেন। এবং সে যেন আমার জন্য এবং তার বাবার জন্য কিয়ামতের দিন আল্লাহর দরবারে সুপারিশ করতে পারে।"

আব্দুল ওয়াহিদ একথা শুনে বললেন, "আপনি যদি একাজ করেন, তাহলে এটি আপনার জন্য, আপনার ছেলের জন্য, এবং তার বাবার জন্য মহাসাফল্য হবে। আল্লাহর কসম, এটা মহাসাফল্য।"

উম্মে ইবরাহীম সকলের মধ্য হতে তার ছেলেকে ডাকলেন। ইবরাহীম বলল, মা, আমি উপস্থিত।

তিনি তাকে জিজ্ঞাসা করলেন, হে আমার আদরের সন্তান! তুমি কি জিহাদের ময়দানে নিজেকে উৎসর্গ করে দেয়ার শর্তে এই মেয়েটিকে বিবাহ করতে রাজী আছ?

সে বলল, আল্লাহর কসম! আমি সন্তুষ্ট।

উম্মে ইবরাহীম আল্লাহর দিকে ফিরলেন এবং বললেন, "হে আল্লাহ! তুমি সাক্ষী থাক! হে আল্লাহ! তুমি সাক্ষী থাক! আমি এই মেয়েটিকে আমার ছেলের সাথে বিবাহ দিচ্ছি এই শর্তে যে, সে নিজেকে জিহাদের ময়দানে কুরবানী করবে,

সে নিজেকে জিহাদের ময়দানে উৎসর্গ করবে। এবং কখনোই পৃষ্ঠপ্রদর্শন করবে না। এবং কখনোই যুদ্ধের ময়দান থেকে পলায়ন করবে না। সুতরাং তাকে কবুল করে নাও, ইয়া রব্বাল আলামীন!"

এই দুআ করার পর তিনি দ্রুত বাড়িতে গেলেন এবং বাড়ি থেকে দশ হাজার দিনার নিয়ে আসলেন। যুদ্ধে যাবার জন্য তার আদরের সন্তানকে একটি ভালো ঘোড়া এবং অস্ত্র কিনে দিলেন।

ইবরাহীম যুদ্ধে যাবার জন্য রণসাজে সজ্জিত হল। কুরআন তিলাওয়াতকারীরা তাকে ঘিরে তিলাওয়াত করতে লাগল-

إِنَّ ٱللَّهَ ٱشۡتَرَىٰ مِنَ ٱلۡمُؤۡمِنِينَ أَنفُسَهُمۡ وَأَمۡوَٰلَهُم بِأَنَّ لَهُمُ ٱلۡجَنَّةَۚ

"নিশ্চয়ই আল্লাহ তা'আলা মুমিনের জান ও মালকে ক্রয় করে নিয়েছেন জান্নাতের বিনিময়ে।" (৯ সূরা তাওবা: ১১১)

উম্মে ইবরাহীম তার কলিজার টুকরা সন্তানকে বিদায় জানাতে এলেন। তিনি তার ছেলেকে লক্ষ্য করে বললেন, "হে আমার আদরের পুত্র! তোমাকে সাবধান করছি, এই যুদ্ধে কোনো গাফলতি নয়, তুমি তোমার সর্বস্ব দিয়ে চেষ্টা করবে, তুমি তোমার সর্বস্বকে উজাড় করে দিবে।"

তিনি তাকে একটি কাফনের কাপড় দিলেন, এবং তার কপালে চুমু খেয়ে বললেন, "ও আমার আদরের পুত্র! আল্লাহ তা'আলা যেন আমাদেরকে আর কখনোই দুনিয়াতে পুনরায় একত্রিত না করেন। শেষ বিচারের দিনে মহামান্বিত ও মহাপরাক্রমশালী আল্লাহর রহমতের ছায়াতলেই যেন আমাদের পুনরায় দেখা হয়।"

মুজাহিদীনগণ যাত্রা শুরু করলেন। আব্দুল ওয়াহিদ বর্ণনা করেন, "আমরা শত্রুদের এলাকায় পৌঁছলাম এবং শত্রুদের মুখোমুখি হলাম। শত্রুদের সাথে আমাদের তুমুল যুদ্ধ শুরু হল। ইবরাহীম প্রথম সারিতে থেকে শত্রুদের বিরুদ্ধে বীরত্বের সাথে যুদ্ধ করতে লাগল। কেননা, সে তো দুটি পুরস্কারের একটির অপেক্ষায় ছিল- হয়ত বিজয়, নয়ত শাহাদাত। তার মায়ের শেষ উপদেশ ছিল, এই যুদ্ধে কোনো গাফলতি নয়। তুমি তোমার সর্বস্ব দিয়ে চেষ্টা করবে। তুমি তোমার সর্বস্বকে উজাড় করে দিবে। তাই, ইবরাহীম তার সর্বস্ব দিয়ে চেষ্টা করতে লাগল। ইবরাহীমের তেজোদ্দীপ্ত ঘোড়া যেদিক দিয়েই যাচ্ছিল সেদিক দিয়েই কাফেররা পরাজিত হচ্ছিল। ইবরাহীমের ধারাল তলোয়ারের আঘাতে কাফেরদের গর্দানগুলি দ্বিখণ্ডিত হয়ে যাচ্ছিল। ইবরাহীম ছিল কাফিরদের শরীরে কাঁটার মতো।

শত্রুরা বুঝতে পারলো এবং এই যুবক যোদ্ধার সাহসিকতা লক্ষ্য করল। তারা বুঝতে পারলো, যেভাবেই হোক, তাকে থামানো দরকার। তারা চতুর্দিক থেকে ইবরাহীমকে ঘিরে ফেলল। এবং সম্মিলিতভাবে আক্রমন করে ইবরাহীমকে শহীদ করে দিল। ইবরাহীম শাহাদাতের সৌভাগ্য লাভ করল।"

আব্দুল ওয়াহিদ বর্ণনা করেন, যুদ্ধে জয়লাভ করার পর আমরা বসরায় ফিরে এলাম। বসরার লোকজন আমাদেরকে স্বাগতম জানাতে লাগলেন। তাদের মধ্যে ছিলেন উম্মে ইবরাহীম। তিনি আমাকে ডাক দিয়ে বললেন, "ও আবু উবায়েদ! যদি আল্লাহ আমার উপহারকে কবুল করে থাকেন তাহলে আমাকে অভিনন্দন জানান। নতুবা আমাকে সান্ত্বনা দিন।"

আব্দুল ওয়াহিদ বললেন, হে ইবরাহীমের মা! আল্লাহ তা'আলা আপনার উপহারকে গ্রহণ করেছেন। ইবরাহীম আল্লাহ তা'আলার নিকট জীবিত আছে। ইবরাহীম শাহাদাতের সৌভাগ্য লাভ করেছে। সে শহীদদের মধ্য থেকে একজন।"

وَلاَ تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ

"যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদেরকে তোমরা মৃত মনে করো না; বরং তারা তাদের রবের কাছে জীবিত এবং রিযিকপ্রাপ্ত।" (৩ সূরা আলে ইমরান: ১৬৯)

উম্মে ইবরাহীম আল্লাহর দরবারে সিজদায় লুটিয়ে পড়লেন এবং বললেন, আলহামদুলিল্লাহ! সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার জন্যে যিনি আমার সন্তানকে শহীদদের অন্তর্ভূক্ত করেছেন।"

পরের দিন সকালে তিনি মসজিদে দৌঁড়ে গেলেন এবং বললেন, হে আবু উবায়েদ! বুশরা! বুশরা! (সুসংবাদ গ্রহন করুন! সুসংবাদ গ্রহণ করুন!) আমি গতরাতে আমার ছেলেকে স্বপ্নে দেখেছি, সে সবুজ মিনার সমৃদ্ধ খুব সুন্দর একটি বাগানে ছিল। সাদা মুক্তার তৈরি একটি বিছানায় শুয়ে ছিল। তার মাথায় একটি মুকুট ছিল। সে আমাকে বলল, হে মা! আপনি সুসংবাদ গ্রহণ করুন। আপনার দেয়া মোহরানা গৃহীত হয়েছে। এবং আমরা জান্নাতে আমাদের বিয়ে উদযাপন করছি।"

[https://archive.org/details/hd_20200327]

ꕥ এক মায়ের হাফেয ছেলেকে জিহাদে পাঠানোর কাহিনী

আবু কুদামা রাহিমাহুল্লাহ, আমাদের সালাফদের মধ্য হতে তিনি একজন বড় মুজাহিদ ছিলেন। জিহাদের ময়দানে তার জীবনের অধিকাংশ সময় অতিবাহিত হয়েছে। বিশেষ করে রোমানদের বিরুদ্ধে তিনি অনেক যুদ্ধ করেছেন। আবু কুদামা রাহিমাহুল্লাহ একবার মসজিদে নববীতে বসে তার আরব বন্ধুদের সাথে গল্প করছিলেন। তখন তার বন্ধুরা বলল, আবু কুদামা! তুমি তো তোমার সারাটি জীবন জিহাদের ময়দানে কাটিয়েছ, জীবনে অনেক জিহাদ করেছ, আজকে তুমি আমাদেরকে জিহাদের ময়দানের এমন একটি ঘটনা শুনাও, যে ঘটনাটি তোমাকে সবচেয়ে বেশি আশ্চর্যান্বিত করেছে।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বললেন, আচ্ছা শুন! রোমানদের বিরুদ্ধে জিহাদ করার সময় আমরা একবার ফোরাত নদীর তীরে অবস্থিত দিকা নামক শহরের উপর দিয়ে যাচ্ছিলাম। পথিমধ্যে, আমি একটি উট কিনার জন্য এক জায়গায় যাত্রাবিরতি করলাম। আমাদের অবস্থানের খবর শুনে একজন মহিলা আসল। সে আমার সাথে দেখা করল এবং বলল, আমার স্বামী জিহাদের ময়দানে শহীদ হয়েছেন। আমার কয়েকজন ছেলেও জিহাদের ময়দানে শহীদ হয়েছেন। আমার কয়েকজন ভাই ছিল, তারাও জিহাদের ময়দানে শহীদ হয়ে গিয়েছেন। এখন শুধুমাত্র আমার একটি ছেলে বাকী আছে, আর ছোট্ট একটি মেয়ে। আমার ছেলেটির বয়স পনের বছর। সে হাফেযে কুরআন, হাদীসের ব্যাপারে ভালো জ্ঞান রাখে, দক্ষ অশ্বারোহী, দেখতেও খুব সুশ্রী। আমার খুব ইচ্ছা ছেলেটিকে জিহাদে পাঠাব। কিন্তু সে একটি কাজে শহরের বাইরে গেছে। এখনো পর্যন্ত ফিরে আসেনি। অপেক্ষায় আছি, সে আসলে আপনার সাথে যুদ্ধে পাঠিয়ে দিব। আর এখন আপনাকে দেয়ার মত আমার কাছে কিছুই নেই। আফসোস, এত মহান একটি জিহাদ হচ্ছে আর আমি এটা থেকে বঞ্চিত থাকব, এটা তো কিছুতেই হতে পারে না! তখন তিনি ধুলায় মাখা কয়েকটি চুল দিয়ে বললেন, এই চুল গুলোকে আপনি ঘোড়ার লাগাম হিসেবে ব্যবহার করবেন, যাতে এই বরকতময় জিহাদে অংশগ্রহণ করা হতে আমি যেন কিছুতেই বঞ্চিত না হই।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বলেন, আমি তার চুলগুলো নিলাম এবং তার ছেলেকে দেখার জন্য কিছুক্ষণ অপেক্ষা করলাম। কিন্তু তার আসতে দেরি হচ্ছে দেখে আমরা আমাদের গন্তব্যের দিকে রওয়ানা হয়ে গেলাম।

কিছুক্ষণ পর দেখতে পেলাম, পিছন দিক থেকে একজন অশ্বারোহী ধুলো উড়িয়ে উর্ধ্বশ্বাসে ছুটে আসছে। কাছে আসার পর যুবকটি আমাকে চাচা বলে ডাকল আর বলল, আমি ঐ মহিলার সন্তান যিনি আপনাকে জিহাদের জন্য চুল দান করেছিলেন। আমি আপনার সাথে জিহাদে অংশগ্রহণ করতে চলে এসেছি।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বলেন, আমি লক্ষ্য করলাম, এই ছেলেটি একেবারেই ছোট। চোদ্দ-পনের বছর হবে মাত্র। আর জিহাদ তো তার জন্য আবশ্যকও নয়। তাই আমি তাকে লক্ষ্য করে বললাম, বাবা, তুমি বাড়ি ফিরে যাও। বাড়িতে গিয়ে তুমি তোমার মায়ের পাশে থাক, মায়ের খেদমত কর, মায়ের সেবা কর। তুমি আপাতত ফিরে যাও। তুমি বড় হয়ে এরপর জিহাদে অংশগ্রহণ করো।

ছেলেটি বলল, চাচা, আমার মা আমাকে শেষ বিদায় দিয়েছেন, তিনিই আমাকে আপনার সাথে থেকে জিহাদ করতে বলেছেন। আর আমি ভালো ঘোড়সওয়ার, দক্ষ তীরন্দাজ। আপনি আমাকে সাহসী যোদ্ধা হিসেবে পাবেন। কখনো জিহাদ হতে পৃষ্ঠপ্রদর্শনকারীরূপে পাবেন না। আপনি আমাকে সাথে নিন।

অনেক কাকুতি মিনতি করার পর আমি তাকে সাথে নিয়ে চললাম। আমরা কিছু পথ অতিক্রম করে এক জায়গায় তাঁবু গাড়লাম, এবং যাত্রা বিরতি করলাম। মুজাহিদীনরা সবাই রোযা রেখেছিলেন। তাই সফর করে সবাই ক্লান্ত হয়ে পড়েছিলাম। বিকাল বেলা আবার রান্না করতে হবে।

ছেলেটি বলল, চাচা, আপনারা সবাই রোযা রেখেছিলেন, সবাই খুব ক্লান্ত। তাই দেন, রান্না বান্নার কাজটা আমিই করি। সে জোর করে বলল। তাই রান্নাবান্নার কাজটা তাকেই দেয়া হল। মুজাহিদীনরা সবাই ঘুমিয়ে পড়লেন। রান্না করে এক পর্যায়ে সেও ঘুমিয়ে পড়ল।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বলেন, আমি ঘুমন্ত ছেলেটির দিকে তাকিয়ে দেখলাম, ঘুমের মাঝে সে মিটমিট করে হাসছে। আমি অন্যান্য মুজাহিদ সাথীদেরকেও বিষয়টি দেখালাম। ছেলেটির ঘুম ভাঙার পর তাকে জিজ্ঞাসা করলাম, তুমি হাসছিলে কেন? সে বলতে চাইল না।

অনেক জোরাজুরির পর সে বলল, আমি দেখলাম, স্বর্ণ-রৌপ্য দ্বারা নির্মিত বিশাল একটি প্রাসাদ। প্রাসাদটি দেখতে মনে হচ্ছে চাঁদের মত উজ্জ্বল। অনেকগুলো সুন্দর মেয়ে সে প্রাসাদ থেকে বের হয়ে আমাকে অভিভাদন জানাতে লাগল। আমাকে তারা অভ্যর্থনা জানাচ্ছিল। তাদের মধ্য থেকে একটি মেয়ে আমাকে ডাক দিয়ে বলল, 'হে মার্জিয়ার স্বামী! মার্জিয়া উপরে আছে।'

আমি উপরে চলে গেলাম। উপরে গিয়ে দেখি, অত্যন্ত সুন্দর একটি মেয়ে বসে আছে। যার উজ্জ্বলতা সূর্যের আলোকেও হার মানায়। আমি তাকে স্পর্শ করার জন্য তাড়াহুড়া করছিলাম। সে আমাকে বলল, 'ধৈর্য ধর, এখনো সময় হয়নি। আগামীকাল দুপুরে তুমি আমার সাথে সাক্ষাত করবে।' এরপর আমার ঘুম ভেঙে গেল।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বলেন, পরের দিন রোমানদের বিরুদ্ধে আমরা তুমুল যুদ্ধ শুরু করলাম। এক পর্যায়ে আমরা বিজয় লাভ করলাম। রোমানরা পরাজিত হল। যুদ্ধ শেষে দেখা গেল, আমাদের অনেক সাথী আহত হয়ে ময়দানে পড়ে আছে। সাথীরা আহতদের খুঁজছে। আমিও আহতদের মধ্যে মনে মনে ঐ ছেলেটিকে তালাশ করতে লাগলাম।

চারদিক ঘুরে ঘুরে দেখছিলাম, সে কোথায় আছে। কিন্তু তাকে খুঁজে পাচ্ছিলাম না। হঠাৎ দেখতে পেলাম সে ছেলেটি রক্তমাখা অবস্থায় পড়ে আছে। আমি দৌড়িয়ে ওর কাছে গেলাম। সে আমাকে লক্ষ্য করে বলল, 'চাচা, আমিতো শহীদ হয়ে যাচ্ছি। আমার এই রক্তমাখা জামাটা আমার মাকে গিয়ে দিবেন। আর বলবেন, আপনার ছেলে তার ওয়াদা পূর্ণ করেছে। সে লড়াই করতে করতে বিজয় এনেছে, পিছু হটে নি। এতে করে আমার মা সান্ত্বনা পাবেন। আর বাড়িতে আমার ছোট একটি বোন আছে। বাড়িতে তো কেউ ছিল না, তাই ও আমার কাছে থাকত। আমি ওকে অনেক আদর করতাম। ও আমাকে বাড়ি হতে বের হতে দিত না। সবসময় 'ভাইয়া' 'ভাইয়া' বলে ডাকত। আপনি যখন আমার বাড়িতে যাবেন, তখন আমার ছোট্ট বোনটাকে একটু সান্ত্বনা দিবেন। আর আমার মাকে সান্ত্বনা দিয়ে বলবেন, আমি শহীদ হয়েছি। আপনি সৌভাগ্যবান শহীদের মা। আর চাচা, আমি যে আপনাকে আমার স্বপ্নে দেখা মার্জিয়ার কথা বলেছিলাম, মার্জিয়া আমার মাথার পাশেই দাঁড়িয়ে আছে। সে আমার জন্য অপেক্ষা করছে।' এই বলে ছেলেটি শহীদ হয়ে গেল।

আবু কুদামা রাহিমাহুল্লাহ বলেন, পরবর্তীতে যখন আমরা বাড়ি ফিরছিলাম, তখন আমরা সে ছেলেটির বাড়িতে গেলাম। বাড়িতে গিয়ে দেখি, ওর ছোট বোনটি দরজায় দাঁড়িয়ে আছে। আমি ওকে বললাম, তোমার মাকে ডাক। ছেলেটির মা আসল এবং আমাকে বলল, আপনি কি আমাকে সান্ত্বনা দিতে এসেছেন, না সুসংবাদ দিতে এসেছেন? আমি জিজ্ঞাসা করলাম, সান্ত্বনা কোনটা আর সুসংবাদ কোনটা? তিনি বললেন, আমার ছেলে যদি সুস্থ অবস্থায় ফিরে আসে তাহলে আমাকে সান্ত্বনা দিন, আর আমার ছেলে যদি শহীদ হয়ে থাকে তাহলে এটা হবে আমার জন্য সুসংবাদ। আবু কুদামা রাহিমাহুল্লাহ বললেন, 'আলহামদুলিল্লাহ, আপনার ছেলে বীরত্বের সাথে লড়াই করতে করতে শহীদ হয়েছে, সে পিছু হটেনি।' তখন ঐ মহিলা বললেন, 'সমস্ত প্রশংসা ঐ সত্তার যিনি আমার এই ছেলেকে পরকালে আমার নাজাতের উসীলা বানালেন।'

[https://archive.org/details/hd_20200327]

মুসলিম উম্মাহর সম্মানিতা মা-বোনদের প্রতি একটি উন্মুক্ত পত্র

বিসমিল্লাহির রাহমানির রাহীম।

আস্সালামু আলাইকুন্না।

মুহতারাম মা আমার! প্রিয় বোন আমার!

আল্লাহ পাক আপন সত্তা ও গুণাবলিতে সকল কিছু থেকে পবিত্র এবং তিনি তাঁর বান্দাদের প্রতি অত্যন্ত মেহেরবান ও স্নেহশীল। তিনি তাঁর হাবীব ﷺ-কে পুরো সৃষ্টিজগতের জন্য রহমত বানিয়ে পাঠিয়েছিলেন, যাকে সঠিক ও সত্য দ্বীন সহকারে পৃথিবীতে প্রেরণ করা হয়েছে যেন অপরাপর সকল দ্বীনের উপর তা জয়যুক্ত হয়ে যায়। যিনি ছিলেন তাঁর উম্মতের প্রতি অত্যন্ত রহমদিল ও স্নেহশীল। আল্লাহ পাক তাঁর হাবীব ﷺ -কে এমন পুরস্কার দান করার ওয়াদা করেছেন যা তাঁর হাবীবকে খুশি করে দিবে। হে আল্লাহ, আপনার হাবীবের প্রতি আমাদের সকলের পক্ষ থেকে দরূদ ও সালাম পৌঁছে দিন। সালাম বর্ষিত করুন আহলে বাইত সকল "আম্মাজানদের" প্রতি এবং সকল সাহাবায়ে কেরামের প্রতি। আম্মা বা'দ।

আল্লাহ পাক এরশাদ ফরমান,

وَإِن يَمْسَسْكَ ٱللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُۥٓ إِلَّا هُوَ ۖ وَإِن يَمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلَىٰ كُلِّ شَىْءٍ قَدِيرٌ ﴿١٧﴾

"আল্লাহ তোমার কোন ক্ষতি করতে চাইলে তিনি ছাড়া কেউ তা সরাতে পারবে না। আর তিনি যদি তোমার কল্যাণ করতে চান, তবে তো সব কিছু করার ক্ষমতা তাঁর রয়েছে।" (সূরা আন'আম ৬:১৭)

আমরা মুসলমান, আল্লাহ তা'আলার কথার উপর এবং তাঁর হাবীবের ﷺ প্রদত্ত খবরের উপর আমাদের বিশ্বাস ও ভরসা থাকা চাই। যদি আমরা পরিপূর্ণরূপে দ্বীনের উপর থাকি, আল্লাহ পাককে সবসময় সাথে পাবো ইনশাআল্লাহ্। আর যদি পরিপূর্ণরূপে দ্বীনের উপর না থাকি, তাহলে যতই সতর্কতা অবলম্বন করা হোক না কেন, আল্লাহ পাককে সাথে পাবো না। তখন আমাদের দুনিয়া ও আখিরাত সবই বৃথা হয়ে যাবে।

আমরা প্রিয় নবীজী ﷺ-এর সেই বিখ্যাত হাদীসটি স্মরণ করি যেখানে তিনি ﷺ ইরশাদ ফরমান,

بَدَأَ الإِسْلاَمُ غَرِيبًا وَسَيَعُودُ كَمَا بَدَأَ غَرِيبًا فَطُوبَى لِلْغُرَبَاءِ

"ইসলাম শুরুতে অপরিচিত ছিল, আবার শীঘ্রই তা অপরিচিত হয়ে যাবে। তখন সেই অপরিচিত ইসলামের উপর যারা টিকে থাকবে তাদের জন্য সুসংবাদ।" (সহীহ মুসলিম-১৪৫)

আমার প্রিয় মা! আমার প্রিয় বোন!

দয়া করে আমরা এমন মনে না করি যে, পাঁচ ওয়াক্ত নামায, রমজান মাসের সিয়াম পালন, কুরআন কারীম তিলাওয়াত করা, বাচ্চা দেখা-শুনা করা, রান্নাবান্না করা, স্বামীর খেদমত করা আর পর্দায় থাকা ছাড়া ইসলামে আমার আর কোনো কাজ নেই; হায়, ইসলাম তো এমন নয়!

আমরা চোখ মেলে তাকিয়ে দেখি, আজ পৃথিবীতে আমাদের মহান ধর্ম ইসলাম ও মুসলিম উম্মাহ্ কী অবস্থায় দিন অতিবাহিত করছে! আজ কুফুরিশক্তিগুলো মুসলমানদের উপর হত্যাযজ্ঞ ও গণহত্যা চালাচ্ছে। মুসলমানদের জন-জীবনকে দুর্বিষহ করে তুলছে। আজ যেন মুসলিমরা নিজ ভূমিতে সংখ্যালঘুতে পরিণত হয়েছে। দুনিয়ার সকল কুফ্ফার শক্তি এক হয়ে আজ ইসলাম ও মুসলিম নিধনের উন্মত্ত খেলায় উন্মাদ হয়ে গেছে। মুসলমানদের রক্ত

নিয়ে আজ 'জোয়া' খেলায় মত্ত হয়েছে। মা-বোনদের ইজ্জত আব্রু হরণ করাকে ক্রীড়ার বিষয়ে পরিণত করেছে। মুসলিমদের ভূমিগুলোকে একের পর এক দখল করে যাচ্ছে। জায়নবাদ, খ্রিস্টবাদ আর হিন্দুত্ববাদের কালো থাবা কী ভয়ানক রূপে এই উম্মাহকে আজ গ্রাস করছে! এমতাবস্থায় উম্মাহর একজন দরদী মা কিংবা বোন হিসেবে কি আমাদের কিছুই করনীয় নেই? আমাদের দায়িত্ব কি কেবল ঘর-সংসার করার মাঝেই সীমাবদ্ধ?

মুসলিম উম্মাহর সকল মাযহাব ও মতাদর্শের উলামায়ে হক এই ব্যাপারে একমত যে, বর্তমান যামানাই সেই যামানা যখন চলমান বিশ্বপরিস্থিতিতে সক্ষম সকল মুসলিম নর-নারীর উপর জিহাদ ফরযে আইন, যেমনভাবে নামায-রোযা-হজ্জ-জাকাত ফরয। এমনকি বর্তমান পরিস্থিতিতে সন্তানের জন্য পিতামাতার নিকট কিংবা স্ত্রীর জন্য স্বামীর নিকট হতে জিহাদের কাজ আঞ্জাম দেয়ার জন্য অনুমতি গ্রহনের প্রয়োজনীয়তাও নেই। (এই ব্যাপারে বক্ষ্যমাণ কিতাবের দ্বিতীয় পর্ব 'তাওহীদ ও জিহাদ' নামক কিতাবে বিস্তারিত আলোচনা করা হয়েছে। সেখান থেকে দেখে নেয়া যায় ইনশাআল্লাহ।)

আমার প্রিয় মা! আমার প্রিয় বোন!

আল্লাহ পাক তার প্রত্যেক বান্দাকে তার অবস্থানে রেখে পরীক্ষা করেন এবং কাউকে এমন কোনো পরীক্ষায় ফেলেন না কিংবা এমন কোনো দায়িত্ব অর্পন করেন না যা সামাল দেয়া বা বহন করা তার পক্ষে সম্ভব নয়। আল্লাহ পাক ইরশাদ করেন,

لَا يُكَلِّفُ ٱللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَاۚ

"আল্লাহ কাউকে তার সাধ্যের বাইরে কোনো কাজ চাপিয়ে দেন না।" (সূরা বাকারা ২: ২৮৬)

পুরুষদের পাশাপাশি নারীদের উপরও এই মহান শরীয়ত জিহাদের হুকুম অর্পন করেছে। সুবহানাল্লাহ! আর এ ক্ষেত্রে আমাদের পূর্ববর্তী (সালাফ) নারীগণ আমাদের জন্য উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছেন, কিভাবে তারা জিহাদকে ভালোবেসেছেন, কিভাবে তারা নিজেদের সাধ-আহ্লাদকে আল্লাহর ইচ্ছার সামনে কুরবানী করেছেন, কিভাবে তারা নিজেদের স্বামী-সন্তান-ভাইদেরকে জিহাদের জন্য উদ্বুদ্ধ করেছেন, তাদেরকে ময়দানে পাঠিয়েছেন, কিভাবে তারা কলিজার টুকরা সন্তান ও প্রিয়জনদের শাহাদাতে সবর করেছেন, পরকালের প্রতিদানের আশায় আল্লাহর প্রতি সন্তুষ্টি প্রদর্শন করেছেন, কিভাবে তারা দুনিয়ার দুঃখ কষ্টগুলো হাসিমুখে, মুখবুজে সয়ে গেছেন, কিভাবে অনেকে আবার জিহাদের ময়দানে সশরীরে উপস্থিত হয়ে লড়াইও করেছেন আর এভাবেই তারা তাদের উপর অর্পিত জিহাদের ফরয দায়িত্ব সঠিকভাবে পালন করে গিয়েছেন! আল্লাহু আকবার!

সুতরাং জিহাদের ক্ষেত্রে আমাদের করণীয়গুলো ভালোভাবে বুঝার চেষ্টা করতে হবে এবং সে অনুযায়ী আমল করার সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে ইনশাআল্লাহ। নতুবা আমরাও ফরয তরককারীদের অন্তর্ভূক্ত হয়ে যাব। আল্লাহ পাক আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।

প্রিয় মা! প্রিয় বোন!

প্রশ্ন করতে পারেন, বর্তমান যামানায় আমরা নারীরা কিভাবে জিহাদের ফরযিয়াত আদায় করব?

আমরা অনেক উপায়ে জিহাদের কাজে অংশগ্রহণ করতে পারি ইনশাআল্লাহ। যেমন: আমাদের স্বামী-সন্তান আর ভাইদেরকে দাওয়াত, ই'দাদ ও জিহাদের জন্য উদ্বুদ্ধ করা, তাদের মনে জিহাদী চেতনা ও মানসিকতা গড়ে তোলা, জিহাদের জন্য তাদেরকে প্রস্তুত করা, তাদেরকে জিহাদের ময়দানে পাঠানো, অর্থ-সম্পদ দিয়ে মুজাহিদ ভাইদেরকে

সহযোগিতা করা ও জিহাদের কাজকে বেগবান করা, মুজাহিদ ভাইদেরকে আশ্রয় দেয়া, নিজেদের বাড়িতে মুজাহিদ ভাইদের ট্রেনিং এর ব্যবস্থা করা, সর্বাত্মক সহায়তা করা, তাদের গোপনীয়তা রক্ষা করা ইত্যাদি।

আমাদের স্বামী-সন্তান-ভাইয়েরা জিহাদের প্রয়োজনে আমাদেরকে সাথে করে কিংবা একাকী হিজরত করলে তাদের সঙ্গ দেয়া কিংবা তাদের বিচ্ছেদে সবর করা। এক্ষেত্রে আমরা কিভাবে চলবো, আমাদের রুজী-রোজগারের কী হবে, এই চিন্তায় যেন আমরা চিন্তিত না হই! যদি এই চিন্তায় আমরা ধৈর্যহারা হয়ে যাই, তাহলে আমাদের যিন্দেগীতে আল্লাহ কোথায় আছেন, তাঁর স্থান কোথায়?

আমার স্বামী-সন্তান-ভাই কি আমার রব (প্রতিপালক)? বিয়ের আগে আমার পিতা আমাকে পালেননি, পেলেছেন আমার আল্লাহ!

বিয়ের পরে আমার স্বামী-সন্তান আমাকে পালছেন না, পালছেন আমার আল্লাহ! তারা যদি জিহাদে চলে যায়, শহীদ হয়ে যায়, কিংবা ঘরে পড়ে আজকেই মারা যায়, তবুও যিনি আমাকে পালবেন তিনি তো আর কেউ নয়, আমার আল্লাহ!

তারা যদি আমাদেরকে রেখে যায়, কিংবা সাথে নিয়ে হিজরত করে, সেখানেও আমাদের পালবেন আমাদের আল্লাহ! তিনিই তো রিযিকদাতা! আমাদের পালনকর্তা হিসেবে তিনিই কি যথেষ্ট নন?...............

প্রিয় মা! প্রিয় বোন!

বর্তমানে আমাদের উপর সবচেয়ে বড় জিহাদ হলো, স্বামী-সন্তান ও ভাইয়ের বিচ্ছেদে সবর করা। জিহাদের প্রয়োজনে তারা হিজরত করলে, কিংবা কারারুদ্ধ হলে, কিংবা আহত হয়ে কর্মক্ষমতা হারিয়ে ফেললে, অথবা আল্লাহর রাস্তায় শাহাদাত বরণ করলে প্রতিদান লাভের আশায় ধৈর্য ধারণ করা। এতে ঘরে বসেও আমরা পরিপূর্ণ জিহাদের সওয়াব পাবো, ইনশাআল্লাহ।

আমরা হযরত হানযালা রাদিয়াল্লাহু আনহুর স্ত্রীর কথা স্মরণ করি। কিভাবে তিনি সবর করেছিলেন, যখন তাঁর স্বামী তাকে বাসর রাতে ফরয গোসলের হালতে ছেড়ে চলে গিয়েছিলেন ময়দানে আর সেদিনই শহীদ হয়ে যান!

আমরা হযরত হাযেরা আলাইহাস্ সালাম ও তাঁর সন্তান হযরত ইসমাঈল আলাইহিস্ সালামের কথা স্মরণ করি। কিভাবে তাঁরা আল্লাহর হুকুমের সামনে নিজেদেরকে কুরবানী করেছিলেন, আল্লাহর জন্য সবর করেছিলেন, যখন হযরত ইবরাহীম আলাইহিস সালাম তাদেরকে আল্লাহর হুকুমে জনমানবহীন ধু ধু মরুভূমির বুকে খাদ্য-পানীয়বিহীন অবস্থায় ছেড়ে চলে গিয়েছিলেন! আল্লাহ তা'আলা তাঁদেরকে ধ্বংস করেননি, বরং তাদেরকে ইজ্জতের সাথে দুনিয়াতে রেখেছেন এবং জান্নাতকে তাদের দ্বারা সম্মানিত করেছেন।

সুতরাং আল্লাহর হুকুম পালনার্থে যদি আমাদের স্বামী-সন্তান-ভাইয়েরা আমাদেরকে রেখে আল্লাহর রাস্তায় হিজরত করেন, তাহলে আল্লাহ তা'আলা আমাদেরকেও ধ্বংস করবেন না, দুনিয়া ও আখিরাতে তিনিই আমাদের জন্য যথেষ্ট হয়ে যাবেন ইনশাআল্লাহ। তিনিই পরকালে আমাদেরকে নাজাত দিবেন ও জান্নাতুল ফিরদাউসে দাখিল করবেন, যার তলদেশে নির্ঝরিনীসমূহ প্রবাহিত!

আরেকটি বিষয় চিন্তা করি!

আমাদের স্বামী-সন্তান ও ভাইয়েরা যদি শহীদ হয়, তাহলে আমরাও তাদের সাথে সাথে শহীদের মর্তবা পাবো ইনশাআল্লাহ্। কিভাবে? কেন নয়, আমাদের মৃত্যুর পর কি আল্লাহ তা'আলা আমাদেরকে সেই জান্নাতে পাঠিয়ে দিবেন না, যে জান্নাত তারা শাহাদাত লাভ করে পেয়েছে? সেই জান্নাতে কি তাদের সাথে আমাদেরকে একত্রিত করে দিবেন না, যেই জান্নাত তারা বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে লাভ করেছে? সুবহানাল্লাহ!

একটু চিন্তা করুন, আল্লাহ পাক তাঁর বান্দাদের উপর কী পরিমাণ মেহেরবান!
আমরা ঘরে বসে থেকে একটু সবর করে কত নিয়ামত লাভ করলাম!
আর আমাদের দুনিয়ার এই বিচ্ছেদ চিরস্থায়ী বিচ্ছেদ নয়, অনন্তকালের বিচ্ছেদ নয়; এই বিচ্ছেদ সাময়িক, ক্ষণকালের। এরপর আল্লাহ তা'আলা আমাদেরকে যা দিবেন, তাতে আমাদের চোখ জুড়িয়ে যাবে, দিল্ ভরে যাবে। এরপর আমরা আর পৃথক হবো না ইনশাআল্লাহ।
সুতরাং প্রিয় মা! প্রিয় বোন! আমাদের স্বামী-সন্তান কিংবা ভাইয়েরা জিহাদে গিয়ে যদি আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেন, কিংবা তাগুতের কারাগারে বন্দী হন কিংবা মহাসৌভাগ্যবান শহীদী কাফেলার সাথী হয়ে যান, তাহলে প্রিয় মা আমার, প্রিয় বোন আমার, আমরা কি পারি না একটু সবর করতে? একটু কষ্ট করে দুনিয়ার যিন্দেগীতে নিজের চাহিদাগুলোকে আখিরাতের জন্য রেখে দিতে? নিজের আরাম-আয়েশ আর সুখ-আহ্লাদগুলোকে কবর, হাশর আর জান্নাতের জন্য রেখে দিতে? একটু চিন্তা করি, আমার স্বামী কি শখের বশবর্তী হয়ে জিহাদে গিয়েছে? সে তো আল্লাহর জন্যই তার যিন্দেগীর সকল সাধ-আহ্লাদ, আনন্দ-সুখ আর প্রেম-ভালোবাসাকে কুরবানী করেছে, এবং আল্লাহর কাছে উচ্চ মর্যাদা লাভ করেছে। এদিকে, আমিও কি পারবো না, জিহাদের জন্য তার এহেন পরিস্থিতিতে আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের আশায় সবর করতে? পরকালে আমাকে যে 'একজন মুজাহিদের স্ত্রী' কিংবা 'একজন শহীদের স্ত্রী' হিসেবে আমার স্বামীর সাথে একজন মুজাহিদ/শহীদের জান্নাতে স্থান দেয়া হবে, পিতামাতাকে তার শহীদ সন্তানের সাথে স্থান দেয়া হবে, যা একশত স্তর বিশিষ্ট হবে আর প্রতিটি স্তরের বিস্তৃতি হবে আসমান যমীনের সমান (সুবহানাল্লাহ!), সেই জান্নাতের আশায় বুক বেঁধে আমরা কী ধৈর্যের পরাকাষ্ঠা প্রদর্শন করতে পারবো না?
আরেকটু চিন্তা করি, আমার স্বামী, যে আমাকে রেখে আল্লাহর হুকুমকে বাস্তবায়ন করতে ময়দানে চলে গেছেন, সে কি খুব আরামে আছে? সে কি না খেয়ে, না ঘুমিয়ে কষ্ট করছে না? বুলেটের আঘাতে, বোমার আঘাতে ক্ষত-বিক্ষত হচ্ছে না? ব্যথায়-কষ্টে ছটফট করছে না? সে কি এখন চিন্তা করছে না, 'এখন যদি আমার প্রেমময়ী, সোহাগিনী স্ত্রী আমার কাছে থাকতো, তাহলে সে আমার সেবা-শুশ্রুষা করতো, একটু আদর করতো, একটু মাথায় হাত বুলিয়ে দিত, কষ্টের দিনগুলোতে একটু সান্ত্বনা দিত, যেমনটি সে বাড়িতে থাকতে আমি অসুস্থ হয়ে গেলে করতো?'
আহ্! আপনার স্বামী কি আপনার বিচ্ছেদে কান্না করছে না? আপনার জন্য কি তার বুক ফেটে যাচ্ছে না? আপনাকে কাছে পেতে, আপনার একটু ভালোবাসা ও প্রেম পেতে তার মন কেমন বেচাইন হয়ে আছে, একটু চিন্তা করুন তো! একটু চিন্তা করুন তো, তিনি কেন এই কষ্টের যিন্দেগী বরণ করে নিয়েছেন? হ্যাঁ, শুধুমাত্র, কেবলমাত্র আল্লাহর একটি ফরয বিধান তার ও আপনার মাঝে সাময়িক বিচ্ছেদের একটি রেখা টেনে দিয়েছে। হায়! তিনি তো আল্লাহর একটি বিধানের জন্যই সবকিছু কুরবানী করেছেন। সুতরাং যদি আমিও তার মত ধৈর্য ধারণ করতে না পারি, তাহলে কি দয়াময় আল্লাহ আমাকে পরকালে তার সাথে নেয়ামতে ভরা, সুউচ্চ জান্নাতে থাকার সৌভাগ্য দান করবেন?
প্রিয় বোন আমার! আমাদের জীবনে কষ্ট-মুসীবত আর পরীক্ষা আসবেই, আসতেই থাকবে। এটিই আল্লাহর চিরাচরিত বিধান। পবিত্র কুরআনে আল্লাহ তা'আলা ইরশাদ করেন :

أَحَسِبَ النَّاسُ أَن يُتْرَكُوا أَن يَقُولُوا آمَنَّا وَهُمْ لَا يُفْتَنُونَ -وَلَقَدْ فَتَنَّا الَّذِينَ مِن قَبْلِهِمْ ۖ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ

"মানুষ কি মনে করে যে, তারা একথা বলেই অব্যাহতি পেয়ে যাবে যে, আমরা বিশ্বাস করি এবং তাদেরকে পরীক্ষা করা হবে না? আমি তাদেরকেও পরীক্ষা করেছি, যারা তাদের পূর্বে ছিল। আল্লাহ অবশ্যই জেনে নেবেন যারা সত্যবাদী এবং নিশ্চয়ই জেনে নেবেন মিথ্যুকদেরকে।" (২৯ সূরা আনকাবূত: ২-৩)

وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ الصَّابِرِينَ

